

# বাচবনে বাড়

## শাহরিয়ার কবির



**এই পিডিএফটি তৈরি করা হয়েছে -**

**[www.facebook.com/groups/boiloverspolapan](http://www.facebook.com/groups/boiloverspolapan) ও [Banglapdf.net](http://Banglapdf.net) এর সৌজন্যে।**

**এটি তৈরি করেছেন - মাহমুদুল হাসান শামীম**

**Facebook**

**:[www.facebook.com/mahmudul.h.shami](http://www.facebook.com/mahmudul.h.shami)**

**Group:[www.facebook.com/groups/boiloverspolapan](http://www.facebook.com/groups/boiloverspolapan)**

**Website : [Banglapdf.net](http://Banglapdf.net)**

# বাচবনে বাড়

রবিন - পলা  
পীল  
বীম





## সোফিয়ায় গোলমাল

সোফিয়ার আমেরিকান ক্লুলের বাইরের সিডিতে বসে শেষ চুইংগামটা মুখে ফেলে রীন বললো, ‘তোর কি মনে হয় শহরে খুব গোলমাল হচ্ছে?’

ভাঁজ করা ইঁটুর ওপর ধূতনি রেখে নীল বললো, ‘হেডমাষ্টার তো তাই বললেন। ব্রাদার এণারসন তোদের ক্লাসে যান নি?’

‘না, সিন্টার আলবেনা এসেছিলেন। গোলমালের কথা কিছু বলেন নি। শুধু বললেন আজ দুটোয় ক্লুল ছুটি হবে। ছুটির পর কেউ ক্লুলে থাকবে না।’

বুলগেরিয়ায় এখন পাতাখরার সময়। অঠোবর শেষ হতে চলেছে। নভেম্বরের ভেতরই গাছের সব পাতা ঝরে যাবে। বুলেভার্ড রুসকিতে মন্ত বড় জায়গা জুড়ে পুরোনো আমলের এক বাড়িতে থাকে নীলরা। ওদের বাবা বুলগেরিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত, তিন বছর হলো সোফিয়ায় এসেছেন। বাড়ির পেছনের আঞ্চনিক একশ' দেড়শ' বছরের পুরোনো বার্ট, চেস্টনাট, ওক, লিঙ্কন আর লাইম গাছ থেকে সারাদিন সারারাত সরসর করে পাতা ঝরে পড়ে। গাছের পাতাখরার এ সময়টা নীলদের খুব ভালো লাগে। রাস্তার ওপাশে ক্রিডম পার্কের ভেতর ইঁটতে গেলে শুকনো পাতায় পাড়বে যায়। গাছের পাতা যে কত বিচ্ছিন্ন রঙের হতে পারে ইউরোপে না এলে নীলরা জানতে পারতো না। ওক গাছের পাতা হয় অরেঞ্জ আর ব্রোঞ্জ রেড, লাইমের পাতা লেমন ইয়েলো, বার্টের পাতা ব্রাইট গোল্ডেন— রঙের আর শেষ নেই।

ওদের আমেরিকান ক্লুলটা শহরের একপাস্তে, বুলেভার্ড টলবুধিন-এ, ভিতুশা পাহাড়ের ঠিক নিচে। এদিকটা খুব নিরিবিলি, শহরের কোনও কোলাহল এখানে এসে পৌছেয় না। নীলদের বাড়ি এখান থেকে কম করে হলেও তিন মাইল হবে।

নীল ঘড়ি দেখে বললো, ‘তোবারক আলীর আসতে আরো এক ঘন্টা।’

সামারে ওদের ক্লুল ছুটি হয় পাঁচটায়, উইন্টারে চারটায়। উইন্টার মানে অঠোবর থেকে শুরু করে এপ্রিল পর্যন্ত। শরৎ, হেমন্ত, শীত, বসন্ত-সবই এর ভেতর পড়ে। গাড়ির জন্যে কখনো বলতে হয় না। নীল আর রীন জানে ছুটির পর ক্লুলের গেট থেকে বেরিয়ে বাঁয়ে তাকালেই দেখবে বুড়ো ওক গাছটার নিচে বাংলাদেশ দৃতাবাসের কালো মার্সেডিয নিয়ে অপেক্ষা করছে ঝকঝকে সাদা ইউনিফর্ম পরা তোবারক আলী। বয়স চক্রিশ পঁচিশ বছর হবে, চেহারা সিনেমার হিরোদের মত, বুলগেরিয়ানরা ওকে টার্কিশ

ছবির এক নায়ক ভেবে ভুল করে। সাত বছর ধরে সোফিয়ায় আছে, এত সুন্দর বুলগেরিয়ান বলে যে বোঝার উপায় নেই ওর আদি বাড়ি নোয়াখালির চরে। ইংরেজিও মোটামুটি বলতে পারে, তবে বাংলা বলার সময় নোয়াখালির টান আর গোপন থাকে না। রীন ওকে পাখিপড়ার মত শিখিয়েছে, ‘আমাকে আফা বলবে না, আপা বলবে।’ একবার দু’বার ঠিক মত বলেও আবার আগের মত—‘আফা আফা’ করবে, আপনি না বলে বলবে ‘আমনে।’ ভাইকে বলবে ‘বাই’। নীল একদিন বলেছিলো, ‘তোবারক ভাই, তোমার এই দারুণ হ্যাণ্ডসাম চেহারা নিয়ে ড্রাইভার হতে গেলে কেন, ঢাকার সিনেমায় নামলে নাম করতে পারতে।’ তোবারক আলী চটপট উত্তর দিয়েছে, ‘ফাইরতাম, কিন্তুক ওই ল্যাঙ্গুয়েজ ফ্রেম—।’ শুনে নীল আর রীন হেসে গঢ়িয়ে পড়েছে। রীন তো কদিন ওকে ‘মিঃ ল্যাঙ্গুয়েজ ফ্রেম’ বলে খেপিয়েছিলো, মা’র বকুনি খেয়ে বঙ্গ করেছে। তোবারক আলী অবশ্য ওদের রসিকতায় কিছু মনে করে না। ও জানে এই স্যারের ছেলে মেয়ে দুটো ওকে খুব ভালোবাসে, বেগম সাহেবও নিজের ঘরের লোকের মত ব্যবহার করেন। আগের স্যারের এক বিটকেল ছেলে ছিলো, পড়তো লওনে, ছুটিতে যখন আসতো তখন খাটিয়ে মারতো, কথা বলতো এমনভাবে তোবারক আলী যেন বাড়ির চাকর।’

চিবোনো চুইঁগামটা ফেলে দিয়ে রীন বললো, ‘শহরে গোলমাল যদি বেশি হয় তোবারক আলী আসবে কিভাবে?’

নীল গঞ্জির গলায় বললো, ‘এঝ্যাসির সিডি কার কেউ আটকাবে না।’

আমেরিকান স্কুলে নীলের এটা শেষ বছর, রীনের স্কুলে ছাড়তে আরো দু’বছর বাকি। ওদের এ্যানুয়াল পরীক্ষা চলছে, রীনদের বাকি একটা, নীলদের তিনটা। এখানে এসে ওরা খুবই ভালো করছে। এর আগে ছিলো বার্লিনে। ওখানকার চেয়ে এখানকার টিচাররা ভালো, খুব যত্ন করে পড়ান। বিভিন্ন দেশের দৃতাবাসের বড় বড় কূটনীতিকদের ছেলেমেয়েরা এ স্কুলে পড়ে। সবাই এখানে পড়তে পারে না, খরচ খুব বেশি। দৃতাবাসের সাধারণ টাকদের ছেলেমেয়েরা লোকাল স্কুলে পড়ে, যেখানে পড়ার কোন খরচই লাগে না। স্কুল পর্যন্ত এখানে সব কিছু ফ্রি। দৃতাবাসের সেকেন্ড সেকেন্টারি আলম সাহেবের ছেলে আতিক নীলের বয়সী, লোকাল স্কুলে পড়ে, ওদের চেয়ে অনেক ভালো বুলগেরিয়ান বলে। আতিকদের স্কুলে সব কিছু বুলগেরিয়ান ভাষায় পড়ানো হয়।

ব্যাগটা সিডির ওপর রেখে রীন উঠে দাঁড়ালো। শক্ত পাথরের সিডির ওপর এতক্ষণ বসে পায়ে ঝিঁঝি ধরেছে। কয়েকবার পা ছুঁড়ে ধূপধাপ করে হেঁটে নীলকে বললো, আরেকবার টেলিফোন করে দেখ না দাদা!

রীনকে একটু নার্ভাস মনে হলো। মৃদু হেসে নীল বললো, ‘তুই ভয় পাচ্ছিস কেন? বলি নি টেলিফোন এক্সচেঞ্জ কাজ করছে না! গোলমাল ওদের নিজেদের ভেতর, আমাদের কেউ কিছু বলবে না।’

রীন আসলেই ভয় পাচ্ছিলো— গভগোলের ভেতর তোবারক আলী যদি আসতে না পারে! ট্রাম বঙ্গ হয়ে গেছে। এতক্ষণ বসে আছে, একটা বাসও চোখে পড়ে নি। সামনের রাস্তা দিয়ে মাঝে মাঝে ঝড়ের বেগে একটা দুটো গাড়ি ছুটে যাচ্ছিলো। নীল

ওর ভয় পাওয়াটা টের পেয়েছে দেখে রীন মুখ ভার করে বললো, ‘ভয় আবার কখন পেলাম! সময় মত বাড়ি ফিরে না গেলে মা বুঝি ভাববে না।’

‘তখন তো বললাম ক্লুল বাসে যেতে। ভিড় দেখে যেতে চাইলি না। তোবারক আলী না আসা পর্যন্ত অপেক্ষা করতেই হবে।’

‘বাসে গেলে লাইব্রেরিতে যেতাম কিভাবে? বই ফেরত দিতে এমনিতে দুদিন দেরি হয়ে গেছে।’

‘এই গোলমালে লাইব্রেরি কি খোলা থাকবে?’

‘আচ্ছা দাদা, গোলমালটা কারা করছে বলতো?’

‘বাবা সেদিন বললেন সিটিয়েনদের কি একটা কমিটি নাকি হয়েছে, পোল্যান্ডের সলিডারিটির মত। ওরা এখানে ইলেকশন চাইছে। হতে পারে ওরাই রাস্তায় নেমেছে।’

‘দাদা, এখানে কি কেউ মিছিল করলে বাংলাদেশের মতো পুলিশ গুলি করে?’

‘পাগল হয়েছিস! ইউরোপ, আমেরিকায় এসব চলে না। যিভকভ যদি দেখে বেশির ভাগ মানুষ ওকে চাইছে না, তাহলে ঠিকই দেখবি গদি ছেড়ে দিয়েছে।’

মাত্র ষোল বছরে পা দিয়েছে নীল। ওর কথা শুনে মাঝে মাঝে রীন অবাক হয়ে যায়। ঠিক বাবার মত কথা বলে। এধ্যাসি থেকে বাবা যেসব ইংরেজি পত্রিকা আনেন নীল সব পড়ে। ক্লাসে বরাবরই ফার্স্ট হয়। বার্লিনে ধাকতেও ক্লাসের ফার্স্টবয় ছিলো ও। নীলের ইচ্ছা বড় হয়ে বাবার মত কৃটনীতিক হয়ে নানা দেশ ঘূরবে।

বড়িতে যখন সোয়া চারটা বাজলো রীন তখন না বলে পারলো না, ‘দাদা আমার সত্ত্ব ভয় করছে। তোবারক আলী যদি না আসে কি হবে! একটু পরেই তো সক্ষ্য হবে।’

নীল শাস্ত গলায় বললো, ‘ভয় কী, আমি আছি তো! আর পনেরো মিনিট অপেক্ষা করবো। তারপর এখানকার পুলিশ স্টেশনে গিয়ে ওদের হেঁল চাইবো।’

ভিতুশা পাহাড় থেকে এক ঝলক ঠাণ্ডা বাতাস হ হ করে বয়ে গেলো। বৃষ্টির মত ওক আর লাইম গাছের পাতা বরে পড়লো, বাতাসে এলোমেলো উড়ে গেলো বহু দূর। ছাই রঙের একটা ম্যাপল পাতা উড়ে এসে রীনের ঘন কালো চুলে প্রজাপতির মত আটকে রইলো। ওরা কেউ দেখতে পেলো না।

ঠিক সাড়ে চারটায় ওরা যখন পুলিশ স্টেশনে যাওয়ার জন্য উঠে দাঁড়ালো, তখনই ওদের চোখে পড়লো কালো মার্সেডিয়টা। অন্য সময় এত স্পীডে গাড়ি চালালে তোবারক আলীকে জরিমানা করা হতো। সেদিন রাস্তায় দেখার মত কেউ ছিলো না। ওকে দেখে খুব উৎসুক মনে হলো। উৎসুকিত গলায় বললো, নেভকি ক্ল্যার, সেপ্টেম্বর ক্ল্যার সব জায়গা জাম হই গেছে। চাইরদিকে খালি মিছিল, আটকা ফড়ি গেছিলাম।’

নীল আর রীন উঠে বসার সঙ্গে সঙ্গে তোবারক আলী ঘন্টায় ঘাট মাইল বেগে গাড়ি চালালো। রীন বললো, ‘শহরে কি খুব গোলমাল হচ্ছে তোবারক ভাই?’

তোবারক আলী বললো, ‘এদেশের মানুষ কোনদিন মিছিল দ্যাখে নাই। খুব ঘাবড়াই গেছে। ফুলিসও বেদিশা হই গেছে।’

নীল মৃদু হেসে বললো, ‘মনে হচ্ছে তুমিও ঘাবড়ে গেছো।’

তোবারক আলী গলা খুলে হাসলো— ‘আমি ক্যান ঘাবড়ামু নীল বাই? আমারে কে  
কি কইরবো? আমি চিন্তা কইরছিলাম আমনেগো কথা। আধ ঘন্টা দেরি হইছে, থোঁড়া  
বহুত ফেরেশান তো হইবেনই।’

‘আমরা মোটেই পেরেশান হই নি।’

রীন গঁজীর হয়ে বললো, ‘তুমি না হতে পারো দাদা, আমি খুব ভয় পেয়েছিলাম।’

তোবারক আলী নরম গলায় বললো, ‘আর ভয়ের কিছু নাই আফা। এই গাড়ি  
হোয়ার সাহস কারো নাই।’

নীল বললো, ‘তুমি কি আমাদের নামিয়ে দিয়ে বাবাকে আনতে যাবে?’

ফাঁকা রাস্তা ধরে তোবারক আলী ঘূরপথে শহরে যাচ্ছিলো। নীলের কথা শনে ওর  
মনে হলো স্যারকে আনার সময় হয়ে গেছে। বললো, ‘আমনেগো অসুবিধা না হইলে  
সুরি যাই স্যাররে তুলি লই।’

নীল বললো, ‘আমাদের অসুবিধে হবে না। তুমি বাবাকে তুলে নাও।’

রীন বললো, ‘এছ্যাসিতে গিয়ে মাকে ফোন করতে হবে।’

এমন কিছু দেরি ওদের হয় নি। নীলের খেলা থাকলে ফিরতে সঙ্ক্ষা পেরিয়ে যায়।  
নীল ওদের কুলের ফুটবল টিমের ক্যাষ্টেন। তবে ফিরতে দেরি হলে মাকে বলে যায়।  
আজ যে দেরি হবে মাকে বলে নি, বলার কথাও ছিলো না। তাহাড়া শহরের গোলমালের  
কথা মা নিশ্চয় জানেন। মার জন্যে তাই রীনের খুব ভাবনা হচ্ছিলো।

বাংলাদেশ দৃতাবাস ওদের ঠিক পথে পড়ে না। শহরের প্রায় মাঝখানে রাকৌকি  
ক্রিট-এ, আলাইট পাথরের পুরোনো দিনের একটা দোতালা বাড়ি। কৃটনীতিক আর  
সাধারণ টাফ নিয়ে জনা দশেক মানুষের দফতর। রাত্রিদৃত বসেন দোতালায়।

নীলরা দৃতাবাসে এলে কখনো সরাসরি বাবার ঘরে যায় না। সুন্দরী, চটপটে এক  
তরুণী সেক্রেটারী আছে। ওর ঘরেই বসে। ইলিনার মত ফ্যাশন জানা বুলগেরিয়ান  
মেয়ে রীনের চোখে এখন পর্যন্ত পড়ে নি।

সেক্রেটারির ঘরে চুকে নীল বুলগেরিয়ান ভাষায় বললো, ‘শুভ সঙ্ক্ষা ইলিনা  
মিরকোভা। আশা করি ভালো আছেন?’

‘শুভ সঙ্ক্ষা নীল, রীন। হাসিমুখে ইলিনা বললো, ‘এখন পর্যন্ত ভালো আছি। তবে  
কতদিন ভালো থাকবে বলতে পারছি না।’

‘শহরে গোলমালের কথা শনেছি।’ নীল বললো, ‘খুব শিগগিরই এসব মিটে  
যাবে।’

‘আমার কিন্তু তা মনে হয় না।’ ইলিনা মাথাটা ওপরে নিচে দোলালো।

বুলগেরিয়ান প্রথম এসে এভাবে মাথা দোলানো দেখে অবাক হয়েছিলো নীলরা।  
অন্য সব জায়গায় ‘হ্যাঁ’ বলার সময় যেভাবে মাথা দোলানো হয়, বুলগেরিয়ানরা সেভাবে  
মাথা দুলিয়ে ‘না’ বলে। আর ‘হ্যাঁ’ বলার সময় উল্টোটা করে। আগে এছ্যাসির  
বুলগেরিয়ান টাফদের এভাবে মাথা দোলানো দেখে ওদের খুব হাসি পেতো। এখন  
ওরাও বুলগেরিয়ানদের মত মাথা দোলায়।

‘আপনি কোন দলে ইলিনা মিরকোভা?’

রহস্যময় হেসে ইলিনা বললো, ‘তোমাদের কি মনে হয়?’

নীল বললো, ‘আপনি সিটিয়েন কমিটির সাপোর্টার।’

‘ঠিক ধরেছো।’ এই বলে ইলিনা বাবাকে ইন্টারকমে ওদের কথা জানালো।

‘এখনই আসছি ইলিনা। ওরা ইচ্ছে করলে তোমার ওখানে বসে কফি খেতে পারে।’ জবাব দিলেন বাংলাদেশের রাষ্ট্রদূত।

ইলিনা বললো, ‘আমি দু মিনিটে তোমাদের চমৎকার কফি বানিয়ে খাওয়াবো।’

রীন বললো, ‘ধন্যবাদ ইলিনা মিরকোভা। আশা করি আপনিও সঙ্গী হবেন?’

ইলিনা হাসলো—‘অবশ্যই। আমারও এখন কফির সময়।’

ওরা আগেও ইলিনার বানানো কফি খেয়েছে। চমৎকার লাগে খেতে। বাইরের কফি শপের চেয়েও ভালো। কফি শেষ না হতেই বাবা এসে দরজায় উঁকি দিলেন—‘এই যে বুড়ো বুড়ি, কুল থেকে আসতে কোন ঝামেলা হয় নি তো?’

রীন হেসে বললো, ‘না বাবা।’

ওদের এত সুন্দর ডাকনাম থাকা সত্ত্বেও বাবা ওদের বুড়ো বুড়ি ডাকবেন। মা ঠিকই নীল আর রীন বলেন। অবশ্য বাবার মুখে বুড়ো বুড়ি শুনতে মজাই লাগে।

বাবা ইলিনাকে বললেন, ‘তুমিও আমাদের সঙ্গে চলো। উনেছো নিচয় বিকেলের পর থেকে বাস বক্স হয়ে গেছে।’

ইলিনা বাবাকে ধন্যবাদ জানিয়ে বললো, ‘কিভাবে বাড়ি যাবো তেবে উদ্ধিগ্ন ছিলাম।’

ইলিনার সঙ্গে ইংরেজিতে কথা বলেন বাবা। বুলগেরিয়ান ভাষা বাবা ভালো জানেন না। বরং মা ভালো শিখেছেন। বাড়িতে যে কাজের লোক এসেছে, এক বছরে একা একা বাজার করে সেও ভালো বুলগেরিয়ান শিখে গেছে।

ইলিনাকে নামিয়ে দিয়ে ওদের বাড়ি ফিরতে সাড়ে ছটা বাজলো। রীন ভাগিস মনে করে ফোন করেছিলো। নইলে মা এতক্ষণে হলুসুল বাঁধিয়ে দিতেন।

নীলদের গাড়ি যখন বাড়ির বড় গেট-এর ডেতর চুকলো তখন ওরা দেখলো মা গাড়ি বারান্দার নিচে দাঁড়িয়ে আছেন। মাকে খুব উদ্ধিগ্ন মনে হলো। তোবারক গাড়ি ধামাতেই মা শুকনো হেসে নীলদের বললেন, কোন করলে কি আর ভাবনা দূর হয়।’ তারপর বাবাকে বললেন, ‘আজ হঠাত কী হলো বলো তো।’

বাবা বললেন, ‘কী আর হবে! ইষ্ট ইউরোপের সব দেশে যা শুরু হয়েছে তাই।’

তোবারক আলী একটু ইতস্তত করে বাবাকে বললো, ‘স্যার রাতে যদি কোন খোঁজাম না থাকে, আমি চলে যাই?’

মা বললেন, ‘তুমি কি ক্ষেপেছো তোবারক? এই গঙ্গালের ডেতর কোথায় যাবে? রাতে এখানে থেকে যাও।’

তোবারক আলী থাকে শহরের বাইরে, এস্যাসির এক স্টাফের সঙ্গে। বাসে যাওয়া আসা করে। ও খুব চিঞ্চিত ছিলো এই শীতের রাতে এতটা পথ হেঁটে যেতে হবে ভেবে। বেগম সাহেবের কথা শনে কৃতজ্ঞতায় ওর বুকটা ভরে গেলো।

মা বললেন, ‘তোবারক, ছাদে গিয়ে টিভির এন্টেনাটা একটু ঠিক করে দাও।

ঠিকঘত ছবি আসছে না।'

নীল বললো, 'টিভি ষ্টেশনে হামলা করে নি তো?'

বাবা হাসলেন— 'বুড়ো একটু বেশি বেশি ভাবিস। টিভি ষ্টেশনে কেন হামলা করবে? সরকার বদলের জন্য এসব দেশে ও ধরনের আন্দোলন হয় না।'

কথাটা নীলের মনঃপূত হলো না। ও কদিন আগে ডিসিআর-এ 'ডেজ্ঞারাস লাইফ' ছবিটা দেখেছে। ফিলিপাইনে মার্কোসকে গদি থেকে নামানোর জন্য কী সাংঘাতিক সব ঘটনা ঘটেছে— দেখিয়েছে সাত ঘন্টার ওই ছবিতে। একবার দেখতে বসলে টিভির সামনে থেকে নড়া যায় না। ছবিটা দেখে ঢাকায় বড়কাকার ছেলে রবিনকে চিঠিতে লিখেছিলো। রবিন ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফিজিঙ্গ-এ অনার্স পড়ে। এখন ওর সেকেও ইয়ার চলছে। নীলের চিঠির জবাবে রবিন লিখেছিলো— ছবিটা আমিও দেখেছি। তুই নিচয় জানিস আমাদের দেশেও ওরকম একটা মার্কোস রয়েছে। ওকে ফেলার জন্য আমরাও সেরকম কিছু করতে যাচ্ছি।

নিজের ঘরে এসে ব্যাগ থেকে একটা ইশতেহার বের করলো নীল। টিফিনের সময় এসে গোপনে ওর বুলগেরিয়ান বকু রিস্টো ওটা দিয়েছে। ওদের স্কুল থেকে খুব কাছে রিস্টোদের স্কুল। রিস্টোর বাবা ইঞ্জিনিয়ার, সিটিয়েন কমিটির একজন নেতা। ইশতেহারটা ভাঁজ করে ওর হাতে শুঁজে দিয়ে চাপা গলায় রিস্টো বলেছে, 'বাড়ি গিয়ে পড়বি। তোর বাবাকেও পড়তে দিবি।' এরপর রিস্টো আর দাঁড়ায় নি। আড়চোখে এদিক ওদিক দেখে চলে গেছে। নীল তখন খুব অবাক হয়েছিলো। রিস্টোর কাছে ও সিটিয়েন কমিটির নাম একবার শুনেছিলো বটে। এই ইশতেহার আর শহরের গোলমালের কথা না শুনলে সিটিয়েন কমিটির ব্যাপারটা ভুলে যেতে বসেছিলো নীল। রিস্টোর সঙ্গে প্রায় একমাস পর দেখা হলো। তারপর এই গোলমাল।

বুলগেরিয়ান ভাষায় লেখা রিস্টোর ইশতেহার পড়তে গিয়ে দু'বার হঁচট খেলো নীল। তবু বুঝতে অসুবিধে হলো না। প্রেসিডেন্ট বিঙ্ককভ, তাঁর ছেলে আর মন্ত্রীদের দুর্নীতির বিবরণ দিয়েছে। গণতন্ত্র, মত প্রকাশের স্বাধীনতা আর নির্বাচনের দাবি করেছে। মোটামুটি এতটুকু বুঝতে পারলো নীল।

ইশতেহার পড়তে গিয়ে চা খাওয়ার কথা ভুলে গিয়েছিলো সে। রীন এসে ডাকলো, 'দাদা, মা চা নিয়ে অপেক্ষা করছে, তুই ঘরে বসে আছিস কেন? ড্রেসও চেঞ্জ করিস নি!'

নীল একটু অপ্রস্তুত হলো— 'ঠিক আছে, তুই যা, আমি এক্সুপি আসছি।'

পাঁচ মিনিটের ভেতর মুখহাত ধূয়ে পোষাক পাল্টে নিচে ডাইনিং রুমে এলো নীল। মা, বাবা আর তোবারক আলী বসে চা খাচ্ছে। রীন লিভিং রুমে টেলিভিশন দেখছে।

এক টুকরো কেক ভেঙে মুখে দিয়ে নীল বললো, 'বাবা তুমি এদের সিটিয়েন কমিটির খবর কিছু জানো?'

'কিছু খবর তো রাখতেই হয়।' চায়ের কাপে চুমুক দিয়ে বাবা বললেন, 'ওদের খবর জানতে চাইছিস কেন?' নিজের এই বুদ্ধিদীপ্ত ছেলেটির সঙ্গে বক্সুর মত কথা বলেন রাত্রিদৃত ইকবাল আহমেদ খান।

'আজকের গোলমাল সম্পর্কে কোন লিফলেট পেয়েছো?'

‘না তো? কেন?’

‘এটা দেখো।’ এই বলে ইশতেহারটা বাবার দিকে বাঢ়িয়ে দিলো নীল।

ইশতেহার হাতে নিয়ে বাবা চশমা পরলেন। এক নজর চোখ বুলিয়ে বললেন, ‘এ তো বুলগেরিয়ান ভাষায় লেখা। তোবারক, পড়ে বলো তো কী লিখেছে?’

নীলের চেয়ে তোবারক অনেক ভালো বুলগেরিয়ান জানে। বাংলাদেশ দৃতাবাসে কোন বাঙালি ওর মত এ ভাষাটি রঙ্গ করতে পারে নি। মাঝে মাঝে ও দোভাষীর কাজও করে। কোন রুকম হোঁচট না খেয়ে গড়গড় করে ইশতেহারটা পড়ে কিছু কিছু শব্দ নোয়াখালির বাংলা আর ইংরেজি মিশিয়ে অর্থ বলে দিলো সে। নীল খুব উপভোগ করলো যখন ও অত্যাচারীকে ‘হার্মাদ’, দূর্বৃত্তকে একবার ‘নটোরিয়াস’, আরেকবার ‘বিডাল’— এমনি সব শব্দ বললো।

বাবা সবটুকু শুনে বললেন, ‘এটা কি আমার কাছে রাখতে পারি বুড়ো?’

নীল হাসলো— ‘নিচয়ই পারো। আমার পড়া হলে ওটা তোমাকে দিতে বলেছে রিষ্টো।’

মা একটু চিন্তিত গলায় বললেন, ‘মনে হচ্ছে গোলমাল বেশ কিছুদিন চলবে। এ সময় রবিনের আসাটা কি ঠিক হবে? বলে তো দিলাম আসতে।’

বাবা বললেন, ‘আসুক না, অসুবিধে হবে না।’

নীল অবাক হয়ে জানতে চাইলো— ‘কখন আসবে রবিনদা?’

মা বললেন, ‘দুপুরে তোর বড় কাকা ফোন করেছিলেন। থাই এয়ার থেকে উনি যে টিকেটটা এবার পাবেন সেটা রবিনকে দেবেন। ও রোম হয়ে সামনের ছ তারিখে সোফিয়া পৌছবে।’

বড়কাকার ট্রাইল এজেন্সির অফিস আছে ঢাকায়। বিভিন্ন এয়ার লাইন থেকে তিনি ফ্রি টিকেট পান। বেশির ভাগই দিয়ে দেন গরিব আস্তীয় স্বজন বা পরিচিতদের ছেলেমেয়েদের, যারা টাকার অভাবে বাইরে পড়াশোনা বা চিকিৎসার জন্য যেতে পারছে না। নীল বহুবার রবিনকে লিখেছে— বড়কাকার এত ফ্রি টিকেট, একবার বেড়াতে আসো না কেন! রবিন জবাব দিয়েছে, যখন বাবা দেয়ার মত কাউকে পাবেন না তখন চেষ্টা করবো। মার কথা শুনে নীল বললো, ‘এবার বুঝি বড় কাকা টিকেট দান করার মত কাউকে পান নি।’

মা মৃদু হাসলেন— ‘রোমে কেউ পড়তেও যায় না, ট্রিটমেন্টের জন্যও যায় না।’

‘রবিনদা এলে খুব মজা হবে মা। ওকে নিয়ে সারা বুলগেরিয়া ঘুরে বেড়াবো।’

নীলের উচ্ছাস দেখে বাবা মৃদু হাসলেন— ‘বুধারেষ্ট হাশিম ভাই আছেন। ইচ্ছে করলে বুধারেষ্ট থেকেও ঘুরে আসতে পারিস।’

‘তাহলে তো আরও মজা হবে বাবা। হাশিম চাচার ওখানে গেলে যা করেন না।’

রুমানিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত হাশিম সাহেব বয়সে বড় হলেও নীলের বাবার ঘনিষ্ঠ বন্ধু। ওঁদের কোনও ছেলেমেয়ে নেই। নীলরা দু'বার বেড়াতে গিয়েছিলো। হাশিম চাচা আর মণ্ডু চাচী নীল আর মীনকে নিজের ছেলেমেয়ের মত ভালোবাসেন।

মীন লিভিং রুম থেকে চেঁচিয়ে বললো, ‘মা, বাবা, আজকের খবর শুনে যাও। কাল

থেকে সব ক্ষুল কলেজে উইন্টার ভ্যাকেশন।'

খবর শোনার জন্য ওরা সবাই লিভিং রুমে এলো। শহরে এত যে গোলমাল তার কোনও খবরই নেই। শুধু শিক্ষা প্রতিষ্ঠানে শীতের ছুটির কথা বললো।

রীন খুব খুশি। বললো, 'বাবা আমাদের পরীক্ষার কী হবে?'

বাবা কাঁধ ঝাকিয়ে বললেন, 'কী আর হবে। যে সাবজেক্ট বাকি আছে, সেমিটারের নামার এ্যাভারেজ করে রেজাল্ট দেবে।'

নীল বললো, 'আমাদের ফাইনাল পরীক্ষা। যখন ক্ষুল খুলবে বাকিগুলো তখন দিতে হবে।'

রাতের খাবার সেরে ওপরে নিজের ঘরে আসার সময় নীল ড্রাইবিং থেকে টাইম আর নিউজউইক পত্রিকা দুটো নিয়ে এলো। আজই বাবা অফিস থেকে এনেছেন পড়ার জন্য। দু'দিন পর আবার ওগুলো অফিসে নিয়ে যাবেন।

গত কয়েক সপ্তাহ ধরে বিদেশী পত্রিকাগুলো পূর্ব ইউরোপের ঘটনা ফলাও করে ছাপছে। নীল ভাবলো সোফিয়ায় আজকের মিটিং মিছিলের খবরও এতক্ষণে নিশ্চয় চলে গেছে। ঘড়িতে দেখলো রাত দশটা বাজে। ঠিক তখনই দরজায় টোকা দিয়ে রীন গলা বাড়িয়ে বললো, 'দাদা তোর টেলিফোন।'

টেলিফোন বাজার শব্দ নীলও শনেছিলো। এত রাতে ওকে কে টেলিফোন করলো! অবাক হয়ে রিসিভার তুলে 'হ্যালো' বলতেই রিস্টোর গলা শনলো। ও ইংরেজিতে জিজ্ঞেস করলো, 'তোমাকে যে জিনিসটা দিয়েছিলাম ওটা তোমার বাবাকে দিয়েছো?'

রিস্টো ওর সঙ্গে সাধারণত ইংরেজিতে কথা বলে না। নীলের মনে হলো সম্ভবত টেলিফোন এক্সচেঞ্জের সবাই ইংরেজি জানে না, সেটা ভেবে রিস্টো ইংরেজি বলছে। নীল এক শব্দে জবাব দিলো, 'দিয়েছি।'

'কাল কি তুমি ক্ষুলে আসবে? জানতে চাইলো রিস্টো?

'ক্ষুলে কেন যাবো?' ক্ষুল কলেজ সব বক— শোনো নি?'

এক মুহূর্ত চুপ থেকে কী যেন ভাবলো রিস্টো। তারপর বললো, 'চার তারিখে তোমার সঙ্গে আমার দেখা হবে?'

'আমাদের বাসায় আসবে, নাকি আমি যাবো তোমাদের বাসায়?'

'না বাসায় নয়। অন্য কোথাও বলো।'

'তানিয়াকে নিয়ে যেখানে গিয়েছিলাম সেখানে হতে পারে।'

তানিয়া রিস্টোর বক্তু। গত মাসে ও আর রীন ওদের দু'জনের সঙ্গে ভিতুশা পর্বতের চূড়ায় গিয়েছিলো বেড়াতে। নীলের কথা শনে রিস্টো একটু ভাবলো। তারপর বললো, 'ঠিক আছে। পাঁচ তারিখ বিকেল চারটায়। তুমি একা আসবে।'

শুট করে লাইন কেটে গেলো। নীল বুঝতে পারলো না রিস্টো কাটলো, না এক্সচেঞ্জ থেকে কাটলো। চিন্তিত হলো— একা ওর সঙ্গে এমন কী গোপন কথা বলতে চায় রিস্টো? বিছানায় শয়ে একবার রিস্টোর কথা ভাবলো। আরেকবার রবিনদার কথা ভাবলো। তারপর একসময় গভীর ঘুমে তলিয়ে গেলো নীল। বাইরে তখন কির কির করে বাঠ, ওক আর চেষ্টনাটের পাতা ঝরছে।



## সোফিয়ার পথে রবিন

বহুদিন ধরে রবিনের বাইরে যাওয়ার ইচ্ছে। এসএসসি পরীক্ষার পর বাবার সঙ্গে নেপাল গিয়েছিলো, তারপর আর কোথাও যাওয়া হয় নি। বিশ্ববিদ্যালয়ে ঢুকে ছাত্র রাজনীতির সঙ্গে জড়িয়ে সমাজতন্ত্র সংপর্কে আগ্রহী হয়েছে। চীন রাশিয়ায় সমাজতন্ত্র আছে কি নেই এ নিয়ে ওদের পাঠচক্রে তুমুল আলোচনা হয়। পোল্যাণ্ডে সলিডারিটির কাছে কমিউনিস্টরা হেরে যাওয়াতে ওর খুব মন খারাপ হয়েছিলো। নিখিলদা অবশ্য বলেছেন, ‘পোলিশরা নামেই কমিউনিস্ট। এত বছর পরও যদি পার্টি মেঘাররা গির্জায় গিয়ে উপাসনা করে, ওদের কি কমিউনিস্ট বলা যায়!’

রবিনের তখন মনে হয়েছিলো ওসব দেশে একবার গিয়ে যদি দেখে আসতে পারতো কী হচ্ছে, তাহলে ওর বুকাতে সুবিধে হতো। বাড়িতে এ নিয়ে কিছুই বলে নি, তবু ওর মনের খবর বাবা ঠিকই জেনেছেন। সকালে নাশতার টেবিলে খেতে খেতে বললেন, ‘কাল সোফিয়ায় তোমার মেজচাটীর সঙ্গে কথা বলেছি। রোমে আমার বক্স নাফিসার সঙ্গেও কথা বলেছি। তুমি রোম হয়ে সোফিয়া ভুরে এসো। কানেকটিং ফ্লাইট দিতে পারতাম, নাফিসা বললো তোমাকে দু'তিন দিন রোমে বেড়িয়ে যেতে।’

রবিন উন্মেষিত হয়ে বললো, ‘সত্যি বলছো বাবা? কবে যাবো?’

মৃদু হেসে বাবা বললেন, ‘নভেম্বরের দু'তারিখে ফ্লাইট। কালই ইটালিয়ান আর বুলগেরিয়ান এ্যাথাসিতে গিয়ে ভিসা নিয়ে এসো। তোমার কাকা ওদের বলে দেবেন।’

টেবিলে ওরা মাত্র দু'জন। রবিনের কোন ভাইবোন নেই। খুব ছোটবেলায় মা মারা গেছেন। বাবা ওকে কখনো মা'র অভাব বুকাতে দেন নি। বাবার কথা ওনে রবিন অবাক হলো, খুশিও হলো। বললো, ‘তুমিও চলো না বাবা। সেই কবে নেপাল গিয়েছিলাম।’

বাবা আগের মতো হেসে বললেন, ‘তুমি তো জানো আমার অফিসের অবস্থা আগের মতো নয়। আগামী দু'তিন বছর মনে হয় না বাইরে যেতে পারবো। থাই এয়ার একটা টিকেট দিয়েছে, তুমি একাই ভুরে এসো। একা যেতে নিশ্চয় অসুবিধে হবে না?’

রবিন একটু লজ্জা পেলো—‘আমার কোনও অসুবিধে হবে না। আমি তোমার কথা ভাবছি বাবা। তুমি একা হয়ে যাবে।’

‘তুমি কি চিরদিনের জন্যে যাচ্ছে? বেশি হলে দিন পনেরো ধাকবে। আমার অসুবিধে হবে না। বাবুটি আছে, সোলেমানের মা আছে—তুমি আমার কথা ভেবো না।’

রবিন বাবার মুখের দিকে তাকালো। চশমার ভেতর দিয়ে দুটো স্নেহবরা চোখ ওকে দেখছে। বাবার বয়স এখন পঞ্চাশ। এখনো কী সুন্দর দেখতে। স্বাস্থ্যও চমৎকার। রবিনের বস্তুরা রসিকতা করে বলে, ওদের দেখে নাকি দুই ভাইয়ের মত মনে হয়। বাবার এক বছরের ছোট মেজকাকা, দেখে মনে হয় বাবার চেয়ে চার-পাঁচ বছরের বড়।

রবিন বুলগেরিয়া যাচ্ছে শুনে ওর বস্তুরা ভীষণ উন্মেষিত হলো। নিখিলদা পই পই করে বললেন, ‘কাকা এ্যাস্বাসাড়র বলে অতিথির মত বাড়িতে বসে থেকো না। সব ঘুরে দেখবে। সাধারণ মানুষের সঙ্গে মিশবে। চোখ কান খোলা রাখবে। পারলে কাকাকে বলে পার্টির কোন নেতার সঙ্গে যদি কথা বলতে পারো তালো হয়।’

ওর ফ্লাইট ছিলো রাতে। বাবার সঙ্গে ওর দুই বক্স এলো এয়ারপোর্টে বিদায় জানাতে। গত কয়েক দিন যাওয়ার প্রস্তুতি আর উন্মেষিনায় সময় কিভাবে কেটেছে টের পায় নি। এয়ারপোর্টের ভেতরে চুকে ট্রান্সল ট্যাক্স, এস্বার্কেশন ফি ইত্যাদি জমা দিয়ে, চেক ইন করে বোর্ডিং পাস নিয়ে যখন কাস্টমস-এর জন্য ভেতর ঢুকবে, তখন কাচের দরজার বাইরে নজর পড়তে থমকে দাঁড়ালো। বাবা দাঁড়িয়ে আছেন পাথরের মূর্তির মত, চশমার ভেতর চোখ দুটো ছলছল করছে। ওকে ঘুরে দাঁড়াতে দেখে ম্লান হেসে হাত নাড়লেন। রবিনের বুকের ভেতরটা হ হ করে উঠলো। হঠাত মনে হলো, বাবাকে ফেলে এই প্রথমবার একা কোথাও যাচ্ছে।

রোমগামী যাত্রীদের ইমিগ্রেশনের জন্য যাওয়ার ডাক এলো। হাত নেড়ে বাবাকে বিদায় জানালো রবিন। কান্না চেপে ভেতরে ঢুকলো। ও জানলো না প্লেন ছাড়তে যে দুঃঘটা দেরি হয়েছিলো সেই সময়টুকু বাবা এয়ারপোর্টেই দাঁড়িয়েছিলেন। তাঁর মনে হচ্ছিলো, হঠাত যদি রবিনের কোনও কিছুর দরকার হয়, যদি কোন বিপদ হয়! এই প্রথম তিনি অনুভব করলেন, রবিন ছাড়া এ পৃথিবীতে তাঁর আর কেউ নেই।

রবিনের প্লেন টেক অফ করে আকাশে উড়লো। ওটা দৃষ্টিসীমার বাইরে অঙ্ককারে হারিয়ে যাওয়ার পরও যতক্ষণ শব্দ শোনা গেলো তিনি এয়ারপোর্টে দাঁড়িয়ে রইলেন।

রবিনের বস্তুরা চলে গেছে। একা তিনি নিজের ছোট গাড়িটায় উঠলেন। নির্জন এয়ারপোর্ট রোড ধরে শহরে আসার সময় রোমে তাঁর পুরোনো বক্স নাফিসার কথা ভাবলেন। জাতিসংঘের এক দফতরের বড় ধরনের আমলা। বলেছে, এয়ারপোর্টে নিজে এসে রবিনকে নিয়ে যাবে। রোমে ওর কোনও অসুবিধে হবে না।

প্লেনের ভেতর রবিনের বসার জায়গা ছিলো সামনের দিকে, তবে জানালার ধারে আসন পায় নি। ওর বাঁ দিকে দুজন যাত্রী, তারপর জানালা। পাশে বসেছেন এক বুড়ো ইউরোপিয়ান। কিছুক্ষণ পর পরই উঠে—‘এক্সকিউজ মি’, বলে পেছনে যাচ্ছিলেন। বুড়োদের অনেকে অবশ্য ঘন ঘন বাথরুমে যায়, কিন্তু সামনের বাথরুম কাছে থাকতে ইনি কেন পেছনের বাথরুমে যাচ্ছেন রবিন বুঝতে পারলো না। একবার বলেই ফেললো, ‘আপনার অসুবিধে হলে আমার জায়গায় বসতে পারেন।’ বুড়ো রাজী হলেন না—‘না বাহা, এ সিটটা আমি বেছে নিয়েছি। এখানেই আমি আরামে থাকবো।’ এই বলে বুড়ো রবিনের মুখের দিকে তাকিয়ে মুচকি হাসলেন—‘তোমাকে দেখে মনে হচ্ছে ধূমপানের অভ্যাস নেই। থাকলে তুমিও আমার সঙ্গী হতে।’

রবিনদের আসন ছিলো ধূমপানমুক্ত এলাকায়। বুড়ো ধূমপান করেন অথচ এখানে বসেছেন দেখে ও অবাক হলো। বললো, ‘আপনি যখন ধূমপান করেন, তখন পেছনে বসলেই তো পারতেন?’

বুড়ো একগাল হাসলেন— ‘ইশ্বর আমাকে রক্ষা করুন। পেছনে গিয়ে তো দেখো নি! ধূমপায়ীদের ধোয়ায় পেছনটা নরক হয়ে আছে।’ চোখ পিট পিট করে ওর দিকে তাকিয়ে তিনি ধূর্ত গলায় বললেন, ‘শোন, তোমাকে একটা বুদ্ধি দেই। যদি কখনো সিগারেট ধরো, প্রেনে উঠে ভুলেও স্মোকিং সিট-এ বসবে না। নন-স্মোকিং সিটে বসে আরামে যাবে পলিউশন মুক্ত হয়ে। সিগারেট টানতে ইচ্ছে করলে স্মোকিং যোন-এ গিয়ে টেনে আসবে, যেমনটি আমি করছি। হা, হা, হা।’ বুড়োর ভাবখানা দেখে মনে হলো মহামৃল্যবান একখানা গোপন কথা ওর কাছে ফাঁস করলেন।

বুড়োর হাসিটুকু শিশুর মত সরল। চোখ দুটো নিষ্পাপ, কৌতুকে ভরা। কথার ধরন দেখে বুড়োকে ভালো লেগে গেলো রবিনের। হেসে বললো, ‘তাই বলুন। আমি ভাবছিলাম সামনে এত কাছে বাথরুম থাকতে আপনি বার বার পেছনের বাথরুমে কেন যাচ্ছেন।’

‘তুমি বুঝি তাই ভেবেছিলে? হা, হা, হা। না বাছা, আমার সুগার ঠিকই আছে। ঘন ঘন বাথরুমে যাওয়ার দরকার হয় না।’

বুড়োর হাসির শব্দে তাঁর পাশের মাঝবয়সী আরবটার ঘূম ভেঙে গেলো। ভুরু কুঁচকে বুড়োর দিকে তাকালো। সেদিকে বুড়োর কোন খেয়ালই নেই। রবিনকে বললেন, ‘তুমি কোথায় যাচ্ছ? রোমে?’

‘রোম থেকে সোফিয়া যাবো বেড়াতে।’

‘সোফিয়া যাবে?’ একটু অবাক হয়ে বুড়ো বললেন, ‘এ কুটে ভাড়া বেশি পড়ে নি? ইষ্ট ইউরোপের প্যাসেঞ্জাররা তো ওদিক থেকে এ্যারোপ্লানে আসে, ভায়া মঙ্গো। টিকেট অনেক সন্তা।’

‘আমারটা কমপ্লিমেন্টারি টিকেট। তাহাড়া রোমেও দুদিন বেড়াবো। আপনি কোথায় যাচ্ছেন?’ পাল্টা প্রশ্ন করলো রবিন।

‘আমি— মানে আমিও রোমে যাবো।’

‘আপনি কি ইটালিয়ান?’

‘না না। আমাকে দেখে কি ফুটবল পাগল ইটালিয়ান মনে হয়? আমার নাম বরিস। লগনে থাকি। অক্সফোর্ড এন্ট্রাপলজি পড়াই। তুমি নিশ্চয়ই ভারতীয়?’

‘আমাদের পূর্বপুরুষরা এক কালে ছিলেন। আমি বাংলাদেশের নাগরিক।’ এই বলে রবিন নিজের পরিচয় দিলো। বাংলাদেশের নামটা বরিসের অচেনা নয়। ‘আহ বাংলাদেশ! আমি একবার গিয়েছিলাম। খুব সুন্দর দেশ। তবে অনেক গরিব মানুষ দেখেছিলাম।’

নিজেদের দেশের বাইরে কেউ বাংলাদেশ সম্পর্কে খারাপ কথা বললে রবিনের রাগ হয়। বললো, ‘কতগুলো পাজি বদমাশ দেশটাকে শাসন করতে গিয়ে লুটেপুটে খালে আমরা গরিব। তাই বলে আমরা চিরকাল গরিব ছিলাম না। আপনি নিশ্চয় জানেন

দুশ বছর ধরে আপনার পূর্বপুরুষরা বাংলাদেশ আর ইতিয়াকে কিভাবে শোষণ করেছিলো?’ কথাটা বলে ওর মনে হলো একটু বেশি বলা হয়ে গেছে।

ওর কথা শনে প্রফেসরের মুখে হাসি মিলিয়ে গেলো। গভীর হয়ে বললেন, ‘আমি লঙ্ঘনে থাকি বটে, তাই বলে জনসূত্রে আমি বৃটিশ নই। একটু থেমে বুড়ো বললেন, ‘সোফিয়ায় কি কারো আমন্ত্রণে যাচ্ছে?’

রবিন বললো, ‘আমার কাকা সোফিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত। তাঁর কাছেই বেড়াতে যাচ্ছি।’

কথাটা শনে প্রফেসরের কপালে সামান্য ভাঁজ পড়লো। সেটা রবিনের চোখেও পড়লো। আর কোন কথা না বলে বুড়ো প্রফেসর কষ্টটা গায়ে টেনে চোখ বুজলেন।

শেষ রাতে প্লেন আলো ঝলমলে দুবাই এয়ারপোর্টে থামলো। ঘন্টা দেড়েক থামবে এখানে। সবাই হড়মুড় করে নামলো এয়ারপোর্টের ডিউটি ফ্রি শপ থেকে জিনিস কেনার জন্য। এখানে সব কিছু নাকি দারুণ সন্তা। রবিনের হঠাতে খেয়াল হলো, বাবা মেজকাকা, চাচী আর নীল রীলের জন্য জিনিসপত্র কিনে দিয়েছেন বটে, নাফিসা আটির জন্য কিছু কেনেন নি। তবে ওকে হাত খরচের জন্য তিনশ ডলার দিয়েছিলেন। রবিন ডিউটি ফ্রি শপে অনেকক্ষণ ঘুরে চমৎকার গিফট বক্সে ভরা একটা পারফিউম কিনলো, ষাট ডলার দিয়ে। ভাবলো বাবা নিচয়ই ভুলে গিয়েছিলেন, শুনলে খুশিই হবেন।

রোমের লিওনার্দো দ্যা ভিঞ্চি এয়ারপোর্টে রবিনদের প্লেন যখন নামলো তখন দুপুর গড়িয়ে গেছে। বিরাট এয়ারপোর্ট। রবিন ভেতরে চুক্কে দেখলো অনেকগুলো কনভেয়ার বেন্ট। কত নম্বরে ওর লাগেজ আসবে একজন কর্মচারীকে জিজ্ঞেস করে ছুটলো সেদিকে। অনেকক্ষণ লাগলো ওর স্যামসনাইট সুটকেসটা খুঁজে বের করতে। ট্রলিতে করে গেটের দিকে যেতে যেতে ভয় হলো, যদি নাফিসা আটি কোন কারণে এয়ারপোর্ট না আসতে পারেন তাহলে বিপদেই পড়বে। বাবা ঠিকানা ফোন নম্বর দিয়েছেন ঠিকই, তবে এও বলে দিয়েছেন— রোমে অনেক চোর, বাটপার আছে। বাগে পেলে টাকা পয়সা জিনিসপত্র সব নিয়ে নেবে।

আন্তে আন্তে ট্রলি ঠেলে এদিকে ওদিকে তাকাতে তাকাতে সামনে এগোছিলো রবিন। হঠাতে চোখে পড়লো সাগর নীল জর্জেটের শাড়ি পরনে শ্যামলা রঙের হালকা পাতলা গড়নের একজন শ্বার্ট ভদ্রমহিলা ওর দিকে এগিয়ে আসছেন। হাঁটার ভঙ্গিটা রাজকীয় এবং চেহারাও চোখে পড়ার মত। কাছে এসে হাত বাড়িয়ে দিয়ে পরিষ্কার বাংলায় বললেন, ‘তুমি নিচয় রবিন?’

হেসে মাথা নেড়ে সায় জানিয়ে ওর সঙ্গে হাত মেলালো রবিন। বললো, ‘আরো তো অনেক বাঙালি ছিলো, চিনলেন কিভাবে?’

অপূর্ব এক টুকরো হাসি উপহার দিয়ে নাফিসা বললেন, ‘ছিলো, তবে তুমি ছাড়া আর কেউ তোমার বাবার মত দেখতে নয়। পথে কোনও অসুবিধে হয় নি তো?’

‘না আটি। দুবাই ছাড়ার পর লম্বা এক ঘুম দিয়েছি। আপনি কখন এসেছেন?’

‘ঘন্টা খানেক হবে। তোমার ফ্লাইট আসতে পয়ত্রিশ মিনিট দেরি করেছে। চলো, বেরুণো যাক।’

রবিনকে নিয়ে এয়ারপোর্টের বাইরে এসে নাফিসা বললেন, ‘তুমি এখানে একটু দাঁড়াও। আমি গাড়ি নিয়ে আসছি।’

রোমের আবহাওয়া ঢাকার মতই মনে হলো। বিকেলের নরম সোনালী রোদে ঘরবাড়ি, রাস্তাঘাট সব ঝকঝক করছে। নাফিসার ধৰ্মবে সাদা বিএমডব্লিউ গাড়িটা প্রায় নিঃশব্দে এসে রবিনের পাশে দাঁড়ালো। সুটকেসটা আর হাতব্যাগটা পেছনের সিটে রেখে ও সামনে বসলো। ঘন্টায় ষাট মাইল বেগে তিনি গাড়ি চালালেন শহরের দিকে। রবিন জানতে চাইলো, ‘এয়ারপোর্ট থেকে আপনার বাড়ি কতদূর?’

‘মাইল ছয়েক হবে।’ সামনের দিকে চোখ রেখে নাফিসা বললেন, ‘আমার এ্যাপার্টমেন্টটা শহর আর এয়ারপোর্টের মাঝামাঝি জায়গায়।’

ভিয়া লরেনটিনায় তাঁর চমৎকার সাজানো তিন রুমের এ্যাপার্টমেন্ট দেখে মুঝ হয়ে গেলো রবিন। বড় ড্রাইং কাম ডাইনিংরুম, একটা বড় বেডরুম আর গেস্টরুম। কিচেন আলাদা বাথরুম দুটো। ড্রাইং রুমের পাশে আর বেডরুমের পাশে বড় বারান্দা রয়েছে। এ্যাপার্টমেন্টটা পনেরো তলার ওপর। বারান্দায় দাঁড়িয়ে রবিন রোমের আকাশসীমা দেখলো। এন্দিকটায় বাড়িঘর বেশ ফাঁকা। নাফিসা বললেন, ‘এ জায়গাটা নতুন শহরের এক মাথায়। পুরোনো শহরে গেলে দেখবে ঢাকার শৌখারি বাজারের যতো রাস্তাও আছে।’

বারান্দার ঢারপাশে অনেকগুলো ফুলগাছের টব। থোকা থোকা লাল, সাদা, জেরানিয়াম আর বেগোনিয়া ফুটে সারা বারান্দা আলো হয়ে আছে। রবিন বললো, ‘জেরানিয়াম সাদা হয়— আমি জানতাম না।’

‘তোমার বাগানের সব আছে বুঝি! মৃদু হেসে নাফিসা বললেন, ‘তোমার বাবা ও বাগান ভালোবাসেন।’

মোটাসোটা মাঝবয়সী একজন ইটালিয়ান মহিলা এসে রবিন আর নাফিসাকে দু'কাপ চা দিয়ে গেলেন। বারান্দায় রাখা চামড়ার গদি মোড়া চেয়ারে বসে রবিন বললো, ‘বাবাকে আপনি কত দিন ধরে চেনেন?’

নাফিসা রবিনের মুখের দিকে তাকালেন। দেখলেন নিষ্পাপ কৌতুহল ছাড়া ওর চোখে আর কিছুই নেই। মৃদু গলায় বললেন, ‘তোমার বাবা যখন ইউনিভার্সিটিতে পড়তেন তখন থেকে, আমি তাঁর দু বছরের জুনিয়র ছিলাম।’

রবিন অবাক হয়ে বললো, ‘আপনাকে দেখে মনে হয় আপনার বয়স চল্পিশেরও কম। বেশি হলে পঁয়ত্রিশ ছত্রিশ।’

কোন কথা না বলে নাফিসা নিঃশব্দে হাসলেন। রবিন আবার বললো, ‘আপনারা খুব ভালো বন্ধু ছিলেন।’

ঘাড় সামান্য কাত করে নাফিসা বললেন, ‘তুমি কিভাবে জানো?’

‘বাবা বলেছেন।’ জবাব দিলো রবিন— ‘বাবার এ্যালবামে আপনার ছবি আছে।’

কিছুক্ষণ চুপ করে থেকে নাফিসা বললেন, ‘তোমার মা যখন মারা যান আমি তখন প্যারিসে ছিলাম। শেষবার ঢাকা গেলাম বাংলাদেশ স্বাধীন হওয়ার ঠিক পরে। তোমাকে দু তিন বছরের বাচ্চা দেখেছিলাম। তোমার অযত্ন হতে পারে বলে তোমার বাবা আর

বিয়ে করলেন না।'

নাফিসা আন্তিকে প্রথম দেখাতেই ভালো লেগেছিলো রবিনের। বাবার জন্য তাঁর মহতা দেখে আরো ভালো লাগলো। বাবা তাঁর অনেক কথাই রবিনকে বলেছেন। শুধু বলেন নি তিনি এখনো কেন বিয়ে করেন নি। একবার ভাবলো জিজ্ঞেস করে— পরে মনে হলো এতটা ব্যক্তিগত প্রশ্ন করা ওর উচিত হবে না।

রবিনকে চুপ করে বসে থাকতে দেখে নাফিসা নরম গলায় জানতে চাইলেন, 'চুপ করে আছো কেন? বাবার কথা ভাবছো?'

রবিন মৃদু হেসে বললো, 'বাবার কথাও ভাবছি, আপনার কথাও ভাবছি।'

'আমার কথা ভাববার কী আছে?'

'এরকম একা থাকতে আপনার খারাপ লাগে না? লোনলি ফিল করেন না?'

'সময় কোথায় ওসব ফিল করার! অফিস থেকে ফিরতেই সঙ্গ্য হয়ে যায়। কখনো পরিচিত বক্স বাক্সবদের বাড়িতে যাই, কখনো ওরা আসে। সময় পেলে বই পড়ি, ছবি দেখি। ওসব কথা থাক। চলো পুরোনো শহর থেকে তোমাকে ঘুরিয়ে আনি। নাকি বিশ্রাম নেবে কিছুক্ষণ?'

'পেনে যথেষ্ট বিশ্রাম হয়েছে। আপনার খারাপ না লাগলে আমি বরং খুশিই হবো।'

'তোমার সঙ্গে ঘুরতে আমারও ভালো লাগবে।' খুব আন্তে কথাটা বললেন নাফিসা।

রবিন উঠে দাঁড়ালো— 'আমি পাঁচ মিনিটের ভেতর তৈরি হচ্ছি।' এই বলে ওর ঘরে গেলো। চমৎকার সাজানো গেষ্টরুমে ওর থাকার ব্যবস্থা হয়েছে।

মুখ হাত ধুয়ে কাপড় বদলে ড্রাইরুমে এসে দেখলো নাফিসাও শাড়ি পাল্টেছেন। সাদা মুগাসুতোর কাজ করা একটা সাদা জর্জেটে তাঁকে দারুণ সুন্দর লাগছিলো। রবিনের চোখে মুক্তা দেখে নাফিসা হাসলেন। বললেন, 'নীল জ্যাকেটটা তোমাকে খুব মানিয়েছে।'

'আপনাকে পরির মতো লাগছে আন্তি।'

হাসি চেপে নাফিসা বললেন, 'তুমি পরি দেখো নি। পরিরা আমার মতো কলো হয় না।'

'কে বললো আপনি কালো?'

'ঠিক আছে বাবা, এগুলো তর্কের বিষয় হতে পারে না। চলো বেরোই।' রবিনকে ধামিয়ে দিয়ে নাফিসা কাজের মহিলাকে ইটালিয়ান ভাষায় কী যেন বললেন। তারপর রবিনকে নিয়ে বেরিয়ে পড়লেন দু'হাজার বছরের পুরোনো রোমের দিকে।

গাড়িতে যেতে যেতে যতগুলো পুরোনো নির্দশন দেখা যাচ্ছিলো রবিনকে বুঝিয়ে বলছিলেন নাফিসা অভিজ্ঞ গাইডের মত। বইয়ের আর ভিউকার্ডের ছবিতে অনেক দেখা কলোসিয়ামের পাশ দিয়ে যাওয়ার সময় রোমাঞ্চিত হলো রবিন। নাফিসা বললেন, 'কাল দিনে এসে ভেতরে গিয়ে দেখো।'

রাতের রোম দেখে ঘরে ফিরতে ওদের নটা বাজলো। নাফিসা বললেন, 'নিশ্চয় তোমার খুব খিদে পেয়েছে।'

রবিন হেসে বললো, 'খুব নয়, আরেকটু পরে থাবো।'

'তাহলে একটা টমাটো জুস নাও। খিদে পাবে।' এই বলে নাফিসা ক্রিজ থেকে কাগজের প্যাকেট বের করে ওকে লম্বা গ্লাসে টকটকে লাল ঘন টমাটো জুস ঢেলে দিলেন। নিজে নিলেন ছোট গ্লাসে।

হঠাতে রবিন— 'এক্সুনি আসছি,' বলে ঘরে গেলো। হাত ব্যাগ থেকে দুবাই থেকে কেনা পারফিউমটা বের করে এনে নাফিসাকে দিলো— 'এটা আপনার জন্য।'

নাফিসা অবাক হয়ে পারফিউমটা নিলেন। দেখলেন ঘুরিয়ে ফিরিয়ে। আন্তে আন্তে বললেন, 'তোমার বাবা দিয়েছেন?'

রবিনের মনে হলো বাবার কথা বললে নাফিসা আন্তি বেশি খুশি হবেন। বললো, 'হ্যাঁ, বাবা দিয়েছেন।'

ওর ঠোটের ফাঁকে হালকা হাসির রেখা ফুটে উঠলো। বললেন, 'আমি খুব অবাক হয়েছি রবিন।'

'কেন, অবাক হওয়ার কি আছে?'

'তোমার বাবা এখনো মনে রেখেছেন আমি ওপিয়াম ভালোবাসি।'

রবিন পারফিউম ব্যবহার করে না। ওটার নাম যে ওপিয়াম আগে খেয়াল করে নি। দেখতে ভালো লেগেছিলো আর দাম দেখে মনে হয়েছিলো জিনিষটা খারাপ হবে না, তাই কিনেছিলো। ওর ভাবতে ভালো লাগলো পারফিউমটা নাফিসা আন্তির ভালো লেগেছে।

টেবিলে খাবার সাজিয়ে নাফিসা ওকে ডাকলেন। ইটালিয়ান মহিলাটি রান্না সেরে সাতটায় চলে যান। রবিন অবাক হয়ে দেখলো টেবিলে সব দেশী খাবার— ভাত, ডাল, নিরামিষ, রুই মাছ রান্না আর মুরগি। বললো, 'আমি তো ভেবেছিলাম ইটালিয়ান খাবার থাবো।'

একটু অপ্রস্তুত হয়ে নাফিসা বললেন, 'কাল করতে বলবো। আমি মাছ, ভাত সব সময় খাই না। মেহমান এলে করতে বলি। বাঙালিরা সব সময় বাইরে গিয়ে দেশী খাবার খোজে কিনা—'

রবিন বললো, 'ইংরেজিতে প্রবাদই তো আছে রোমে গেলে রোমানদের মত হও।'

নাফিসা হেসে বললেন, 'ঠিক আছে, কাল থেকে তোমাকে রোমান বানিয়ে দেবো।'

খাওয়া সেরে কিছুক্ষণ টেলিভিশন দেখলো রবিন। খবর হচ্ছিলো ইটালিয়ান ভাষায়। নাফিসা বাংলায় বলে দিচ্ছিলেন। বুলগেরিয়া, চেকোশ্লোভাকিয়া আর হঙ্গেরিতে রাজনৈতিক বিক্ষোভ। পূর্ব জার্মানী থেকে দলে দলে মানুষ বর্ডার পেরিয়ে অত্রিয়া হয়ে পশ্চিম জার্মানীতে যাচ্ছে। নাফিসা বললেন, 'বুলগেরিয়ায় বেড়ানোর জন্য তুমি ভালো সময়ই বেছে নিয়েছো। এই গওগোলের ভেতর না গিয়ে বরং ইটালীতে বেড়িয়ে যাও। তুমি চাইলে স্পেন থেকেও ঘুরিয়ে আনতে পারি।'

রবিন একটু গভীর হয়ে বললো, 'আমি এই গওগোলটা কাছে থেকে দেখতে চাই আন্তি। খুবাতে চাই কেন এসব হচ্ছে।'

'কেন হচ্ছে এরা তো বলছেই। শুনলে না, মত প্রকাশের স্বাধীনতা, গণতন্ত্র, মুক্ত

জীবন— এসবের জন্য তারা একটা চেঞ্জ চাইছে।'

'এদের মুখ থেকে নয়— সুযোগ যখন পেয়েছি নিজে গিয়ে দেখবো।'

নাফিসার মনে হলো, রবিনের চেহারা দেখে যে রকম ছেলেমানুষ মনে হয় আসলে ও তা নয়। ঠিক ওর বাবার মত। খবর শেষ হওয়ার পর হাতে রোমের গাইড বুক ধরিয়ে দিয়ে ওকে ঘুমোতে পাঠালেন তিনি। নিজে অঙ্ককারে একা বারান্দায় বসে বিশ্ববিদ্যালয়ে পড়ার সেই দিনগুলোর কথা ভাবলেন। কি চমৎকার ভাবনাহীন আনন্দময় দিন ছিলো সে সব!

পরদিন সকালে রবিন একাই ঘুরতে বেরুলো। যদিও নাফিসা বার বার বলছিলেন, 'আমার অসুবিধে হবে না। টেলিফোনে অফিসে বলে দিছি আজ যাবো না।' রবিন রাজী হয় নি। বলেছে, 'কোথাও গিয়ে একা ঘুরতে আমার ভালো লাগে আন্তি। কাল যে বইটা দিলেন ওতে রোমের গাইড ম্যাপ আছে, দেখার মত জায়গাগুলোতে কোথেকে কিভাবে যেতে হবে, কিভাবে দেখতে হবে সবই বলা আছে। আমি তো বাস্তা ছেলে নই।' নাফিসা খুশি হয়েছেন রবিনের আত্মবিশ্বাস দেখে। জোর করে ওর পকেটে পঞ্জাশ হাজার লিরা শুঁজে দিলেন। ওকে বুঝিয়ে দিলেন বাস আর পাতাল রেলের টিকেট কিভাবে কাটতে হয়। শুনে একটু অবাক হলো রবিন। বাসের টিকেট বাসে উঠে কেনা যায় না, স্টেশনারি দোকান থেকে কিনতে হয়।

রোমের ভেতর ভ্যাটিকান সিটি। পাতাল রেলে আধ ঘন্টার ভেতর সেখানে চলে গেলো রবিন। ভ্যাটিকান থেকেই শুরু করলো রোম দেখা। দুপুর পর্যন্ত ঘূরে ঘূরে চার্চের ভেতরের ছবি দেখলো, যার অনেকগুলো মাইকেলেঞ্জেলোর আঁকা। নাফিসা ওর বোলা ব্যাগে স্যান্ডউইচ, আপেল আর বড় এক বোতল মিনারেল ওয়াটার দিয়েছিলেন। ভ্যাটিকানের পাথর বাঁধানো সিড়ির ওপর বসে তাই থেলো। গাইড বুকে দেখে ওর আগ্রহ জন্মেছিলো পালাতিনো দেখার জন্য। আড়াই হাজার বছর আগে যেখানে রোমান স্ম্যাটরা থাকতেন। কলোসিয়ামের কাছেই। ঠিক করলো আজ পালাতিনো দেখবে, কাল দেখবে কলোসিয়াম।

একটা স্যান্ডউইচ শেষ করে আপেলে কামড় দিয়েছে— এমন সময় ওর বয়সী, সোনালী চুল আর নীল চোখের চমৎকার এক মেয়ে পরনে ব্রু জিনস-এর প্যান্ট আর জ্যাকেট, কাছে এসে ইংরেজিতে জিজেস করলো, 'কলোসিয়াম কিভাবে যাবো বলতে পারো?'

রবিন মৃদু হেসে বললো, 'আমি মাত্র কাল এসেছি রোমে। কিছুই চিনি না। তবে গাইডবুক দেখে বলতে পারি, বসো।'

মেয়েটা আগ্রহ নিয়ে রবিনের পাশে বসে বললো, 'আমার নাম পলা, ফ্রাসের লিয়ন্টে থাকি। আমিও কাল এসেছি রোমে।'

রবিন ওর পরিচয় দিয়ে বললো, 'আমি পালাতিনো যাবো। কলোসিয়ামের পরের স্টেশন। তুমি ইঙ্গে করলে আমার সঙ্গে যেতে পারো।'

পলা হেসে বললো, 'আমি খুব খুশি হবো। মনে মনে একজন সঙ্গী খুঁজছিলাম। ভালোই হলো তোমাকে পেয়ে।'

রবিন ব্যাগ থেকে একটা আপেল বের করে ওকে দিলো। পলা হেসে ধন্যবাদ জানালো। দেখেই মনে হয় ছাত্রী, হাতখরচের পয়সা বাঁচিয়ে বেড়াতে বেরিয়েছে। কাল রাতে নাফিসা ওকে বলছিলেন, এ সময় সারা ইউরোপ থেকে প্রচুর টুরিষ্ট আসে, বেশির ভাগই কম বয়সী ছাত্র, নয়তো বুড়োবুড়ি। বুড়োদের অনেক টাকা পয়সা থাকলেও ছাত্ররা পার্কে কিম্বা স্টেশনে ঘুমোয়। অনেকে খাওয়ার পয়সা জোগাড়ের জন্য নানারকম কাজও করে।

পলাকে নিয়ে ও পাতাল রেলে চাপলো। ওর কাছে বাড়তি টিকেট ছিলো, পলাকে কাটতে দিলো না। টারমিনিতে রেল বদল করে কলোসিয়ামের রেলে চাপলো। দুপুরের দিকে কামরাগুলো একেবারে ফাঁকা থাকে। পলা বললো, ‘তুমি কলোসিয়াম দেখেছো?’

রবিন বললো, ‘আগামীকাল দেখবো।’

পলা একটু ইতস্তত করে বললো, ‘আমি যদি আজ তোমার সঙ্গে পালাতিনো দেখে কাল কলোসিয়াম দেখি তোমার কি অসুবিধে হবে?’

‘অসুবিধে কেন হবে! দুদিনের জন্য তোমার বস্তু হতে ভালোই লাগবে।’

‘বস্তু যদি হবে, দুদিনের জন্য কেন? ক্রান্তে বেড়াতে এসো। তোমাকে সব ঘুরিয়ে দেখাবো।’

‘ধন্যবাদ, কখনো যদি যাওয়ার সুযোগ হয় তোমাকে জানাবো।’

ওরা ঠিকানা বিনিয়য় করলো। পলা ওর বাড়ির কথা বললো। রবিন বললো চাকার কথা। আধঘন্টা পর ওরা যখন পালাতিনোর প্রবেশ পথের সামনে গিয়ে দাঁড়ালো— মনে হলো দু'জন অনেকদিনের পুরোনো বস্তু।

পালাতিনো দেখতে টিকেট কাটতে হয়। টিকেটের দাম শুনে পলা ঘাবড়ে গেলো। পাঁচ হাজার লিরা! ওকলো হেসে বললো, ‘রবিন, আমি বরং কলোসিয়াম দেখে তোমার জন্য এখানে অপেক্ষা করবো! তুমি তো বললে তোমার এখানে তিন ঘন্টা লাগবে।’

রবিন মৃদু হেসে বললো, ‘তুমি বলেছো আমার সঙ্গে কলোসিয়াম দেখবে। আজ তুমি আমার অতিথি। পালাতিনো আমি তোমাকে দেখাবো। গাইডের কাজও কিছুটা করতে পারবো।’

পলা রবিনের হাত চেপে ধরে কৃতজ্ঞ গলায় বললো, ‘তোমাকে অনেক ধন্যবাদ। আমার সঙ্গে এত লিরা নেই যে, পাঁচ হাজার দিয়ে টিকেট কাটবো।’

‘তুমি তো বলেছো ক্রান্তে গেলে আমাকে ঘুরিয়ে দেখাবো।’

‘নিশ্চয় রবিন। লিয়েতে তুমি আমাদের বাড়িতে থাকবে আমার অতিথি হয়ে।’

টিকেট কেটে ভেতরে ঢুকলো ওরা। অনেকখানি জায়গা জুড়ে উঁচু নিচু পাহাড়ের মত। মাঝে মাঝে ভাঙা প্রাচীর, উঁচু ধাম, ফটক— এইসব। পাহাড়ের চূড়ায় ওঠে সামনে তাকিয়ে রবিন বললো, ‘ওই ফাঁকা জায়গাটা দেখেছো পলা? ওখানে চ্যারিয়ট রেস হতো, বেনহুর ছবিতে যেমন দেখিয়েছে। রোমান অভিজ্ঞাতরা এখানে বসে চ্যারিয়ট রেস দেখতেন।’

পলা বললো, ‘তোমার দাঁড়াবার ভঙ্গি দেখে মনে হচ্ছে আমি জুলিয়াস সিজারকে দেখছি।’

‘আমি কেন সিজার হতে যাবো?’ রবিন গঁথীর হয়ে প্রতিবাদ করলো— ‘সিজারের  
মাথাভরা টাক। আমি মোটেই সিজার হতে রাজী নই।’

রবিনের কথা বলার ধরণ দেখে পলা খিল খিল করে হাসলো। যেন জলতরঙ বেজে  
উঠলো। পাশ দিয়ে যাচ্ছিলেন দুই খুনখুনে বুড়ি। বিরক্ত হয়ে তাকালেন ওদের দিকে।  
পলা চাপা গলায় বললো, ‘ক্লিওপেট্রা বেঁচে থাকলে এদের মতই দেখতো হতো।’

রবিনও গলার স্বর নামিয়ে বললো, ‘ভাগিয়স আমি সিজার হতে চাই নি। যদি  
হতাম তাহলে তোমার কথা শোনার পর আমার হার্ট এ্যটাক হয়ে যেতো। তার চেয়ে—  
‘বলতে গিয়ে থেমে গেলো সে। ওদের ডান দিকে বেশ কিছু দূরে বিমানে ওর সহযাত্রী  
ছিলেন— সেই বুড়ো প্রফেসর বরিস। চোখে বাইনোকুলার লাগিয়ে কি যেন দেখছেন।  
সঙ্গে আরেকজন বুড়ো।

রবিন বললো, ‘চলো ওদিকে যাই। আমার পরিচিত এক এ্যানথ্রপলজির  
অধ্যাপকের সঙ্গে তোমাকে পরিচয় করিয়ে দিই।’

প্রফেসরের কাছে গিয়ে রবিন বললো, ‘আপনি কেমন আছেন স্যার?’

প্রফেসর চমকে ওঠে রবিনের দিকে তাকালেন। যথেষ্ট নার্ভাস মনে হলো তাঁকে।  
গঁথীর গলায় বললেন, ‘মাপ করবেন, আপনাকে আমি চিনি বলে মনে হচ্ছে না।’

‘কাল রোমে আসার সময় পুনে আপনি আমার সহযাত্রী ছিলেন।’

‘আমি দুঃখিত। আপনাকে আমি চিনি না।’ রুচি গলায় কথাটা বলে সঙ্গী বুড়োর  
হাত ধরে প্রফেসর নিচের দিকে হাঁটা শুরু করলেন। ভঙ্গি দেখে বোৰা গেল বেশ তাড়া  
আছে ওর।

প্রফেসরের অন্তুত আচরণ ভীষণ রহস্যময় হনে হলো রবিনের।



## নীলদের পেছনে গোয়েন্দা

বুলগেরিয়ান বন্ধু রিস্টোকে নীল কথা দিয়েছিলো নভেম্বরের চার তারিখে ওর সঙ্গে  
দেখা করবে। সোফিয়ায় কদিন ধরে রোজই মিটিং মিছিল হচ্ছে। বেশির ভাগ মিটিঙে  
যদিও দু তিনশ'র বেশি মানুষ হয় না, বিবিসি, ইটালিয়ান আৱ অস্ট্ৰিয়ান রেডিও তাই  
ফলাও করে বলছে। নাকি ঝিভকভের পতন হতে বেশি দেরি নেই। নীলের বাবার  
ধারণা এত তাড়াতাড়ি যাওয়ার বাবা নয় ঝিভকভ। কমিউনিস্ট দেশগুলোতে ঝিভকভই  
সবচেয়ে বেশিদিন রাজত্ব করছেন। তারপর উকুর কোরিয়ার কিম ইল সুঙ।

চার তারিখ ছিলো শনিবার। ঢাকায় দৃতাবাসের ডাক পাঠাতে হয় এই দিনে। বাবার ফিরতে সাতটা আটটা বেজে যায়। ড্রাইভার তোবারক আলীও ব্যস্ত থাকে। নীল ঠিক করলো বাসেই চলে যাবে।

দুপুরে বাড়িতে থেতে এসেছিলেন বাবা। যাওয়ার সময় রীন চলে গেলো ওর সঙ্গে। কাউন্সিলার হাশমত সাহেবের মেয়ের সঙ্গে ও প্র্যান করছে বিজয় দিবসে কী কী করা যেতে পারে। সোফিয়া অনেক বাঙালি ছাত্র আছে। সবাই মিলে এসব দিবসে চমৎকার অনুষ্ঠান করে। নীলের কাজ জিনিসপত্র জোগাড় করা। ওরা কী করবে ঠিক করলে তারপর ওর কাজ শুরু। রীন বাবার সঙ্গে চলে যাওয়াতে ও উদ্বেগমুক্ত হলো। ভয় হচ্ছিলো রীন যদি শোনে ও ভিতুশা পাহাড়ে যাচ্ছে তাহলে নির্ধাত ওর পিছু নেবে। বোনটাকে ও এত ভালোবাসে— কোনও কিছু আবদার করলে না বলতে পারে না।

বিকেল তিনটার দিকে নীল বাড়ি থেকে বেরলো। মাকে বললো, রিষ্টোরেন ফ্লাটে যাচ্ছে, সঙ্ক্ষ্যার পর ফিরবে। ওদের বাড়ি থেকে পাঁচ মিনিট হাঁটলেই ভিতুশা যাওয়ার বাস ট্যাগ। পাহাড়ের গায়ে ঘোরানো রাস্তা দিয়ে ঘুরে ঘুরে একেবারে চূড়ার কাছে চলে যায় বাস। নীলের অবশ্য বাসে করে ওপরে উঠতে ভালো লাগে না। ঝোলানো কেবল কার-এ মিনিট পনেরো সময় লাগে। তারে ঝোলানো বগিতে ঝুলে ওপর থেকে পাহাড়ের পাইন আর বার্চের বন দেখতে দেখতে পৌছে যায় সাড়ে সাত হাজার ফুট উচুতে চেরনি ক্রু পীক-এ। এখানে চমৎকার কিছু হোটেলও আছে।

গত দু'দিনে বাড়ি থেকে বেরোয় নি নীল। ন্যাশনাল লাইব্রেরি থেকে বুলগেরিয়ার বিপ্লবের নেতা দিমিত্রের জীবনী এনেছিলো চার বক্সে, সেগুলো পড়ে শেষ করেছে। বাইরে না বেরলে রোজ সঙ্ক্ষ্যার পর আলো জ্বলে তোবারকের সঙ্গে ব্যাডমিন্টন খেলে। বয়সে অনেক বড় হলেও তোবারককে বন্ধুর মত মনে হয়। ওর বুলগেরিয়ান ভাষা শেখার প্রথম শিক্ষক ছিলো তোবারক।

ভিতুশা আসার পথে শহরে কোন গোলমাল চোখে পড়লো না। নীলের মনে হলো কাল রাতে বাবা ঠিকই বলেছিলেন, এখানে খুব শিগগির কিছু হবে না। বুলগেরিয়ার জীবন বাইরে থেকে দেখলে একটু চিলেচালা মনে হলেও বিভক্তের গোয়েন্দা পুলিশের নজর সবথানে। রিষ্টো একদিন বলেছিলো, বিভক্তের গোয়েন্দার সংখ্যা সাথ দশেক হবে। নীল অবাক হলে ও বুঝিয়ে দিয়েছিলো— ‘এই যে বাড়িয়েরে দেয়ালগুলো দেখছো না, প্রত্যেকটা দেয়ালের চোখ আর কান আছে। প্রত্যেকটা দেয়াল বিভক্তের ওপচর।’

রিষ্টোর বাবা পাওয়ার প্র্যান্টের একজন ইঞ্জিনিয়ার, নীলের সঙ্গে কয়েকবারই দেখা হয়েছে, বিশেষ কোন কথা হয় নি। অদ্রলোক কিছুটা চাপা স্বভাবের। রিষ্টোর মা একমাথা সোনালী চুলের হাসিখুশি খাতি বুলগেরিয়ান মহিলা। সোফিয়া নিউজ এজেন্সিতে কাজ করেন। নীল ওদের বাসায় গেলেই সবজি আর মাংশের পুর দেয়া পিঠে বানিয়ে আওয়ান। রিষ্টো ওদের একমাত্র ছেলে, পড়াশোনায় খুবই ভালো। নীলের সঙ্গে ওর প্রথম পরিচয় লাইব্রেরিতে বই নিতে গিয়ে। পরিচয়ের প্রথম দিনই রিষ্টো ওকে ওদের ফ্ল্যাটে নিয়ে গিয়েছিলো।

ঝোলানো কেবল কার-এ চেপে নীল যখন ভিত্তশা পাহাড়ের চেরনি ক্রম পিক-এ এলো, ঘড়িতে তখন কাঁটায় কাঁটায় সাড়ে চারটা। আরও আগেই আসতো, নিচের স্টেশনে কি যেন গওগোল হওয়ায় কেবল কার ছাড়তে পনেরো মিনিট দেরি হয়েছে।

রিষ্টোর সঙ্গে এর আগে যে জায়গায় বসে গল্প করেছিলো, সেখানে যেতে আরও পাঁচ মিনিট লাগলো ওর। নীল আশা করেছিলো এসে দেখবে শোয়ানো ওক গাছের ডালে বসে রিষ্টো পা দোলাচ্ছে। কাছে গিয়ে কাউকে দেখতে পেলো না। আশে পাশে তাকিয়ে দেবলো, রিষ্টো তখনও আসে নি। পাঁচ মিনিট দেরি হওয়ার জন্য ওর একটু খারাপ লাগছিলো। কাউকে কথা দিলে অঙ্করে অঙ্করে সেটা পালন করে নীল। রিষ্টোকে না দেখে ও হাঁপ ছাড়লো।

কবে কোন বড়ে বহু বছরের পুরোনো বুড়ো ওক গাছটা মাটিতে কাত হয়ে পড়েছিলো। পুরো গাছটাই অঙ্কত আছে, শুধু কাণ্টা নববই ডিগ্রির বদলে চল্লিশ ডিগ্রি কোণ তৈরি করেছে। মাটিতে শোয়ানো মোটা ডালটায় বসে সামনে তাকালো নীল। হেমন্তের সোনাগলা রোদে চকচক করছে গোটা সোফিয়া শহর। ভিত্তশা পাহাড়ের গাঢ় সবুজ জমিনে, লাল, কমলা, খয়েরী, সোনালী আর হলুদ রঙের ছোপ লেগে আছে এখানে সেখানে। আর কদিন পর পাহাড়ের বেশির ভাগ গাছের পাতা ঝরে যাবে। শুধু চিরসবুজ পাইন গাছগুলো বর্ণার ফলার মত মাথা উঁচিয়ে জানিয়ে দেবে প্রকৃতির জীবনস্পন্দন এখনো খেয়ে যায় নি।

ওক গাছের সব পাতা উজ্জ্বল কমলা রঙের হয়ে গেছে। দেখে মনে হয় কমলা রঙের কার্পেটের ওপর একই রঙের কাপড়ের বিশাল স্তুপ। ডালে বসে সরু কাঠিতে পাতা গেঁথে একটা কমলা রঙের মুকুট বানালো নীল। রিষ্টো এলে ওর মাথায় পরিয়ে দেবে।

সময় গড়িয়ে যেতে লাগলো, রিষ্টো এলো না। নীল মনে করার চেষ্টা করলো, আগে কখনো কথা দিয়ে রিষ্টো দেরিতে এসেছে কি না। মনে করতে পারলো না। বাতাসের ছোট একটা ঘূর্ণি ওক গাছের পাতা উড়িয়ে বয়ে গেলো। নীল ঘড়িতে তাকিয়ে দেখলো পাঁচটা বাজতে আর সাত মিনিট বাকি। ঠিক করলো এখানে পাঁচটা পর্যন্ত অপেক্ষা করবে, তারপর ওদের ফ্ল্যাটে যাবে। কোন জরুরি কাজে হয়তো আটকে গেছে রিষ্টো। সামনে তাকিয়ে দেখলো দূরে হালকা কুয়াশার নিচে ঢাকা পড়ে যাচ্ছে সোফিয়ার ঘরবাড়ি। পাহাড়ের ওপর রোদের তেজ মরে গেছে। হেমন্তে এখানে সাড়ে পাঁচটায় সক্ষ্য নামে। ছটা না বাজতেই ঘুটঘুটে রাত। বাড়িতে বলে এসেছে, ফিরতে দেরি হলেও অসুবিধে হবে না।

পাঁচটা বাজার ঠিক দু'মিনিট আগে নীল দেখলো একজন মোটাসোটা বয়স্ক মহিলা এদিক ওদিক তাকিয়ে ওর দিকে আসছেন। গাউনের ঝুল নেমেছে গোড়ালির কাছে, জুতো মুজো পরা, মাথায় ফুল তোলা সিঙ্কের ক্ষার্ফ বাঁধা। কাছে এসে চাপা খসখসে গলায় বললেন, 'বাছা, তুমি কি রিষ্টোর বন্ধু?'

নীল উঠে দাঁড়িয়ে বললো, 'হ্যাঁ ম্যাডাম। আমি ওরই জন্যে অপেক্ষা করছি।'

'রিষ্টো আমাকে মালিশা খালা বলে। ওর মা আমার বাঙ্কবী। দাঁড়ালে কেন বসো।

আমিও একটু বসবো।' বলে তিনি ঘাসের ওপর বসলেন।

'মালিশা খালা, রিষ্টো কি আসবে না?' উদ্বিগ্ন গলায় জানতে চাইলো নীল।

'না বাছা।' গলাটা আরেক ধাপ নামিয়ে বিষণ্ণ গলায় তিনি বললেন, 'রিষ্টো ভারি বিপদে পড়েছে। ওর বাপেরও খুব বিপদ।'

'কিসের বিপদ?'

'তুমি কি জানো না বাছা, ওর বাবা যে বিভক্তকে সরাবার জন্য আন্দোলন করছে?'

'জানি, তাতে কী হয়েছে?'

'রিষ্টোকেও এসব গোলমালে জড়িয়েছে ওর বাপ। গোয়েন্দা পুলিশের ভয়ে এখন বাপ ছেলে দুজনই ফেরার হয়েছে।'

'পুলিশ কি ওদের বাড়িতে এসেছিলো?'

'যখন তখন আসছে। আফ্রীয়-স্বজন সবার বাড়িতে খোঝ করছে। ওর মা, বেচারি গিয়ার্গিয়েভা ভয়ে আধখানা হয়ে গেছে।'

'আপনাকে এখানে কে পাঠিয়েছে?'

'রিষ্টোর মা পাঠিয়েছে। বললো, তোমার সঙ্গে নাকি রিষ্টোর আজ এখানে দেখা করার কথা ছিলো। ও আসতে পারবে না। গিয়ার্গিয়েভা তোমাকে দেখা করতে বলেছে।'

'আপনি না এলে আমি এখনই ওদের বাড়ি যাবো ভাবছিলাম।'

'না বাছা, বাড়ি যেও না। বাড়ির ওপর গোয়েন্দারা সারাক্ষণ নজর রাখছে। তুমি কাল পরও সকালে শহর থেকে একটু দূরে এক জায়গায় ওর সঙ্গে দেখা করবে।'

'কোথায়?'

'তুমি কি বয়ানা চার্চের জাদুঘরে গিয়েছো কখনো?'

'বয়ানার নাম উনেছি। জাদুঘরে যাই নি।'

'এই ফাঁকে তাহলে দেখে নিও। পরও সকাল এগারোটায় ওই চার্চে তুমি দেখা করবে গিয়ার্গিয়েভার সঙ্গে।'

'আপনি কি জানেন কিভাবে যেতে হয়?'

'কেন জানবো না বাছা! বয়ানা আমার বাপের বাড়ি। শোন, তুমি বুলেভার্ড মিহাইলভ থেকে একষটি নম্বর বাসে উঠবে। ওটা সোজা বয়ানা যায়।'

'কতক্ষণ লাগে যেতে?' নীলের গলায় উত্তেজনার আভাস।

'বেশি হলে চল্লিশ মিনিট লাগতে পারে। দাঁড়াও, তোমাকে লিখে দিচ্ছি, বাস থেকে নেমে কিভাবে যেতে হবে।' এই বলে মালিশা খালা হাতব্যাগ থেকে ছোট নোটবই আর কলম বের করে রাস্তাটা ঢঁকে দেখিয়ে দিলেন। তারপর বললেন, 'এই যে ভিতুশা পর্বত দেখছো, বয়ানা গিয়েও এর দেখা পাবে! গির্জাটা ঠিক পাহাড়ের নিচে।'

সোফিয়ার আকাশে তখন সক্ষ্য নেমেছে। ঘরবাড়ি আর রাস্তার আলো সব জুলে উঠেছে। ভিতুশা পাহাড়ের ঢ়ৱায় শেষ বিকেলের ঝান আলো থাকলেও অল্প কিছুক্ষণের শেতের এখানেও অস্কার নামবে। মালিশা খালা উঠে দাঁড়ালেন। বললেন, 'তুমি

ବୋଲାନୋ ଲିଫଟେ କରେ ନେମେ ଯାଉ । ଆମି ଏକଟୁ ପରେ ବାସେ ନାମବୋ । କେ ଜାନେ ନଜ୍ଜାଡ଼ ଗୋଯେନ୍ଦ୍ରାରା ଆମାର ଉପର ନଜର ରେଖେଛେ କିନା ।'

'ଆପନାକେ ଅନେକ ଧନ୍ୟବାଦ, କଟି କରେ ଏତଟା ପଥ ଆମାର ଜନ୍ୟ ।' ବଲେ ମାଲିଶା ଖାଲାର ସଙ୍ଗେ ହାତ ମେଲାଲୋ ନୀଳ ।

ଓର କପାଳେ ଚୂମୁ ଖେଳେନ ମାଲିଶା ଖାଲା— 'ଈହର ତୋମାର ମଙ୍ଗଳ କରନ୍ତି ବାହା । ରିଟୋର ଜନ୍ୟ ତୁମିଓ କମ କରଛୋ ନା । ଭାଲୋ ଥେକୋ ।' ବଲେ ଆଦର କରେ ବିଦାୟ ଜାନାଲେନ ।

କେବଳ କାରକେ ସୋଫିଯାର ଲୋକେରା ବଲେ ବୋଲାନୋ ଲିଫଟ । ନିଚେ ନାମାର ଲିଫଟ ଅପେକ୍ଷା କରିଛିଲୋ । ନୀଳ ଉଠି ବସାର ପର ଆରେକଜନ ଉଠିଲୋ । ଲିଫଟେ ଚାରଜନ ବସତେ ପାରେ । ଚାରଜନ ହତେଇ ଲିଫଟେର ଦରଜା ବକ୍ଷ କରେ ଦେଯା ହଲୋ । ମୋଟା ତାରେ ଝୁଲିତେ ଝୁଲିତେ ନିଚେ ନାମତେ ଲାଗଲୋ ଓରା ।

ନୀଲେର ମୁଖୋମୁଖୀ ଯେ ଲୋକଟା ବସେଇଲୋ, ଯେ ଠିକ ଓର ପେଛନ ପେଛନ ଉଠେଛେ, ତାର ଚୋରେ କାଲୋ ଗଗଲସ ଛିଲୋ । ସଞ୍ଚ୍ୟାବେଳା ଗଗଲସ ଚୋରେ ଦେଖେ ନୀଳ ଭାବଲୋ ହୟ ଗ୍ରାମ ଥେକେ ଏସେହେ ଲୋକଟା, ଗଗଲସଟା ଆଜଇ କିନେହେ, କିମ୍ବା ଚୋରେ ଅସୁଖ ଆହେ । ଲୋକଟାର ମୁଖ ଜାନାଲାର ଦିକେ ଫେରାନୋ ଛିଲୋ । ଗଗଲସ ଚୋରେ ଦିଯେ ଆର ଯାଇ ହୋକ ସଞ୍ଚ୍ୟାର ପ୍ରାକୃତିକ ଦୃଶ୍ୟ ଦେଖା ଯାଯ ନା । ମନେ ମନେ ହାସଲୋ ନୀଳ । ଓ ଘୁଣାକ୍ଷରେ ବୁଝିତେ ପାରଲୋ ନା ମାଲିଶା ଖାଲା ଯେ ନଜାର ଗୋଯେନ୍ଦ୍ରାଦେର କଥା ବଲେଇଲେନ ଏ ଲୋକଟା ତାଦେରଇ ଏକଜନ, ଆଡ଼ଚୋରେ ଗଗଲସ-ଏର କାଲୋ କାଚେର ଭେତର ଦିଯେ ଓକେଇ ଦେଖିଲୋ ।

ସୋମବାର ସକାଳେ ନୀଳ ମାକେ ବଲଲୋ, 'ଆମାର ଏକ ଟିଚାର ଥାକେନ ବୟାନାଯ । ଓର କାହେ ଯାବୋ ଅଂକେର କିଛୁ ସାଜେଶନ ଆନତେ । ଦୁପୂରେ ନାଓ ଫିରିତେ ପାରି ।' ରୀନ ଯାତେ ସଙ୍ଗେ ସେତେ ନା ଚାଯ ସେ ଜନ୍ୟ ମିଥ୍ୟେ କଥା ବଲଲୋ ନୀଳ ।

ରିଟୋ ବିପଦେ ପଡ଼େଛେ । ଏଥିନ ଓକେ ସାହାଯ୍ୟ କରା ଦରକାର । ନୀଳ ଭାବଲୋ ବୟାନା ଜାଦୁଘର ଯଦି ଭାଲୋ ଲାଗେ ରୀନକେ ନିଯେ ଅନ୍ୟ ଏକଦିନ ଦେଖିଯେ ଆନବେ । ରୀନର ବିଜଯ ଦିବସେର ଅନୁଷ୍ଠାନେର ମହଡା, ତାଇ ନୀଲେର ସଙ୍ଗେ ଯାଓଯାର ବାଯନା ଧରଲୋ ନା ।

ନ୍ଟାର ସମୟ ବାବାର ସଙ୍ଗେ ବେରିଯେ ପଡ଼ଲୋ ନୀଳ । ବାବାକେ ଏସ୍ୟାସିତେ ପୌଛେ ତୋବାରକ ଆଲୀ ଓକେ ବୁଲେଭାର୍ଡ ମିହାଇଲଭେର ବାସ ଟ୍ୟାଙ୍କେ ନାମିଯେ ଦିଲୋ । ତୋବାରକ ଅବଶ୍ୟ ବଲେଇଲୋ, 'ବୟାନାର ରାତ୍ରା ଆମାର ଚିନା ଆହେ ନୀଳ ବାଇ । ଚଲେନ, ନାମାଇ ଦିଯେ ଆସି ।'

'ନା ତୋବାରକ ଭାଇ ।' ବାଧା ଦିଯେଛେ ନୀଳ— ତୁମ ତୋ ଜାନୋ ଏସ୍ୟାସିର ଗାଡ଼ି ନିଯେ ବେଶି ଘୋରାଫେରା ବାବା ପଛନ୍ଦ କରେନ ନା ।'

ବାଡ଼ିର କାଜେର ଭେତର ବାବାର ଗାଡ଼ିତେ କରେ ଓରା ଦୁଇ ଭାଇବୋନ ଶୁଦ୍ଧ ଝୁଲେ ଯାଓଯା ଆସା କରେ । ମା ବାଇରେ ଗେଲେ ଟ୍ୟାଙ୍କି ନିଯେ ଯାନ । କୋଥାଓ କୋନ ପାର୍ଟିତେ ଓଦେର ନେମନ୍ତନ୍ତ୍ର ଥାକଲେ ତଥନ ସବାଇ ଏକସଙ୍ଗେ ଗାଡ଼ିତେ ଯାଯ । ନୀଲେର କଥା ଓନେ ତୋବାରକ ଓକେ ଦ୍ଵିତୀୟବାର ବୟାନା ଯାଓଯାର କଥା ବଲେ ନି ।

ସୋଫିଯାର ବାସଙ୍କଲୋ ବୁବ ସୁନ୍ଦର, ଇଉରୋପେର ଅନ୍ୟସବ ଶହରେର ମତଇ । ଜାନାଲାର ପାଶେର ଆସନେ ବସେ ନୀଳ ବିପଦେ ପଡ଼ା ବନ୍ଦୁଟିର କଥା ଭାବିଲୋ । ବାଇରେ ହେମେନ୍ତରେ

চমৎকার সকাল। দূরে ঢেউ খেলানো কালচে নীল পাহাড়ে পাইন, অলিভ আর বার্চের বন। রাত্তার ধারে অনাদরে ঝোপে ঝাড়ে ফুটে আছে অজস্তু গোলাপ। সারা বছর বুলগেরিয়ার যেখানে সেখানে রাশি রাশি গোলাপ ফুটে থাকে। অন্য কোন সময় হলে নীল আস্ত্রহারা হয়ে নানা রঙের গোলাপের এই মনকাড়া শোভা দেখতো। পাহাড়ের গায়ে মেঘের আলোছায়ার খেলা দেখতো। রিস্টোর কথা ভাবতে গিয়ে ওর অন্য কিছু দেখার মন ছিলো না, দুটো সিট পেছনে যে ভিতুশা পাহাড়ের গগলস পরা গোয়েন্দাটা লেনিন টুপি মাথায় দিয়ে টুরিষ্ট সেজে ওর ওপর নজর রাখছিলো তাও নীলের নজরে পড়ে নি।

মালিশা খালা বলেছিলেন, ওকে নামতে হবে গোল্ডেন ব্রিজ স্টপেজে। বয়ানা সোফিয়ার বাইরে ছোট একটা শহর। বাসের তিনটা স্টপেজ রয়েছে এখানে। গোল্ডেন ব্রিজকে বুলগেরিয়ানরা বলে ঝ্লাটনিটে মষ্টভে। প্রায় চল্লিশ মিনিট লাগলো আসতে। বাস থামতেই নেমে পড়লো নীল। পেছনে নামলো কালো চশমাধারী গোয়েন্দা এবং কয়জন সত্যিকারের টুরিষ্ট। হাঙ্কা জ্যাকেট পরা তিনজন স্টার্ট আমেরিকান বুড়ি। ওদের সঙ্গে তরুণ বুলগেরিয়ান দোভাষী।

বুড়িদের কিচিমিচি শনেও নীল ঘুরে তাকালো না। কালো চশমা ছাড়া সবাই সামনের স্ব্যাক বার-এ ঢুকে পড়লো। নীল এগিয়ে চললো স্টোন রিভার-এর দিকে। ভিতুশা পাহাড় থেকে ঝরণার মত নেমে এসেছে ছোট ঝরনার নদীটি। ছোট বড় নানা আকারের পাথরের ওপর দিয়ে তীব্র বেগে বয়ে চলেছে। বুলগেরিয়ানরা বলে পাখুরে নদী।

নদী পেরিয়ে পাঁচ মিনিট হেঁটে নীল এলো কপিটোটো নামের এক গ্রামে। রিস্টো বলেছিলো এই গ্রামেই নাকি ওর নানা বাড়ি। গ্রামের এক কালের বয়ানা গির্জা, এখন জাদুঘর। মালিশা খালা বলেছিলেন, আটশ বছরের পুরোনো চমৎকার সব ম্যুরাল নাকি রয়েছে এই জাদুঘরে। চশমাধারী গোয়েন্দা অলস পায়ে একজন টুরিষ্টের মত নীলের পেছন পেছন আসছিলো। নীল গতকাল ওর চেহারা ভালো করে লক্ষ্য করে নি। তার ওপর ক্যাপ পরায় আজ ওকে অন্য রুক্ম লাগছে।

মালিশা খালা যেমন বলেছিলেন, ভিতুশা পাহাড়ের ঠিক নিচেই জাদুঘর। আঙিনার পর পাইন, বার্চের জঙ্গলভরা পাহাড় শুরু হয়েছে। ছোট একটা ফলকে জাদুঘরের নাম লেখা। প্রতিদিনে দেখা সাবেকি আমলের বাড়ির মতো দেখতে। দোতালা ইমারত, ওপরে টালির ছাদ। এক লেভা দিয়ে টিকেট কেটে চুক্তে হয় জাদুঘরের ভেতরে। খালি কাউন্টারে বসে এক বুড়ো সিনেমার ম্যাগাজিন পড়ছিলো। টিকেট কেটে ভেতরে চুকলো নীল। জানলো না ওর পেছনে কে আসছে। রিস্টোর মা ছাড়া আর কাউকে সে আশা করছিলো না। গোয়েন্দাটি এমন বেখেয়াল শিকার পেয়ে বেজায় বুশি। নিচিন্ত মনে ও নীলকে অনুসরণ করছিলো।

জাদুঘরের ভেতরটা নীল যতটা জমকালো ভেবেছিলো তেমন কিছু নয়। দেয়াল জুড়ে সাধুসন্ত আর যীগুঞ্চির সহচরদের ছবি। যীগুর লাস্ট সাপার-এর দেয়ালচিত্রও আছে। টিকেট কাটার সময় ইংরেজি আর বুলগেরিয়ান ভাষায় দু'পাতার একটা বিবরণী

ধরিয়ে দিয়েছিলো কাউন্টারের নির্বিকার বুড়োটা ।

নীল চোখ বুলিয়ে দেখলো, বেশির ভাগ ছবিই সাত আটশ বছর আগের আঁকা। এমন কিছু পুরোনো নয়। তবে মজা পেলো সাধুসন্ত আর যীগুর সঙ্গে নাম না-জানা শিল্পী বুলগেরিয়ার রাজারাণীর ছবিও এঁকেছে। নাকি ওরা মোটা চাঁদা দিয়েছিলেন গির্জার তহবিলে ।

নিচের তলায় নীল আর গোয়েন্দা ছাড়া আরও চার পাঁচজন টুরিষ্ট ছিলো, আর ছিলো সম্ভবত আর্ট ক্লুলের কোন ছাত্রী। নীলের বয়সী মেয়েটা দেয়ালচিত্র দেখে দেখে নির্খৃত ভাবে খাতায় কপি করছে ।

টুরিষ্টদের মত ছবি দেখতে দেখতে এক ফাঁকে দোতালা থেকে ঘুরে এলো নীল। রিস্টোর মা এখনো আসেন নি। নীলের সঙ্গে কাউকে কথা বলতে না দেখে গোয়েন্দাও হতাশ হলো। ওর বুঝতে অসুবিধে হলো না, শিকার যার জন্যে অপেক্ষা করছে সে এখনো আসে নি। সিগারেটের তেষ্টা পেয়েছিলো ওর। ছেঁড়া এমনভাবে ম্যুরাল দেখছে মনে হয় সত্যি সত্যি বুঝি এসব দেখার জন্যেই এতদূর এসেছে ।

সিগারেট খাওয়ার জন্য বাইরে গেলো গোয়েন্দা। ঠিক তখনই দর্শনার্থীদের ভেতর থেকে কুচকুচে কালো চুলোর মাথায় টুপি পরা দারুণ সাজগোজ করা এক মহিলা— মনে হয় গ্রীক অথবা তুর্কী, নীলের গা ঘেঁসে দাঁড়ালেন। দেয়ালের ছবি দেখতে দেখতে ঘাড় না ফিরিয়ে বললেন, ‘পেছনে গোয়েন্দা লেগেছে। কালো চশমা, মাথায় টুপি। তুমি কপিটোটো হোটেলের রান্নাঘরে বাবুর্চি রুসেভের সঙ্গে দেখা করবে। আমি সামনের দরজা দিয়ে বেরিয়ে যাচ্ছি। পেছনের আঞ্চিনায় টয়লেটের পাশ দিয়ে যে রাস্তা আছে ওটা দিয়ে ঘুরে হোটেলে এসো।’

মহিলা চলে গেলেন। নীল রীতিমত হতবাক। দারুণ মেকাপ নিয়েছেন রিস্টোর মা। গলা না শুনলে চিনতেই পারতো না। অবশ্য এরকম কালো চুলের কেউ রিস্টোর মা হবেন এমনটা সে আশাও করে নি ।

তিনি চলে যাওয়ার সঙ্গে সঙ্গে নীল টয়লেটের দিকে গেলো। আড়চোখে দেখলো গির্জার সদর দরজায় দাঁড়িয়ে সিগারেট টানতে টানতে গোয়েন্দা সামনের রাস্তার দিকে তাকিয়ে আছে। নিজের বোকামির জন্য রাগ হলো নীলের। একবারও ওর মনে হয় নি পেছনে গোয়েন্দা লাগতে পারে ।

গির্জার পেছনে আঞ্চিনার ওপাশে একসারি ঘর। সম্ভবত মালি আর পাহারাদারেরা থাকে। ওরই একটা ঘরে টয়লেট। তার পাশ দিয়ে ছোট কাঠের পাল্টাওয়ালা বাইরে যাওয়ার দরজা ।

দেয়ালচিত্রের জাদুঘর বলে পাহারার কোন কড়াকড়ি নেই। কেউ তো দেয়াল তুলে নিয়ে যেতে পারবে না। সামনে একজন ঢিলেচালা পাহারাওয়ালা চোখে পড়েছে, পেছনে তাও নেই। নীল নির্বিঘ্নে জাদুঘর থেকে বেরিয়ে সরু পাথরের রাস্তা দিয়ে গ্রামের ভেতর হাঁটতে লাগলো ।

এখানে আসার পথেই কপিটোটো হোটেল চোখে পড়েছে নীলের। বেশ বড় হোটেল। জায়গাটা টুরিস্ট স্পট। এখান থেকে কেবল কার-এ ডিতৃশা পাহাড়ের ভেতর

ক্লাউডে যাওয়ার ব্যবস্থা আছে। পাহাড়ের ওপর উঠলে বহু দূরে ছবির মত সাজানো  
সোফিয়া শহর দেখা যায়।

গ্রামের ভেতর পাথরে বাঁধানো সরু রাস্তাটা ঘুরে বড় রাস্তায় উঠেছে। নীল বড়  
রাস্তায় উঠে দ্রুত হাঁটলো। পেছনে তাকিয়ে দেখলো কালো চশমার নাম নিশানা নেই।  
মিনিট দশকের ভেতর ও হোটেলে পৌছে গেলো।

রেস্টুরেন্টের একজন যাববয়সী ওয়েটারকে নীল বললো, ‘রংসেভের সঙ্গে দেখা  
করতে চাই। ও রান্নাঘরে আছে।’

ওয়েটার মাথা নেড়ে বললো, ‘ও তো রান্নাঘরেই থাকবে। এসো আমার সঙ্গে।’

কিচেনের দরজা ফাঁক করে গলা চুকিয়ে ওয়েটার ডাকলো ‘রংসেভ, তোমার সঙ্গে  
একজন দেখা করতে চায়।’

‘ভেতরে পাঠিয়ে দাও।’ কিচেন থেকে একটা বাজখাই গলা ভেসে এলো।

ওয়েটার দরজা খুলে ইশারায় নীলকে ভেতরে যেতে বললো। নীল ভেতরে ঢুকতেই  
দরজা বন্ধ করে দিয়ে ওয়েটার চলে গেলো। সাদা এ্যাপ্রন আর টুপি পরা বাবুটি রংসেভ  
ওকে দেখে বললো, ‘তুমি বুঝি আমাদের রিষ্টোর বক্স?’

‘দু’ পাশে মাথা নেড়ে হাঁচা বললো নীল।

‘গিয়র্গিয়েভা তোমার জন্য অপেক্ষা করছেন। এসো আমার সঙ্গে।’ এই বলে  
রংসেভ ওকে পেছনের একটা ছোট্ট ঘরে নিয়ে গেলো।

ঘরের অর্ধেকের বেশি জায়গা জুড়ে পুরু ওক কাঠের টেবিল। নীল দেখেই বুঝলো  
ওটার ওপর রেখে তরকারি কাটা হয়। সারা টেবিলে ছুরির দাগ, এক কোণে বাঁধাকপির  
কয়েকটা পাতা আর আলুর খোসা পড়ে আছে। রিষ্টোর মা টেবিলের পাশে একটা  
পেটানো লোহার চেয়ারে বসেছিলেন। তাঁর সামনে একই ধরনের আরেকটা চেয়ার।  
নীলকে দেখে বললেন, ‘এসো বাছা, এখানটায় বসো।’

রংসেভ বললো, ‘লিলিয়া গিয়র্গিয়েভা, আমি আপনাদের জন্য কফি পাঠিয়ে দিচ্ছি।

শুকনো হেসে রিষ্টোর মা বললেন, ‘ধন্যবাদ রংসেভ। আমাদের কালো কফি দিও।’

দরজা বন্ধ করে দিয়ে চলে গেলো রংসেভ। ঠাণ্ডা লোহার চেয়ারে বসে নীল বললো  
‘আমি আপনাকে চিনতে পারি নি আন্তি।’

মান হাসলেন গিয়র্গিয়েভা— ‘আমার বাক্সী মালিশাকে তুমি কাল দেখেছো।  
বললো, তোমার পেছনে গোয়েন্দা লেগেছে। ও থিয়েটারে কাজ করে। ভালো মেকাপ  
জানে। ওই সব করেছে। এখন বলো, পাঞ্জিটাকে ঠিক মত খসাতে পেরেছিলে?’

মাথা নাড়লো নীল— ‘আপনি এ ব্যাপারে নিশ্চিন্ত থাকতে পারেন। রিষ্টোর কথা  
বলুন। ওর কোনও বিপদ হয় নি তো?’

‘এখনো গোয়েন্দা পুলিশের হাতে ধরা পড়ে নি। তবে বিপদের তলোয়ারের নিচে  
মাথা পেতে দিয়ে বসে আছে ওর বাপ আর ও দুজনই।’

‘খুলে বলুন না আন্তি কি হয়েছে?’

‘শহরে প্রথম যেদিন মিটিং মিছিল হলো, তার দু'দিন পরই গোয়েন্দা পুলিশ এলো  
রিষ্টোর বাপকে ধরতে। ও তখন বাড়িতে ছিলো না। কোথায় থাকতে পারে জানতাম।’

পুলিশ চলে যেতেই রিস্টোকে পাঠালাম খবর দিতে। বিকেলে আবার এলো ওরা। রিস্টোকেও খুজলো। বললাম, নানার বাড়ি বেড়াতে গেছে। সঙ্ক্ষয় নিচের ফ্লাটের একজনকে দিয়ে ওদের খবর পাঠালাম কারো ঘরে ফেরার দরকার নেই। পরদিন সঙ্ক্ষয় আবার এলো। বললো, রিস্টো নানাবাড়ি যায় নি। ওনে আমি কান্নাকাটি করলাম। বললাম, তাহলে তোমাদের কেউ ওকে ধরে নিয়ে গেছে। ওরা কিছু না বলে চলে গেলো। তারপর সকাল নেই, দুপুর নেই, রাত নেই— যখন তখন আসে, ধরকায়। বলে, ওদের খবর না দিলে আমার বুড়ো বাপ মাকে ধরে জেলে পুরে দেবে।'

রিস্টোর বিপদের কথা ভেবে নীল উদ্বিগ্ন হলো। ও জানে ধরা পড়া মানে সোজা ফায়ারিং ক্ষেয়াড়। বললো, 'এভাবে কতদিন ওরা পালিয়ে থাকবে আন্তি?'

ভারি গলায় গিয়র্গিয়েভা বললেন, 'যতদিন না ঝিভকভের পতন হচ্ছে।'

'আপনি কি মনে করেন খুব শিগগির ঝিভকভের পতন হবে?'

'কিছুই তো বুঝতে পারছি না বাছা। দুদিন খুব মিটিং মিছিল হলো। তারপর থিতিয়ে গেলো। ঘরে ঘরে তল্লাসি চালিয়ে গোয়েন্দা পুলিশের দল কম বয়সী যাকেই সন্দেহ করছে, ধরে নিয়ে যাচ্ছে। বলছেও না কোথায় নিচ্ছে। ওদের যে কি হবে!'

নীল আস্তে আস্তে বললো, 'রিস্টো আমার সঙ্গে কেন দেখা করতে চেয়েছিলো আপনি জানেন?'

চোখ মুছে মাথা নাড়লেন গিয়র্গিয়েভা— 'পরও ওদের সঙ্গে কথা হয়েছে। বিদেশে কিছু কাগজ পাঠাতে চায় ওরা। তোমার বাবা একজন রাষ্ট্রদূত। তিনি যদি কিছু ব্যাপারে সাহায্য করেন তাহলে রিস্টোরা খুব খুশি হবে।'

'কি ধরনের সাহায্য?' জানতে চাইলো নীল।

'ধরো ফ্যাক্স মেশিনের সাহায্য। কিঞ্চিৎ ডিপ্লোম্যাটিক ব্যাগে করে দু একটা চিঠি পাঠানো—'

'এগুলো তো বে'আইনি কাজ। বাবা মনে হয় না রাজী হবেন।'

ওকনো গলায় গিয়র্গিয়েভা বললেন, 'তুমি ওর সঙ্গে একবার কথা বলে দেখো। দরকার হলে কমিটির কেউ ওঁর সঙ্গে কথা বলবে। এটুকু আশা করি তুমি করবে।'

'দেখা করার ব্যবস্থা আমি করিয়ে দিতে পারবো।'

'তাহলেই হবে। তোমাকে অনেক ধন্যবাদ বাছা।'

দরজা খুলে কফির কাপ হাতে ঘরে ঢুকলো ক্লসেভ। টেবিলের ওপর কাপ দুটো রেখে বললো, 'একটু আগে কালো চশমাপরা গোয়েন্দাটা এসেছিলো। আমাদের রেস্টুরেন্টে। পেত্রভকে বলে রেখেছিলাম। ও গোয়েন্দাটাকে বলেছে বিদেশী ছেলেটা এসেছিলো। তারপর এক বুড়ো তুক্কীও এসেছিলো। দুজনে বসে কফি খেয়েছে, কথাবার্তা বলেছে, তারপর একসঙ্গে লিফটে চেপে ক্লাষেভো চলে গেছে।'

মৃদু হেসে গিয়র্গিয়েভা বললেন, 'তোমাকে অনেক ধন্যবাদ ক্লসেভ। ভালো করেছো গোয়েন্দাকে তাড়িয়ে দিয়ে। নইলে নীলকে অথবা জ্বালাতন করতো।'

কফি শেষ করে নীল বললো, 'এবার যাই তাহলে। আপনাকে গ্যাপেন্সেট্যেটের

কথা জানাবো কিভাবে?’

‘আমি তোমাকে ফোন করবো। নাম বলবো ইরিনা। মনে রেখো। তুমি শুধু দিন আব সময় বলে দিও। যদি তোমার বাবা দেখা করতে না চান তাহলে বলবে রং নম্বর।’

নীল উঠে দাঁড়ালো— ‘রিস্টোকে আমার ওভেজ্বা জানাবেন। ওকে বলবেন এব্যাসিকে না জড়িয়ে যদি আমাকে দিয়ে কোন কাজ হয় বলতে। ওর জন্য কিছু করতে পারলে আমি খুশি হবো।’

নীলের মুখের দিকে তাকালেন গিয়র্গিয়েভা। এই মৃহুর্তে ওকে ঠিক রিস্টোর মত মনে হচ্ছে। ওর চেহারায় সেরকম তেজ আব সাহস। পেছনে গোয়েন্দা লেগেছে, তারপরও এতটুকু ঘাবড়ে যায় নি। উঠে দাঁড়িয়ে নীলের মাথাটা বুকে জড়িয়ে ধরলেন। তারপর কপালে চুমু খেয়ে বললেন, ‘সাবধানে যেও। চারদিকে নজর রেখো। কাউকে সন্দেহজনক মনে হলে সঙে সঙে খসিয়ে ফেলো। তুমি বুদ্ধিমান ছেলে, তুমি পারবে আমার লক্ষ্মী বাছাটি।’

কপিটোটো হোটেল থেকে বেরিয়ে রাস্তায় নামার আগে চারপাশে তাকিয়ে কালো চশমাপরা লোকটাকে কোথাও দেখতে পেলো না নীল। ভাবলো, পাজিটা এতক্ষণে নিচয় ঝাজেজ্বোতে ওকে খুঁজে বেড়াচ্ছে।

বাস স্ট্যাণ্ডে এসে কিছুক্ষণ দাঁড়াতে হলো ওকে সোফিয়ার বাস ধরার জন্য। পরে আরেকজন মহিলা এসে দাঁড়ালো ওর পেছনে। দেখে মনে হয় প্রাইমারি স্কুলের খিটখিটে মাস্টারনী। বাস আসতেই ও উঠে পড়লো, পেছনে সেই মহিলাও। নীল খুঁজছিলো কালো চশমাপরা গোয়েন্দাকে। না, দেখে স্বত্তির নিশ্বাস ফেললো। ও সুণাক্ষরেও জানলো না, যাকে মাস্টারনী তেবে বসে আছে সেই মহিলাও বিভক্তের শুষ্ঠ বাহিনীর একজন গোয়েন্দা।



## রোমে রবিনের অভিজ্ঞতা

পলার সঙ্গে সারাদিন কাটিয়ে সন্ধ্যায় যখন রবিন ঘরে ফিরলো, নাফিসা তখন চায়ের পট সাজিয়ে বারান্দায় বসেছিলেন। রবিনকে তিনি বার বার বলে দিয়েছিলেন যেখানেই থাকুক সন্ধ্যার পর যেন ঘরে ফিরে আসে। কতক্ষণই বা দেখেছেন ছেলেটাকে, এরই ভেতর ভীষণ মায়া পড়ে গেছে ওর ওপর। অবিকল ওর বাবার মত দেখতে হয়েছে। সেই ফর্ণি রঙ, ধারালো চিবুক, মায়াবি চোখ, এলোমেলো এক গোছা চুল

কপালে এসে পড়া— এমন কি চশমার ফ্রেমও ওর বাবার যেমনটি ছিলো, যখন তিনি বিশ্ববিদ্যালয়ে পড়তেন।

নাফিসা ভাবলেন, রবিনের মতো ওঁর যদি একটা ছেলে থাকতো! বঙ্গুরা এখনো বলে, নাফিসা বিয়ে করছো না কেন। তিনি জানেন, বিয়ে করলে তিনি একজনকেই করতেন। সেটা যখন হয় নি তখন বিয়ে করার কথা তিনি ভুলে গেছেন।

সূর্য ঝুবে গেছে, তখনও অঙ্ককার নামে নি। আকাশে গাঢ় কমলা রঙের মেঘ জমে আছে। তখনই তিনি রবিনকে দেখলেন দূরে, একা হেঁটে আসছে হালকা পায়ে। মৃদু হাসি ফুটে উঠলো তাঁর ঠোটের ফাঁকে।

কাছে এসে মেইন গেট-এর পাশে নাফিসার নাম লেখা কলিং বেল টিপলো রবিন। তারপর কলিং বেলের বোতামের পাশে ছোট দেয়াল মাইক্রোফোনে নিজের নাম বললো। খুলে গেলো ভারি লোহার দরজা। লিফটে উঠে পনেরো নম্বরের বোতাম টিপলো। ইলেক্ট্রনিক লিফটে হশ করে উঠে এলো পনেরো তলায়। দেখলো দরজা খুলে নাফিসা দাঁড়িয়ে আছেন। ধৰধৰে সাদা সুতীর শাড়ি পরেছেন, ব্লাউজও সাদা, পায়ে সাদা স্লিপার। মৃদু হেসে বললেন, ‘এসো রবিন, খুব বেড়িয়েছো রোদের ভেতর!’

রবিন হেসে বললো, ‘এই চমৎকার রোদে বেড়াতে দারুণ ভালো লেগেছে।’

রবিন ভেতরে ঢোকার পর নাফিসা দরজা বন্ধ করলেন— ‘মুখ হাত ধুয়ে এসো, আমি চা তৈরি করছি।’

তিনি মিনিটের ভেতর ফ্রেশ হয়ে এলো রবিন। সিঙ্গাড়ার মত মাংশ আর সবজির পুর দেয়া এক ধরনের খাবার বানিয়েছেন বাড়ির যে কাজ করেন ইটালিয়ান মহিলাটি। নাফিসা বললেন, ‘ইটালীর সাউথে এ ধরনের পাস্তা বানায়। এ মহিলাটি সিসিলিয়ান।’

একটু টক আর ঝাল ঝাল— খেতে দারুণ লাগলো। খিদেও পেয়েছিলো রবিনের। পর পর কয়েকটা পাস্তা খেয়ে ফেললো। নাফিসা মেহড়ারা চোখে ওর মুখের দিকে তাকিয়েছিলেন। খাওয়া খামাতেই বললেন, ‘আরও নাও না রবিন। সারাদিন তো কাটিয়েছো দু তিন খানা স্যান্ডউইচ দিয়ে।’

আরেকটা পাস্তা তুলে নিয়ে রবিন বললো, ‘জানেন আন্তি, রোমে আসতে না আসতেই চমৎকার এক বঙ্গু পেয়ে গেছি।’ পলার সঙ্গে কিভাবে পরিচয় হলো সবচুকু সে নাফিসাকে বললো। ‘কালও আমরা দুজন সারাদিন ঘুরবো বলে ঠিক করেছি।’

‘মেয়েটা কি খুব সুন্দর দেখতে?’

‘দারুণ! মনে হয় সিস্টিন চ্যাপেলের ছবি থেকে উঠে এসেছে। সোনালী চূল, গভীর নীল চোখ—’ বলতে গিয়ে লাল হলো রবিন।

ওর উচ্ছাস দেখে নাফিসা মৃদু হাসলেন— ‘তুমি কিন্তু আমাকে বন্ধিত করছো রবিন।’ এই বলে রহস্যভরা চোখে ওর দিকে তাকালেন।

রবিন একটু অপ্রস্তুত হলো— ‘কিভাবে আন্তি?’

‘আমার সঙ্গে ঘুরছো না। তোমার বাবা বলবেন আমি তোমাকে ঠিকমত ঘুরিয়ে দেখাই নি।’

‘বাবা কখনো এমন কথা বলবেন না। কচি খোকা নাকি হাত ধরে ঘুরিয়ে দেখাতে

হবে! আমি যা দেখবো সে সব বহুবার আপনার দেখা।'

'ঠিক আছে, কাল না হয় চমৎকার বাঙ্কবীকে নিয়ে ঘুরলে। এখন আমার সঙ্গে  
ঘুরতে তোমার কেমন লাগবে?'

'কোথায়?'

'সমুদ্রের তীরে। পঁচিশ মিনিটের ড্রাইভ।'

'দারুণ হবে আন্তি।'

'তাহলে একটা গরম জ্যাকেট পরে নাও। রাতের খাবার আমরা বাইরে থাবো।'

'ইটালিয়ান নিষ্ঠয়?'

'অবশ্যই ইটালিয়ান।'

রবিন উজ্জ্বিসিত হয়ে বললো, 'ইউ আর রিয়েলি প্রেট।'

পাঁচ মিনিটের ভেতর কাপড় পাল্টে তৈরি হলো রবিন। নাফিসা যে শাড়ি  
পরেছিলেন তার ওপর সাদা মোটা একটা উলের কার্ডিগান পরলেন আর স্লিপার পাল্টে  
জুতো পায়ে দিলেন। লিফটে নামতে নামতে রবিন বলেই ফেললো, 'আন্তি, আজ  
আপনাকে দেবীর মত লাগছে।'

'কাল বললে পরি, আজ বলছো দেবী, আগামীকাল কি বলবে অঙ্গরী?' হালকা  
গলায় নাফিসা বললেন, 'তোমাকে যে রূপকথার রাজপুত্রের মত মনে হচ্ছে এ কথা  
নিষ্ঠয় আমার মত বুড়ির মুখে শুনতে ভালো লাগবে না?'

'কক্ষণে আপনি বুড়ি নন আন্তি। বাবার বক্স না হলে আমিই আপনার বক্স হতে  
চাইতাম।'

গাড়িতে উঠে স্টার্ট দিয়ে হাসি চেপে নাফিসা বললেন, 'তুমি একটা পাজি হেলে  
রবিন।'

রবিন বললো, 'বাবা আমার বক্সুর মত।'

সহজ গলায় নাফিসা বললেন, 'আমি জানি রবিন।'

কিছুক্ষণ চুপ থেকে রবিন বললো, 'বাবা কি আপনাকে চিঠি লেখেন আন্তি?'

'না।' ম্লান এক টুকরো হাসি ফুটে উঠলো নাফিসার ঠোঁটে। গাড়ি তখন  
শহর থেকে বেরিয়ে হাইওয়েতে পড়েছে। চলছে ষাট মাইল স্পীডে। কথাটা  
রবিনকে বলা ঠিক হবে কিনা একবার ভাবলেন। তারপর বললেন, 'তোমার বাবা  
আমার জন্মদিনটা ছাড়া আর কিছুই মনে রাখেন নি রবিন। মাঝে মাঝে আমি  
ফোনে কথা বলি।'

'মনে রাখেন নি এ কথাটা ঠিক নয় আন্তি। আমি বহুদিন থেকে জানি আপনি  
বাবার একমাত্র বক্স।'

কিছুক্ষণ চুপ থেকে নাফিসা আস্তে আস্তে বললেন, 'আমার কথা বাবা তোমাকে কী  
বলেছেন?'

'বলেছেন বাবার কিছু হলে সবার আগে আপনাকে আর মেজোচাচাকে যেন  
জানাই। দাদী মারা যাওয়ার সময় জোর করে বাবাকে বিয়ে দিয়েছেন আমার মা'র  
সঙ্গে। নানির শুব ঘনিষ্ঠ বক্স ছিলেন দাদী।'

নাফিসা বাধা দিলেন—‘ওসব কথা আমি জানি রবিন। তোমার মা চমৎকার মানুষ ছিলেন।’

রবিন আপন মনে বললো, ‘আমার কাছে মা শুধু দেয়ালে ঘোলানো দুটো ছবি ছাড়া আর কিছু নয়।’ কিছুক্ষণ চুপ করে বসে রইলো সে। তারপর বললো, ‘বাবা আমাকে এইচ এসসি পরীক্ষা দেওয়ার পর বলেছিলেন, বাইরে গিয়ে কোথাও পড়তে চাই কিনা। আপনি সব ব্যবস্থা করে দেবেন।’

‘সেটা আমি এখনও পারি রবিন।’ আন্তে আন্তে নাফিসা বললেন, ‘তোমাকে বাইরে পাঠাবার কথা আমিই বলেছিলাম। দেশে তখন খুব গোলমাল ছিলো। এরশাদের পুলিশ ছাত্রদের মিছিলে গুলি চালিয়েছে— এখানে বসেই সেসব খবর পেয়েছি।’

রবিন একটু গভীর হয়ে বললো, ‘আমরা যদি সবাই বাইরে চলে যাই এসব অন্যায়ের বিরুদ্ধে লড়বে কে?’

‘তোমার বাবাকেও তখন তুমি এ কথা বলেছিলে রবিন। ছাত্র জীবনে তোমার বাবাও রাজনীতি করতেন।’

‘বাবার সঙ্গে এখনও পার্টির যোগাযোগ আছে। মুক্তিযুদ্ধের সময় আমেরিকা থেকে আপনি অনেক টাকা তুলে পাঠিয়েছিলেন।’

রবিনের বাবার কথা ভাবতে গিয়ে নাফিসার বুকটা ভরে গেলো। ভেবেছিলেন নিজের ছেলেকে পুরোনো বান্ধবীর কথা নাও বলতে পারেন। অনেক কথা মনে পড়লো তার। রবিন একবার বললো, ‘পলার সঙ্গে আপনাকে পরিচয় করিয়ে দেবো।’ নাফিসা শুনতে পেলেন না।

সমুদ্রের তীর ধরে চলে গেছে পাকা রাস্তা। ডান দিকে দোকানপাট আর ঘরবাড়ি, বাঁদিকে চকচকে কালো সমুদ্র। আলো ঝলমলে রেষ্টুরেন্টের পাশে নাফিসা গাড়ি পার্ক করে নামলেন। এক বলক কলকনে ঠাণ্ডা বাতাস রবিনের মুখে ঝাপটা মারলো। বুক ভরে সমুদ্রের তাজা বাতাস টানলো। একটা বড় প্ল্যাটফর্মের মত করা হয়েছে সমুদ্রের ভেতরের দিকে। চারপাশে আলোর বন্যা। নানা বয়সী মানুষ ঘুরে বেড়াচ্ছে সেখানে। কোন কোন পরিবার রাতের খাবার সেরে নিজে সমুদ্রের বুকে বসে। রবিন উচ্ছিত হয়ে বললো, ‘চমৎকার জায়গা।’

নাফিসা বললেন, ‘শীত লাগছে না তোমার?’

‘একটু লাগছে।’ কথাটা স্বীকার করলো রবিন। তারপরও বললো, ‘এখানে না এলে রোমের চমৎকার সুন্দর একটা জায়গা মিস করতাম।’

প্ল্যাটফর্মে কিছুক্ষণ ঘুরে রবিনকে নিয়ে নিরিবিলি একটা রেষ্টুরেন্টে গিয়ে বসলেন নাফিসা। কয়েক রকমের পাস্তা, কাবাব আর সালাদের অর্ডার দিলেন। রবিনকে জিজেস করলেন, ‘কখনো ওয়াইন খেয়েছো?’

রবিন লাজুক হেসে বললো, ‘বন্ধুদের পাল্টায় পড়ে কয়েকবার বিয়ার খেয়েছি।’

‘এখানে ষেল বছর হলেই হার্ড ডিংক এ্যালাই করে। একটু রেড ওয়াইন নাও। এখানকার ওয়াইন পৃথিবীর সেরা।’

শুনে উন্মেজিত হলো রবিন। নাফিসাকে খুবই আপনজন মনে হলো। ওয়েটার এসে

প্রথমে চমৎকার কিন্টালের ওয়াইন গ্লাসে টলটলে লাল মদ দিয়ে গেলো। নাফিসা রহস্য করে বললেন, ‘তোমার বঙ্গু জানে তুমি যে মদ খাও?’

‘কোন বঙ্গু?’ জানতে চাইলো রবিন।

‘ওই যে বললে, বাবা তোমার একজন ভালো বঙ্গু।’

‘তাই বঙ্গুন।’ হেসে ফেললো রবিন—‘হ্যাঁ, বাবা জানেন। আপনি যে রেড ওয়াইন খাওয়াচ্ছেন এটাও জানবেন।’ একটু খেমে রবিন বললো, ‘আমি একটা কথা বলবো আপনাকে?’

‘বলে ফেলো।’

‘বাবা যদি বঙ্গু হন, তাহলে বাবার একমাত্র বঙ্গু তো আমার বঙ্গু হতে পারেন।’

নাফিসা গঞ্জির হওয়ার ভান করলেন—‘হ্যাঁ পারি। যদি তোমার বাবার আপনি না থাকে।’

রবিন গলা খুলে হাসলো—‘বাবা কক্ষগো অমন নয় আন্তি। আপনি বাবাকে খুব ভালো করেই জানেন।’

‘তাহলে এসো।’ বলে নাফিসা মদের গ্লাস তুললেন—‘টোষ করা যাক। আমাদের বঙ্গুত্তের উদ্দেশে।’ নিজের গ্লাস তুলে রবিন নাফিসার গ্লাসের সঙ্গে ছোঁয়ালো। হেসে বললো, ‘আমাদের বঙ্গুত্তের উদ্দেশে।’ তারপর গ্লাসে চুমুক দিলো। সামান্য টক, মিষ্টি আর ঝৌঝালো স্বাদ—দারুণ লাগলো ওর কাছে।

ইটালিয়ান পাত্তাও খেতে খুব মজা লাগলো। কয়েক রকমের পাত্তা দিয়েছে। নাফিসা প্রত্যেকটার আলাদা নাম বলে ওর প্লেটে তুলে দিলেন। অনেকটা নূডলসের মতো, ভেতরটা ফাঁপা, কোনও ডিশে লাল টমাটো সস, কোনওটায় নাম না জানা সাদা সবুজ সস, পনির আর মাংসের কুচি মাখানো। নাফিসা বললেন, ‘ইটালিয়ানদের ভাত হচ্ছে এই পাত্তা। দেড়শ রকমের পাত্তা পাওয়া যায় এখানে। দেখতেও একেকটা একেক রকম।’

‘সত্যি অপূর্ব লাগছে আন্তি। এতটা মজার হবে আমি আশা করিনি।’

‘ইটালিয়ানরা খাবার আর পোষাকের ব্যাপারে খুবই সৌখিন। ইউরোপের অন্যান্য দেশের তুলনায় বিলাসীও বলতে পারো।’

রেস্টুরেন্টের দোতালার বারান্দায় বসে বাছিলো ওরা। মাথার ওপরে ছাদ ধাকায় শীত কম লাগছিলো। সামনে সমুদ্রের দিকটা খোলা, মাঝে মাঝে তাজা লোনা বাতাস বয়ে যাছিলো। মদের গ্লাস যতবার খালি হলো ওয়েটার এসে আবার ভরে দিয়ে গেলো। খাবার দেয়ার সময় টমাটো জুসও দিয়েছিলো লম্বা গ্লাসে।

নিজেকে পালকের মতো হালকা মনে হচ্ছিলো রবিনের। টেবিলে সাদা কাচের ঢাকা দেয়া আলোর নরম আভায় নাফিসাকে মনে হচ্ছিলো মোমে গড়া বর্গের কোন দেবী। নাফিসা রবিনের ভেতর তাঁর ছাত্রীজীবনের সবচেয়ে কাছের বঙ্গুটিকে খুজছিলেন।

খাবার শেষ হওয়ার পর ওয়েটার প্লেট ডিশ সব নিয়ে গেলো। দু'জনের সামনে লাল মদের গ্লাস। বাবার কথা মনে হলো রবিনের। বাবা ভাবতেও পারবেন না ওর বঙ্গুর

সঙ্গে রোমের এই চমৎকার রাতে সে বঙ্গুর মতো কথা বলছে। সামনে তাকিয়ে দেখলো নাফিসা ওকেই দেখছেন। ওর দু'চোখ গভীর ঘমতায় ভরা। রবিনকে তাকাতে দেখে নাফিসা মৃদু হাসলেন। জিজ্ঞেস করলেন— ‘কি ভাবছো?’

‘বাবার কথা।’

‘বাবার কথা কি ভাবলে?’

কিছুক্ষণ চূপ থেকে অন্য এক জগৎ থেকে রবিন আস্তে আস্তে বললো, ‘আচ্ছা আন্তি, আমি, আপনি, বাবা— আমরা তিনজন কি একসঙ্গে থাকতে পারি না?’

‘এ কথা কেন বলছো রবিন?’

‘বাবার কথা ভাবলে কষ্ট হয় আন্তি। আমি তো আমার পড়াশোনা, বঙ্গ বাঙ্গব আর সংগঠনের কাজে বেশির ভাগ সময় বাড়ির বাইরে ধাকি। বাবা সব কিছু থেকে নিজেকে গুটিয়ে নিয়েছেন। আমি যে এখন নেই— বাবার খুব খারাপ সময় কাটছে।’

‘ঠিক আছে রবিন।’ নাফিসা আস্তে আস্তে বললেন, ‘আজ রাতে তোমার বাবার সঙ্গে ফোনে কথা বলবো।’

‘আপনি কিন্তু আমার কথার জবাব দেন নি।’

‘কী বলবো রবিন! একটু থেমে আপন মনে নাফিসা বললেন, ‘এভাবে আমি কখনো ভাবি নি।’

‘এবার ভাবুন আন্তি। আমি বলছি এতে আমাদের সবার ভালো হবে।’

‘জানি না রবিন।’ ছোট একটা দীর্ঘশ্বাস ফেলে নাফিসা বললেন, ‘চলো, উঠা যাক। রাত অনেক হয়েছে।’

সময় কিভাবে কেটেছে কিছুই টের পায় নি রবিন। চারদিকে তাকিয়ে দেখলো গান্ধাঘাট ফাঁকা হয়ে এসেছে। রোমে তখন মধ্যরাত। অল্প দূরে বিশাল কালো কার্পেটের মত বিছানো রয়েছে নিঃসঙ্গ ভূমধ্যসাগর।

বাবার সঙ্গে শেষ রাতে নাফিসা আন্তির কি কথা হয়েছে রবিন জানতে পারে নি। ও তখন গভীর ঘুমে ডুবেছিলো। স্বপ্ন দেখছিলো, ওরা তিনজন জাহাজে করে কোথাও যাচ্ছে। একপাশে বাবা, আরেক পাশে নাফিসা আন্তি, মাঝখানে রবিন দাঁড়িয়ে আছে জাহাজের ডেকে রেলিং-এ ভর দিয়ে। সাদা সাদা সিগাল এলোমেলো উড়ছে, টেউয়ের সাথে লুটোপুটি করছে। হৃ হৃ বাতাস ওদের চুল এলোমেলো করে দিচ্ছে। বাবা দাক্ষণ সব হাসির কথা বলছেন, সবাই গলা খুলে হাসছে। হাসতে হাসতে এক সময় নরম সিগাল হয়ে গেলেন নাফিসা আন্তি। ডানা মেলে উড়ে গেলেন গভীর সাগরে।

সকালে ঘুম থেকে উঠে রবিন নাশতার টেবিলে নাফিসাকে দেখলো। হালকা কুয়াশার মত বিষণ্ণতার ছায়া পড়েছে তাঁর মুখে। রবিন উজ্জিসিত হয়ে তাঁকে স্বপ্নের কথা বললো। নাফিসা মান হাসলেন। কোন কথা বললেন না। রাতের ফ্লাইটে চলে যাবে রবিন। কতক্ষণই বা দেখেছেন মা হারা ছেলেটাকে! কাল রাতেই নাফিসা বুঝতে পেরেছেন রবিন ওর ভেতর নিজের মাকে খুজছে। রবিনের বাবাকে টেলিফোনে এসব কথা তিনি বলেন নি। হয়তো কোন দিনই বলবেন না।

নাশতা সেরে রবিন নাফিসার সঙ্গেই বেরলো। পলাকে ও ঠিক নটায় রোমের রেল

ষ্টেশন টারমিনিতে আসতে বলেছে। ওর ব্যাগে নাফিসা বেশি করে স্যান্ডউইচ বানিয়ে দিয়েছেন। আপেলও দিয়েছেন কয়েকটা। বোধা ভারি হবে বলে পানির বোতল নেয় নি রবিন। কালই দেখেছে আড়াই হাজার লিরায় বড় এক বোতল মিনারেল ওয়াটার কিনতে পাওয়া যায়। বাংলাদেশ টাকায় অনেক হলেও নাফিসার দেয়া পঞ্চাশ হাজার লিরার প্রায় কিছুই খরচ হয় নি।

নাফিসা ওকে টারমিনিতে নামিয়ে দিয়ে অফিসে চলে গেলেন। বললেন সঙ্ক্ষের আগে ফিরতে। ছটায় ওকে এয়ারপোর্ট পৌছতে হবে।

ষ্টেশনে ঢোকার পথে দাঁড়িয়েছিলো পলা। রবিনকে ও গাড়ি থেকে নামতে দেখে এগিয়ে এসে মৃদু হেসে সংশ্লেষণ জানালো—‘হাই রবিন।’

রবিনও হেসে বললো, ‘হাই পলা। তোমাকে কি বেশিক্ষণ দাঁড় করিয়ে রেখেছি?’

রবিনের সঙ্গে হাত মেলালো পলা—‘এখন ঠিক নটা বাজে। আমি পাঁচ মিনিট আগে এসেছি।’ এই বলে একটু রহস্য হাসলো—‘দামী গাড়িতে অসাধারণ সুন্দরী এই মহিলার সঙ্গে কোথেকে এলে রবিন?’

লাজুক হেসে রবিন বললো, ‘তিনি আমার আন্তি। আমি ওঁর বাড়িতেই উঠেছি।’

নকল দীর্ঘশ্বাস ফেলে পলা বললো, ‘হে ঈশ্বর, রোমে যদি রবিনের আন্তির মত আমারও একজন আন্তি থাকতো।’

‘ঠিক আছে পলা। আন্তিকে তোমার কথা কালই বলেছি। তুমি তো কদিন রোমে থাকছো। যদিও চাও পরিচয় করিয়ে দিতে পারি।’

‘আমি বুবই আনন্দিত হবো রবিন! উচ্ছিসিত হয়ে বললো পলা।

‘আজ কোথায় যেতে চাও বলো।’

‘কেন, কলোসিয়াম দেখার কথা না আজ?’

হেসে মাথা নেড়ে সায় জানালো রবিন। বললো, ‘চলো পাতাল রেলে যাই। তাড়াতাড়ি খাওয়া যাবে।’

ষ্টেশনের সিড়ি বেয়ে নিচে নামার সময় রবিন লক্ষ্য করলো রোম ধনীদের শহর হলেও এখানে গরিব মানুষও কম নয়। টুকটুকে দেড় বছরের বাচ্চা কোলে নিয়ে সিডিতে বসে ডিঙ্কা চাইছে কম বয়সী এক মা। বাচ্চাটাকে দেখে মনে হলো ভ্যাটিকান চার্চের দেয়ালে আঁকা দেবশিশু বুঝি। কৌকড়া সোনালী চুল, হচ্ছ নীল বড় বড় চোখ, টুকটুকে গাল দুটো— দেখলেই আদর করতে ইচ্ছে করে। মেয়েটাও সুন্দরী, যদিও পরনে মলিন পোষাক, জুতোও ছেঁড়া, ঝুঁক বাদামী চুল আর বিষণ্ণ মুখে ময়লার দাগ। কাছে এসে রবিনের পা আটকে গেলো। এত লোকজন সিড়ি বেয়ে উঠা নামা করছে কেউ ফিরেও তাকাচ্ছে না। বাচ্চাটার গায়ে শুধু সুতির দুটো জামা, খালি ফিডিং বটল নিয়ে মায়ের কোলে বসে খেলছে।

রবিনকে দাঁড়াতে দেখে মেয়েটা কী যেন বললো। রবিন বুঝতে পারে নি দেখে ভাঙ্গা ভাঙ্গা ইঁরেজিতে বললো, ‘আমাকে একটা ডলার দেবে? আমার জন্য নয়, বাচ্চাটাকে দুধ কিনে খাওয়াবো।’

পলা চাপা গলায় রবিনের কানে কানে বললো, ‘সব মিছে কথা, মেয়েটা মদ

আওয়ার জন্য ভিক্ষে চাইছে।'

রবিনকে নিরুত্তর দেখে মেয়েটা আবার বললো, 'আজ সকাল থেকে বাচ্চাটা কিছু খাই নি।'

মেয়েটার চোখ দেখে মনে হলো বুঝি কেন্দে ফেলবে। রবিনের বুঝতে অসুবিধে হলো না, এভাবে একজন বিদেশীর কাছে ভিক্ষে চাইতে কষ্ট হচ্ছে মেয়েটার। পকেট থেকে পাঁচ হাজার লিরার একটা নোট বের করে মেয়েটাকে দিলো। যা চেয়েছে তার চারগুণ পেয়ে হতভয় হয়ে গেলো মেয়েটা। চোখের ভেতর যে পানিটা জমেছিলো ফোটায় ফোটায় গড়িয়ে পড়লো ওর দু'গাল বেয়ে। বাচ্চাটাকে বসিয়ে রেখে ছুটে গেলো পাশের ড্রিঙ্কস-এর দোকানে। এক বোতল দুধ কিনে এনে কিছুটা ঢেলে দিলো বাচ্চার ফিডিং বটলে। রবিনের দিকে তাকিয়ে মেয়েটা কৃতজ্ঞ গলায় বার বার বললো, 'ধন্যবাদ, ধন্যবাদ।'

দুধ পেয়ে বাচ্চাটার চেহারা উজ্জ্বল হয়ে উঠলো। বুকের ভেতর তীব্র যন্ত্রণা অনুভব করলো রবিন। নিজের দেশের কথা মনে হলো। বাংলাদেশে এরকম লক্ষ লক্ষ শিশু রয়েছে সারাদিনে যারা এক ফোটা দুধ খেতে পায় না। পলা রবিনের হাত ধরে আস্তে আস্তে বললো, 'আমি ভুল বুঝেছিলাম রবিন। চলো যাই।'

কিছুদূর গিয়ে আবার ঘুরে দেখলো রবিন। মায়ের কোলে দুধ খাচ্ছে বাচ্চাটা, মাগভীর মমতায় চেয়ে দেখছে। গতকাল ভ্যাটিকান চার্চের গায়ে এরকম এক মমতাময়ী মায়ের ছবি দেখেছিলো রবিন।

পাতাল রেলে টারমিনি থেকে কলোসিয়াম আসতে মিনিট দশেক লাগলো। পলা বললো, 'বাসে এলে আধবন্টা লাগতো। রাস্তা এ সময় অসম্ভব জ্যাম থাকে।'

কলোসিয়ামের বাইরে ছোট ছোট ফেরিওয়ালা ভিউকার্ড, স্লাইড, আর হালকা পেতলের স্যুভেনির বিক্রি করছে। নীল আর রীনের জন্য কিছু স্লাইড আর কলোসিয়ামের দু'রকম দুটো মেটালের প্রতিকৃতি কিনলো। পলার পছন্দ হয়েছিলো চ্যারিয়টে জুলিয়াস সিজারের প্রতিকৃতি খোদাই করা চেইনে ঝোলানো লকেট। দশ হাজার লিরা দিয়ে ওটা কিনে পলাকে উপাহার দিতেই ওর সারা মুখ আনন্দে উজ্জ্বাসিত হয়ে উঠলো। সঙ্গে সঙ্গে লকেটটা গলায় পরলো বললো, 'ভালো লাগছে না দেখতে?'

মৃদু হেসে মাথা নেড়ে সায় জানালো রবিন।

কলোসিয়াম দেখার জন্য থচুর পর্যটক ভিড় করেছে। রবিনের মনে হলো পৃথিবীর সব দেশের মানুষ পাওয়া যাবে এদের ভেতর। অনেকে এসেছে দল বেঁধে। নানা ভাষায় ইটালিয়ান দোভাস্তা তাদের সব বুঝিয়ে বলছে। নাফিসার দেয়া গাইড বই মিলিয়ে দেখতে এতটুকু অসুবিধে হলো না রবিনের। দু'ঘন্টা ধরে ওরা ঘুরে দেখলো গ্রোমান স্ট্রাট আর অভিজ্ঞাতদের খেলাধূলো দেখার জন্য বানানো সেই ঐতিহাসিক স্থাপত্যের নির্দর্শন। ক্লাস্ত হয়ে ওরা ছোট একটা বেদির মত উঁচু জায়গায় বসলো। টেশন থেকে দুটো কোক-এর ক্যান কিনেছিলো রবিন। কোক খেতে খেতে হালকা গলায় ও দাক্ষণ্য সাজগোজ করা একটা মেয়ে দেখিয়ে রসিকতা করলো— 'মনে হচ্ছে ইটালীর মেয়েরা ফরাসী মেয়েদের চেয়ে বেশী সুন্দরী।'

পলা রবিনের রসিকতা বুঝতে পেরে বললো, 'তুমি কী করে বুঝলে ওই মেয়েটা ইটালিয়ান? আমি বাজি ধরে বলতে পারি ও ফরাসী।'

ছোট ভাইকে সঙ্গে নিয়ে এসেছিলো ওদেরই বয়সী উল্লের ছোট কার্ট পরা মেয়েটা। একটা উঁচু জায়গা থেকে দশ এগারো বছর বয়সী ভাইটাকে লাফাতে দেখে ধমক দিয়ে কি যেন বললো। পলা তখনে হতাশ হলো— 'হায় ঈশ্বর, এ যে দেখি জার্মান!'

'তুমি কটা ভাষা জানো পলা?' জানতে চাইলো রবিন।

'ফরাসী ছাড়া ইংরেজি আর ডাচ ভালো জানি। জার্মান কাজ চালানোর মত বলতে পারি, লিখতে পারি না। তুমি?'

'ইংরেজি ছাড়া আর কোন বিদেশী ভাষা জানি না। তবে ভিসি আর-এ হিন্দি ছবি দেখে বুঝতে পারি।'

'আমার খুব ইতিয়া দেখার স্বত্ত্ব।'

'চলে এসো। বাংলাদেশে আমার অতিথি হতে পারবে।'

পলা কিছুক্ষণ ছুপ থেকে বললো, 'তোমাকে বক্স হিসেবে পেয়ে কী যে ভালো লাগছে রবিন! আজ তোমার সোফিয়া না গেলে হয় না?'

'আমি দৃঃষ্টিত পলা। ঢাকা থেকে কনফার্ম করা টিকেট। তাছাড়া সোফিয়া যাওয়াটাও জরুরি।'

'তুমি কি সত্যিই আমার কথা মনে রাখবে রবিন?'

নরম গলায় রবিন বললো, 'নিশ্চয় মনে রাখবো পলা।'

'তুমি আমার জন্য এত কিছু করলে, আমি তোমার জন্য কিছুই করতে পারলাম না।' বিষ্পু গলায় বললো পলা।

রবিন মৃদু হাসলো— 'বক্স হতে গেলে এতসব হিসেব করা চলে না পলা।'

বিদেশী ছেলেটার কথায় পলার মন ভরে গেলো। লিয়েতে ওর অনেক ছেলে বক্স আছে। একদিনের পরিচয়ে রবিন ওর জন্য বতটা করেছে, ওর বছদিনের পুরোনো বক্সুরাও কেউ কখনো ততটা করে নি। বললো, 'তোমার মনটা ফুলের মত নরম। টেশনের বাক্তা মেয়েটার দুধ কেনার জন্য তুমি টাকা দিয়েছো, অথচ কেউ কিরেও তাকাছিলো না ওর দিকে।'

রবিন আস্তে আস্তে বললো, 'আমি এসেছি পৃথিবীর সবচেয়ে গরিব দেশ থেকে। গরিবদের কষ্ট আমি বুঝি পলা।'

ওরা দু'জন বিকেল পর্যন্ত পুরোনো ঝোমে পায়ে হেঁটে ঘূরলো। সাড়ে চারটার দিকে পলাকে নিয়ে ঘরে ফিরলো রবিন। নাফিসা তখনো ফেরেন নি। এ্যাপার্টমেন্ট দেখে পলা মুগ্ধ হয়ে গেলো— 'তোমার আটি গীতিমতো বড়লোক মনে হচ্ছে!'

রবিন বললো, 'বড় চাকরি করেন, একা থাকেন, তাই এত সৌধিন জিনিষপত্র কিনতে পেরেছেন।'

নাফিসা এলেন ঠিক পাঁচটায়। হাতে একটা প্যাকেট। ইটালিয়ান মহিলাটি এর মধ্যে ওদের কফির সঙ্গে পাস্তা ভেজে দিয়েছেন। নাফিসাও বসে পড়লেন। পলাকে একজন ভালো বক্স বলে ওর সঙ্গে পরিচয় করিয়ে দিলো রবিন। নাফিসা খুশি হলেন।

বললেন, ‘তোমার থাকার অসুবিধের কথা রবিন বলেছে। ও আজ চলে যাচ্ছে। তুমি যে কদিন রোমে আছো ইচ্ছা করলে আমার এখানে থাকতে পারে পলা।’

রবিন আর পলা উচ্ছিসিত হয়ে বললো, ‘ইউ আর রিয়েলি ষ্ট্রেট আন্টি।’

নাফিসা লাজুক হেসে বাইরে থেকে আনা প্যাকেটটা খুললেন। রবিনের জন্য চমৎকার স্যুট, টাই, শার্ট আর জুতো এনেছেন। পলা বললো, ‘দেখেই মনে হয় খুব দামী স্যুট।’

রবিন একবার বললো ‘এর কী দরকার ছিলো’, আবার বললো, ‘মাপ পেলেন কোথায়?’

‘তোমার প্যান্ট জ্যাকেট সবই তো ওয়ার্ডরোবে। মাপ পাওয়া কি কঠিন কাজ! নাফিসা মৃদু হেসে বললেন, ‘রোমে এসে দুনিয়ার সবাই স্যুট বানায়। ইটালীর জুতো পৃথিবী বিখ্যাত। এই সামান্য জিনিসও কি উপহার দিতে পারবো না আমার লক্ষ্য হেলেটাকে!’

রবিন লক্ষ্য করলো নাফিসা আন্টি কত সহজে ওকে আমার ছেলে বললেন। পলা অত কিছু বুঝলো না। বললো, ‘আন্টি, আমি কি আপনার সঙ্গে এয়ারপোর্ট যেতে পারি রবিনকে সি অফ করার জন্য?’

‘নিশ্চয় পারো পলা। ফেরার সময় হোটেল থেকে তোমার জিনিসপত্র নিয়ে নিও।’

নাফিসার কথা রবিন পলাকে বলেছে। পলা খুব অবাক হলো— বস্তুর ছেলের দু’দিনের বাস্তবীকে কত সহজে আপন করে নিলেন এই অপূর্ব সুন্দরী এবং দারুণ ব্যক্তিত্বসম্পন্ন মহিলা। ওর মনে হলো বাংলাদেশের সব মানুষ বুঝি এমন মহৎ হৃদয়ের। রবিনকে বললো, ‘ভবিষ্যতে কখনো সুযোগ পেলে সবার আগে আমি বাংলাদেশে যাবো। তোমাদের মত এত সুন্দর হৃদয়ের মানুষ পৃথিবীতে আর কোথাও আছে বলে মনে হয় না।’

নাফিসা মৃদু হেসে বললেন, ‘পৃথিবীর সব দেশেই ভালো মানুষ আছে পলা। একমাত্র মানুষই পারে একে অপরকে সাহায্য করতে, বিপদের সময় সাহায্যের হাত বাঢ়াতে।’

পলা বিড় বিড় করে বললো, ‘এই মানুষই আবার যুদ্ধের নামে মানুষকে হত্যা করে, সভ্যতা ধ্বংস করে। ক্ষমতায় টিকে থাকার জন্য জঘন্য সব কাজ করে।’

রবিন টেবিল ছেড়ে উঠে দাঁড়ালো। বললো, ‘আমি ব্যাগ গুছিয়ে নিছি। যাবার সময় তো হয়ে এলো।’

সাড়ে পাঁচটার আগেই ওরা লিওনার্দো দ্য ডিস্কি এয়ারপোর্টে পৌছে গেলো। চেক ইন করে রবিনের স্যুটকেস পাঠিয়ে দিয়ে নাফিসা বললেন, ‘ফেরার সময় তুমি সাতদিন রোমে কাটাবে, আমি তোমার বাবাকে বলে রাখবো রবিন। তুমি রোমে ফেরার টিকেট কনফার্ম করে আমাকে ফোন করবে।’

বলকান এয়ারের যাত্রী যারা বুধারেট হয়ে সোফিয়ায় যাবে তাদের ইমিগ্রেশন কাউন্টারে যাবার ডাক এলো। বিদায় জানাতে গিয়ে নাফিসা রবিনকে বুকে জড়িয়ে ধরলেন। পলা হাত মেলাতে গিয়ে রবিনের হাত চেপে ধরে রাখলো কিছুক্ষণ। দু’জনেই

বললো, ‘ভালো থেকো রবিন। তোমার ফেরার অপেক্ষায় রইলাম।’

ইমিশ্বনের দরজা দিয়ে ঢোকার মুহূর্তে রবিন পেছনে তাকিয়ে দেখলো, নাফিসা আর পলা দাঁড়িয়ে আছে। ওদের দু'জনের চোখে ওরঁ জন্য শুধু গভীর মমতা আর ভালোবাসা।



## সোফিয়ায় রবিন ও রহস্যময় প্রফেসর

বয়ানা থেকে বিকেলের আগেই সোফিয়ায় ফিরে এসেছিলো নীল। ঘরে ফেরার পর থেকে ওর মন খারাপ। বাস থেকে নামতে গাবে— হস্তদস্ত হয়ে এক বেয়াকেল বুড়ো ওকে একরকম ধাক্কা দিয়েই নেমে গেলেন, যেন আগের টপেজে নামার কথা ছিলো, ভুলে এখানে চলে এসেছেন। নামার সময় নীলের হাতে ছোট এক টুকরো কাগজ উঁজে দিয়ে ফিশ করে বললেন, ‘সাবধান, পেছনে গোয়েন্দা।’

চমকে উঠে কাগজের পুটলিটা তখন পকেটে রেখে দিলো নীল। বুড়োর পেছন পেছন হস্তদস্ত হয়ে সেও নেমে গেলো। ঠিক তখনই একটা বাস ছাড়লো বুলেভার্ড দিমিত্রিভের রুটে। চলতি বাসে লাফ দিয়ে উঠে পড়লো নীল। জানালা দিয়ে তাকিয়ে দেখলো ওর পেছন পেছন আসছিলো সেই মহিলা, যাকে ও প্রাইমারি ক্লিনের মাস্টারমি ভেবেছিলো, বাসে উঠতে না পেরে কটমট করে তাকিয়ে আছে ওর দিকে।

নীলের তখনই মনে হয়েছে ওকে ওরা চিনে ফেলেছে। দু'বার বাস বদল করে বাড়ি ফেরার পথে সন্দেহজনক আর কাউকে ওর চোখে পড়লো না। তবু মনে হলো, আড়াল থেকে কেউ ওর গতিবিধি লক্ষ্য করেছে। নিজের বোকামির কথা ভেবে সারা বিকেল মন খারাপ করে বসে রইলো। বাবার কাছে কথাটা কিভাবে পাড়বে তাও ভেবে পেলো না। কথাটা মা কিম্বা রীনের সামনে বলা যাবে না। এক্যাসি থেকে ফেরার পর বাবাকে একা পাওয়াও কঠিন। বাবা এ সময়টা সবার সঙ্গে কাটাতে পছন্দ করেন। সবাই একসঙ্গে বসে গল্প করতে নীলেরও শুব ভালো লাগে। সেদিন মনে হচ্ছিলো অল্প কিছুক্ষণের জন্য হলেও বাবাকে একা পাওয়া দরকার। রিটোরনের বিপদের চিন্তায় সারাক্ষণ আচ্ছন্ন হয়েছিলো সে।

বাবা এলেন সাড়ে পাঁচটার দিকে। সবার সঙ্গে বসে চা খেলেন। রীন কদিন ধরে শুব ব্যস্তা বিজয় দিবসের অনুষ্ঠান নিয়ে। বুলগেরিয়ায় বাংলাদেশী ছাত্রদের সমিতির সভাপতি সুভাষদা ওকে বলেছেন ‘কারার ওই লৌহ কপাট’-এর সঙ্গে নাচটা তিন দিনে

কাউপিলার গিন্নি নাজমা খালার কাছ থেকে ভালোভাবে শিখে নিতে। চা খেয়েই রীন উঠে চলে গেলো নিজের ঘরে। মা বাবাকে বললেন, ‘তোবারককে বলেছো আটটার ভেতরই যেন চলে আসে?’

বাবা বললেন, ‘ও সাতটার ভেতরই আসবে। ফ্লাইট তো দশটায়।’

মা নীলকে জিজ্ঞেস করলেন, ‘তুমি কি রবিনকে আনতে এয়ারপোর্ট যাবে?’

মা’র কথা শুনে নীলের মনে পড়লো রাতের ফ্লাইটে রবিনদার আসার কথা। ব্যস্ত হয়ে বললো, ‘হ্যাঁ মা। নিশ্চয়ই যাবো।’

‘রবিন নার্গিসি কোফতা থেতে পছন্দ করে। যাই, ওর জন্য কটা কোফতা বানাই। মা মরা ছেলেটা, যা একটু আবদার সেই ছোটবেলা থেকে আমার কাছেই করে।’ এই বলে মা উঠে পড়লেন।

বাবা গঞ্জির হওয়ার ভান করে বললেন, ‘মা আমারও নেই। আমি যেন কোফতার ভাগ পাই।’

মার সঙ্গে বাবাকে রসিকতা করতে দেখে মজা পেলো নীল, বললো, ‘বা রে! মা আছে বলে কি আমি আর রীন কোফতার ভাগ পাবো না?’

মা হাসতে হাসতে বললেন, ‘বলেছি নাকি তোমাদের দেবো না।’

বাবার মন এখন ভালো আছে। মা রান্নাঘরে যাওয়ার পর নীল বললো, ‘বাবা তোমাকে একটা অনুরোধ করবো, বলো রাখবে?’

হাসি চেপে গঞ্জির গলায় বাবা বললেন, ‘নিশ্চয় রাষ্ট্রের কোনও অতি গোপনীয় তথ্য ফাঁস করতে বলবি না।’

‘না বাবা। আমার এক বছু খুব বিপদে পড়েছে। তোমাকে পুরো ঘটনাটা খুলে বলছি।’ এই বলে নীল রিস্টো আর রিস্টোর বাবার বিপদের কথা যা শুনেছে সব বাবাকে বললো। ওর মার সঙ্গে দেখা করতে গোপনে বয়ানা গিয়েছিলো সে কথাও বললো। শেষে বললো রিস্টোর মার অনুরোধের কথা।

সব কথা শুনে বাবার কপালে ভাঁজ পড়লো। গঞ্জির গলায় বললেন, ‘বুড়ো, তুমি এমন একটা কাজে জড়িয়েছো— এসব দেশে যা খুবই বিপদজনক। আমার হেলে হয়ে এ ধরনের রাজনৈতিক ব্যাপারে তোমার জড়ানো মোটেই উচিত হয় নি।’

কিছুক্ষণ চূপ করে রইলো নীল। তারপর আস্তে আস্তে বললো, ‘বাবা, এদের রাজনীতির ব্যাপারে আমার কোন আগ্রহ নেই। রিস্টো আমার খুবই কাছের বছু। ওর এত বড় একটা বিপদ আমি কিছু করবো না, এ কথা ভাবতে খুব আরাপ লাগছে।’

‘বুঝতে পেরেছি।’ বলে বাবা কোন কথা না বলে চূপচাপ বসে রইলেন।

কিছুক্ষণ পর নীল বললো, ‘বাবা, তুমি অন্তত ওদের কথাটুকু শোনো। আমি বলেছি কথা শুনতে তুমি আপত্তি করবে না।’

‘ঠিক আছে, কাল বিকেলে ওদের কাউকে দেখা করতে বলো। একজনের বেশি নয়, পরিচয় দেবে ব্যবসায়ী হিসেবে। আমার ধারণা এছ্যাসির বুলগেরিয়ান টাফদের কেউ গোয়েন্দা বিভাগের হতে পারে।’

সোফিয়ায় বাংলাদেশ দৃতাবাসে বুলগেরিয়ান স্টাফ তিনজন। একজন রাষ্ট্রদূতের

একান্ত সচিব ইলিনা মিরকোভা, একজন দোভাষী, আরেকজন রিসেপশনিস্ট। নীল ভেবে পেলো না এদের ভেতর কে সরকারী শুণচর হতে পারে। তবু বাবার কথা শনে নীল আগ্রহ হলো— যাক রিস্টোর জন্য একটা কাজ অন্তত করতে পেরেছে।

সারাদিন উত্তেজনা আর উত্থেগের ভেতর কাটানোর পর নিজেকে ভারমুক্ত মনে হলো নীলের। তোবারক আসার পর ওর সঙ্গে ঘন্টা দেড়েক ব্যাডমিন্টন খেললো। খেলার শেষে বুড়ো ওক গাছের নিচে রাখা পাথরের হেলান দেয়া বেঞ্চে বসে তোবারক জিজ্ঞেস করলো, ‘সকালে যে কোন জায়গায় গেলেন, কাজ হইছে?’

‘হয়েছে।’ মাথা নেড়ে সায় জানিয়ে নীল প্রসঙ্গ পাল্টালো— ‘আমাদের এস্যাসিতে যে বুলগেরিয়ান টাফরা আছে, এদের তোমার কেমন লাগে তোবারক ভাই?’

‘কেন, ভালোই তো লাগে। ইলিনা মিরকোভা আমারে বেশ কয়েকদিন বাড়িতে নিয়া থাওয়াইছে।’ বলে হঠাৎ লজ্জা পেলো তোবারক। ওর টকটকে ফর্ণ গালে লাল রঞ্জের ছায়া নীলের চোখ এড়ালো না।

‘এদের মধ্যে কাউকে সন্দেহজনক কিছু করতে দেখেছো?’ সাবধানে জানতে চাইলো নীল।

কিছুক্ষণ ভেবে তোবারক বললো, ‘গত দুই তিন মাস যাবৎ ইলিনা ছুটির পরও এক দেড় ঘন্টা অফিসে থাকে। আমারে একদিন জিজ্ঞাসা কইলো, স্যারের বাসার পার্টিতে কারা আসে। বিশেষ করি অন্য এস্যাসি আর ফরেন অফিসের বাইরে বুলগেরিয়ান কারা আসে জানতে চাইছিলো। এ কথা কেন জিজ্ঞাসা কইলেন নীল বাই?’

‘কারণ আছে, পরে বলবো। ইলিনা ছাড়া অন্য দুজন?’

‘ইন্টারপ্রিন্টার দিমিত্রি কারো সাথে ফাঁচে থাকে না। ঘড়ি ধরি অফিসে আসে, ছুটির পর এক মিনিটও থাকে না। রাইতে স্যারের লগে ডিউটি থাইকলে আলাদা কথা। রিসিফশনিস্ট নাইকোভা একটু দেমাগী টাইফের। কারো লগে বেশি কথাবার্তা কয় না। তবে ইলিনারে দুই চোখে দেখতে ফারে না।’

তোবারকের কথা শনে ইলিনার আচরণই মনে হলো সন্দেহজনক। সেদিন ইলিনা নিজেকে সিটিয়েন কমিটির লোক বললো। সত্য যদি তাই হয় তাহলে এই গোপন পরিচয় ওদের জানাবার প্রয়োজন ছিলো না। নীলের মনে হলো নিজের আসল পরিচয় গোপন করার জন্য ইলিনা মিথ্যে বলেছো। কথাটা মনে হওয়ার সঙ্গে সঙ্গে ও ঠিক করলো সন্দেহের কথাটা বাবাকে এক ফাঁকে জানিয়ে দিতে হবে।

রোম থেকে নাফিসা দুপুরে ফোন করে দৃতাবাসে জানিয়ে দিয়েছিলেন রবিন কখন সোফিয়া পৌছবে। নীল আর তোবারক প্লেন আসার দশ মিনিট আগে এয়ারপোর্ট পৌছলো। নীলকে লাউঞ্জে দাঁড় করিয়ে রেখে তোবারক ভেতরে ঢুকে গেলো। দৃতাবাসে যারা কাজ করে তাদের সবার ভেতরে যাওয়ার পাশ আছে।

ঠিক দশটায় বলকান এয়ার-এর রোম- বুখারেন্ট- সোফিয়া ফ্লাইট এসে ল্যাঙ করলো। রবিন প্লেন থেকে নেমে অন্য যাত্রীদের সঙ্গে হেঁটে হেঁটে ইমিগ্রেশন কাউন্টারের লাইনে এসে দাঁড়ালো। ভেবেছিলো কাস্টমস সেরে লাউঞ্জে গেলে নিচয় নীল রীনদের দেখা পাবে। এমন সময় স্মার্ট, সুন্দর দেখতে এক যুবককে দেখলো ওর দিকে আসতে।

চেহারা দেখে মনে হয় গ্রীক কিংবা ইটালিয়ান— কাছে এসে নির্ভেজাল বাংলায় বললো,  
‘আপনি কি স্যার রবিন?’

রবিন বুঝলো এস্যাসির কোন টাফ হবে। ওর কথার ধরনে রবিন হেসে ফেললো—  
‘আমি স্যার রবিন নই, শুধু রবিন।’

তোবারক হাত বাড়িয়ে বললো, ‘আমার নাম তোবারক আলী, বাংলাদেশ এস্যাসি  
থেকে আসছি। ওয়েলকাম টু সোফিয়া স্যার। আপনার পাসপোর্টটা আমারে দেন।’

শ্বার্ট তোবারককে ডালো লেগে গেলো রবিনের। হাত মিলিয়ে মৃদু হাসলো—  
‘আপনার সঙ্গে পরিচিত হতে পেরে খুবই খুশি হলাম তোবারক সাহেব।’ এই বলে  
টিকেট আর পাসপোর্ট তোবারককে দিলো।

তোবারককে সাহেব বলাতে ও লাজুক হাসলো। রবিনের টিকেট আর পাসপোর্ট  
নিয়ে ডিপ্লোম্যাট লেখা খালি কাউন্টারে ঢলে গেলো। নিজের পরিচয়পত্র দেখিয়ে  
বুলগেরিয়ান ভাষায় কি যেন বললো। সঙ্গে সঙ্গে কাউন্টার থেকে রবিনের পাসপোর্টে  
সিল মেরে ফেরত দিলো। তোবারক ওকে নিয়ে গেলো লাগেজ আসার জায়গায়।

টিকেটের সঙ্গে রবিনের স্যুটকেসের ট্যাগ নম্বর লাগানো ছিলো। কনভেয়ার বেল্টে  
রবিন ওর স্যুটকেসটা দেখে হাত বাড়াতে যাবে ওকে— সরিয়ে তোবারকই ওটা তুলে  
নিলো। তারপর বেরিয়ে এলো লাউঞ্জে।

ওদের দেখে— ‘রবিনদা’, বলে ছুটে এলো নীল। রবিন ওকে বুকে জড়িয়ে ধরে  
বললো, ‘তুই কত লম্বা হয়েছিস নীল। মনে হয় সামনের বছর আমাকে ছুঁয়ে ফেলবি।’

নীল হেসে বললো, ‘তুমি আগের চেয়ে অনেক হ্যাঙ্সাম হয়েছো। এখনও কি  
আগের মত ফুটবল খেলো?’

‘কবে ছেড়ে দিয়েছি! ইউনিভার্সিটিতে ঢোকার পর আর বলের সঙ্গে পা ছৌঁয়াই  
নি। তুই খেলিস এখনো?’

রবিনের প্রশ্নের জবাব দিলো তোবারক। গর্বিত গলায় বললো, ‘নীল বাই ক্লু  
টিমের ক্যাপ্টেন।’

মৃদু হেসে নীলের পিঠ চাপড়ে দিলো রবিন। ওরা বাইরে এসে গাড়িতে উঠলো।  
কাঁকা রাস্তা পেয়ে বাট মাইল স্পীডে গাড়ি চালালো তোবারক। নীলের কানের কাছে মুখ  
নিয়ে রবিন ফিশ ফিশ করে বললো, ‘তোবারক কি এস্যাসির ড্রাইভার?’

নীল মাথা নেড়ে সায় জানালো। ওর দু'চোখে প্রশ্ন। রবিন আগের মত চাপা গলায়  
বললো, ‘যে রকম চেহারা ভেবেছিলাম কোনও ডিপ্লোম্যাট হবে।’

নীল কোন কথা না বলে মুখ টিপে হাসলো শুধু। পনেরো মিনিটের ভেতর ওরা  
বাড়ি পৌছে গেলো।

গাড়ির শব্দ ওনে রীন ছুটে বেরিয়ে এলো। পেছনে ওদের বাবা মাও এলেন। রবিন  
গাড়ি থেকে নেমে ওর চাচাকে পা ধরে সালাম করতে যাবে— তিনি ওকে বুকে জড়িয়ে  
ধরলেন। চাচী ওর কপালে চুমো খেলেন। বললেন, ‘মুখখানা শুকিয়ে এতটুকু হয়ে  
গেছে। নীল ওকে নিয়ে ওপরে যা। মুখ হাত ধুয়ে থেতে আয় তোরা।’

রীনকে দেখে অবাক হলো রবিন— ‘আরো, একি! রীন কত বড় হয়ে গেছে। তিনি

বছর আগে লিপপ খাওয়া ছোট মেয়েটিকে একজন গর্জিয়াস প্রিসেস মনে হচ্ছে।

রীন লজ্জায় লাল হলো। নীল বললো, ‘মাথায় বাড়লে কি হবে রবিনদা! রীন এখনো চুইংগাম আৱ লিপপ খায়।’

রাগতে গিয়ে হেসে ফেললো রীন—‘ঠিক আছে দাদা, মনে থাকবে কথাটা। আৱেকদিন আসিস চকলেটেৰ ভাগ চাইতে।’

রবিন ভুক্ত কুঁচকে হাসি চেপে বললো, ‘তাই নাকি নীল?’

‘ওৱ যেমন কথা!’ এবাব লজ্জা পেলো নীল—‘চলো ওপৰে যাই।’

তোবারক এসেই রবিনেৰ স্যুটকেসটা নীলেৰ ঘৰে রেখে এসেছিলো। ওখানেই রবিনেৰ থাকাৰ ব্যবস্থা হয়েছে। নিচেৱ তলায় অবশ্য দুটো গেষ্ট রুম ছিলো। একটা সাজানো গোছানো, বেশ বড়। কোন অফিসিয়াল গেষ্ট এলে ওখানে থাকেন। আৱেকটা ছেট, সাদামাটা—তোবারক বা অফিসেৰ কেউ দৱকাৰ হলে থাকে। নীলেৰ মা অবশ্য প্ৰথমে বড় গেষ্ট রুমে রবিনেৰ থাকাৰ কথা বলেছিলেন, বাবা মানা কৱেছেন—‘হঠাৎ যদি হোমৱা চোমৱা কেউ এসে পড়ে।’ তাছাড়া নীলও বলেছে, ‘একটা এক্সট্ৰা খাট দিয়ে দাও, রবিনদা আমাৰ ঘৰে থাকবে।’

রবিন যে ছাত্ৰ রাজনীতিৰ সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত এ কথা নীলেৰ অজ্ঞানা নয়। ও ঠিক কৱেছে বুলগেরিয়াৰ পৱিত্ৰতি সম্পর্কে রবিনেৰ সঙ্গে কথা বলবে।

অন্যদিন নটার ভেতৱ সবাৱ রাতেৱ খাওয়া হয়ে যায়। সেদিন রবিনেৰ জন্য সবাই দশটা চল্লিশ পৰ্যন্ত অপেক্ষা কৱেছিলো। খেতে বসে রবিন উজ্জ্বলিত হয়ে উঠলো—‘সেই কবে নার্গিসি কোফতা খেয়েছিলাম। চাচী কী কৱে বুৰালেন, এটা আমাৰ প্ৰিয় থাৰার?’

মেহড়া চোখে রবিনকে দেখলেন ওৱ চাচী। বললেন, ‘ছেলেদেৱ পছন্দ অপছন্দেৱ কথা কোনও মা ভুলে থাকতে পাৱেন না।’

খেতে খেতে রবিন বললো, ‘ৱোজ এৱকম খেলে দশদিনে কম কৱে হলোও পাঁচ পাউণ্ড ওজন বাড়বে।’

‘তোমাৰ এমন কি ওজন হলো যে ও নিয়ে ভাবতে হবে!’ চাচী বললেন, ‘পাঁচ কেন, দশ পাউণ্ড বাড়লেও ক্ষতি হবে না।’

নীল মুখ টিপে হেসে বললো, ‘ভয় কি রবিনদা। খেলা তো ছেড়েই দিয়েছো।’

তোবারক মন্তব্য কৱলো, ‘খেলা ছাড়লে কি হইবো। রবিনদাৰ বড় স্টাকচাৰ খুব সোন্দৰ।’

ওদেৱ সবাৱ কথা শুনে রবিন হাল ছেড়ে দিলো। ওৱ চাচী ওকে প্ৰাণভৱে খাওয়ালেন।

খাওয়া শেষ কৱে হাঁসফাস কৱতে কৱতে নীলেৰ সঙ্গে দোতালায় এলো রবিন। বললো, ‘সত্যি বলছি, নীল, এভাৱে খেলে আমাকে অকালে পটল তুলতে হবে।’

‘কোথেকে তুলবে রবিনদা?’ নিৱীহ গলায় নীল বললো, ‘এসব দেশে পটল কী জিনিস কেউ চোখে দেখে নি।’

‘দেবো এক থাপড়ি!’ হেসে ফেললো রবিন। সঙ্গে নীলও।

রোমের চেয়ে সোফিয়ায় শীত অনেক বেশি মনে হলো। বিছানায় উঠে বসে গায়ে  
কহল জড়িয়েও পুরোপুরি শীত তাড়াতে পারলো না রবিন। এমন সময় রীন এলো  
আরেকটা কহল হাতে। বললো, 'রবিনদা, এটা গায়ে দিও। সোফিয়ার শীত টের  
পাবে আর কদিন পর। আমাদের হিটিং সিস্টেম কাজ করছে না।'

দুটো কহল গায়ে দিয়ে আরাম হলো রবিনের। নীল বললো, 'ওয়েদার অফিস  
বলেছে, শীত এবার বেশি পড়বে।'

'তার আগেই আমি কেটে পড়তে চাই।' রবিন বললো, 'কড়া শীত আমি খুবই  
অপছন্দ করি।'

রীন বললো, 'রবিনদা, রাতে তুমি চা, কফি কিছু খাও?'

'এরকম শীতে মনে হয় গরম এক কাপ কফি ভালোই লাগবে। কি বলিস নীল?'

নীল হাসলো— 'তুমি খাও। আমার পোষাবে না।'

'আমি এক্ষুণি আনছি।' বলে রীন চলে গেলো।

'তুমি সোফিয়ায় কত দিন ধাকবে রবিনদা?' জানতে চাইলো নীল।

'সশাহ খানেকের বেশি নয়।'

'টিকেট কি কলকার্ড?'

'না, কাল পরও করে ফেলবো। চিনিস বলকান এয়ার-এর অফিস?'

'তা চিনি। তবে আরও কিছুদিন থেকে যাও রবিনদা। দারুণ এক সময়ে তুমি  
সোফিয়া এসেছো।'

'উন্নাম রোমে এসে। আমারও জানার ইচ্ছে আছে অনেক কিছু।'

রীন কফি বানিয়ে আনলো। ঘরে ঢুকেই নীলকে বললো, 'দাদা, তোর  
টেলিফোন।'

'এত রাতে টেলিফোন।' রবিন রসিকতা করে বললো, 'কোন বাস্তবী নয় তো!'

নীল টেলিফোন ধরতে গেলো। রীন হেসে বললো, 'ও কোথেকে বাস্তবী পাবে?'  
আমার বস্তুদের সঙ্গে কথা বলতে গেলেই ও ট্যাটোর মত লাল হয়ে যায়।'

'নীলের বস্তুদের সঙ্গে কথা বলার সময় তোম বুঝি কান লাল হয় না।'

'বয়ে গেছে।' উঠে পড়লো রীন— 'ততে যাচ্ছি রবিনদা। কাল তোরে উঠতে হবে।  
গড নাইট।' বলে রীন চলে গেলো।

নীলকে ফোন করেছিলেন রিস্টোর মা। 'হ্যালো' বলতেই একজন মহিলার  
গলা শুনলো— 'আমি ইরিনা।' ইংরেজিতে বললেও রীন বুঝলো বুলগেরিয়ান কেউ  
হবে।

নীল মনে করতে পারলো না ইরিনা কে। বললো, 'আমি নীল বলছি, আপনি কি  
আমাকে চাইছেন?'

'হ্যাঁ, বাছা, তোমাকেই চাইছি। তুমি কি ভুলে গেলে অভাগী মাকে!'

সঙ্গে সঙ্গে নীলের মনে পড়লো রিস্টোর মা'র কথা। সকালে তিনিই তো বলেছিলেন  
কোনে ইরিনা বলবেন। নীল বিশ্বত হয়ে বললো, 'আমি দুঃখিত। এবার চিনতে  
পেরেছি। কাল বিকেল চারটায় একজন ব্যবসায়ী দেখা করতে পারেন।'

কথাটা বলার সঙ্গে সঙ্গে লাইন কেটে গেলো। নীল একটু অবাক হলো। এভাবে হঠাতে লাইন কাটলো কেন? ওদের টেলিফোন কি ট্যাপ করা হচ্ছে?

চিন্তিত মুখে ওপরে উঠে এলো নীল। রবিন বললো, ‘কার টেলিফোন নীল? কেন খারাপ খবর?’

কাঞ্চ হেসে নীল বললো, ‘আমার পরিচিত একজন। না, কেন খারাপ খবর নয়।’

‘বারোটা বাজতে আর বেশি দেরি নেই। তুই কটায় ঘুমাস?’

‘বারোটা, সাড়ে বারোটা। কেন তোমার ঘুম পাচ্ছে?’

‘আরে না। ভাবছি তোর সঙ্গে কিছুক্ষণ গল্প করবো।’

‘তোমাদের মার্কোসের খবর কি বলো। হটাচ্ছে কবে?’

‘বেশি দেরি নেই। মুশকিল হলো দুই কোরাজন নিয়ে। নইলে কবেই ফেলে দিতাম।’

‘খালেদা জিয়া আর শেখ হাসিনার ভেতর তুমি কাকে সাপোর্ট করো?’

‘আমি কাউকেই করি না। ওদের পার্টি তো আগে ক্ষমতায় ছিলো। তখন তারা কী করেছে কারো জানতে বাকি নেই।’

‘তবু নেতা বলতে ওরাই তো। আমাদের বাড়িতে খুব মজা। বাবা খালেদাকে সাপোর্ট করেন, মা হাসিনাকে।’

‘আর তুই?’

‘আমি পলিটিক্স নিয়ে বেশি মাথা ঘামাতে চাই না। আমার এক বুলগেরিয়ান বক্তু আছে— রিস্টো নাম। ও খুব পলিটিক্স করে।’

‘কী পলিটিক্স করে তোর বক্তু?’

‘বিভক্তকে হটাবার জন্য সিটিয়েন কমিটি হয়েছে একটা। রিস্টো ওদের সঙ্গে আছে। ওর বাবা কমিটির একজন নেতা।’

‘আলাপ করা যায় না ওদের সঙ্গে?’

‘তুমি আলাপ করবে ওদের সঙ্গে?’ ভীষণ অবাক হলো নীল— ‘ওদের সঙ্গে যোগাযোগ করা খুব কঠিন। নেতারা সব লুকিয়ে আছে।’

‘তোর বক্তুর সঙ্গে দেখা হলে বলিস, আমি ওদের সঙ্গে কথা বলতে চাই। জানতে চাই ওরা আসলে কী চায়।’

‘যদি দেখা হয় বলবো। হঠাতে ওদের জানতে চাইছো কেন?’

রবিন গঁউর হয়ে বললো, ‘আমার জানা দরকার পূর্ব ইউরোপে সমাজতন্ত্র কেন মার খাচ্ছে। এতদিন সমাজতন্ত্রের কথা বলে এসেছি— সবই কি মিথ্যে?’

‘বাবার সঙ্গেও এ নিয়ে কথা বলতে পারো। এখানকার রাজনীতির অবস্থা বাবা ভালো জানেন।’

‘তাহলে তো ভালোই হয়। চাচা নিশ্চয় কমিউনিস্ট পার্টির কোন নেতার সঙ্গেও দেখা করিয়ে দিতে পারবেন?’

‘হয়তো পারবেন। সত্যি করে বল তো রবিনদা, আমাদের দেশে কমিউনিস্টরা কিছু করতে পারবে?’

‘পারলে কমিউনিস্টরাই পারবে। তোর কেন মনে হচ্ছে পারবে না?’

‘এখানকার অবস্থা দেখে। এখানে এমন লোক খুব কমই পাবে, যারা কমিউনিস্টদের সাপোর্ট করে।’

বুলগেরিয়ার অবস্থা নিয়ে নীলের সঙ্গে অনেকক্ষণ কথা বললো রবিন। নীল যদিও বলেছে রাজনীতি বোঝে না, তবে ও যেসব কথা বললো সেগুলো যদি সত্য হয় তাহলে খুবই ভাববার কথা। নীল ঘূরিয়ে যাওয়ার পরও রবিন এ নিয়ে অনেকক্ষণ ভাবলো।

রিটোদের বিপদের বোঝা বাবার ঘাড়ে চাপানোর পর থেকে নিজেকে বেশ হাল্কা মনে হচ্ছিলো নীলের। সকালে নাশতার টেবিলে রবিনকে বললো, ‘চলো তোমাকে মাউন্ট ভিতুশা ঘূরিয়ে আনি। ভিতুশার চূড়া থেকে সোফিয়া শহরটাকে দারণ দেখায়?’

রবিন আঁতকে উঠলো—‘তুই কি আমাকে মাউন্টেন ক্লাইম্বার ভেবেছিস?’

রবিনের কথার ধরনে রীন হেসে গঢ়িয়ে পড়লো। নীলও হেসে ফেললো—‘তোমার ক্লাইম্বার হওয়ার কোনো দরকার নেই। আমরা কেবল কার-এ চেপে পাহাড়ের চূড়ায় উঠবো।’

‘তাহলে যাওয়া যেতে পারে।’ রবিন হাঁপ ছেড়ে বললো, ‘রীনও যাবে নিশ্চয়ই।’

‘না রবিনদা।’ ওপর নিচে মাথা নাড়লো রীন—‘আমার নাচের রিহার্সেল আছে।’

রীনের মাথা দোলানো দেখে অবাক হলো রবিন—‘রিহার্সেল আছে ভালো কথা। মুখে বলছিস— না, মাথা নেড়ে হ্যাঁ বলছিস, এ আবার কেমনতরো কথা।’

নীল আর রীন একসঙ্গে হেসে উঠলো—‘তোমাকে বলা হয় নি রবিনদা। আমরা যেভাবে মাথা নেড়ে হ্যাঁ না বলি, বুলগেরিয়ানরা ঠিক উল্টোভাবে মাথা নাড়ে। যে কদিন এখানে আছো কথাটা মনে রেখো।’

‘ঠিক আছে, মনে রাখবো,’ বলে দুদিকে মাথা নাড়লো রবিন।

রীন বললো, ‘হ্যাঁ, ঠিক হয়েছে।’

ওরা যখন নাশতার টেবিল ছেড়ে উঠলো নীলের বাবার তখন অফিসে যাওয়ার সময় হয়েছে। রবিনরা ভিতুশার দিকে যাচ্ছে ওনে বললেন, ‘তোদের বাস স্টেপেজ পর্যন্ত লিফট দিতে পারি।’

নীল মানা করলো— থাক বাবা, আমরা হেঁটেই যাবো। এইটুকুই তো পথ।’

রীন চলে গেলো বাবার সঙ্গে। কালকের মধ্যে ওর নাচ শেখা শেষ করতে হবে। তারপর তরু হবে নাটকের রিহার্সেল। ওরা চলে যাওয়ার একটু পরে নীল আর রবিন বেরিয়ে পড়লো। বেরুবার সময় রবিনকে ওর বাবার একটা ভিজিটিং কার্ড দিলো, বুলগেরিয়ান ভাষায় লেখা। বললো, ‘কখনো কোন দরকার হলে ট্যাক্সিতে উঠে এই কার্ড দেখালে তোমাকে সোজা এস্যাসি নিয়ে যাবে।’

সোফিয়ার বাসগুলো রবিনের কাছে মনে হলো রোমের চেয়ে কম আরামের নয়। ঢাকার মতো পাদানিতে বুলেও কেউ যাচ্ছে না। বাস ছাড়া রাস্তায় ট্রামও আছে অনেক। তখু পাতাল রেলটা নেই। নীল ওনে বললো, ‘ছোট শহর, লোকজনও বেশি নয়, পাতাল

রেল দিয়ে কী হবে।'

জীবনে প্রথম কেবল কার-এ চড়লো রবিন। ভিতুশা পাহাড়ের ঘন জঙ্গলে নানা রঙের গাছের সমারোহ দেখে ও মুক্ষ হয়ে গেলো। নীলকে বললো, 'এই বনে যত রকমের গাছ আছে, সবগুলো একটা করে পাতা দিবি আমাকে, গাছের নাম লিখে।'

'তোমাকে একদিন ফ্রিডম পার্কে নিয়ে যাবো। গাছ আর ফুল দেখে তোমার মন ভরে যাবে।'

'ফুল দেখে সময় কাটালে হবে না। মানুষও দেখতে চাই আমি, খুব কাছে থেকে।'

'ঠিক আছে।' মৃদু হেসে নীল বললো, 'মানুষও দেখাবো তোমাকে।'

ভিতুশা পাহাড়ের চূড়ায় উঠে সোফিয়ার দৃশ্য দেখার আগে আরেকটি দৃশ্য দেখে রবিনের চোখ ছানাবড়া হয়ে গেলো। ঢাকা থেকে রোমে আসার সময় প্রেনে পরিচয় হওয়া বুড়ো প্রফেসর বরিস— যিনি ওর সঙ্গে অস্তুত আচরণ করেছিলেন রোমের পালাতিনোয়, তিনি এখানে! রবিন দেখলো দু'পাশে দুজন দশাসই চেহারার লোক প্রফেসরের কনুই চেপে ধরেছে। প্রফেসর যে ওদের সঙ্গে অনিষ্টার সঙ্গে যাচ্ছেন, সেটা ওর চেহারা দেখেই বোঝা যাচ্ছিলো। সরল ছেলেমানুষি ভরা চোখে ডয় আর উৎসে মেশানো, উদ্ব্রান্ত দেখাচ্ছিলো তাঁকে। রবিনদের তিনি দেখতে পান নি। পাহাড়ের চূড়ায় অনেক বিদেশী পর্যটক ঘুরে বেড়াচ্ছিলো। ওদের অসহায়ভাবে দেখছিলেন প্রফেসর। রবিন চাপা গলায় নীলকে বললো, 'চলতো ওদিকে। মনে হচ্ছে প্রফেসর বিপদে পড়েছেন।'

নীল অবাক হয়ে— 'কোন প্রফেসর', 'কার প্রফেসর', বলতে বলতে রবিনের পেছন পেছন এলো। রবিন দ্রুত পা চালিয়ে প্রফেসরের কাছে এসে বললো, 'সুপ্রভাত প্রফেসর বরিস। আপনাকেই আমি খুঁজছিলাম। বেড়াতে এসেছেন বুঝি ভিতুশায়?'

রবিনকে দেখে দু'পাশের লোক দু'টো ভুরু কুঁচকে প্রফেসরের হাত ছেড়ে দিয়েছে। প্রফেসর যেন গভীর পানিতে ডুবে যাওয়ার মুহূর্তে একটা বড় অবলম্বন খুঁজে পেলেন। শক্ত করে রবিনের হাত চেপে ধরে বললেন, 'সুপ্রভাত বাবা, আমি যে তোমাকে খুঁজছিলাম।' এরপর পাশের লোকদের বললেন, 'এ ছেলে আমার পুরোনো ছাত্র। এখানে বাংলাদেশের রাষ্ট্রদূতের অতিথি হয়ে এসেছে। আমি আপনাদের সঙ্গে পরে দেখা করবো। এর সঙ্গে আমাকে এখনই এক জায়গায় যেতে হবে।'

ওদের সঙ্গে প্রফেসর বুলগেরিয়ান ভাষায় কথা বলছিলেন। রবিন না বুঝালেও নীল বুঝে ফেললো, প্রফেসর শুণ পুলিশের পাল্টায় পড়েছেন। পুলিশদের একজন প্রফেসরকে বললো, 'আমাদের সঙ্গে যাওয়াটা আপনার জন্য বেশি জরুরি।'

রবিনের হাত আঁকড়ে ধরে প্রফেসর ভীত গলায় বললেন, না আমি তোমাদের সঙ্গে এখন যাবো না।'

'আপনাকে আমাদের সঙ্গেই যেতে হবে।' বলে ওরা শক্ত হাতে প্রফেসরের কনুই চেপে ধরলো আগের মত।

তখনই চিৎকার করে উঠলো নীল— 'খবরদার বলছি, হাত ছাড়ুন প্রফেসরের।

তিনি না গেলে কি জোর করে নেবেন? আপনারা কী পুলিশের লোক? ওয়ারেন্ট আছে আপনাদের? দিনের আলোয় একজনকে কিডন্যাপ করতে এসেছেন, সাহস তো কম নয়! এক্ষুণি চিংকার করে লোক জড় করবো আমি।'

নীলের চিংকার শব্দে কয়েকজন টুরিষ্ট কৌতুহলী হয়ে এগিয়ে এলো। লোক দুটো প্রথমে হতভম্ব হয়ে গেলো। তারপর কটমট করে তাকালো নীলের দিকে— পারলে ওকে ভয় করে দেয়। তারপর নিজেদের মধ্যে দৃষ্টি বিনিময় করে চাপা গলায়— 'ঠিক আছে দেখে নেবো,' বলে ধূপধাপ করে হেঁটে চলে গেলো।

একজন আমেরিকান বুড়ো বললেন, 'আমি কি তোমাদের কোন সাহায্য করতে পারি?'

নীল হেসে বললো, 'না, ধন্যবাদ।' তারপর প্রফেসরকে নিজের পরিচয় দিয়ে বললো, 'চলুন, এখানে একটা চমৎকার কাফে আছে, আমরা ওখানে গিয়ে বসি।'

প্রফেসর নীলের সঙ্গে হাত মিলিয়ে বললেন, 'তোমার সাহস দেখে আমি অবাক হয়েছি বাছা। তোমরা না এলে ওরা আমাকে ধরে নিয়ে মেরে ফেলতো।'

রবিন এতক্ষণ পর কথা বলার সুযোগ পেলো— 'আমি কিছুই বুঝতে পারছি না প্রফেসর। আপনি কী করেছেন? কেন এরা আপনাকে ধরে নিয়ে যেতে চায়?'

বুড়ো প্রফেসর কাষ্ট হেসে বললেন, 'আরেকদিন বলবো। তোমরা আমাকে থাণে বাঁচিয়েছো। তোমাদের কথা আমি সব সময় মনে রাখবো। এখন আমাকে এক জায়গায় যেতে হবে। আমার কিছু বন্ধুর ভারি বিপদ।'

নীল বললো, 'আমরা কি আপনাকে কোনো সাহায্য করতে পারি?'

'আমাকে তোমরা আমার ট্যাক্সিটা পর্যন্ত এগিয়ে দিতে পারো। পাজি দুটো কোথায় লুকিয়ে আছে কে জানে।'

'ট্যাক্সির ড্রাইভার কি আপনার চেনা?'

'হ্যাঁ চেনা।' মুচকি হেসে প্রফেসর নীলকে বললেন, 'তুমি শুধু সাহসী নও, দারুণ বুদ্ধিমানও।'

সেদিন রবিনের ভিতুশা পাহাড় দেখা হলো না। প্রফেসরকে ট্যাক্সিতে তুলে দিতে এসে দেখে লোক দুটো অল্প দূরে দাঁড়িয়ে আছে। ওরা আশা করেছিলো প্রফেসরকে একা পাবে। ওদের দেখে রবিন আর নীলও প্রফেসরের সঙ্গে ট্যাক্সিতে উঠে বসলো। প্রফেসর ড্রাইভারকে চাপা গলায় বললেন, 'আমেরিকান এস্যাসি।'

দক্ষ ড্রাইভার পাহাড়ের চক্রপথে দ্রুত গাড়ি চালিয়ে পাঁচ মিনিটে নিচে নেমে এলো। ট্যামবুলেকি বুলেভার্ডে আমেরিকান এস্যাসি আসতে ওদের মাত্র দশ মিনিট লাগলো।



## সোফিয়ায় চমকপ্রদ দিন

‘প্রফেসর বরিস সম্পর্কে তুমি কি জানো?’ রাকৌশি ট্রিটের বিখ্যাত চাইকা কাফের বাইরে ফুটপাতের ওপর সাজানো ফাইবার গ্লাসের চেয়ার টেবিলে বসে কফি খেতে খেতে জানতে চাইলো নীল।

রবিন যতটুকু জানতো পুরোটাই নীলকে বললো। রোমের পালাতিনোতে প্রফেসরের রহস্যময় আচরণের কথাও বললো। সব শুনে নীল বললো, ‘কী মনে হয় তোমার?’

‘আজকের আগে তেমন কিছু ভাবি নি। পালাতিনোতেও প্রফেসরের সঙ্গে অন্য লোক ছিলো। তবে আজকের ঘটনা একেবারে অন্যরকম। মনে হয় সোফিয়া এসে প্রফেসর বিপদে পড়েছেন। অথচ আমি সোফিয়া আসছি জেনে তিনি একবারও বলেন নি যে এখানে আসবেন। ব্যাপারটা খুব গোলমেলে মনে হচ্ছে।’

‘আমার কাছে বেশি গোলমেলে মনে হচ্ছে না। প্রফেসর তোমাকে বলেছেন লওনে থাকেন। থাকতে পারেন, তবে অরিজিনালি তিনি বুলগেরিয়ান। সম্ভবত পালিয়ে গিয়েছেন এখান থেকে। আমার মনে হচ্ছে এখানকার সরকার বিরোধী আন্দোলনের সঙ্গে তাঁর সম্পর্ক আছে। এ আন্দোলনে অনেক প্রফেসরও আছেন। হয়তো তারাই প্রফেসর বরিসকে আসতে বলেছেন হতে পারে এমন কিছু তিনি জানেন— আন্দোলন যারা করছেন তাদের কাজে লাগবে, কিভকভের জন্য যা বিপদজনক হবে।’

নীলের কথা শুনে চমৎকৃত হলো রবিন। প্রফেসর বরিসও নীলকে বুদ্ধিমান বলেছেন। ও যে এতটা গভীর ভাবে ভাবতে পারে রবিন কল্পনা করে নি। বললো, ‘দাক্ষণ বলেছিস তুই। আমি তোর মত এতটা ভাবি নি।’

নীল লাজুক হাসলো— ‘এটা শুধু আমার ধারণা। ঘটনা অন্যরকমও হতে পারে। প্রফেসর কোন ক্রিমিনাল অংশের সঙ্গেও জড়িত হতে পারেন। আজকাল প্রচুর পুরোনো জিনিস এখান থেকে বাইরে পাচার হচ্ছে। এখানকার অনেক গীর্জায় এক দেড় হাজার বছরের পুরোনো সব আইকন আছে। তুরিও হচ্ছে প্রচুর। গতত মাসে একটা গ্যাং ধরা পড়েছে নকল আইকন বানিয়ে পুরোনো বলে বিত্তি করতে গিয়েছিলো। এসব বুলগেরিয়ান ভাষার প্রফেসররা আসেন কোনটা আসল সেটা বাছাই করার জন্য।’

রবিনের কপালে ভাঙ পড়লো— ‘নাহ তোর এ ব্যাখ্যাও ফেলে দেয়ার মত নয়।’

এই বলে কিছুক্ষণ চূপ থেকে ভাবলো। তারপর বললো, ‘প্রফেসর যদি স্বাগতার হন, তোর ধরকে সিক্রেট পুলিশের তো এভাবে ছেড়ে দেয়ার কথা নয়!’

‘হয়তো সন্দেহ করে ধরেছে, হাতে কোন প্রমাণ নেই, জেরা করতে চাইছে।’

রবিন হাল ছেড়ে দিলো—‘নারে, তোর মতো মাথা খাটাতে পারছি না। মনে হচ্ছে তোর দুটো ব্যাখ্যাই ঠিক। নীল হেসে বললো, ‘দুটো একসঙ্গে ঠিক হতে পারে না। জানতে হবে কোনটা ঠিক।’

‘কাল রাতেই জানতে পারবি।’

আমেরিকান এস্যাসিতে নামার আগে প্রফেসর বলেছিলেন, কাল সাতটায় ওঁর সঙ্গে ওরা যেন ডিনার করে।

কফি শেষ করে নীল বললো, ‘এখন কোথায় যাবে বলো। এগারোটা বাজে। আরও দুঁঘন্টা ঘুরতে পারি।’

নীলকে কফির বিল দিতে দেখে রবিন বললো, ‘কোথাও যাওয়ার আগে কিছু ডলার ভাঙ্গতে চাই। কাছে কোথায় মানি এক্সচেঞ্জ আছে সেখানে চল।’

‘মানি এক্সচেঞ্জে এক ডলার ভাঙ্গালে পুরো এক লেভাও পাবে না। তোবারককে দিও। ওর কিছু ভিয়েতনামী বঙ্গু আছে। ওরা ডলারের ব্যবসা করে। এক ডলারের বদলে তোমাকে সাত আট লেভাদেবে।’

‘বলিস কি। এ যে চোরাকারবারি। ভিয়েতনামীরা এসব নোংরা কাজ করে?’ একটি সমাজতান্ত্রিক দেশের নাগরিকদের এ ধরণের আচরণের কথা জেনে আহত বোধ করলো রবিন।

‘কাজটা বেআইনি হলেও ভিয়েতনামীরা খুবই ভালো মানুষ। ওরা প্রতিটি ডলার ওদের দেশে পাঠায়। বুলগেরিয়ান গভর্নেন্টও এটা জানে।’

‘তাহলে চল, এস্যাসিতে গিয়ে তোবারককে ধরি।’

‘অফিস টাইমে তোবারককে এসব কাজে পাবে না। এত ব্যস্ত হচ্ছে কেন? আজ আমার কাছ থেকে ধারই না হয় নাও। বুঝতে পেরেছি, ছোট বলে আমাকে খরচ করতে দেখে তোমার ইগোতে লাগছে।’

রবিন হেসে বললো, ‘নারে নীল। তোকে আমি সব সংয় আমার বঙ্গুর মত ভাবি, কখনো ছোট ভাবি না। অনেক জিনিস তুই আমার চেয়ে বেশি জানিস।’

রবিনের কথা ওনে নীলের বুকটা ফুলে উঠলো। ওর কঞ্জনার নায়ক যদি ওকে বঙ্গু ভাবে এর চেয়ে আনন্দের বিষয় আর কি হতে পারে। লাজুক হেসে বললো, চলো, তোমাকে এদের রেভল্যুশনের মিউজিয়ামটা দেখাই।’

‘এখান থেকে কত দূরে?’

‘বুলেভার্ড ক্লসকি, বেশি দূর নয়, হেঁটে যাওয়া যাবে।’

হাঁটতে রবিনের ভালো লাগে। তবে রাকৌকি স্ট্রিটের পাথর বাঁধানো মসৃণ রাস্তায় হাঁটতে গিয়ে দুঁবার হোঁচট খেলো। আক্ষরিক অর্থে নয়, চমকানোর মতো দৃশ্য দেখে। মিনিট পাঁচেক হাঁটার পর রাস্তার ধারে এক জীর্ণ পোষাকের মহিলাকে দেখলো ভিক্ষে করতে। রবিনের চেহারা দেখে মহিলা ভাবলো ধনী কোনও পর্যটক, কাছে এসে হাত

পেতে বললো, ‘ওয়ান ডলার প্লিজ।’ তারপর ইশারায় দেখালো খিদে পেয়েছে।

কোন কথা না বলে রবিন এক ডলারের নোট পকেট থেকে বের করে মহিলাকে দিলো। ডলার পেয়ে মহিলার বিষণ্ণ চেহারা উজ্জ্বল হয়ে উঠলো। মাথা ঝুকে অভিবাদন জানিয়ে উল্টো দিকে হাঁটা দিলো।

রবিন দুঃখভরা গলায় বললো, ধনীদের শহর রোমেও ভিখিরি দেখে আমি এত চমকাই নি। সোফিয়াতে মানুষ কেন ভিক্ষে করে?’

নীল বললো, ‘এ মহিলা সোফিয়ার নয়, জিপসী, বাইরে থেকে এসেছে। তবে বাবা বলেন, সমাজতান্ত্রিক দেশগুলোর কথা ছবিতে দেখে বইয়ে পড়ে যত সুন্দর মনে হয়, কাহে থেকে দেখলে, এদেশে থাকতে গেলে তত সুন্দর মনে হয় না।’

রবিন কোনও কথা না বলে চুপচাপ হাঁটতে লাগলো। কিছুদূর যাওয়ার পর এক গির্জার সিডিতে আরো একজন ভিখিরি দেখলো। বুড়ো, পরনের কাপড় তালিমারা, পায়ে শতচিন্ম জুতো। নীল বললো, ‘যতই বলো, আমাদের দেশের মত কোন দেশেই রাস্তায় ভিখিরি গিসগিস করে না।’

দেশের কথা মনে হতে রবিনের খারাপ লাগলো। নীলের কথার কোন জবাব দিলো না।

বুলগেরিয়ার বিপুরী আন্দোলনের জাদুঘর দেখতে গিয়ে রবিন কখনো উদ্দীপ্ত হলো, কখনো হতাশ হলো নিজেদের কথা ভেবে। নীলকে দুঃখ করে বললো, ‘এখনো মুক্তিযুক্তের একটা জাদুঘরও আমরা বানাতে পারি নি। আমাদের বয়সী বহু ছেলেই জানে না একান্তরের মুক্তিযুক্ত আসলে কী ছিলো।’

নীল বললো, ‘বাবা প্রায়ই দুঃখ করেন, মুক্তিযুক্তের সময় যারা আমাদের শক্র ছিলো, যারা লাখ লাখ মানুষ যেরেছে, তারাই নাকি এখন সব বড় বড় নেতা হয়ে বসেছে।’

‘আমার কি মনে হয় জানিস? একান্তরের চেয়ে অনেক বড় একটা মুক্তিযুদ্ধ এখনো আমাদের করা বাকি রয়েছে।’

জাদুঘর থেকে বেরিয়ে ওরা বাসে চেপে বাড়ি ফিরে এলো। একটু পরে বাবাও থেতে এলেন। খাবার টেবিলে নীল বললো, ‘বাবা, এখানকার পার্টির কারো সঙ্গে তোমার আলাপ আছে?’

‘আলাপ তো অনেকের সঙ্গে আছে।’ বাবা জানতে চাইলেন, ‘কেন?’

‘রবিনদা এখানকার অবস্থা বুঝতে চান। ওকে পার্টির কারো সঙ্গে কথা বলার ব্যবস্থা করে দাও।’

‘দেয়া যাবে। তবে পার্টির কারো সঙ্গে কথা বললেই যে রবিন সবকিছু বুঝবে তা তো মনে হয় না।’

‘অন্যদের সঙ্গে আমি আলাপ করিয়ে দেবো।’

যাওয়ার পর ছেলেদের ন্যাশনাল গ্যালারিতে নামিয়ে দিয়ে নীলের বাবা সোজা দৃতাবাসে গেলেন। নিজের কামরায় বসে নীলের কথা ভাবছিলেন। যতটা স্বাধীনতা দেয়ার সবটুকুই তিনি ওকে দিয়েছেন। আমেরিকান ক্লে পড়েও অন্য সব

কৃটনীতিকদের ছেলের মত হয় নি। ছুটির দিনে অন্য ছেলেরা যখন সুইমিং কিংবা রাইডিং-এ যায়, নীল সময় কাটায় লাইভেরিতে বসে বই পড়ে। কুলে কিছুটা খেলাধূলা করে বটে, তবু সেদিকে তেমন কোনও ঝৌক নেই। এখন আবার বস্তুর পাণ্ডায় পড়ে সিভিক মুভমেন্টের সঙ্গে জড়িয়েছে। ফরেন অফিস টের পেলে মোটেই খুশি হবে না। তবু নীলকে তিনি কথা দিয়েছেন ওদের সঙ্গে আলাপ করবেন।

ঠিক চারটায় ইন্টারকমে ইলিনা মিরকোভা বললো, ‘স্যার, আমি কি কিছুক্ষণের জন্য আপনার সঙ্গে কথা বলতে পারি?’

‘চারটায় একজন ব্যবসায়ীর সঙ্গে এ্যাপয়েন্টমেন্ট আছে।’

‘এই এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারেই আলাপ করবো।’

‘ঠিক আছে, কফি নিয়ে চলে এসো।’

পাঁচ মিনিট পর ট্রেতে করে দু’ কাপ কফি নিয়ে নীলের বাবার ঘরে ঢুকলো ইলিনা। কফির পেয়ালা এগিয়ে দিয়ে বিশ্বত গলায় বললো, স্যার, আমিই সেই ব্যবসায়ী।’

‘তার মানে?’

‘একজন ব্যবসায়ী আপনার সঙ্গে কথা বলতে চেয়েছিলো। আপনি আজ বিকেলে তাকে সময় দিয়েছেন।’

‘তুমি কেন সেই ব্যবসায়ী হতে যাবে?’

‘আমি ব্যবসায়ী নই। সিভিক মুভমেন্টের একজন। আপনি বলেছিলেন ব্যবসায়ীর পরিচয়ে আপনার সঙ্গে দেখা করতে।’

‘তুমি কিভাবে জানলে?’

‘আপনার সঙ্গে আমাকে কথা বলতে পাঠিয়েছেন লিলিয়া গিয়ার্গিয়েভা। নীলের বস্তু রিস্টোর মা।’

‘তাই বলো।’ হাঁপ ছাড়লেন রাষ্ট্রদূত। বললেন, ‘আমি সন্দেহ করতাম তোমাদের কেউ বুঝি বিভক্তের উপর পুলিশের গোয়েন্দা। এখানে যে সিভিক মুভমেন্টের কেউ থাকবে কখনো ভাবি নি।’

‘গোয়েন্দা বিভাগের লোকও আছে। রিসেপশনিস্ট সম্পর্কে সতর্ক থাকবেন। বেশির ভাগ দৃতাবাসের রিসেপশনিস্টেরাই গোয়েন্দা বিভাগের। কারা যাওয়া আসা করে তার হিসেব রাখে।’

‘ওকে আগামী মাসেই বিদায় করবো।’

ইলিনা মৃদু হেসে বললো, ‘জানার পর বিদায় করাই উচিত। তবে নতুন যে আসবে— সেও যে একই পদের হবে না, তার কোনও নিশ্চয়তা নেই।’

‘পরে দেখা যাবে। এখন বলো, দেখা করতে চেয়েছিলে কেন? তোমার জানা থাকার কথা আমরা কী করতে পারি।’

‘আপনি কি আমাদের ফ্যাক্স মেশিন ব্যবহারের সুযোগ দিতে পারেন?’

‘অফিসিয়ালি অবশ্যই না। কেউ যদি লুকিয়ে ব্যবহার করে সেটা আমি জানবো কি ভাবে?’

‘বুঝেছি।’ মান হেসে ইলিনা বললো, ‘মাঝে মাঝে দেরিতে বাড়ি ফিরি। আমি

যতক্ষণ অফিস ছেড়ে না যাই ততক্ষণ রিসেপশনিট বসে থাকে।'

'তাহলে তো এখানে তোমার পক্ষে কাজ করা খুবই বিপদজনক। তুমি আমেরিকান এস্যাসিতে কাউন্সিলার উইলিয়ামের সঙ্গে কথা বলো। ও তোমাকে ফ্যাক্স, টেলিফোন সবই ব্যবহার করতে দেবে।'

'তিনি যে দেবেন— আপনি কি ঠিক জানেন?'

'না জানলে তোমাকে বলবো কেন?'

'আমি কি তাঁকে আপনার নাম বলবো?'

'না। একজন কূটনীতিক হিসেবে আমি ওকে তোমাদের ব্যাপারে কিছু বলতে পারি না। সেটা আমার দায়িত্বের মধ্যেও পড়ে না।'

'আমি দৃঢ়থিত।'

'তোমাকে আমি একটা ব্যাপারে অনুরোধ করতে চাই।'

'নিশ্চয়ই। বলুন কি করতে পারি?'

'রিস্টোর মাকে বলবে, নীলকে যেন এসব কাজে না জড়ায়। আমার হেলে হিসেবে কিছি একজন বিদেশী হিসেবেও এসব কাজে নীলের জড়ানো উচিত নয়।'

'ঠিক আছে বলবো। তবে নীল খন্দে নিশ্চয় মনকুণ্ঠ হবে।'

'হয়তো হবে। ওকে যা বলার আমিই বুঝিয়ে বলবো। তোমরা দয়া করে ওকে এড়িয়ে যেও, বিশেষ কোনও দায়িত্ব দিও না।'

'লিলিয়া গিয়ার্জিয়েভাকে আপনার কথা বলবো।'

'ধন্যবাদ ইলিনা।'

নীলের বাবার জানার ইচ্ছা ছিলো সিটিয়েন কমিটির কাজকর্ম সম্পর্কে। ইলিনাকে আগ্রহ দেখালেন না, পাছে ও কোন বিশেষ ধরনের সুবিধা চেয়ে বসে।

গ্যালারি দেখা শেষ করে রবিনকে নিয়ে নীল বেরিয়েছিলো শহরে ঘুরে বেড়াতে। রবিনের ভালো সাগলো সারা শহরে ছড়িয়ে থাকা ছেট বড় নানা ধরনের পার্কগুলো। মজা পেলো সিরুথ সেপ্টেম্বর পার্কে ছবি আঁকিয়েদের বাজারে। নানা বয়সী শিল্পী নিজেদের শিল্পকর্ম সাজিয়ে বসেছে বিক্রির জন্য। বেশির ভাগ শিল্পীই তরুণ, তাপ্তিমারা জিন্স-এর প্যান্ট আর জ্যাকেট পরা, রাগী প্রতিবাদী চেহারা, তরুণীও আছে কয়েকজন। ছবির দাম খুবই সন্তা কিন্তু ক্রেতা নেই তেমন। দু'একটা যা কিনছে বিদেশী পর্যটকরা। একজন মাঝবয়সী মহিলার চারপাশে ভিড় জমেছে। পোট্রেট আঁকছেন তিনি, মাথা পিছু দশ লেভ। ডলারের আনঅফিসিয়াল রেট-এ চল্লিশ টাকার মত। 'দেড়শ' দুশ' লেভায় বিক্রি হচ্ছে চমৎকার সব তেল রঙের ছবি। ওর কাছে মজা সাগছিলো পোট্রেট আঁকিয়ে মহিলাকে। কি দ্রুতই না আঁকতে পারেন। প্রথমে পেলিজে ড্রেইট বের করে নিয়ে রঙ চাপাচ্ছেন। অয়েল প্যাস্টেলেই বেশি আঁকছেন, অনুরোধ করলে শয়াটার কালারও আঁকছেন।

রবিন যখন তন্ময় হয়ে পোট্রেট আঁকা দেখছিলো তখন অন্ত দূরে নীলের সঙ্গে বলছিলেন এক বুড়ো।

নীল খুব অবাক হয়ে গেলো যখন অচেনা বুড়ো যেচে এসে নিচু গলায় ওকে

বললেন, 'তোমার সঙ্গে দু' মিনিট কথা বলতে চাই। লাইম গাছের নিচে এসো।'

'এক মিনিট।' বলে নীল রবিনের কাছে এসে বললো, 'তুমি এখানে থাকো। আমি একটু টয়লেট সেরে আসি।'

রবিন সায় জানাতেই ও বুড়োকে এসে বললো, 'চলুন।'

খানিকটা ঘাসজমি পেরিয়ে পুরোনো একটা লাইম গাছ, লোকজন কেউ নেই সেখানে। নীল কিছুটা অবাক হয়ে বুড়োর সঙ্গে হাঁটলো, দু' বার পেছনে তাকিয়ে রবিনকে দেখলো।

গাছের নিচে রুম্মাল পেতে বসলেন বুড়ো। নীলকেও বসতে হলো তাঁর পাশে, রবিনের দিকে চোখ রেখে বুড়ো বললেন, 'তোমাকে আমি অনেকক্ষণ ধরে অনুসরণ করছি দুটো কথা বলবো বলে। আমার নাম ইভান ইভানভ, রিস্টোর দাদু হই আমি। ওর মা লিলিয়া আমার ভাইঝি।'

নীল বুড়োর সঙ্গে হাত মিলিয়ে বললো, 'আপনার সঙ্গে পরিচিতি হয়ে আনন্দিত হলাম ইভান ইভানভ। আপনি কি রিস্টোর কোনও খবর এনেছেন?'

'ঠিক ধরেছো বাছা।' মুচকি হাসলেন রিস্টোর দাদু। 'রিস্টো তোমাকে দেখা করতে বলেছে।'

'কখন, কোথায়?' ব্যস্ত গলায় জানতে চাইলো নীল।

'কাল সকালে যেতে পারো। বয়ানায় আমার এক ভাইপো আছে, রিস্টোর মামা হয়, ওর বাড়িতেই আছে।' এই বলে বুড়ো ইভানভ ওর হাতে ছোট একটা চিরকুট শুঁজে দিলেন— 'রিস্টো চিঠি দিয়েছে তোমাকে, পকেটে রেখে দাও। বাড়িতে গিয়ে পড়বে। কথাটা গোপন রেখো। যাবে খুব সাবধানে। পেছনে যেন ফেউ না লাগে।'

'ঠিক আছে।' দু' পাশে মাথা নেড়ে সায় জানালো নীল। তখনই নজর পড়লো রবিনের ওপর— ওকে খুঁজছে। উঠে দাঁড়িয়ে নীল বললো, 'আমার ভাই খুঁজছে আমাকে। রিস্টোকে বলবেন কাল নিশ্চয়ই যাবো।'

বুড়ো মৃদু হেসে বললেন, 'বেঁচে থাকো বাছা! ইশ্বর তোমার মঙ্গল করুন।'

নীল কাছে আসতেই রবিন উচ্ছ্বসিত হয়ে বললো, 'কী দারুণ পোত্তেট আঁকে, দেখেছিস?'

নীল হেসে বললো, 'তোমার একটা আঁকাবে নাকি। যে রকম হিরোর মত চেহারা তোমার, দেখ না পাঁচ লেভাতেই এঁকে দেবে।'

'ধ্যাত, কি যে বলিস!'

'তুমি তো রীনের ঘরে যাও নি। ওর একটা সুন্দর পোত্তেট এঁকে দিয়েছেন এই মহিলা। ঠাণ্টা নয় রবিনদা, ইচ্ছে করলে তোমার একখানা করিয়ে নাও।'

ইচ্ছা থাকা সত্ত্বেও রবিন বললো, 'আরে না আমি পোত্তেট আঁকিয়ে কি করবো?'

'কেন, তোমার বাক্সবীকে উপহার দেবে!'

'দেবো এক থাপ্পড়, বেআদব ছেলে। বড়দের সঙ্গে বুঝি এভাবে কথা বলে!' হাসি চেপে গঞ্জির হওয়ার ভাল করলো রবিন।

নীল নিরীহ গলায় বললো, 'বারে আজই তো তুমি বললে, আমাকে ছেট ভাবো না,

সব সময় বক্তুর মতো ভাবো।'

রবিন এবার হেসে ফেললো—‘ঠিক আছে, বক্তু। তোমার অবগতির জন্য জানাচ্ছি ঢাকায় আমার অন্তত এক ডজন বাস্কুলী আছে। তাদের সবার জন্য পোট্রেটের পেছনে একশ বিশ লেভা থরচ করতে আমি রাজী নই।’

‘তা কেন করবে।’ আগের মতো নিরীহ গলায় নীল বললো, ‘আসল বাস্কুলীকে অরিজিনালটা দিও, বাকিদের ফটোকপি করে দিও।’

নীলের কথার ধরন দেখে হাসতে গিয়ে বিষম খেলো রবিন—‘কে যে আসল আমি নিজেই জানি না।’

ছোট একটা দীর্ঘশ্বাস ফেলে নীল বললো, ‘তাহলে থাক।’

পার্কের এক কোণে কফি কর্ণার। লাইন দিয়ে কফি কিনতে হয়। নীল লাইনে দাঁড়িয়ে পাঁচ মিনিট পর দুটো কাগজের গ্লাসে কফি আনলো। লাল উইলো গাছের নিচে বসে দু'জনে আরাম করে কফি খেলো। তারপর অনেকটা পথ হেঁটে সঙ্ক্ষার সময় বাড়ি ফিরলো। তোবারক বাইরের গেট-এর পাশে দাঁড়িয়ে সিগারেট টানছিলো। নীল বললো, ‘বাবা এসে গেছেন।’

ওরা কাছে আসতেই তোবারক হাত পেছনে নিয়ে সিগারেট লুকিয়ে বিব্রত হেসে বললো, ‘রবিন তাই বুঝি শহরে বেড়াতে গেছিলেন?’

রবিন হেসে সায় জানালো। নীল বললো, ‘রবিনদা আমার বক্তু। ওর সামনে তুমি সিগারেট খেতে পারো তোবারক ভাই।’

রবিনও ব্যস্ত হয়ে বললো, ‘আপনিও আমাকে বক্তু ভাবতে পারেন। সিগারেট খাবেন এতে লজ্জার কি আছে।’

তোবারক লাজুক হেসে পেছনে লুকানো হাত সামনে আনলো—‘স্যারে ফছন্দ করে না, সেই জন্য লুকাই খাই।’ এই বলে পকেট থেকে সিগারেটের প্যাকেট বের করে রবিনকে অফার করলো—‘বুলগেরিয়ান সিগারেট, টেষ্ট করি দেখতে ফারেন।’

রবিন প্যাকেট থেকে একটা সিগারেট বের করে বললো, ‘আমার অভ্যাস নেই, বক্তুদের পান্ত্রায় পড়ে মাঝে মাঝে এক আধটু টানি।’

তোবারক লাইটার বের করে রবিনের সিগারেটে আগুন ধরিয়ে দিলো। রবিনকে প্রথম সিগারেট টানতে দেখলো নীল। এক টান দিয়েই কেশে ফেললো রবিন। তোবারক অপ্রস্তুত হয়ে বললো, ‘এদেশী সিগারেট একটু বেশি কড়া।’

রবিন আরেকবার টেনে ওটা তোবারককে দিয়ে দিলো—‘তুমই খাও তোবারক। এত কড়া আমার পোষাবে না।’

নীল তোবারককে জিজ্ঞেস করলো—‘তুমি কি কোথাও বেরবে?’

‘না, কোনও কাজ আছে?’

‘আমরা ব্যাডমিন্টন খেলবো। কোট রেজি করো।’

একগাল হেসে তোবারক বললো, ‘ঠিক আছে নীল বাই।’

চায়ের টেবিলে বাবা রবিনকে বললেন, ‘কাল সাড়ে নটায় তোর গ্যাপয়েন্টমেন্ট আছে পার্টির একজন সেন্ট্রাল কমিটির মেম্বারের সঙ্গে। বারোটায় আমি এদের একটা

কেমিক্যাল প্র্যাস্ট দেখতে যাবো । ইচ্ছে করলে আমার সঙ্গে যেতে পারিস ।'

'নিশ্চয়ই যাবো ।' রবিন উচ্ছসিত হয়ে বললো, 'নীল যাবি তো ?'

নীল একটু হেসে বললো, 'না রবিনদা । পলিটিঞ্চ-এর কচকচানি আমার ভালো লাগে না । সকালে আমি আমার এক বক্সুর বাড়িতে বেড়াতে যাবো ।'

চা শেষ করে রবিন ওপরে গেলো কাপড় বদলাতে । নীলের ব্যাডমিন্টন খেলার আইডিয়াটা ওর পছন্দ হয়েছে । রীনও চলে গেলো ওর ঘরে । মা বললেন, 'রবিনের জন্য আজ ফুলকপির রোস্ট করবো । পোলিশ এ্যাথাসাডরের গিন্নির কাছে সেদিন শিখেছি ।'

নীল নিরীহ গলায় জানতে চাইলো, 'থাওয়া যাবে তো মা ।'

মা হেসে বললেন, 'তোকে কে সেখেছে খেতে ?'

বাবা নীলকে বললেন, 'তোর মা মাঝে মাঝে আমাদের গিনিপিগ বানাতে পছন্দ করেন ।'

'আমার তো আর কাজ নেই !' বলে হাসতে হাসতে মা রান্নাঘরের দিকে গেলেন ।

বাবা নীলকে একা পেয়ে বললেন, 'তোর বক্সুর মা আমার সঙ্গে কথা বলার জন্য কাকে পাঠিয়েছে বলতো ?'

'আমি কী করে জানবো ?' অবাক হয়ে বললো নীল ।

'অনুমান করতে পারিস ?'

'রিষ্টোর বাবাকে ? না, না, ওর ওপর তো হলিয়া—' নীল ভেবে পেলো না কে হতে পারে ।

বাবা খেমে খেমে বললেন, 'আমাদের অফিসের ইলিনা মিরকোভাকে ।'

'বলো কি বাবা !'

'হ্যাঁ, তাই । আমিও খুব অবাক হয়েছিলাম । পরে রিষ্টোর মার নাম বললো—তবেই না বিশ্বাস করলাম ।

'ঠিকই আছে বাবা । সেদিন ওকে জিজ্ঞেসও করেছিলাম । বললো সিটিয়েন কমিউনি সাপোর্টার । ও এত এ্যাকটিভ ওয়ার্কার তখন বুঝি নি । কী বললো তোমাকে ?'

ইলিনার সঙ্গে সাহায্যের বিষয়ে যেসব কথা হয়েছে সবই নীলকে বললেন ওর বাবা । শুধু নীলের ব্যাপারে যে কথা হয়েছে সেটা বললেন না । ভাবলেন, পরে এক সময় বুঝিয়ে বলবেন ।

ব্যাডমিন্টন খেলার জন্য তৈরি হয়ে নিচে নামলো রবিন আর রীন । ততক্ষণে রাত হয়ে গেছে । ব্যাডমিন্টন কোর্টে আলো জ্বালিয়ে নেট ঝুলিয়ে তোবারক তৈরি । নীল—তোবারক আর রবিন-রীন পার্টনার হয়ে তিন গেম খেললো । প্রথম দুটো জিতলো নীলরা, পরেরটা রবিনরা । তিন গেম খেলেই ক্লান্স হয়ে পড়লো রবিন ।

সবাই মিলে চেষ্টনাট গাছের নিচে পাথরের বেঝে বসলো । তোবারক দাক্ষণ হাসাতে পারে । বুলগেরিয়ান জোক বলে রবিনের পেটে খিল ধরিয়ে দিলো । জোক তনে নীল আর রীনও হাসলো, যদিও অনেকগুলো ওদের জানা ছিলো ।

রাত হওয়ার পর সবাই মিলে রিডিং রুমে বসে অনেকক্ষণ গল্প করলো । তোবারকের সেদিনও বাড়ি যাওয়া হয় নি । ওকে থাকতে না বললে কখনো থাকে না ।

তবে এখানে থাকাটা বলা বাহ্যিক খুবই আনন্দের ব্যাপার। বিশেষ করে বেগম সাহেবের রান্না একদিন খেলে সাতদিন জিভে স্বাদ লেগে থাকে। নইলে বাড়ি গিয়ে তো জোটে কড়কড়ে ঠাণ্ডা ভাত আর বাঁধা কপি দিয়ে মাংশ রান্না। ডেসপাচ ফ্লার্ক নইমউন্দিনের প্রায় অসুস্থ থাকা গিন্নি একপদের বেশি দু'পদ কখনো রাঁধে না।

চাকা থেকে রবিন যে সব উপহার এনেছে কাল বের করে নি। খাওয়ার পর এক ফাঁকে উঠে গিয়ে সেগুলো স্যুটকেস থেকে বের করে আনলো। উপহার পেয়ে সবাই দারুণ খুশি। নীলের মার জন্য এনেছে জামদানি শাড়ি, বাবার জন্য এনেছে গরদের পাঞ্জাবী, নীলের জন্য জিনস-এর প্যান্ট আর শার্ট, ও আগেই চিঠিতে লিখেছিলো পাঠাতে। রীনের জন্য সালোয়ার কামিজ, সঙ্গে রোম থেকে আনা স্যুভেনির। এ ছাড়া মুসুরির ডাল এনেছে দু'কেজি আর চানাচুর এক কেজি। নীলের মা দামী জামদানি শাড়ির চেয়ে বেশি খুশি হলেন ডাল আর চানাচুর পেয়ে। বললেন, ‘ভাইয়ার কাও দেখ। কবে বলেছিলাম এখানে ডাল পাওয়া যায় না, মনে করে ঠিক পাঠিয়ে দিয়েছেন।’

রীন বললো, ‘তোমার জামদানি শাড়িটা কী চমৎকার হয়েছে মা! বিজয় দিবসের অনুষ্ঠানে তুমি এটাই পরবে। রবিনদা তুমি কিন্তু আমাদের বিজয় দিবসের অনুষ্ঠান দেখে যাবে।’

রবিন আঁতকে উঠলো—‘পাগল হয়েছিস! বাবা তুলে হার্টফেল করবেন।’

মা বললেন, ‘কী ভালোই না হতো ভাইয়াও যদি আসতেন।’

রবিন ওর বাবাকে আনার জন্য রোম থেকে সোফিয়া আসার পথে মনে মনে একটা প্ল্যান গঠিলো। সে কথা এখন আর কাউকে বললো না।



## রিষ্টো আর নীলের বিপদ

পরদিন বেলা দশটার দিকে বয়ানা এসে বাস থেকে নামলো নীল। রিষ্টোর দাদু ইভান ইভানভের কথা মত সারাটা পথ সতর্ক ছিলো। বাস থেকে নেমে আমের পথে যেতে যেতে কয়েকবার লক্ষ্য করলো— না, কেউ অনুসরণ করে নি। মাকে বলে এসেছে রিষ্টোদের আমের বাড়ি যাচ্ছে, কিরতে সক্ষ্য হবে। রবিনেরও আজ সারাদিনই প্রোগ্রাম। নীল ঠিক করেছে রিষ্টোর সঙ্গে আজ লস্বা সময় কাটাবে।

হেমন্তের এই সময়টায় প্রায় প্রতি বছরই ঝড় বৃষ্টি হয়। বলকানের বুড়োরা বলে শীতবৃষ্টি। বৃষ্টির পরই হাড় ফুটো করা শীত নামে। ডিসেম্বরের মাঝামাঝি বরফ পড়া

তুকু হয়, শীতের হৃষি বাতাস তখন থাকে না। প্রথমে আল্লস-এর মাথায় বরফ জমে, তারপর নীচে নামতে থাকে। এক রাতে তুষার বড়ের পর সব কিছু সাদা তুলোর মত বরফে ঢাকা পড়ে যায়। এ সময়টা নীলদের খুব ভালো লাগে। বুড়োরা বলে তুষার না পড়লে বড়দিনের পুরো আনন্দই মাটি।

রিষ্টো বলেছিলো জাদুঘরের পাশে যে কফিশপ আছে সেখানকার বুড়ো ওয়েটার আন্তনকে বললে ও জায়গামত পৌছে দেবে। নীল গিয়ে দেখলো আন্তন ওরই জন্যে অপেক্ষা করছে। নীল কাছে যেতেই একগাল হেসে আন্তন বুড়ো বললেন, ‘তুমি তাহলে আমাদের রিষ্টোর বন্ধু! ঠিক চিনেছি কিনা বলো তো বাছা নীল।’

নীল হেসে বললো, ‘আমার নামও জানেন দেখছি আন্তন আন্তনভ।’

খল খল করে হেসে বুড়ো বললেন, ‘তুমি আমার নাম জানবে, আমি তোমার নাম জানবো না, তা কি কখনো হয়! এখন আর কফি খেতে বলবো না, এমনিতে দেরি হয়ে গেছে। রিষ্টো বলেছিলো নটা সাড়ে নটার মধ্যে এসে পড়বে।’ এই বলে উঠে দাঁড়ালেন আন্তন আন্তনভ।

বুড়োর সঙ্গে হাঁটতে হাঁটতে নীল বললো, ‘বাসের জন্য দেরি হয়েছে। পথে চেকপোষ বসিয়েছে। সব বুলগেরিয়ানদের জেরা করছে, ব্যাগ, সুটকেস খুলে দেখছে।’

‘যত সব নোংরা শয়তানের দল। বেশি আর চোটপাট করতে হবে না। দিন ঘনিয়ে এসেছে।’ গজ গজ করতে করতে বললেন বুড়ো।

রিষ্টোর মামাবাড়ি পৌছতে পনেরো মিনিট লাগলো। সারাটা পথ আন্তন আপন মনে প্রেসিডেন্ট বিভক্তকে গাল দিতে দিতে এসেছেন। মাঝখানে বুড়ো বোধহয় দম নেয়ার জন্য থেমেছিলেন— সেই ফাঁকে নীল শুধু বলেছিলো, ‘বিভক্ত কি আগনাদের ভালোর জন্য কিছুই করে নি?’ ব্যস তারপর যেন আগ্নেয়গিরির অগুৎপাত ঘটলো— ‘শহরে বড়লোকদের ভেতর থাকো তো, দেশের খবর কিছু জানো না— ’

নীলের অত খবরের দরকারও ছিলো না। জায়গা মত এসে হাঁফ ছেড়ে বাঁচলো। রিষ্টো দরজার কাছে দাঁড়িয়েছিলো নীলের অপেক্ষায়। দেখা হতেই ছুটে এসে দুই বন্ধু কোলাকুলি করলো। রিষ্টো অবশ্য বলকানিদের কায়দায় নীলের গালে চুমোও খেলো, যা এখনো রঞ্জ করতে পারে নি নীল।

আন্তন বললেন, ‘আমার ডিউটি শেষ। চললাম বাছারা, প্রাণভরে গল্প করো।’

নীল বললো, ‘আপনাকে অনেক ধন্যবাদ আন্তন আন্তনভ।’

‘ইশ্বর তোমার মঙ্গল করুন।’ বলে চলে গেলেন অমায়িক বুড়ো। রিষ্টো হেসে বললো, ‘কথা একটু বেশি বলে আন্তন দাদু, এমনিতে লোক খুব ভালো।’

‘তোর ইভান দাদুও খুব ভালো। দেখা হয়েছে কাল সকাল্যায়।’

‘দাদু এখানেই আছে। ভেতরে চল, মাও এসেছেন আজ সকালে।’

পুরোনো আমলের ছোট পাথরের বাড়ি রিষ্টোর মামাদের। ছোট ছোট জানালা, দেয়ালগুলো সব পাথরের, ছাদে লাল টালির ছাউনি। বাড়ির আঙ্গনাতেও পাথর বসানো।

ভেতরে যেতেই নীলকে দেখে ছুটে বেরিয়ে এলেন রিষ্টোর মা। বললেন, ‘আমি খুব

খুশি হয়েছি তুমি এসেছো! পথে আশা করি কেউ তোমাকে লক্ষ্য করে নি?’

‘না আচ্ছি। আমি খুব সতর্ক ছিলাম।’ একটু বিব্রত হেসে জবাব দিলো নীল। ‘গতবার এরকম সতর্ক থাকলে গোয়েন্দা অনুসরণ করতে পারতো না।’

‘তোমরা ভেতরে গিয়ে বস। আমি তোমাদের জন্য কফি বানিয়ে আনছি।’ এই বলে রিস্টোর মা রান্নাঘরের দিকে গেলেন। আঙিনার এক পাশে রান্নাঘর। বলকান অঞ্চলের এ ধরনের ঘরবাড়ি নীলের খুব ভালো লাগে। ঘরের ভেতরটা ভারি আরামের। গরমের সময় ঠাণ্ডা আর শীতের সময় গরম থাকে।

দু'টো ঘর পেরিয়ে রিস্টো ওকে ভেতরের এক কামরায় নিয়ে গেলো। একপাশের ছোট জানালা দিয়ে আসা হলদে রোদের টুকরো কাঠের মেঝের ওপর ছোট এক আয়তক্ষেত্র ঢঁকেছে। আরেক পাশের দেয়াল ঘেঁষে কাঠের ওপর জাজিম পেতে শোয়া বসার জায়গা করা হয়েছে। জাজিমের ওপর পাতা চাদরে নানা রঙের কাপড়ের টুকরো বসিয়ে নকশা করা। রিস্টো আর নীল সেই জাজিমে গিয়ে বসলো। ঘরের ভেতরের ভারি কাঠের দরজা জানালা আর পুরোনো দিনের নকশা আৰু দেখে নীলের মনে হলো এ বাড়ির বয়স একশ বছরের কম হবে না।

রিস্টো বললো, ‘তনেছিস তো কি রুকম আমেলায় পড়ে গেছি।’

‘তনেছি।’ দু’ পাশে মাথা নেড়ে সায় জানালো নীল। ‘তবে বাবার কাছে যতটা সাহায্য পাবি ভাবছিস সরাসরি ততটা পাওয়া কঠিন হবে। তোর বাবার খবর কি, কেমন আছেন?’

রিস্টোর মা লিলিয়া গিয়র্গিয়েভা বড় ট্রেতে দু’ কাপ কফি আর বাটিতে আলুর পিঠে ভেজে এনেছেন। কালো ফুলতোলা গাউনের উপর সাদা লেস বসানো এ্যাথ্রন পরা অবস্থায় তাঁকে মনে হচ্ছিলো অতিব্যস্ত এক গৃহিনী। ছোট বাটিতে নীলকে পিঠা তুলে দিয়ে বললেন, ‘তাড়াহড়ো করে বানিয়েছি, ভালো হয় নি।’

এক কামড় পিঠা মুখে ফেলে নীল বললো, ‘আপনার রান্নার প্রশংসা আপনাকে সরাসরি না বললেও মাকে বহুবার বলেছি।’

মৃদু হেসে গিয়র্গিয়েভা বললেন, ‘তোমার মা’র সঙে ফোনে মাঝে মাঝে কথা হয়। তিনি বলেছেন।’

নীল প্রসঙ্গ পাল্টে বললো, ‘কাল আপনার পাঠানো লোককে দেখে বাবা ভারি অবাক হয়েছেন।’

‘তোমার বাবা কিভাবে দেখলেন তাকে?’

‘বাবা তো তাঁকে রোজই দেখেছেন। অবশ্য আপনাদের লোক হিসেবে কালই প্রথম জানলেন।’

নীলের কথা শনে লিলিয়া গিয়র্গিয়েভার কপালে ভাঁজ পড়লো— তুমি কার কথা বলছো বাছা?’

‘কেন, ইলিনা মিরকোভা! আপনিই তো পাঠিয়েছিলেন তাকে বাবার সঙে কথা বলার জন্য।’

‘ইলিনা মিরকোভা?’ ভাঙা গলায় বললেন গিয়র্গিয়েভা— ‘সে কে? আমি কেন

তাকে পাঠাবো তোমার বাবার কাছে?’

নীল বুঝলো ভীষণ এক গোলমাল হয়ে গেছে। অবাক হয়ে বললো, ‘কাল চারটায় না বাবার সঙ্গে আপনার লোকের দেখা করার কথা ছিলো? আপনাকে আমি টেলিফোনে বলি নি?’

‘তা তো বলেছো। আমি পাঠিয়েছিলাম ভাসিল কিরকভকে। ও এসে বললো তোমার বাবার নাকি অন্য কি এক জরুরি প্রোগ্রাম আছে। ভাসিলকে আগামীকাল বিকেলে চারটায় যেতে বলেছেন।’

‘কে বলেছে এসব কথা?’

‘কে আর বলবে! তোমার বাবার সেক্রেটারি মেয়েটি বলেছে।’

‘কী সর্বনাশ!’ নীলের চেহারা ফ্যাকাশে হয়ে গেলো— ‘ইলিনা মিরকোভা নিশ্চয়ই উষ্ণ পুলিশের চর হবে। ও বাবাকে বলেছে ওকেই নাকি আপনারা বাবার কাছে পাঠিয়েছেন কথা বলার জন্য।’

‘আমার মাথায় কিছু ঢুকছে না।’ অসহায় গলায় বললেন গিয়ার্গিয়েভা— ‘দয়া করে খুলে বলো বাছা শয়তান মেয়েটার সঙ্গে তোমার বাবার কি কি কথা হয়েছে।’

বাবা যেভাবে ওকে বলেছিলেন সব কথা গিয়ার্গিয়েভাকে বললো নীল। রিষ্টো এতক্ষণ চুপচাপ বসে নীল আর ওর মার কথা শনছিলো। উৎকঠিত গলায় বললো, ‘মা, নীলের কথা শনে মনে হচ্ছে ওর বাবাকে উষ্ণ পুলিশ বিপদে ফেলতে চাইছে। ওঁকে এক্সুপি সাবধান করে দেয়া দরকার।’

চিন্তিত গলায় গিয়ার্গিয়েভা বললেন, ‘সাবধান নিশ্চয় করা দরকার। তবে নীলের কথা শনে কিছুটা ভরসাও পাচ্ছি। ওর বাবা খুবই বৃদ্ধিমানের মত কথা বলেছেন। ডাইনি শয়তানটাকে এমন কোন কথা বলেন নি, যাতে করে ওর বিপদ হতে পারে। তিনি বৃদ্ধি করে ওকে কাটিয়ে দিয়েছেন ওর আসল পরিচয় না জেনেই।’

‘কিন্তু মা, উষ্ণ পুলিশ জানলো কি করে তোমার লোক চারটায় ওর বাবার সঙ্গে দেখা করবে?’

‘নিশ্চয়ই টেলিফোনে আড়ি পেতে শনেছে।’

নীল বললো, ‘আপনি ভালো করে মনে করুন আন্টি, আপনাকে আমি এমন কোনও কথা কি বলেছি, যাতে মনে হতে পারে চারটায় বাবার সঙ্গেই এ্যাপয়েন্টমেন্ট! পষ্ট মনে আছে আমি বলেছিলাম কাল বিকেল চারটায় একজন ব্যবসায়ী দেখা করতে পারেন। কার সঙ্গে কে দেখা করবে এ কথা থেকে কিছু বোঝা যায় না। আপনি কে সে পরিচয় আপনি টেলিফোনে দেন নি।’

‘অনুমান করতে পারে। আমার গলা শনে হয়তো চিনেছে।’

নীল একটু ইতস্তত করে বললো, ‘এমন কি হতে পারে না, আপনাদের নিজেদের ভেতরই উষ্ণ পুলিশের কোন চর আছে? আপনি কিছু মনে করবেন না আন্টি, আমি শুধু আমার সন্দেহের কথা বলছি।’

শুকনো গলায় গিয়ার্গিয়েভা বললেন, ‘বুঝতে পারছি। কিন্তু আমরা সবাই দীর্ঘ দিনের পরিচিত। আমাদের ভেতর শক্রপক্ষের গোয়েন্দা আসবে কী ভাবে?’

‘অসম নয় মা।’ বলে রিষ্টো মাকে কী যেন বলতে যাচ্ছিলো— সম্ভবত নীলের কথা ভেবে বললো না।

তোবারকের কথা মনে পড়লো নীলের। তোবারক বলেছিলো ইলিনা নাকি প্রায় খোঁজ খবর নেয় ওর বাবার কাছে কারা আসে। তখনই নীলের সন্দেহ হয়েছিলো ইলিনা গুণ্ঠচর নয়তো! বাবাকে বলতে গিয়েও বলে নি, পাছে তিনি ছেলেমানুষি ভাবেন।

প্রফেসর বরিসের কথা মনে পড়লো নীলের। গিয়র্গিয়েভাকে বললো, ‘আপনি কি প্রফেসর বরিসকে চেনেন?’

‘কে প্রফেসর বরিস?’

‘লওনে বাড়ি। রোম থেকে সোফিয়া এসেছেন। কাল সকালে ভিতুশা পাহাড়ে দেখা হয়েছিলো। মনে হলো গোয়েন্দা পুলিশের পাল্টায় পড়েছেন। আমার ভাই রবিন আর আমি ওঁকে উদ্ধার করে ট্যাঙ্কিতে তুলে দিয়েছি।’

নীলের কথা শুনে গিয়র্গিয়েভা অবাক হলেন প্রথমে। তারপর হেসে বললেন, ‘বুঝেছি। তুমি আমার মামার কথা বলছো। তিনি দিন হলো তিনি সোফিয়া এসেছেন। আমরাই তাঁকে আসতে বলেছিলাম। কাল রাতে ফোনে বললেন, সকালে ভীষণ বিপদে পড়েছিলেন, দুটো বিদেশী ছেলের কানগে প্রাণে বেঁচে গেছেন। তোমরাই তাহলে সেই বিদেশী ছেলে?’

‘ওঁকে ওরা ধরে নিয়ে যেতে চেয়েছিলো। আপনি তো ভালোভাবেই জানেন শুণ পুলিশ যাদের একবার নেয় তারা আর ফেরে না। তিনি কি আপনাদের আন্দোলনের সঙ্গে জড়িত?’

‘তোমরা যা করেছো এর জন্য কী বলে যে ধন্যবাদ জানাবো কথা খুঁজে পাচ্ছি না। ঈশ্বর তোমাদের মঙ্গল করুন। মামা ছিলেন ঝিডকভের সামরিক উপদেষ্টা। পনেরো বছর আগে প্যারিস গিয়েছিলেন এক ডেলিগেশনের সঙ্গে। সেখান থেকে আর দেশে ফেরেন নি। পরে আমেরিকায় চলে যান, নাসায় এখন বড় চাকরি করেন। সিটিয়েন কমিটি খবর দিয়ে এনেছে তাঁকে।’

‘আজ সক্ষ্যায় তিনি আমাদের ডিনারে নেমতন্ত্র করেছেন।’

রিষ্টো বললো, ‘দাদুকে তুই প্রফেসর বরিস বলছিস কেন, ওর নাম তো দিমিতির ইয়াভরভ।’

‘আমি কী ভাবে জানবো!’ নিরীহ গলায় বললো নীল, ‘আমার ভাইকে তিনি যে নাম বলেছিলেন আমি তাই বললাম।’

গিয়র্গিয়েভা হেসে নীলের চিবুক ধরে আদর করে বললেন, ‘তুমি কিছু মনে করো না। এরকমই বলা নিয়ম। দেখতেই তো পাচ্ছো, চারপাশে কত বিপদ। কে বন্ধু কে শক্ত চট করে কি বোঝা যায়?’

নীল মৃদু হেসে বললো, ‘আমার ভাইর সঙ্গে রোমে আসার পথে পেনে এত আলাপ হলো অথচ রোমে দেখা হওয়ার পর তিনি না চেনার ভান করেছেন।’

‘তখন কি সঙ্গে অন্য কেউ ছিলো?’

‘তা অবশ্য ছিলো। আজ সক্ষ্যায় দেখা হলো ওঁকে কি আপনার কথা বলবো?’

‘নিচয়ই বলবে। আমার সঙ্গে কালই ওর দেখা হবে।’

‘ছেলেদের নিয়ে ভালোই আড়া জমিয়েছিস দেখছি লিলিয়া।’ বলতে বলতে রিষ্টোর দাদু ইভান ইভানড এসে ঘরে ঢুকলেন। নীলদের পাশে জাজিমে বসে বললেন, ‘অনেক পথ হেঁটেছি রে বাছা। জলদি আমাকে বড় এক মগ কফি বানিয়ে দে।’

‘এক্সুপি আনছি,’ বলে গিয়র্গিয়েভা ঘর থেকে বেরিয়ে গেলেন।

রিষ্টো বললো, ‘নীল আর ওর ভাই কাল কী সাংঘাতিক কাজ করেছে শোনো নি তো দাদু। ভিতুশা পাহাড় থেকে পুলিশ ইয়াভরভ দাদুকে ধরে নিয়ে যাচ্ছিলো। নীল আর ওর ভাই রবিন ওঁকে উদ্ধার করে ট্যাঙ্কিতে তুলে একেবারে আমেরিকান এব্যাসিতে পৌছে দিয়েছে।’

‘তোমরাই তাহলে সেই ঝুপকথার নায়ক।’ বলে হা হা করে হাসলেন ইভান ইভানড— ‘আজ সকালেই ফোনে কথা হয়েছে ইয়াভরভের সঙ্গে। বললো, বিশ্বাস করবে না ভায়া, আরেকটু হলে আমার প্রাণপাখিটা বুকের খাঁচা থেকে চিরদিনের জন্য বেরিয়ে যেতো, ঠিক তখনি ঝুপকথার বইয়ের পাতা থেকে যেন দুই রাজকুমার উঠে এলো। দৈত্যের কবল থেকে আমাকে উদ্ধার করে রাজপুরিতে পৌছে দিলো। টেলিফোনে ঠিক এভাবেই বলেছিলো বেআক্সেলে ইয়াভরভ। টেলিফোনের কথায় অচেনা লোকের সঙ্গে কেউ ওভাবে দেখা করতে যায়?’

‘কাকে বেয়াক্সেল বলছো কাকা?’ কফির ট্রে হাতে ঘরে ঢুকলেন গিয়র্গিয়েভা।

‘কে আবার! তোর মামা ইয়াভরভ। চিরটা কালই গর্দভ থেকে গেলো। কী করে যে আমেরিকান ছাগলগুলো ওকে এত বড় চাকরি দিলো— ভেবে অবাক হই।’

‘ওর কথা বাদ দাও।’ গঞ্জীর হয়ে গিয়র্গিয়েভা বললেন, ‘ঝিঙ্ককভের নোংরা খাওয়া কুকুরগুলো যে নীলের বাবার পেছনে লেগেছে, সে কথা ওনেছো?’

ইলিনা মিরকোভার শয়তানির কথা ওনে ক্ষেপে গেলেন ইভান ইভানড। ‘ডাইনিটা যদি ওই ভালো মানুষটার কোন ক্ষতি করে, ওকে আমি পুরোনো দিনের মত জ্যান্ত পুড়িয়ে মারবো।’ নীলকে বললেন, ‘তুমি একটুও ভেবো না বাছা। তোমার বাবার কোন ক্ষতি কেউ করতে পারবে না। পুলিশের ভেতর আমাদেরও লোক আছে।’

রিষ্টো ওর দাদুকে বললো, ‘তুমি তাহলে ওদিকে সামলাবে। ও নিয়ে নীল আর ভাববে না। ওকে আমি আরেকটা কাজ দেবো।’

‘কী কাজ?’ জানতে চাইলো নীল।

কাঠ হেসে রিষ্টো বললো, ‘বলতে খারাপ লাগছে তোকে। আমার সবচেয়ে কাছের বস্তু হলেও তুই বিদেশী। তবু ভেবে দেখলাম এ কাজটা তোকে ছাড়া আর কাউকে দিয়ে হবে না।’

‘অত ভনিতা না করে বলেই ফেল না কি কাজ?’

‘তোদের ক্লাসে রাশান এ্যাসাডরের ছেলে নিকোলাই পড়ে। ওর সঙ্গে তোর সম্পর্ক কেমন?’

‘খারাপ না, ভালোই। ক্লাসের সব ছেলের সঙ্গেই আমার ভালো সম্পর্ক। নিকোলাই আমার টিমে ফুটবলও থেলে।’

‘ওর বাবাকে দেয়ার জন্য একটা প্যাকেট দেবো। নিকোলাইকে বলবি ও যেন কাল বিকেলে ফ্রিডম পার্কে মার্বেল ব্রিজের পাশে অপেক্ষা করে।’

‘যদি ও রাজী না হয়?’

রিস্টো কাকুত্তিভোগ গলায় বললো, ‘রাজী করানোর দায়িত্ব তোর। যেভাবেই পারিস রাজি করাবি।’

‘তোর বিপদের কথা বলতে পারি ওকে?’

‘যা খুশি বলিস। যাদের সঙ্গে যোগাযোগ করা দরকার রাশান এস্যাসি ছাড়া সবার সঙ্গেই যোগাযোগ হয়ে গেছে। রাশান এস্যাসিতে এতো বেশি উণ্ঠচৰ যে আমরা ধারে কাছে যেতে পারছি না।’

নীল বললো, ‘ঠিক আছে, নিকোলাইকে বলবো। তোর বিপদের কথা বলেই রাজী করাতে হবে।’

নীলের কথা শেষ না হতেই হস্তদণ্ড হয়ে ছুটে এলেন কফিশপের আনন্দ আনন্দ। হাঁপাতে হাঁপাতে উত্তেজিত গলায় বললেন, ‘লিলিয়া গিয়র্গিয়েভা, এই যে ইভান ইভানভও আছেন দেখছি। সর্বনাশ হয়ে গেছে। পুলিশ গোটা গ্রাম ঘিরে ফেলেছে। এদিকেই আসছে। আপনারা শিগগির পালান এখান থেকে। আমি কিছুক্ষণ সামাল দিতে পারবো।’

ঘরের ভেতর যেন বাজ পড়লো। কয়েক মুহূর্তে কারো মুখে কোন কথা ফুটলো না। অসম্ভব ঘাৰড়ে গেছেন লিলিয়া গিয়র্গিয়েভা। এ ধরনের পরিস্থিতির ভেতর তাঁকে আগেও পড়তে হয়েছে। কিন্তু নীলের কী হবে? ওকে নিয়ে কি পালিয়ে যাবেন? বিদেশী ছেলেটাকে এভাবে বিপদের মুখে ঠেলে দেয়া কি উচিত হচ্ছে?

প্রথম কথা বললেন ইভান ইভানভ—‘লিলিয়া, তুই ছেলে দুটোকে নিয়ে একুশি পাহাড়ের দিকে চলে যা। আমি ভজেনিকাটা হয়ে তোদের কাছে আসবো। তোরা ডেরা ছেড়ে কোথাও যাবি না।’

গিয়র্গিয়েভা বললেন, ‘নীলকে সঙ্গে নেয়া উচিত হবে না। ও আমাদের সঙ্গে থাকলে ওর বাবার অসুবিধে হবে।’

‘মা, আমি এক কাজ করি।’ রিস্টো সমস্যার সমাধান করলো—‘নীলকে নিয়ে আমি আমের পেছনের পথ ঘুরে বেরিয়ে যাই। ওকে হাইওয়ে পৌছে দিয়ে আমি তোমাদের সঙ্গে ডেরায় দেখা করবো।’

রিস্টোর সমাধান সকলের পছন্দ হলো। গিয়র্গিয়েভা নীলকে বললেন, ‘হাইওয়ে থেকে বয়ানার বাস ট্যাঙে যেতে মাইল দেড়েক হাঁটতে হবে। কিছু মনে কোরো না বাবা। আমাদের সব সময় প্রাণটা হাতের মুঠোয় নিয়ে চলাফেরা করতে হচ্ছে। এমনিতেই তোমাকে অনেক ঝামেলা পোহাতে হয়েছে।’

নীল বললো, ‘আপনি মিছেমিছি আমার জন্য ভাবছেন আন্তি। আমার কিছুই হবে না। আমি যা করছি—’

রিস্টো বাধা দিয়ে বললো, ‘আর কথা বাড়িয়ে সময় নষ্ট করার দরকার নেই নীল। চল বেঁকুই।’

দরজার পাশ থেকে ছোট একটা এয়ারব্যাগ কাঁধে তুলে নিলো রিস্টো। নীলের হাত ধরে দ্রুতপায়ে বেরিয়ে গেলো ঘর থেকে।

গিয়ার্গিয়েভার বুকটা টন্টন করে উঠলো। হেসে খেলে এখন দিন কাটাবার বয়স রিস্টোদের। অথচ ওকে এমন বিপদের কাজ করতে হচ্ছে— সরকারী বাহিনীর হাতে ধরা পড়া মানে সব কিছু চিরদিনের মতো শেষ হয়ে যাওয়া। বিভিন্ন দল কাউকে একবার ধরলে সে আর জীবিত ফিরে আসে না। বেশি দয়া হলে কখনো কবর দেয়ার জন্য শুধু লাস্ট ফেরত দেয়।

গিয়ার্গিয়েভা টেরও পান নি কখন যে ওর দু'চোখ বেয়ে কান্না গড়িয়ে পড়েছে। ইভানভ বললেন, ‘চল বাছা, আর দেরি করিস না। রিস্টো আর নীল দুজনই খুব সাহসী ছেলে। ওদের কিছু হবে না।’

ওঁরা দুজন বাড়ি থেকে বেরিয়ে যেতেই সদর দরজা বন্ধ করে দিলেন আন্তন। তারপর ভেতরে গিয়ে রাগে গজগজ করতে করতে এমন কিছু ব্যবস্থা করলেন শয়তানের দলের যাতে খুঁজতে কিছু সময় লাগে। এই ভেবে তিনি সান্ত্বনা পেলেন— ততক্ষণে ছোঁড়া দুটো নদী পার হয়ে যাবে।

গ্রামের ভেতর পাথুরে পথ দিয়ে হাঁটতে হাঁটতে নীল বললো, ‘তোকে তো বলা হয় নি রিস্টো, আমার ভাই রবিন তোদের সঙ্গে কথা বলতে চায়। ও দেশে ছাত্র রাজনীতির সঙ্গে জড়িত।’

‘সোফিয়ায় কতদিন থাকবে তোর ভাই?’

‘বেশি হলে সপ্তাহ খানেক।’

‘ঠিক আছে, কখন কোথায় দেখা হবে চিঠি দিয়ে জানিয়ে দেবো। কাল তোদের বাসার ডাকবাস্তে আমার চিঠি পাবি।’

‘আজ সন্ধ্যায় ডিনারে তোর ইয়াভরভ দাদুর সঙ্গে তো দেখা হচ্ছে। তাঁর সঙ্গে কথা বলা যায় না?’

‘মনে হয় না দাদু বেশি সময় দিতে পারবেন। খেতে খেতে যতক্ষণ পারিস কথা বলিস। তবে ইয়াভরভ দাদু বাইরে ছিলেন। তিনি আর কতটুকুই বা জানেন। বরং ইভানভ দাদু অনেক ভালো বলতে পারবেন।’

পুলিশ যে গ্রাম ঘেরাও করেছে এ খবর গ্রামের সবাই জেনে গেছে। বাড়িয়রের দরজা জানালা সব বন্ধ। পাথুরে রাস্তায় রিস্টো আর নীলের হাঁটার শব্দে উৎসাহী কোনও মহিলা জানালা ফাঁক করে দেখছিলো আর ছেলে দুটোর সাহস দেখে অবাক হচ্ছিলো। মিনিট পনেরো হাঁটার পর নীল জিজেস করলো, ‘আর কদ্দুর যেতে হবে?’

‘দশ মিনিট পর আমরা গ্রাম থেকে বনে চুকবো। বার্চ বনের ভেতর একটা গোপন পথ আছে। আমরা ছাড়া আর কেউ জানে না। সেই পথ দিয়ে মাইল খানেক হাঁটলেই হাইওয়েতে গিয়ে পড়বো।’

‘তুই আগে কখনো পুলিশের এরকম ঘেরাওর ভেতর পড়েছিস?’

‘একবার নয়, কয়েকবার পড়েছিলাম। বিপদ শহরেই বেশি, গ্রামের পথঘাট অনেক ছড়ানো, এলোমেলো। গ্রামে সময় মত খবর পেলে পুলিশ কিছুই করতে পারে না।’

রিস্টোর কথা শোনার পরও ওর জন্য ভাবনা হচ্ছিলো নীলের। রিস্টোকে গোয়েন্দা পুলিশ খুঁজছে ওর বাবার সঙ্গে। এই মুহূর্তে ওরা যদি ধরা পড়ে নীলের কিছুই হবে না, পরিচয় জানলে ছেড়ে দেবে, বড়জোর বাবাকে সতর্ক করে দেবে। কিন্তু রিস্টোকে ঠিকই ধরে নিয়ে যাবে। বাবা মার একমাত্র ছেলে ও। রিস্টো ধরা পড়লে ওর মা লিলিয়া গিয়ার্গিয়েভা নির্ধাত পাগল হয়ে যাবেন।

সোফিয়া আসার পর থেকে প্রেসিডেন্ট ঝিভকভের ভালোমন্দ নিয়ে কখনো মাথা ঘামায় নি নীল। রাজনীতির ব্যাপারে ওর উৎসাহ শুধু বই পড়া আর ছবি দেখার ভেতর সীমাবদ্ধ। রিস্টো বিপদে পড়ার পর থেকে ও ঝিভকভ আর তার গোয়েন্দা পুলিশের দলকে ভীষণ অপছন্দ করা আরম্ভ করেছে। মনে মনে ঠিক করলো রবিনকে আজ রিস্টোর কথা বলবে। বাবাকে বলতে হবে ইলিনা মিরকোভাকে যেন কালই চাকরি থেকে ছাঁটাই করে দেন। পাজি মহিলা, বসে বসে গোয়েন্দাগিরি করছে আর দেখা হলেই সোনাহেন মুখ করে কতো মিষ্টি কথা! বলে কিনা সিটিয়েন কমিটির সাপোর্টার। ইভান ইভানভ ঠিকই বলেছেন, আন্ত ডাইনি একটা, বাবাকে বিপদে ফেলার জন্য বড়বঞ্চির জাল বিছিয়েছে।

হাঁটতে হাঁটতে রিস্টো ভাবছিলো নীলের কথা। যদি নীলের কিছু হয় কোনও দিন ওর বাবা মা'র কাছে মুখ দেখাতে পারবে না। দু'দিন মাত্র গিয়েছে নীলদের বাড়িতে। কী চমৎকার মহিলা নীলের মা, কত যত্ন করে খাইয়েছেন রিস্টোকে। নীলের বাবা ওকে চমৎকার একটা আমেরিকান কলম উপহার দিয়েছিলেন।

গোয়েন্দা পুলিশ যে ওদের ধরার জন্য কত বড় ঘেরাও করেছিলো রিস্টো ধারণা করতে পারে নি। পুলিশের সঙ্গে মিলিশিয়াও ছিলো। রিস্টো ভেবেছিলো অন্যান্যবার যেভাবে আসে পুর দিয়ে সদর রাস্তা দিয়ে ওরা আমে চুকবে, রিস্টোরা পশ্চিমের পথ দিয়ে পালিয়ে যাবে। এবার পুলিশ ভালোরকম প্রস্তুতি নিয়েই এসেছে। বেশ দূর থেকেই ওরা দেখতে পেয়েছে রিস্টো আর নীলকে। ওদের আগেই বলা হয়েছে দেশদ্রোহী সিটিয়েন কমিটির লোকদের সঙ্গে কমবয়সী একটা বিদেশী ছেলেও আছে। ওর ব্যাপারে কী করতে হবে সেই নির্দেশও দেয়া আছে।

জালে যেভাবে পাখি ধরা পড়ে রিস্টো আর নীল গ্রাম থেকে বার্চবনে ঢোকার মুহূর্তে ঠিক সেভাবে ধরা পড়লো পুলিশের হাতে। ওরা টেরও পায় নি চারদিক থেকে কখন ওদের ঘেরাও করে ফেলা হয়েছে। পুলিশের হাতে পস্তিল, মিলিশিয়ার হাতে টেনগান। কর্কশ গলায় একজন বললো, 'মাথার ওপর হাত তোলো।'

যন্ত্রচালিতের মতো হাত তুললো নীল আর রিস্টো। একজন এসে রিস্টোকে সার্চ করলো। কোন অন্ত পেলো না। রিস্টোর ব্যাগটা নিয়ে গেলো। ব্যাগ খুলে বের করলো একতাড়া ইশতেহার। হাতকড়া হাতে একজন এসে রিস্টো আর নীলের হাতে ওটা পরিয়ে দিলো। নীল কিছুটা ভয় পেলেও রাগী গলায় বললো, 'আমাকে কেন হাতকড়া পরাছেন? জানেন আমি কে?'

অফিসার গোছের একজন ঠাণ্ডা গলায় বললো, 'খুব ভালো করেই জানি তুমি একজন রাষ্ট্রদূতের ছেলে। তবে এ মুহূর্তে দেশদ্রোহীদের সাহায্যকারী একজন ঘৃণ্ণ

অপরাধী ছাড়া তুমি আর কিছু নও। ওদের সঙ্গে তোমাকেও উপযুক্ত শান্তি দেয়া হবে।'

দু'জন বিশালদেহী মিলিশিয়া ওদের দু'জনকে ধরে নিয়ে চারদিক বক্ষ একটা প্রিজন ভ্যানে নিয়ে তুললো। দরজা বক্ষ করার সঙ্গে সঙ্গে ভেতরটা ঘৃটঘৃটে অক্ষকার হয়ে গেলো। কিছুক্ষণ পর নীল আর রিট্টো দু'জনই বুঝলো গাড়িটা সোফিয়ার উল্টো দিকে যাচ্ছে।



## গুভাকাঞ্চী প্রফেসর ইয়াভরভ

নীলের বাবার সঙ্গে সকালে বেরিয়েছিলো রবিন। সাড়ে নটায় পার্টির কেন্দ্রীয় কমিটির এক নেতা মার্কো কোফিনভ এসেছিলেন দৃতাবাসে। রাষ্ট্রদূতের সঙ্গে কিছু কথা সেরে রবিনের সঙ্গে বসেছিলেন আলোচনায়। উঁর সঙ্গে প্রায় দু'ঘন্টা কাটিয়েছে রবিন। নিখিলদা যেসব বিষয়ে প্রশ্ন করতে বলেছিলেন সেগুলো ছাড়াও রবিন প্রশ্ন করেছে, সোফিয়ার রাস্তা ডিখিবি কেন, ডলারের জন্য এখানে এত হাহাকার কেন, সিটিয়েন কমিটি সম্পর্কে পার্টির বক্তব্য কী— এইসব। বারোটায় নীলের বাবার সঙ্গে কেমিক্যাল প্র্যান্ট দেখতে গিয়েছিলো রবিন। লাঞ্চ ওখানেই করেছে। কারখানার ট্রেড ইউনিয়ন নেতাদের সঙ্গেও কথা বলেছে।

ওদের সঙ্গে দোভাষী হয়ে গিয়েছিলো ইলিনা মিরকোভা। এক ফাঁকে ও রবিনকে জিজ্ঞেস করলো, 'বুলগেরিয়ার কমিউনিস্ট পার্টি সম্পর্কে তোমার এত উৎসাহ কেন?'

রবিন গঁষ্ঠীর হয়ে বলেছে, 'তোমার বয়সীরা ধারণাও করতে পারবে না, তোমাদের এই গরিব দেশের মানুষের মুক্তির জন্য কমিউনিস্ট পার্টিকে কত রক্ত দিতে হয়েছে। বুলগেরিয়ার বিপ্রবের ইতিহাস আমি পড়েছি মিস ইলিনা।'

ঠোট উল্টে ইলিনা বলেছে, 'কুলে আমাকেও পড়তে হয়েছে। তাতে লাভ কি হলো, সারা দেশ জুড়ে ঝিঙকভের বিরুদ্ধে আন্দোলন শুরু হয়েছে।'

ইলিনার কথাবার্তা রবিনের ভালো লাগে নি। এড়িয়ে গেছে ওকে। বিকেলে তোবারক ওকে নিয়ে গিয়েছিলো ইয়ং কমিউনিস্ট লীগ-এর পত্রিকা 'নারোদনা প্লাদেৰ'-এর অফিসে। তরুণ কমিউনিস্টদের কথাবার্তা শুনে রবিন ঘাবড়ে গেছে। পত্রিকায় দেখলো আমেরিকান পপ গ্রুপের ওপর বিরাট ফিচার, সোফিয়ার ডিঙ্কো ক্লাবে যারা যায় তাদের সাক্ষাত্কার, ফ্যাশনের পাতা আর গল্প কবিতা। গোটা পত্রিকায় রাজনীতি সম্পর্কে কোন লেখা দেখলো না। একটা সিরিয়াস লেখা চোখে পড়েছে

বুলগেরিয়ার জাদুঘরগুলোর ওপর।

নিখিলদার কথা ভাবলো রবিন। এক কপি পত্রিকাও সঙ্গে নিয়েছে। অনেক ছবি আছে দেখলে আঁতকে উঠবেন নিখিলদা। পোল্যান্ডের ব্যাপারে নিখিলদা যে বলেছিলেন নামেই ওরা কমিউনিষ্ট, এদের দেখে তনে রবিনেরও মনে হলো এরা নামেই তখু কমিউনিষ্ট, কাজে নয়।

বিকেলে মেজো চাচার সঙ্গেই বাড়ি ফিরলো রবিন। ভেবেছিলো বাড়ি এসে নীলের দেখা পাবে। চাচী বললেন, ‘ওর ফিরতে সঙ্গে হয়ে যাবে। রিষ্টোর গ্রামের বাড়ি গেছে। ওকে পেলে নীলের আর সময় জ্ঞান থাকে না।’

‘আজ রাতে যে ওকে আর আমাকে ডিনারে নেমন্তন্ত্র করেছেন প্রফেসর বরিস?’

‘তিনি আবার কে?’ জানতে চাইলেন মেজো চাচা।

প্রফেসর বরিস সম্পর্কে যা জানতো সব ওঁকে খুলে বললো রবিন। তনে মেজো চাচা বললেন, ‘ইন্টারেষ্টিং ক্যারেচ্ট’র মনে হচ্ছে। নীল যদি সাতটার ভেতর না ফেরে তাহলে তুমি একাই চলে যেও। তোবারক তোমাকে নিয়ে যাবে।’

একা যাওয়ার কথা তনে রবিনের খারাপ লাগলো। ও চাইছিলো নীল সাতটার ভেতর ফেরত আসুক। বাইরে গিয়ে তোবারকের সঙ্গে কিছুক্ষণ ব্যাডমিন্টন খেললো রবিন। এক গেম খেলার পর আর খেলতে ইচ্ছে করলো না। তোবারক বললো, ‘রবিন বাইরে আজ একটু পেরেশান মনে হইতেছে।’

রবিন সামান্য হাসলো— ‘কিছুই মেলাতে পারছি না তোবারক। সমাজতন্ত্র সম্পর্কে যা ভাবতাম এখানে এসে দেখি একেবারে অন্যরকম।’

ওক গাছের নিচে বসে কথা বলছিলো ওরা। তোবারক সিগারেটের প্যাকেট বের করে রবিনকে একটা দিয়ে নিজে একটা নিলো। আগুন ধরিয়ে এক গাল ধোয়া ছেড়ে বললো, ‘কিছুদিন থাকেন রবিন বাই। আরো অনেক কিছু দেখতে ফাইরবেন।’

রবিন প্রসঙ্গ পাল্টে বললো, ‘তুমি যদি আমাকে আপনি আর ভাই বলো আমাকেও যে ভাই বলতে হবে। এসব বললে কি বক্স হওয়া যায়।’

বিশ্বিত হেসে তোবারক বললো, ‘আমনে কোথায় আর আমি কোথায়—’

‘তাতে কি তোবারক! আমার কাছে সব কাজই সমান। এতদিন এ দেশে আছো, তোমার মুখে এসব বস্তাপচা কথা মানায় না।’

তোবারককে কখনো কেউ এত আপন ভেবে কথা বলে নি। রবিনের কথা তনে ওর কান্না পেলো। আন্তে আন্তে বললো, ‘তোমার মতো একজন বস্তুর কথা আমি স্পন্দেও ভাবি নাই রবিন।’

রবিন মৃদু হেসে বললো, ‘ভাবার কি আছে, পেয়েই তো গেলে তোবারক।’

‘দেশে গেলে আমার কথা মনে থাকবে?’

‘নিচ্ছয়ই থাকবে। আমি তোমাকে চিঠি লিখবো।’

তোবারকের মনে হলো আজকের দিনটা ওর জীবনের সবচেয়ে আনন্দের দিন। নীলের কথা মনে হলো ওর। নীল উনলে নিচ্ছয় খুব খুশি হবে। বললো, ‘আমাদের বস্তুত্বের কথা কি নীলকে বলবো রবিন?’

রবিন শব্দ করে হাসলো— ‘কেন বলবে না? এতে লুকোবার কি আছে! চাচারাও তো তোমাকে ঘরের ছেলের মতো দেখেন তোবারক।’

‘তা দেখেন।’ ঝীকার করলো তোবারক— ‘এই স্যারের মত মানুষ হয় না।’

হাতের ঘড়ি দেখে রবিন বললো, ‘সাড়ে ছটা বাজে। চলো ওঠা যাক। নীল তো এলো না। তুমি আমাকে গ্র্যান্ড হোটেলে নিয়ে যাবে।’

‘তুমি ড্রেস চেঞ্জ করবে না?’

‘পাঁচ মিনিট লাগবে।’ বলে রবিন উঠে চলে গেলো।

তোবারক আরেকটা সিগারেট ধরিয়ে রবিনের কথা ভাবলো। ঠিক করলো রবিনকে একটা চামড়ার জ্যাকেট উপহার দেবে। তোবারক দেখেছে আমেরিকান টুরিষ্টরা পাগলের মতো এসব জ্যাকেট কেনে। আমেরিকায় নাকি অসম্ভব দাম এগলোর।

নাফিসার দেয়া স্যুট পরে রবিন যখন নিচে নামলো বীন মুক্ত হয়ে বললো, ‘তোমাকে হলিউডের হিরোদের মতো লাগছে রবিনদা।’

মেজো চাচাও মৃদু হেসে বললেন, ‘তোর স্যুটটা চমৎকার হয়েছে। কোথেকে বানিয়েছিস?’

লাজুক হেসে রবিন বললো, ‘আমি বানাই নি। খোমে নাফিসা আন্তি প্রেজেন্ট করেছেন।’

‘তাই বল। দেখলেই বোঝা যায় দামী জিনিস।’

রবিন বাইরে এসে দেখলো গাড়ি বারান্দার নিচে তোবারক অপেক্ষা করছে। ওকে দেখে তোবারক পেছনের দরজা খুলে দিলো। রবিন কাছে এসে দরজা বন্ধ করে দিয়ে সামনের সিটে বসতে বসতে বললো, ‘ফাঙ্গলামো হচ্ছে, না?’

তোবারক গাড়িতে স্টার্ট দিয়ে বললো, ‘যে ড্রেস ফরছো মনে হয় না তোমারে নিয়া রাতে বাসায় ফিরতে ফারুম।’

‘কেন, তোমার অসুবিধে হচ্ছে কোথায়?’

‘গ্র্যান্ড হোটেলের সঙ্গে একটা ডিসকো ক্লাব আছে। সোফিয়ার সেরা সুন্দরীরা ওইখানে নাচতে আসে। তোমারে দেখলে ওদের মাথা খারাপ হয়ে যাবে।’

‘যেন সোফিয়ার মেয়েরা তোমাকে পছন্দ করে না।’

কৃত্রিম একটা দীর্ঘশ্বাস ফেলে তোবারক বললো, ‘ফছন্দ কইরতো, যদি তুমি সঙ্গে না থাইকতে।’

‘থাক থাক, বেশি গ্যাস দিতে হবে না।’

‘একদিন যাইবা নাকি ডিসকোতে?’

‘দেখা যাক।’

দশ মিনিটের মধ্যে, ওরা গ্র্যান্ড হোটেল সোফিয়ার পৌছে গেলো। তোবারক পার্কিং-এ গাড়ি রেখে বললো, ‘তুমি ডিনার শেষ করে আস। আমি গাড়িতেই আছি।’

‘না তোবারক।’ রবিন বললো, ‘তুমিও আমার সঙ্গে যাবে।’

‘তোমার কি মাথা খারাপ হইছে রবিন। আমি তোমার সঙ্গে ডিনার করুম এই হোটেলে?’ আকাশ থেকে পড়লো তোবারক।

‘প্রফেসর তিনজনের জন্য টেবিল বুক করেছেন। তুমি আমার বন্ধু। আমার সঙ্গে  
তোমাকে দেখলে প্রফেসর খুশি হবেন।’

‘না রবিন, তা হয় না।’

‘না হলে আমিও যাচ্ছি না ডিনারে।’

বাধ্য হয়ে তোবারককে আসতে হলো রবিনের সঙ্গে। তোবারক মুখে যতই বিনয়  
কর্মক, রবিনের বন্ধু হিসেবে ওকে মোটেই বেমানান মনে হচ্ছিলো না। টুপিটা গাড়িতে  
রেখে এসেছে। সাদা কোট প্যান্ট ওর পরনে, গলায় নীল সাদা স্টাইপ টাই, সবার ওপরে  
ওর সুন্দর শ্বার্ট চেহারা— হোটেলের ডোরম্যান সম্মে দরজা খুলে দিলো ওদের।

লবি পেরিয়ে দোতালায় ডাইনিং হল। কাউন্টারে বসা লোকটা জানতে চাইলো  
রিজার্ভেশন আছে কিনা।

রবিন প্রফেসর বরিসের নাম বলতেই একজন ওয়েটার ওদের ভেতরে নিয়ে  
গেলো। প্রফেসর বরিস অতিথিদের অপেক্ষায় বসেছিলেন। তাঁর সামনে আধ গ্লাস সাদা  
মদ। রবিন প্রথমেই বললো, ‘ওভ সক্যা প্রফেসর বরিস। নীল এক জায়গায় বেড়াতে  
গেছে। আমার বন্ধু তোবারককে সঙ্গে এনেছি। আশা করি আপনি কিছু মনে করবেন  
না।’

‘মনে করার প্রশ্নই ওঠে না।’ ব্যস্ত গলায় বললেন প্রফেসর বরিস— ‘ডিনারে  
তোমাকে স্বাগতম জানাচ্ছি মিঃ তোবারক।’

প্রফেসরের বাড়িয়ে দেয়া হাতের সঙ্গে হাত মিলিয়ে তোবারক ইংরেজিতে বললো,  
‘ধন্যবাদ স্যার। আপনার সঙ্গে পরিচিতি হতে পেরে আনন্দিত হয়েছি।’

রবিন প্রফেসরকে বললো, ‘তোবারক সাত বছর ধরে এদেশে আছে। ইচ্ছে করলে  
আপনি বুলগেরিয়ান ভাষায় ওর সঙ্গে কথা বলতে পারেন।’

‘তাই নাকি তোবারক?’ প্রফেসর বুলগেরিয়ান ভাষায় বললেন, ‘যতই জগনে থাকি  
আর ইংরেজি কপচাই, নিজের মাতৃভাষায় কারো সঙ্গে কথা বলতে পারলে আমি আর  
কিছুই চাই না।’

‘আপনি নিশ্চয় বণ্ডিন ধরে দেশের বাইরে আছেন?’

‘আরে, কি চমৎকার বুলগেরিয়ান ভাষা বলো তুমি! আমি কোন বিদেশীর মুখে এত  
সুন্দর বুলগেরিয়ান শুনি নি।’

তোবারক বিব্রত হেসে বললো, ‘আমি আমার মাতৃভাষা ঠিক মত শিখতে পারি নি।  
তাই বুলগেরিয়ান ভাষা যত্ন করে শিখেছি।’

ওয়েটার এসে টেবিলে দু’ গ্লাস রেড ওয়াইন রেখে গেলো। প্রফেসর বললেন,  
‘আমি খাটি বুলগেরিয়ান রাকিয়া নিয়েছি। তোমাদের জন্য এ পানীয়টি বেশি কড়া হবে  
বলে রেড ওয়াইনের কথা বলেছি।’

রবিন আর তোবারক দৃষ্টি বিনিময় করলো। প্রফেসর গ্লাস তুলে টোস্ট করলেন,  
‘আমাদের বন্ধুত্ব ও বুলগেরিয়া প্রীতির উদ্দেশে।’

রবিন আর তোবারক গ্লাস তুললো। তোবারক বুলগেরিয়ান ভাষায় প্রফেসরের  
স্বাস্থ্য কামনা করলো। রবিনও প্রফেসরের দীর্ঘ জীবন কামনা করলো।

ডিনারের মেনু দেখে প্রফেসর জানতে চাইলেন, 'তোমরা বুলগেরিয়ান ডিনার পছন্দ করবে, না কন্টিনেন্টাল?'

রবিন বললো, 'বুলগেরিয়ান।'

তোবারক বললো, 'রবিন হচ্ছে প্রধান অতিথি। ওর পছন্দই আমার পছন্দ।'

'আমার মতে পৃথিবীর সেরা খাবার হচ্ছে বুলগেরিয়ান।' এই বলে প্রফেসর হা হা করে হাসলেন।

পাঁচ কোর্সের ডিনারের অর্ডার দিলেন প্রফেসর। ওয়েটার প্রথমে এ্যাপেটাইয়ার হিসেবে দিয়ে গেলো ঠাণ্ডা সালাদ। ভিনেগারে জারানো শসা, তিনি আর সেবুর রস দেয়া লাল বাধাকপির কুচি, টম্যাটো আর জারানো জলপাই।

রবিন প্রফেসরকে জিজ্ঞেস করলো, 'আপনার আর কোন অসুবিধে হয় নি তো?'

'আর অসুবিধে হবে না।' প্রফেসর বিষণ্ণ গলায় বললেন 'এতদিন ধরে আমেরিকানরা বলছিলো আমেরিকান পাসপোর্ট নিতে। রাজী হই নি। ভাবতাম দেশ ছেড়ে চলে গেছি, এই বুলগেরিয়ান পাসপোর্টই আমার একমাত্র অবলম্বন। বিভিন্নভের পা চাটারা আমাকে সেদিন বাধ্য করেছে আমেরিকান পাসপোর্ট নিতে। আমেরিকান এ্যাম্বাসাডর এদের ফরেন মিনিস্ট্রিকে বলে দিয়েছেন আমার কিছু হলে আমেরিকানরা এটাকে শক্তভাবে নেবে।'

'আমি আপনাকে একটা প্রশ্ন করতে চাই প্রফেসর বরিস, যদি কিছু মনে না করেন।'

'নিশ্চয়ই করতে পারো। তার আগে বলা দরকার, আমার নাম বরিস নয়, আমি এ্যাম্বুলজির প্রফেসরও নই। আমার নাম দিমিতির ইয়াভরভ। আমি একজন পদার্থ বিজ্ঞানী। প্রফেসর বলতে পারো, কিছুদিন সোফিয়া ইউনিভার্সিটিতে পড়িয়েছি। একসময় বিভিন্নভের উপদেষ্টা ছিলাম, এখন নাসার একজন পরিচালক। বিশেষ কারণেই আমাকে আসল পরিচয় গোপন রেখে চলাকেরা করতে হয়। আশা করি এরপর তুমি কিছু মনে করবে না।'

'ধন্যবাদ প্রফেসর ইয়াভরভ। আমার জানতে ইচ্ছে করে আপনি কেন দেশ ছেড়ে চলে গিয়েছিলেন?'

কয়েক মুহূর্ত কোন কথা বললেন না দিমিতির ইয়াভরভ। ওয়েটার এসে সস দেয়া ট্রাউট মাছ ভাজি, ল্যাষ রোস্ট, আর সস মাখানো সবজির পুর দেয়া আলুর চপের মত এক ধরনের খাবার পরিবেশন করলো। বুড়ো বিজ্ঞানী নিজ হাতে রবিন আর তোবারকের পাতে রোস্ট, ভাজা মাছ আর চপ তুলে দিলেন। তারপর নিজের পাতে নিলেন। ছুরি আর কাঁটাচামচ দিয়ে ট্রাউট মাছের টুকরো থেকে কাঁটা বেছে মুখে ফেললেন। বললেন, 'বহুদিন পর দেশী খাবার খাচ্ছি, কেমন লাগছে?'

রবিন আর তোবারক দুজনই বললো, 'চমৎকার।'

'ও হ্যাঁ! রবিন একটা প্রশ্ন করেছিলে! এক টুকরো চপ মুখে ফেলে ইয়াভরভ বললেন, 'অল্ল কথা তোমার প্রশ্নের জবাব দেয়া কঠিন। তবু সংক্ষেপে বলছি। আমেরিকায় কাজ করি বলে ভেবো না সাম্রাজ্যবাদের দালালী করার জন্য দেশ ছেড়ে

পালিয়েছি। এক সময় আমি কমিউনিস্ট পার্টির একজন শুরুত্বপূর্ণ সদস্য ছিলাম। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মান নার্সীদের সঙ্গে লড়াই করেছি। গিয়র্গি দিমিত্রিও আমাকে ভালোভাবে চিনতেন। বিপুবের পর দেশ গড়ার কাজে ঢুবে গেলাম। দশ বছর গবেষণাগারে কাটিয়েছি, নতুন প্রযুক্তি আবিষ্কারের জন্য। কাজের অনেক স্থীকৃতিও পেয়েছি। শেষে প্রেসিডেন্টের উপদেষ্টা পর্যন্ত হয়েছি। হাঠাং লক্ষ্য করলাম সাধারণ মানুষ পার্টি সম্পর্কে আগ্রহ হারিয়ে ফেলেছে। মানুষের অবস্থা যেভাবে বদলে যাবে ভেবেছিলাম সে রকম কিছু হয় নি, অবস্থা বদলেছে পার্টি নেতাদের। দেখলাম কাজ করে দেয়ার জন্য নেতারা ঘূৰ নিচ্ছে, স্বজনপ্রীতি করছে, আরো নানারকম দুর্বীতি করছে। সরকার আর পার্টি সব একাকার হয়ে গেছে। পার্টির সদস্য না হলে যোগ্য লোকদের কোনঠাসা করে রাখা হচ্ছে, ক্ষমতা অল্প কিছু নেতার হাতে কুক্ষিগত হয়ে গেছে। সব কিছু দেখে শুনে ভীষণ ঝারাপ লাগলো। প্রতিবাদ করতে গিয়ে বিপদে পড়লাম। শুনলাম দু'একজন আমার মতো একা প্রতিবাদ করতে গিয়ে এ পৃথিবী থেকে অসময়ে হারিয়ে গেছে। নিজের অক্ষমতার ওপর রাগ হলো। দেখলাম দেশে থাকলে এসব অনাচারের দায় বহন করতে হবে। তাই ঠিক করলাম পালিয়ে যাবো। তুমি বোধহয় জানো না, আমাদের পালিয়ে যাওয়ার জায়গা হচ্ছে পশ্চিম ইউরোপ নয় আমেরিকা। কোনও তথাকথিত সমাজতান্ত্রিক দেশে গেলে তারা আমাকে আবার বিভক্তের হাতে তুলে দিতো।'

রবিন খেতে খেতে গভীর মনোযোগের সঙ্গে বুড়ো প্রফেসরের কথা শুনছিলো। প্রফেসরের কথা শেষ হওয়ার পর বললো, 'আপনি কি সবগুলো সমাজতান্ত্রিক দেশকে তথাকথিত বলবেন? সত্যিকারের সমাজতন্ত্র কি কোনও দেশে নেই?'

'না নেই।' শান্ত গলায় বললেন প্রফেসর ইয়াভরড— 'এসব দেশে সমাজতন্ত্রের পথে যাওয়ার কম বেশি চেষ্টা হয়েছিলো। কিন্তু সফল কোথাও হয় নি। তুমি আমার সঙ্গে দ্বিমত অবশ্যই পোষণ করতে পারো, আমি বলছি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আর পর্যবেক্ষণের কথা।'

'আপনি কি বিভক্তের বিকল্পে সিটিয়েন কমিটি গণতন্ত্রের জন্য যে আন্দোলন করছে তার সঙ্গে জড়িত?'

'আগে পুরোপুরি জড়িত হওয়ার সুযোগ আমার ছিলো না। অবশ্যই এখন আমি শুনের একজন।'

'আপনার কি ধারণা বুলগেরিয়ায় গণতন্ত্র এলে রাস্তায় আর ভিত্তিরি থাকবে না, গরিবরা সব ধনী হয়ে যাবে?'

'আমি তা বলছি না। গণতন্ত্র হলে মানুষের কিছু সাজ্জনা থাকে, ইচ্ছে মত সরকার বদলাতে পারে, সরকারে যারা থাকে তাদেরও জবাবদিহি করতে হয় মানুষের কাছে, একজন প্রেসিডেন্ট ইচ্ছে করলেই যা খুশি ভাই করতে পারেন না।'

'আপনার কি মনে হয় একজন কমিউনিস্ট হিসেবে সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য লড়াই করে আপনি ভুল করেছিলেন?"

'না তাও মনে করি না। তখন আমাদের সামনে বিকল্প কি ছিলো? পরে আমার

মনে হয়েছে সমাজতন্ত্র অত্যন্ত উন্নত এক মতবাদ। সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য উন্নত সমাজ দরকার। উন্নত সব অর্থে। তুমি সব কিছু বুঝবেও না। হয়তো আগামী শতাব্দীতে তোমরা দেখবে সমাজতন্ত্রের সত্যিকারের বিজয়যাত্রা।'

প্রথমে প্রফেসর সম্পর্কে রবিনের ধারণা ছিল তিনি বুঝি বলবেন সমাজতন্ত্রে ব্যক্তি স্বাধীনতা নেই, হেনতেন নেই— এইসব। প্রফেসরের সব কথা শোনার পর মনে হলো এ নিয়ে আরো পড়াশোনা করতে হবে, ভাবতে হবে।

ওদের খাওয়ার পর কয়েক রকম ফলের সালাদ দেয়া হয়েছিলো। একজন ওয়েটার রেড ওয়াইনের গ্লাস সরিয়ে শ্যাম্পেনের গ্লাস দিয়ে গেছে। প্রফেসর শ্যাম্পেন টোস্ট করলেন। জীবনে প্রথম শ্যাম্পেনের স্বাদ গ্রহণ করলো রবিন। তোবারককে মনে হলো নির্বিকার।

ডিনার শেষ হতে হতে সাড়ে আটটা বাজলো। তোবারক বুলগেরিয়ান ভাষায় প্রফেসরকে ডিনারের জন্য ধন্যবাদ জানালো। বললো, ‘প্রত্যেকটা ডিশই অত্যন্ত উপাদেয় ছিলো।’

প্রফেসর বললেন, ‘আমি খুব খুশি হয়েছি তোমরা আমার আমন্ত্রণ গ্রহণ করেছো বলে। আরও ভালো লাগতো সেই সাহসী ছেলেটিও যদি আসতো। কী যেন নাম ওর? দাঁড়াও, মনে পড়েছে— নীল। ওকে বলবে আমার কাছে ওর একটি ডিনার পাওনা আছে।’

তোবারক নীলের বাবার ভিজিটিং কার্ড প্রফেসরকে দিয়ে বললো, ‘নীল খুশি হবে আপনি নিজে যদি ওকে নেমন্তন্ত্র করেন। আমাদের রাষ্ট্রদৃত খুশি হবেন আপনার মতো একজন ভিআইপি যদি তাঁর ছেলের প্রশংসন করেন।’

কার্ডখানা পকেটে পুরে প্রফেসর বললেন, ‘তুমি ভালো কথা মনে করিয়ে দিয়েছো বাছা। নীলের জন্য অবশ্যই ওর বাবাকে আমার কৃতজ্ঞতা জানানো উচিত। নীল আমার জীবনরক্ষা করেছে।’

ডাইনিং রুম থেকে বেরুতে বেরুতে রবিন বললো, ‘আপনি কোথায় যাবেন বলুন। আপনাকে নামিয়ে দিই।’

‘ধন্যবাদ রবিন।’ মৃদু হেসে প্রফেসর ইয়াভরভ বললেন, ‘আমি এখন আমেরিকান এ্যাসাডারের অতিথি হয়ে তাঁর বাড়িতে আছি। ওদের গাড়ি বাইরে আমার জন্য অপেক্ষা করছে।’

প্রফেসরের সঙ্গে ওরা হোটেলের কাচের দরজা ঠেলে পোর্টিকোতে দাঁড়াতেই নিঃশব্দে ধৰ্মধর্মে সাদা লিমোয়িন এসে থামলো ওদের সামনে। প্রফেসর উঠে বসে উভরাত্রি জানালেন। রবিন আর তোবারক প্রফেসরকে বিদায় জানিয়ে ওদের গাড়িতে উঠলো। যেতে যেতে তোবারক বললো, ‘তোমারে আমার ধ্যাংকস দেয়া উচিত রবিন। তোমার জন্য এত বড় একজন ভিআইপির সঙ্গে ডিনার করলাগ।’

মৃদু হেসে রবিন বললো, ‘মাই ডিয়ার ফ্রেন্ড, তুমি যেভাবে প্রফেসরের সঙ্গে বুলগেরিয়ান ভাষায় কথা বলছিলে, নিজেকে একজন ফালতু লোক মনে হচ্ছিলো আমার।’

‘কিছুদিন থাকো। তোমারে বুলগেরিয়ান শিখাই দেবো।’

‘এই দু’ দিনে মাত্র দুটো শব্দ শিখেছি। দা আৱ দেব্রে। দা মানে হ্যাঁ, দেব্রে মানে ঠিক আছে। ঠিক কিনা বলো?’

‘রবিনের কথা শুনে গলা খুলে হাসলো তোবারক। হাসতে হাসতে বললো, দেবে।’

বাড়ি ফিরে রবিন প্রথমেই ওৱ চাটীকে নীলের কথা জিজ্ঞেস কৰলো। চাটী বললেন, ‘এখনো ফেরে নি। নটা বাজতে চলেছে। মনে হয় না আজ ফিরবে। আগেও দুবাব রিস্টোৰেন বাড়িতে রাত কাটিয়েছে।’

রীন উপরে ওৱ ঘৰে নাচেৱ প্ৰ্যাকটিস কৰছিলো। নিচে রবিনেৱ গলা শুনে এক ছুটে নেমে এলো। বললো, ‘পলা কে রবিনদা?’

রবিন অবাক হয়ে বললো, ‘একটা মেয়ে, কেন?’

‘আহ, মেয়ে তো নাম শুনেই বোৰা যায়। তুমি এই মেয়েটাকে চেনো কি কৰে বলবে তো?’

‘রোমে আলাপ হয়েছে। ওৱ কথা কে বললো তোকে?’

‘শধু আলাপ নয় রবিনদা!’ রহস্যভৱা গলায় রীন বললো, ‘শধু আলাপেৱ মেয়ে হলে এত গ্যাংশাস হয়ে টেলিফোন কৰতো না। বললো, তোমার উচিং ছিলো এখানে এসেই ওকে ফোন কৰা। না কৰে অন্যায় কাজ কৰেছো।’

রবিন আড়চোখে একবাব তোবারককে দেখলো। তোবারক রবিনকে দেখছিলো। দৃষ্টি বিনিময় হতেই ও মুখ টিপে হেসে সিলিং-এ ঝোলানো ঝাড়বাতিটা দেখতে লাগলো। রবিন একটু অপ্রস্তুত হয়ে বললো, ‘এত ব্যস্ত হওয়াৰ কি আছে! আমি ভেবেছিলাম রোমে ফেরাব টিকেট কনফাৰ্ম কৰে ফোন কৰবো।’

চাটী এতক্ষণ চুপচাপ ওদেৱ কথা শুনছিলেন। হাসি হাসি মুখ কৰে বললেন, মেয়েটা বুঝি নাফিসা আপাৰ বাড়িতে থাকে?’

রীন বললো, ‘দেখতে কেমন রবিনদা?’

রবিন লাজুক হেসে বললো, ‘ফ্রাঙ থেকে এসেছে রোমে বেড়াতে। নাফিসা আন্টিৱ সঙ্গে পৱিচয় কৱিয়ে দেয়াৰ পৱ আন্টিই বললেন ওৱ ওখানে থাকতে।’

রীন অধৈর্য হয়ে বললো, ‘আহ, দেখতে কেমন বলো না।’

‘ভালোই দেখতে। তবে তোৱ মতো নয়।’

মুখ টিপে হেসে রীন বললো, ‘দেখা যাবে। আমি ওকে আৱ নাফিসা আন্টিকে বলেছি তুমি এখানে থাকতে থাকতে এসে যেন বেড়িয়ে যায়।’

রীনেৱ কথা শুনে রবিনেৱ খুবই ভালো লাগলো। আড়চোখে দেখলো, তোবারক ওৱ দিকে তাকিয়ে আছে, মুখে দুষ্টমিৰ হাসি।

রবিনেৱ মেজো চাচা ড্রাইৰমেৱ এক কোণে বসে পত্ৰিকা পড়ছিলেন। এতক্ষণ পৱ মুখ তুলে বললেন, ‘নাফিসা আপা এলে ভালোই হয়। রোমে গেলে কী যে কৱেন না! কতবাৱ বললাম, কাছেই তো সোফিয়া— এলেন না।’

চাটী কী যেন বলতে যাবেন এমন সময় টেলিফোন বাজলো। রীন টেলিফোন ধৰে রবিনকে ডাকলো— ‘তোমার ফোন রবিনদা, আমেৰিকান গ্যাসাডৱেৱ বাড়ি থেকে।’

তোবারক বললো, ‘নিচয় প্রফেসর ইয়াভরড !’

রবিন ফোন ধরতে গেলো। রীন বললো, ‘প্রফেসর ইয়াভরড কে, যিনি রবিনদাকে ডিনারে ইনভাইট করেছিলেন?’

‘জু আফা। সাংঘাতিক মানুষ। বিভকভের এ্যাডভাইজার আছিলেন, ফরে দেশ ছেড়ে পালিয়ে গেছেন। এখন নাসার ডিরেক্টর।’

প্রফেসরের সঙ্গে কিছুক্ষণ কথা বলে রবিন ফ্যাকাশে মুখে এসে বললো, ‘চাচা, প্রফেসর আপনার সঙ্গে কথা বলবেন।’

রবিনের চেহারা দেখে তোবারক ব্যস্ত গলায় জানতে চাইলো, ‘কি হয়েছে রবিন, প্রফেসরের কি আবার কোন বিপদ হয়েছে?’

রবিন একবার তোবারককে দেখলো, আরেকবার ওর চাচীকে দেখলো। কোনও কথা না বলে চুপচাপ বসে রইলো। যা বলার মেজো চাচা বলুক সবাইকে।

দু’মিনিট পর মেজো চাচা এসে চাচীকে বললেন, ‘আজ দুপুরে নীল আর রিস্টোকে পুলিশ বয়ানা থেকে এ্যারেষ্ট করেছে।’

কথাটা শোনার সঙ্গে সঙ্গে সবাই মুহূর্তের জন্য পাথর হয়ে গেলো। রবিন এ কথাটাই প্রফেসরের কাছে উনেছে। প্রফেসর ঘরে ফিরেই খবর পেয়েছেন। রিস্টো নাকি ওঁর নাতি হয়।

নীলের মা ভাঙা গলায় বললেন, ‘এসব কী বলছো তুমি? নীলকে কেন এ্যারেষ্ট করবে পুলিশ? ও কী করেছে? তুমি এক্সুণি পুলিশের চীফকে টেলিফোন করো।’

‘আমেরিকান এ্যাসামার কথা বলেছেন পুলিশের সঙ্গে। পুলিশ বলেছে এ ধরনের ঘ্রেফতারের কোন খবর ওদের জানা নেই।’

ঝরঝর করে কেঁদে ফেললেন নীলের মা— ‘তাহলে কী হবে! কোথায় আমার নীল?’

‘কেঁদো না মিনু।’ ভেজা গলায় বললেন নীলের বাবা— ‘আমার মনে হচ্ছে এটা সিক্রেট পুলিশের কাজ। আমাকে পার্টি লাইনে মুড় করতে হবে। এক্সুণি বেরুচ্ছি আমি।’

রবিন বললো, ‘চাচা আমি আপনার সঙ্গে যাবো।’

‘ঠিক আছে চল।’ বলে রবিনকে সঙ্গে নিয়ে তিনি গাড়িতে উঠলেন।

তোবারক ঝড়ের বেগে গাড়ি চালালো নাইনথ সেপ্টেম্বর স্কয়ারে পার্টির সদর দফতরের দিকে।



## গোপন কারাগারে রিস্টো ও নীল

জায়গাটা ছিলো গভীর বনের ভেতর পুরোনো এক সামরিক ঘাঁটি, যেখানে ছোটখাট জেলখানাও রয়েছে। সোফিয়া থেকে দূর্কৃত গাড়িতে দেড়-দু ঘন্টার মত। সবচেয়ে কাছের জনপদ আলাবিন এখান থেকে তিন মাইল দূরে। প্রভদ্বিত সাতাশ মাইল। নীলকে রাখা হয়েছে দশ বাই বারো ফুটের একটা কামরায়। এখানে আসার পরে চবিষ্ণব ঘন্টা কেটে গেছে। দু'দিকের দেয়াল ঘেঁষে দুটো সরু লোহার খাট পাতা, ওপরে কম্বল বিছানো। এক কোণে পানির কল আর চেয়ার কমোড। সামনের দেয়ালে মোটা লোহার শিক দিয়ে বানানো দরজা, উল্টোদিকে সিলিং-এর কাছে ভেন্টিলেটারের মত ছোট জানালা। জানালায় দরজার মত লোহার শিক দেয়া। দেয়ালগুলো ভারি আর স্যাংতসেঁতে। দেখেই মনে হয় এসব ঘর কয়েদখানা হিসেবে ব্যবহার করার জন্য বানানো হয়েছে। বিশেষ ধরনের বন্দীদের রাখা হয় এখানে।

নীলের ঘরের দু'পাশে আরো পাঁচ ছয়টা ঘর রয়েছে, সেগুলোর ভেতর কোনও লোকজন নেই। ভারি একটা লোহার দরজা পেরিয়ে এসব ঘরে আসতে হয়। সেই দরজার কাছে একজন বন্দুকধারী প্রহরী। গোটা জায়গাটা কবরের মতো নিষ্কৃৎ। আটঘন্টা পর পর প্রহরী বদল হয়। মাঝে মাঝে প্রহরীদের বুটের শব্দ ছাড়া আর কোনও শব্দ শোনা যায় না।

গতকাল দুপুরে এখানে আনার পর রিস্টোকে ওরা অন্য কোথাও নিয়ে গেছে। তখন থেকে এই বক্ষ সেল-এ নীল এক। তিনবেলা বাটিতে করে ঘন সুপের মতো বস্তু আর এক টুকরো কালো ঝুঁটি দিয়ে যায় একজন উর্দিপরা সৈন্য। দরজা খোলে না, চৌকো একটা ছোট ফোকর আছে দরজার নিচে, তার ফাঁক দিয়ে গলিয়ে দেয়। আবার একঘন্টা পর এসে নিয়ে যায়। নীল প্রথমে ভেবেছিলো খাবে না, হাঙ্গার স্ট্রাইক করবে। কাল দুপুরে যে সৈন্যটা খাবার নিয়ে এসেছিলো তাকে নীল ধমক দিয়ে বলেছে, ‘এসব নোংরা খাবার আমি খাবো না। তোমাদের অফিসারের সঙ্গে কথা বলবো আমি।’

ভাবলেশহীন চেহারার সৈন্যটা নির্লিঙ্গ গলায় বলেছে, তোমার চাওয়া মত অফিসার আসবেন না। অফিসারের দরকার হলে তিনি আসবেন।’

নীল তবু গো ধরে বলেছে, ‘আমি এসব খাবার খাবো না।’

‘এখানে এ খাবারই খেতে হবে।’ আগের মত যান্ত্রিক গলায় বলেছে সৈন্যটা। ‘না

খেলে আমার করার কিছু নেই। একটা পর এসে বাটি নিয়ে যাবো।'

দুপুরের খাবার ফিরিয়ে দিয়েছিলো নীল। বিকেলের পর প্রচণ্ড খিদে পেয়েছে। কল ছেড়ে আঁজলা ভরে পানি খেয়েও খিদে দূর হয় নি। রাতে আবার যখন দুপুরের মত খাবার দিয়ে গেলো, তখন আর ফিরিয়ে দিতে পারে নি নীল। স্বাদহীন সেই ঘন সুপ আর শক্ত কালো রুটি সবটুকু খেয়ে ফেলেছে।

কাল থেকে নীল বাড়ির কথা ভাবছে। মা নিচয়ই কানুকাটি শুরু করেছেন। রীনও লুকিয়ে কান্দবে। একবার খেলতে গিয়ে বাড়ি ফিরতে রাত হয়েছিলো। তাতেই মা কেঁদে বুক ভাসিয়েছেন। তোবারক আর রবিনদা নিচয় মন খারাপ করে বসে আছে। বাবা যখন জানবেন ওকে এ্যারেন্ট করেছে তখন কী করবেন? নীলের একবার মনে হলো বাবা জানবেন কিভাব ওকে যে এ্যারেন্ট করেছে! এখানে আসার পথে বদ্ধ ভ্যানে বসে এক ছেলেমানুষি কাও করেছে রিষ্টো। এখন ছেলেমানুষি মনে হলেও তখন নীলও রিষ্টোর সঙ্গে হাত মিলিয়েছিলো। ওদের ভ্যানে তোলার সময় রিষ্টোর ব্যাগটা ভেতরে ছুড়ে দিয়েছিলো মিলিশিয়ার লোকটা। ভ্যান ছাঢ়ার পর কিছুক্ষণ ওরা দু'জন পাথরের মত নিচল হয়ে বসে রইলো। একই হাতকড়ায় নীলের ডান হাত আর রিষ্টোর বাম হাত বাঁধা। এবড়ো থেবড়ো পাথুরে রাস্তাটুকু কোনও রকমে পার হয়ে ভ্যানটা হাইওয়েতে উঠে স্পীড বাড়িয়ে দিলো। রিষ্টো উঠে সোহার পাতের জানালাগুলো ঠেলতে লাগলো—কোনওটা খোলে কিনা। কয়েকটা জানালা দেখার পর একটার নিচে সামান্য ফাঁক করতে পেরেছিলো। সেই ফাঁকে অনেকক্ষণ চোখ রেখে রিষ্টো বললো, 'আমরা প্রভদিভের দিকে যাচ্ছি—।'

'নীল বললো, 'রাস্তায় লোকজন দেখতে পাচ্ছিস? চীৎকার করলে কেমন হয়?'

'হাইওয়েতে লোক কোথায়? একটা দুটো গাড়ি কেবল দেখা যাচ্ছে। আর লোক থাকলেও চিৎকার করে লাভ হবে না। এরা তো ডাকাত নয় যে আমাদের কিডন্যাপ করে নিয়ে যাচ্ছে! এটা প্রিজন ভ্যান। বন্দীদের এসব গাড়িতে করেই নেয়া হয়।'

নীলের মত বৃক্ষিমান ছেলেরও মাথা গুলিয়ে গিয়েছিলো। রিষ্টোকে বললো, 'কিছু একটা বুদ্ধি বের কর।'

কিছুক্ষণ চুপচাপ বসে ভাবলো রিষ্টো। তারপর বললো, 'আমার ব্যাগে সিটিয়েন কমিটির কতগুলো ইশতেহার আছে। এগুলোতে লিখে খবর পাঠাবো।'

ব্যাগের ভেতর কলমও ছিলো। রিষ্টো ইশতেহারের উল্টো পিঠে লিখলো—

'সিটিয়েন কমিটির বক্তুনের প্রতি। আমার নাম রিষ্টো প্লানেভ। আমাকে আর বাংলাদেশের রাষ্ট্রদুতের হেলে নীলকে মিলিশিয়া ধরে নিয়ে যাচ্ছে প্রভদিভের দিকে। দয়া করে যথাস্থানে খবর দাও।'

লেখা শেষ হলে ইশতেহারটা ভাঁজ করে চলস্ত ভ্যানের জানালার ফাঁক দিয়ে বাইরে ফেললো। কোথায় পড়লো ওরা বুবাতে পারলো না। রিষ্টো আয়েকটা ইশতেহারে একই কথা লেখা আরম্ভ করলো।

চলস্ত ভ্যানে লিখতে গিয়ে হাতের লেখা দুর্বোধ্য হয়ে যাচ্ছিলো। তবু একটার পর একটা ইশতেহারে ওদের কথা লিখে গেছে রিষ্টো, আর নীল সেটা ভাঁজ করে জানালার

ফাঁক দিয়ে বাইরে ফেলেছে। বেশির ভাগ ইশতেহারই বাতাসের ঝাপ্টায় এমন জায়গায় গিয়ে পড়লো যেখানে কোনো মানুষেরই নজর পড়বে না।

বন্ধ কুঠুরিতে বসে আকাশ-পাতাল ভাবতে গিয়ে নীলের একবার মনে হলো, বাবা এতক্ষণে নিশ্চয় খবর পেয়ে গেছেন। গাড়ি নিয়ে রওনাও হয়ে গেছেন প্রভদ্বিতের পথে। রবিনদা আছে, তোবারক ভাই আছে— যথেষ্ট বুদ্ধিমান ওরা। একজন রাষ্ট্রদ্বৰ্তের ছেলেকে বিনা ওয়ারেন্টে প্রেফতার করা একটা সাংঘাতিক ঘটনা! সোফিয়ার কৃটনীতিক মহলে এতক্ষণে নিশ্চয় তোলপাড় শুরু হয়ে গেছে। বিভক্তভের সরকারকে এর জন্য জবাবদিহি করতেই হবে।

রিষ্টোর কথা ভেবে উদ্বিগ্ন হলো নীল। কোথায় নিয়ে গেছে ওকে? নিশ্চয় মারার আগে ভালোমত জেরা করবে ওকে। কথা বের করার জন্য শুরু ওপর নানা কায়দায় অত্যাচারও করবে। রিষ্টো কি পারবে সহ্য করতে? এখনো কি বেঁচে আছে রিষ্টো? ভাবতে গিয়ে নীলের বুকের ভেতর জমে থাকা কান্নার সমুদ্রে ঝড় উঠলো।

বাইরে দিনের আলো ম্লান হয়ে এসেছে। নীলের ঘরের সিলিং-এর সঙ্গে কম পাওয়ারের একটা বাল্ব লাগানো। সন্ধ্যার পর থেকে নীল লোহার খাটে ওয়ে সারাক্ষণ রিষ্টোর কথা ভাবছিলো। বার বার ঘুরে ফিরে ওর মনে হচ্ছিলো রিষ্টোকে এরা মেরে ফেলবে। ওর মা বাবা কেউ জানবেন না ওদের হাসি খুশি, প্রচণ্ড সাহসী, দয়ালু আর বিনয়ী ছেলেটা কখন কিভাবে মারা গেছে। রিষ্টো ওঁদের একমাত্র ছেলে। এসব কথা ভাবতে গিয়ে নীল টেরও পেলো না কখন ওর দু'চোখ বেয়ে কান্না গড়িয়ে পড়েছে।

রিষ্টোকে ওরা অন্য কোথাও নেয় নি। নীলকে যে বুকে রাখা হয়েছে এরকম আরও একটা বুক আছে মূল বাড়িটার উল্টো দিকে। নীল ঠিকই ভেবেছিলো। রিষ্টোকে ওরা আলাদা জায়গায় রেখেছে জেরা করার জন্য। সকাল থেকে এক নাগাড়ে জেরা শুরু হয়েছে।

মোটা সোটা এক অফিসার, চেহারাটা বুলডগের মত ধ্যাবড়ানো, বসেছিলো চারকোণা লোহার টেবিলের উল্টো দিকে। হাতকড়া লাগানো রিষ্টো বসেছে ওর মুখোমুখি।

বুলডগের মত অফিসার প্রথমে ওর নাম, বাবা মার নাম ঠিকানা, নীলের পরিচয় সব নোট করলো। তারপর ষেউ ষেউ করে জিজ্ঞেস করলো, ‘তোদের ক্লাসের আর কে কে আছে এসবের ভেতর?’

রিষ্টো ভয় পাওয়ার ছেলে নয়। নির্বিকার গলায় উত্তর দিলো, ‘সবাই আছে।’

‘সবাই মানে?’ চোখ পিট পিট করে প্রশ্ন করলো বুলডগ।

‘ক্লাসের সব ছেলে। শুধু ক্লাসের কেন, কুলের সব ছেলেই আছে আমাদের সঙ্গে।’

‘কুলের সব ছেলে মানে নার্সারিতে পড়া ছেলেমেয়েরাও?’ সব কথা একটু দেরিতে বোঝে বুলডগ।

‘হ্যাঁ, নার্সারির ছেলেরাও।’ গঞ্জীর গলায় জবাব দিলো রিষ্টো।

‘তুই বলতে চাস কুলে যে পার্টির সেন্ট্রাল কমিটি আর পলিট ব্যৱোর কমরেডদের

ছেলেমেয়েরা পড়ে— তারাও এসব বদমাইশি করে বেড়াচ্ছে?’

‘বলেছি তো সবাই।’

‘নার্সারির তিনি বছরের বাচ্চারাও।’

‘হ্যাঁ বাচ্চারাও।’

‘চোপ নজ্জাড়! ’ ষেউ ষেউ করে উঠলো বুলডগ— ‘আমার সঙ্গে ইয়ার্কি মারা হচ্ছে। ভেবেছিস আমি সব জানি না?’

‘সবই যদি জানো আমাকে জিজ্ঞেস করছো কেন?’

‘একশবার জিজ্ঞেস করবো তোকে। ওরে কে আছিস? ছোড়াটা আমার সঙ্গে ইয়ার্কি মারছে। একটু ধোলাই দিয়ে যা।’

বুলডগের হাঁক শব্দে ষণ্ঠামত দু'জন এসে রিস্টোকে শূন্যে ঝুলিয়ে থালি পায়ের তলায় চামড়ার বেত দিয়ে মারলো। কয়েকটা বাড়ি খেয়ে রিস্টোর মনে হলো পায়ের তলায় আগুন জুলছে দাউদাউ করে। আরেকজন বেত মারলো পিঠে। রিস্টো কাঁদে নি, চিৎকার করে নি। দাঁতে দাঁত চেপে এগারো পর্যন্ত গুনেছিলো। তারপর সে জ্ঞান হারিয়েছে ছ'ষ্টার জন্য।

সঙ্ক্ষ্যায় জ্ঞান ফেরার পর রিস্টো দেখলো ওকে ওর কুঠুরিতে ফেরত পাঠানো হয়েছে। হাতকড়া খুলে দিয়েছে। প্রচণ্ড জুলা করছিলো সারা পিঠে। হাত দিয়ে দেখলো মলম জাতীয় কিছু লাগানো হয়েছে সেখানে, বিচ্ছিরি গন্ধ। উঠে বসতে মনে হলো সারা ঘর বুঝি দুলে উঠেছে। মাথায় চুক্র দিছে। চোখ বক্ষ করে কিছুক্ষণ বসে থাকলো রিস্টো। তারপরই বমি করলো। অনেকক্ষণ ধরে বমি করলো সে। বমিতে ঘর ভেসে গেলো। শেষের দিকে সামান্য পানি বেঙ্গলো, মনে হলো পেটের নাড়িভৃংড়ি সব বমির সঙ্গে বেরিয়ে গেছে।

বমির শব্দে একজন প্রহরী এসে দরজার ফুটো দিয়ে দেখলো। তারপর একটা ন্যাকড়া এনে ছুঁড়ে দিয়ে বললো, ‘এক ফোটা ময়লা যদি মেঝের ওপর থাকে, রাতে খাবারের বদলে তোকে সেগুলো খাওয়াবো।’

শরীরে এতটুকু শক্তি ছিলো না রিস্টোর। তবু কলের পানিতে ন্যাকড়া ভিজিয়ে বমি পরিষ্কার করলো সে। তারপর চোখ বুজে চিৎ হয়ে পড়ে রইলো খাটের ওপর। হঠাৎ দেখলে মনে হবে রিস্টো বুঝি মারা গেছে।

রাতে কখন খাবার দিয়েছিলো টেরও পায়নি রিস্টো। গভীর ঘুমে অচেতন হয়ে পড়েছিলো খাটের ওপর। প্রহরী যথারীতি কোনো কথা না বলে তরা বাটি ফেরত নিয়ে গেছে। রিস্টোর ঘুম ভাঙলো পরদিন সকালে, যখন ওকে খাবার দেয়া হলো।

শরীর অস্তিত্ব ক্লান্ত ছিলো। তবু কলের পানিতে মুখ হাত ধুয়ে খাবার খেলো সে। পিঠের আর পায়ের ব্যাথা সামান্য কমেছে। দু'দিনে ওর চোখ বসে গেছে, মনে হয় ওজন কমে গেছে কয়েক পাউন্ড, তবু রিস্টো মনের জোর হারায় নি। দশটার দিকে আবার ওকে হাতকড়া পরিয়ে নিয়ে যাওয়া হলো বুলডগের জেরার সামনে।

‘দিমিতির ইয়াভরভকে কতদিন ধরে চিনিস?’ আগের দিনের মত ঘ্যানঘ্যানে গলায় জেরা শুরু করলো বুলডগ।

‘আমাৰ জন্মেৱ পৱ থেকে।’

‘ফেৱ ইয়াকি মাৱছিস? দিমিতিৱ ইয়াভৱত তোৱ ধাই নাকি যে জন্মেৱ পৱ থেকে চিনবি?’

‘না ধাই নয়। তিনি আমাৰ দাদু।’

‘বটে, কেমনতোৱ দাদু শুনি?’

‘মা’ৱ মামা হন তিনি।’

‘আ-আজ্ঞা! ভালোই মিলেছে তাহলে। তোৱাই তাহলে চিঠি লিখে আনিয়েছিস বুড়ো দেশদ্রোহীটাকে?’

‘তিনি নিজেই এসেছেন।’

‘তুই কি বলতে চাস বুড়ো তোদেৱ নিয়মিত চিঠি লিখতো না?’

‘না, ক্ৰিসমাসে শুধু কাৰ্ড পাঠাতেন।’

‘তোৱ বাপেৱ সঙ্গে পার্টিৱ কোন কোন নেতাৱ যোগাযোগ আছে, ঠিক মত বল।’

‘অনেক নেতাৱাই যোগাযোগ আছে। আমি নাম জানি না।’

‘নাম না জানলে বুঝলি কিভাৱে ওৱা পার্টিৱ নেতা?’

‘বাবা বলেছেন।’

‘নাচো পাপাৰোভকে চিনিস?’

‘না।’

‘গিয়ার্গি তানেভকে?’

‘না। এৱা কাৱা?’

‘এৱা হচ্ছে পার্টিৱ ভেতৱ ঘাপটি মেৱে পড়ে থাকা বিশ্বাসঘাতকেৱ দল। তোৱ বাবা লিচ্য চেনে এদেৱ।’

‘আমি জানি না।’

‘বাবা বাব জানি না, জানি না বলবি না। জানিস, এখান থেকে কথা না বলে কেউ জীবিত ফিৱে যেতে পাৱে না?’

‘জানি না।’

‘আবাৱ জানি না?’

‘বাবে, আগে এখানে এসেছি নাকি যে জানবো।’

‘ঠিক আছে, শিগগিৱাই জেনে যাবি। এবাৱ বল বয়ানাতে তোৱা মিটিং কৱতি কোথায়?’

‘সব বাড়িতে।’

‘পার্টিৱ কমৱেড়ো বুঝি তোদেৱ বাড়ি ডেকে জাজিম বিছিয়ে দিতো মিটিং কৱাৱ জন্য?’

‘পার্টিৱ সবাই পার্টিৱ বিৱৰণকে চলে গৈছে।’

‘মিথ্যে কথা।’

‘আমাৰ বাবা, মা, দাদুৱা সবাই পার্টিৱ সদস্য হিলেন।’

বুলডগ নিয়ম মাফিক জেৱা কৱতে কৱতে ক্লান্ত হয়ে আবাৱ ওকে মাৱতে বললো।

মার খেতে খেতে আবার জ্ঞান হারিয়ে ফেললো রিস্টো। এভাবে ঝিঙ্ককভের গোয়েন্দা পুলিশের গোপন কারাগারে আরো একটা ভয়াবহ দিন কাটলো ওর।

বঙ্গ কুঠিরির ভেতর এক দুই করে ছয়ান্ন ঘন্টা কেটে গেছে, নীল কোন কথা বলে নি। এই ক' দিনে মনে হলো ওর বয়স তিরিশ বছর বেড়ে গেছে। ধীরে ধীরে অজ্ঞান এক ভয় ওর বুকে চেপে বসতে চাইছে। মনে হচ্ছে ঝিঙ্ককভ যতদিন বেঁচে আছে ততদিন ওকে এভাবে বন্দী হয়ে দিন কাটাতে হবে। বাবা কিভাবে জানবেন ওকে এই জঙ্গলের ভেতর ওরা আটকে রেখেছে? রিস্টোর সংকেত পাঠানো ইশতেহার বাতাসে কোথায় উড়ে গেছে কে জানে!

সকাল থেকে আকাশ মেঘে ঢাকা। থেকে থেকে দমকা হাওয়া বইছে। কুঠিরির ভেতর ততটা টের না পেলেও ঝড়ো বাতাসে বনের ভেতর গাছের মাতামাতির শব্দ কানে আসে। এ সময় বলকান অঞ্জলে প্রতিবছরেই ঝড় হয়।

নীল ভাবে প্রচণ্ড ঝড়ে যদি উড়ে যেতে এই বঙ্গ কুঠিরি! কিম্বা একটা ভূমিকম্পে দেয়ালগুলো যদি ধসে যায়! কিছুই হয় না। শুধু নীলের বুকের ভেতর ভয়ের ক্ষতটা বড় হতে থাকে।

সেদিন সন্ধ্যায় নীল যখন লোহার খাটে ওয়ে এলোমেলো এসব কথা ভাবছিলো তখন দরজায় তালা খোলার শব্দ হলো। অসময়ে কে এলো? তবে কি ওর মুক্তির সনদ এসে গেছে? ধড়মড় করে উঠে বসলো নীল। ওর চোখের সামনে দরজা খুলে গেলো। একজন প্রহরীর হাতে ধরা রিস্টো। ঝড়ে বিধ্বস্ত বার্চ গাছের মতো মনে হচ্ছে ওকে। রিস্টোকে ঘরে চুকিয়ে দিয়ে কোনো কথা না বলে দরজায় তালা মেরে চলে গেলো প্রহরী।

নীল ছুটে এসে জড়িয়ে ধরলো রিস্টোকে— ‘এ কী দশা করেছে তোকে! কেমন করে রিস্টো—’ বলতে গিয়ে ঝরবার করে কেঁদে ফেললো নীল। হারানো বঙ্গকে বুকে জড়িয়ে ধরে রিস্টোও চোখের পানি আটকে রাখতে পারলো না।

দুই বঙ্গ বেশ কিছুক্ষণ কোনও কথা বলতে পারলো না। তারপর নীল ওকে ধরে নিয়ে খাটে বসালো। রিস্টোর সারা শরীরে প্রচণ্ড ব্যথা। দুর্গন্ধওয়ালা মলমেও খুব একটা কাজ হয়নি।

‘তোকে ওরা ভীষণ মেরেছে রিস্টো?’

কোন কথা না বলে রিস্টো যাথা নেড়ে সায় জানালো।

‘এখানে পাঠালো কেন?’ নীল জানতে চাইলো, ‘জেরা করা কি শেষ হয়েছে?’

‘জেরা শেষ কিনা জানি না। একটু আগে কয়েকজন বন্দি এসেছে। ওদের ছুটোছুটি দেখে মনে হলো হোমরা চোমরা কেউ হবে।’

আবার কিছুক্ষণ চুপচাপ বসে রইলো দুই বঙ্গ। বাইরে ঝড়ো বাতাসের তাওব বাড়ছে। ওদের দু'জনের বুকের ভেতর সেই ঝড়ের প্রতিধ্বনি। রিস্টো সক্ষ্য করেছে উচ্চ আটীর দিয়ে ঘেরা ছোট এই জেলখানাটা পুরোনো এক বার্চবনের ভেতর। অনেক গাছ আছে, একশ’ সোয়াশ’ বছরের পুরোনো। ছোটবেলায় আন্তন ঝুড়ো ওকে গাছ চেনাতেন। বলতেন, ‘সবচেয়ে সহজে বয়স চেনা যায় বার্চ গাছের। যতদিন জোয়ান

থাকবে ততদিন গাছের বাকল থাকবে ধৰধৰে সাদা। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে বাকলে  
লাল ছোপ পড়বে। বুঢ়ো হলে কোথাও সাদার শেশমাত্র থাকবে না। ছোপ ছোপ কালো  
আৱ লালে মেশানো হবে বার্চের বাকল। তখনই বার্চ গাছ কাটতে হয়।'

নীল জিজ্ঞেস কৱলো, 'কি ভাবছিস রিষ্টো?'

ম্লান হেসে রিষ্টো বললো, 'কি আৱ ভাববো! বার্চ গাছ কতদিন বাঁচে তাই  
ভাবছিলাম।'

নীল অবাক হয়ে তাকালো রিষ্টোৰ মুখের দিকে। রিষ্টো মাঝে মাঝে এমন কথা  
বলে— মনে হয় ষাট পেৱনো কোনো বুঢ়ো কথা বলছে। রিষ্টো বললো, 'এ জায়গাটা  
বার্চবনের ভেতৰ। অনেক আগে একবার এই বনে এসেছিলাম ইয়ং পাইওনিয়াৱদেৱ  
ক্যাম্পং-এ।'

'তোৱ কি মনে হয় কেউ আমাদেৱ চিৱকুট পেয়েছে?'

'কী জানি, দুদিন তো হয়ে গেলো! সিটিয়েন কমিটি খবৰ পেলে এতক্ষণে জেল  
ভেডে নিয়ে যেতো। হতে পাৱে এখনো কেউ চিৱকুট পায় নি।'

'সারাদেশে সিটিয়েন কমিটিৰ সমৰ্থক কী রকম?'

'লাখ তিনিকেৰ মতো হবে।'

'তোৱ কি মনে হয় এৱা আমাদেৱ মেৰে ফেলবে?'

'তোকে মারবে না। বামেলা হবে, সামলাতে পারবে না। আমাকে মেৰে ফেলতে  
পাৱে। লাস লুকিয়ে ফেলবে। কে খবৰ পাবে!'

'এমন কথা বলিস না রিষ্টো। আমৱা এখান থেকে ঠিকই পালাবো!'

'কিভাবে?'

'সেটাই ঠাণ্ডা মাথায় ভেবে বেৱ কৱতে হবে।'

'আমি একবার এক গোপন পত্ৰিকায় পড়েছিলাম, বিভক্তেৱ কোনও কোনও  
কারাগারে পঁচিশ তিৰিশ বছৰ ধৰে আটক থাকা বন্দিও আছে।'

'আমাৱ মনে হচ্ছে বিভক্তেৱ পতনেৱ আৱ বেশি দেৱি নেই।'

'এৱকম আন্দোলন আগেও কয়েকবাৱ হয়েছে।'

'এবাৱেৱ অবস্থা কিন্তু অন্যৱকম। পোল্যাণ্ডেৱ কথা চিন্তা কৱ। হাসেৱি,  
চোকোশ্লোভাকিয়া, জিডিআৱ— সব জায়গাতে আন্দোলন হচ্ছে, সরকাৱ বদল হচ্ছে।'

'বিভক্তেৱ প্রাণেৱ বন্ধু কুমানিয়াৱ চসেকু কিন্তু বহাল তবিয়তে আছে।'

'কে জানে, ওখানেও হয়তো গোপনে কাজ হচ্ছে।'

'তোকে খুব আশাৰাদী মনে হচ্ছে নীল।'

নীল মৃদু হেসে বললো, 'বাবা সব সময় বলেন, একমাত্র মানুষই আশা নিয়ে বাঁচে,  
সুন্দৱ ভবিষ্যতেৱ স্বপ্ন দেখে।'

'আমৱা তো সুন্দৱ ভবিষ্যতেৱ জন্যই লড়ছি।' স্বপ্নভৱা গলায় বললো রিষ্টো।

'আমাৱ ভাই রবিন বলছিলো, বাংলাদেশেৱ মানুষও একজন ডিষ্টেক্টৱকে হটাৰাব  
জন্য লড়ছে।'

'ফ্যাসিস্ট ডিষ্টেক্টৱদেৱ বিৱৰণকে যে যেখানে লড়ক আমৱা সবাই একে অপৱেৱ

কমরেড। তুই বাংলাদেশে লড়তে না পারলেও এখানে তো লড়ছিস।'

'বাবাকে বলেছি ক্ষুলের পাট শেষ হলে আমি বাংলাদেশে ফিরে যাবো।'

কারাগারে সঁ্যাতসেঁতে প্রায় অঙ্ককার কুঠুরিতে ঘোল সতেরো বছরের দুই তরুণ এমন সব কথা বলছিলো, স্বাভাবিক পরিস্থিতিতে তাদের বয়সের জন্য যা ছিলো একেবারেই বেমানান।



## সারা সোফিয়া তোলপাড়

রিটো আর নীল যেদিন ধরা পড়লো তার পরদিন সারা সোফিয়ায় তোলপাড় কাও। দুপুরের পর সিটিফেন কমিটির জনসভায় অন্য সময় যে রকম হতো সেদিন দিশুণ লোকের সমাবেশ হলো। সিটিফেন কমিটির পত্রিকার প্রথম পাতায় বড় বড় হরফে নীল আর রিটোর ঘ্রেফতারের সংবাদ বেরিয়েছে। সেই সঙ্গে বাংলাদেশ আর আমেরিকার রাষ্ট্রদূতের সাক্ষাত্কার।

নীলের বাবা রাষ্ট্রদূত ইকবাল আহমেদ খান আগের রাতে খবর পেয়েই ছুটে গিয়েছিলেন ঝিভকভের পার্টির সদর দফতরে। কেন্দ্রীয় কমিটির যে নেতা সকালে দৃতাবাসে এসেছিলেন, তাঁকে অফিসেই পাওয়া গেলো। রিটো আর নীলের ঘ্রেফতারের সংবাদ শুনে নেতা কয়েক জায়গায় টেলিফোন করলেন, তারপর দুঃখের সঙ্গে জানালেন, মাননীয় রাষ্ট্রদূতকে কেউ ভুল খবর দিয়েছে। পুলিশ, মিলিশিয়া সবাই বলছে এরকম কোনও ঘটনা ঘটে নি।'

হতাশ হয়ে পার্টির সদর দফতর থেকে বেরিয়ে এলেন নীলের বাবা। রবিন বললো, 'চাচা, আমার মনে হয় একেসর ইয়াভরভ আমাদের সাহায্য করতে পারবেন। তিনি আমেরিকান এ্যাসার্ডের বাড়িতে আছেন। চলুন সেখানে যাই।'

'ঠিক বলেছিস।' নীলের বাবা বললেন, আমেরিকান এ্যাসার্ডের সঙ্গেও কথা বলা দরকার। এবার তাঁকে সোফিয়ার সকল এ্যাসার্ডের লিভার বানানো হয়েছে।'

নাইনথ সেপ্টেম্বর ক্ষয়ার থেকে আমেরিকান রাষ্ট্রদূতের বাড়িতে আসতে তোবারক পেচিশ মিনিটের জায়গায় পনেরো মিনিট সময় নিলো। নীলের জন্য এ মুহূর্তে এটুকু ছাড়া ওর আর কিছু করার ছিলো না। তোবারক ভাবছিলো দরকার হলে নীলের জন্য জীবন দিতেও সে ইতস্তত করবে না। এই প্রথম অনুভব করলো নীলকে ও যতখানি ভালোবাসে, নিজের যদি কোনও ভাই থাকতো— এর চেয়ে বেশি ভালোবাসতে পারতো

না। নীলের বিপদের কথা ভাবতে গিয়ে বার বার তোবারকের চোখে পানি জমছিলো।

ঠিক সোয়া দশটায় ওরা আমেরিকার রাষ্ট্রদূতের বাড়িতে গিয়ে পৌছলো। খবর পেয়ে ব্যস্ত হয়ে ছুটে এলেন প্রফেসর ইয়াভরভ। নীলের বাবাকে বুকে জড়িয়ে ধরলেন। বললেন, ‘এক্সেলেন্সি, লিলিয়া আমাকে ফোনে সব বলেছে। খবরটা শোনার পর মনে হলো আমার মাথায় যেন আকাশ ভেঙে পড়েছে। উনেছেন বোধহয় নীল কিভাবে আমার প্রাণ বাঁচিয়েছে। ওর সঙ্গে আমার আদরের নাতি রিস্টোকেও ধরে নিয়ে গেছে নোংরা শয়তানের দল। আমি ওদের সর্বনাশ করে ছাড়বো।’

প্রফেসরের কথা শেষ না হতেই আমেরিকার রাষ্ট্রদূত রবার্ট জ্যাকন এসে ঘরে ঢুকলেন। নীলের বাবার সঙ্গে হাত মিলিয়ে বললেন, ‘আমি অত্যন্ত দুঃখিত এক্সেলেন্সি। কালই আমি সোফিয়ার সমস্ত কৃটনৈতিক মিশনের পক্ষ থেকে এদের ফরেন মিনিস্ট্রিকে কড়া নোট পাঠাবো। ফরেন মিনিস্ট্রিরের সঙ্গেও কাল কথা বলবো। আপনি বিচলিত হবেন না, এদের আমরা ছেড়ে দেবো না।’

‘একটু আগে আমি এদের পার্টির হেড কোয়ার্টারে গিয়েছিলাম। পুলিশ, মিলিশিয়া সবার সঙ্গে কথা বলে ওরা জানালো এ ধরনের কোন ঘটনাই নাকি আজ ঘটে নি।’

‘ডাহা মিথ্যে কথা।’ চড়া গলায় বললেন প্রফেসর ইয়াভরভ—‘ ঝিভকভের প্রশাসনকে আমি হাড়ে হাড়ে চিনি। রিস্টোর মা লিলিয়া নিচয় আমার সঙ্গে নিজের ছেলেকে নিয়ে ঠাট্টা করে নি। গ্রামের বহু লোক সাক্ষী আছে, দিনে দুপুরে পুলিশ আর মিলিশিয়া ওদের ধরে নিয়ে গেছে। এক্সেলেন্সি, আপনাকে ওরা সত্যি কথা বলে নি।’

‘আমার মাথায় কিছুই ঢুকছে না, কিভাবে ওদের খৌজ পাবো?’

‘আপনি আমাকে আজ রাতটুকু শুধু সময় দিন। ওপরের দিকের কয়েকজন জেনারেলকে আমি চিনি, এক সময় আমার দফতরে ওরা কাজ করতো। ওদের ভেতর ঝিভকভের বিরুদ্ধে কারা— তাঁদের খুঁজে বের করতে হবে আগে। তারপর আমরা যা যা করার করবো।’

আমেরিকার রাষ্ট্রদূত বললেন, ‘আমার মনে হয় খবরটা পত্রিকায় আসা দরকার। পত্রিকায় একবার সংবাদ বেরিয়ে গেলে ওরা আমাদের ছেলেদের কিছু করার আগে দুবার ভাববে। আমি এখনই পান্তেলেই মিয়োডকে ফোন করছি— সিটিয়েন কমিটির পত্রিকার সম্পাদক।’

পাশের ছোট টেবিলে রাখা টেলিফোনের রিসিভার তুলে নম্বর ঘোরালেন রাষ্ট্রদূত জ্যাকসন। বললেন, ‘হ্যালো মিয়োড, তোমাকে আমার জরুরি দরকার। গাড়ি পাঠাচ্ছি। তুমি একজন রিপোর্টারকে নিয়ে এখনই চলে এসো। কালকের জন্য একটা গরম খবর আছে।’

সকালে বুলগারাক্স রোসা পত্রিকায় নীল তার রিস্টোকে মিলিশিয়ার অপহরণের সংবাদ পড়ে কিছুটা স্বত্ত্ব পেলো বাড়ির সবাই। বাবা বললেন, ‘খবরটা যেভাবে দিয়েছে, আমার মনে হয় না এরপর ওরা নীলদের কিছু করার সাহস পাবে।’

পুরো খবরটা সবাইকে বাংলায় অনুবাদ করে শুনিয়েছে তোবারক। ওর চেহারা দেখেই বোঝা যায় সারা রাত ঘুমোতে পারে নি। রবিনেরও একই অবস্থা। কেউ

ভালোমত নাশতা করতে পারলো না।

গতরাতে আমেরিকার রাষ্ট্রদূতের বাসায় ঠিক হয়েছে সকালে দুই রাষ্ট্রদূত পররাষ্ট্র মন্ত্রণালয়ে যাবেন। প্রফেসর ইয়াভেড বললেন, ‘আপনারা আপনাদের মত এগোন, আমি আমার মত এগুবো।’ রবিন আর তোবারককে দেখিয়ে নীলের বাবাকে বললেন, ‘আপনার অসুবিধে না হলে এই ছেলে দুটিকে আমি সঙ্গে নিয়ে বেরোবো। বাইরে একা ঘোরাফেরা করতে এখন ভয় করে।’

নীলের বাবা বললেন, ‘কোন অসুবিধে হবে না। ইচ্ছে করলে আপনি আমার গাড়িও নিতে পারেন। আমি আমাদের কাউন্সিলারের গাড়ি ব্যবহার করবো।’

‘না, এ গাড়ি লাগবে না।’ মানা করলেন বুড়ো প্রফেসর। ‘আমি এস্যাসির সিডি গাড়িতে ঘূরতে চাই না। নম্বর প্লেট দেখলে গোয়েন্দাদের নজর পড়বে। আমি এদের একটা সাধারণ গাড়ি নিয়ে বেরোবো।’

সকালে রবিনরা আমেরিকার রাষ্ট্রদূতের বাসায় এলো। দুই রাষ্ট্রদূত সঙ্গে সঙ্গে বেরিয়ে গেলেন। প্রফেসর বললেন, ‘আমাদের এ্যাপয়েন্টমেন্ট দশটায়।’

রবিন বললো, ‘আপনি কিভাবে এগুচ্ছেন বলতে যদি আপনার আপত্তি না থাকে, আমি জানতে আগ্রহী।’

‘তোমাদের সঙ্গে নিয়ে কাজ করবো, নিচয় জানবে তোমরা। আমার পুরোনো সহকর্মীদের ভেতর একমাত্র জেনারেল ভাসিলিনই আমার সঙ্গে কথা বলতে রাজী হয়েছে। তার মানে বিডকভকে সে খুব একটা পরোয়া করে না। ওর সঙ্গে কথা বলে আমরা আমাদের পরবর্তী কর্মসূচী তৈরি করবো। আগামী কাল সিটিফেন কমিটির জরুরি বৈঠক আছে। সেখানেও আমি এ বিষয়ে কথা বলবো।’

তোবারক বললো, ‘স্যার, যে গ্রাম থেকে মিলিশিয়া ওদের ঘ্রেফতার করেছে, একবার সেখানে গিয়ে দেখলে হয় না?’

‘সেখানে আর কী দেখবে?’ প্রফেসর বললেন, ‘আমের লোক লিলিয়াদের যা বলেছে তোমাদেরও তাই বলবে। ওদের কেউ তো বলতে পারবে না নীলদের কোথায় লুকিয়ে রাখা হয়েছে।’

প্রফেসর ওদের বসতে বলে ভেতরে গেলেন পোষাক বদলাতে। তোবারক বললো, ‘রবিন তোমার কি মনে হয়, রিস্টোর আমের বাড়িতে গেলে কিছু খবর মিলতে ফারে?’

‘কথাটা আমারও মনে হয়েছে তোবারক। প্রফেসরকে সব কথা বলার কি দরকার। আমরা আমাদের মত নীলদের ঝুঁজবো। দরকার হলে তাঁর সাহায্য অবশ্যই নেবো।’

সকাল থেকে আকাশ মেঘে ঢাকা। মাঝে মাঝে হাড়কাপানো সাইবেরিয়ান বাতাস বইছে। তোবারক রেডিওর ব্যবরে ওনেছে পশ্চিমের আড়িয়াটিক সাগর থেকে ঝড় আসছে। আটচল্লিশ ঘন্টার ভেতর বুলগেরিয়ার ওপর আঘাত করবে। বলকানে এখন বাড়ের সময়।

প্রফেসর ঘর থেকে বেরোলেন ওভারকোট পরে। গলায় মাফলার, মাথায় টুপি। সামান্য হেসে বললেন, ‘তোমাদের মত ছোকরা তো নই, একটা জ্যাকেট দিয়ে শীত মানাতে পারবো। চলো বাছারা, বেরোনো যাক।’

শিপকা ট্রিট-এ জেনারেল ভাসিলিনের বাড়ি। আগে প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন, গত বছর থেকে অবসর জীবন যাপন করছেন। অবসর নিলেও প্রফেসর ইয়াভরড ভালো করেই জানেন এখনও জেনারেল যথেষ্ট ক্ষমতার অধিকারী। তাঁর এক ছেলে সোফিয়া প্রেস এজেন্সির পরিচালক, আরেক ছেলে স্পেনে রাষ্ট্রদূত।

প্রফেসর ইয়াভরডকে দেখে বলকানি কায়দায় কোলাকুলি করে গালে চুমো খেলেন জেনারেল ভাসিলিন। রবিন আর তোবারকের সঙ্গে হাত মিলিয়ে সবাইকে নিয়ে ড্রাইভিং মেইনে বসলেন। প্রফেসরকে বললেন, ‘কি নেবে, চা, কফি না ভদকা, কনিয়াক?’

‘আমাকে ভদকা দাও।’ প্রফেসর বললেন ‘ছেলে দুটো মনে হয় কফি পছন্দ করবে। বেশ শীত পড়েছে।’

ছোট একটা হাতঘন্টা বাজিয়ে জেনারেল কাজের লোককে ডেকে কফি আর ভদকা দিতে বললেন। তারপর প্রফেসর ইয়াভরডকে বললেন, ‘দুটো ছেলে হারিয়ে না গেলে তুমি নিশ্চয় আমাকে ফোন করতে না। দশ বছর আগে একবার লুকিয়ে এসেছিলে। আমার সঙ্গে দেখা করো নি। পুরোনো বছুকে তুমি ভুলে গেছো ইয়াভরড।’

জেনারেলের এসব মনরাখা অভিযোগকে শুরুত্ব না দিয়ে প্রফেসর বললেন, ‘ছেলে দুটো হারিয়ে যায় নি ভাসিলিন। মিলিশিয়া শদের গ্র্যারেট করেছে। গ্রামের বহু মানুষের চোখের সামনে দিয়ে শুরা ছেলে দুটোকে নিয়ে গেছে।’

‘কথাটা কালও তুমি বলেছো ইয়াভরড। আমি সকালে তিনজন মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, পুলিশ আর মিলিশিয়ার চীফের সঙ্গেও কথা বলেছি। বুলগারাক্ষা রোসার খবর শুরা সবাই দেখেছে। একজন রাষ্ট্রদূতের ছেলে নির্বোজ হওয়া যা-তা ব্যাপার নয়। শুরা কয়েকটা সার্ট পার্টি নামিয়েছে। বলেছে আজ সক্ষ্যার ভেতরই শুরা ছেলে দুটোকে খুজে বের করবে।’

‘জেনারেল নিকোলাই ভাসিলিন!’ ঠাভা গলায় কেটে কেটে বললেন প্রফেসর, ‘তুমি কি আমাকে বিশ্বাস করতে বলো তোমার বুদ্ধিসূক্ষ্ম লোপ পেয়েছে, নাকি বিভকভের প্রশাসন সংপর্কে তুমি কিছু জানো না?’

‘এভাবে কথা বলছো কেন ইয়াভরড? আমি আন্তরিকভাবেই তোমাকে সাহায্য করতে চাই। আমরা অনেকে যা পারি নি তুমি তা পেরেছো। সেজন্য তোমাকে আমরা ভালোবাসি। শুন্ধাও করি।’

শুরা বুলগেরিয়ান ভাষায় কথা বলছিলেন, যার একবর্ণও রবিনের বোধগম্য হচ্ছিলো না। সক্ষ্যায় বাড়ি ফেরার সময় তোবারক সব কথা রবিনকে দাঢ়ি কমা সহ বলেছে। বলা বাহ্য্য তোবারকের তীক্ষ্ণ শ্বরণশক্তির প্রশংসা না করে পারে নি রবিন। এ মুহূর্তে ও একজন অসহায় দর্শক মাত্র।

জেনারেলের নরম কথায় আরো রেগে ইয়াভরড—‘নিকুচি করি তোমাদের শুন্ধা আর ভালোবাসার! তোমার কি মনে হয় বিভকভের উপ পুলিশ আর গোয়েন্দা বাহিনী সংপর্কে আমার কোনও ধারণা নেই? শুরা যে যখন তখন যাকে তাকে ধরে লোপাট করে দিতে পারে সে সংপর্কে তুমি কি কিছুই জানো না?’

‘তুমি অথবা উন্মেষিত হচ্ছো ইয়াভরড। একবার বললে পুলিশ আর মিলিশিয়া



ধরেছে, আরেকবার বলছো শুণ পুলিশ আর গোয়েন্দার কথা, আমার মাথায় কিছুই চুকছে না। ঠিক মত বলো তো ওদের কারা ধরেছে?’

‘মোটা মাথাটা একটু ঘামাও ভাসিলিন। পুলিশ আর মিলিশিয়া ওদের ধরে নিয়ে গেছে এটা হচ্ছে গ্রামের মানুষদের কথা। ধরে নিছি তোমাদের পুলিশ আর মিলিশিয়ারা ইর্গের দেবদূতের মত পবিত্র হয়ে গেছে, সবাই সত্যি কথা বলছে। তাই যদি হয় সেক্ষেত্রে গোয়েন্দা পুলিশের কথা অবশ্যই আমাদের হিসেবের মধ্যে আনতে হবে। তুমি তো ভালো করেই জানো ওরা ওদের কাজের জন্য বিভকভের সেক্রেটারিয়েট ছাড়া কারো কাছে কোনো কৈফিয়ৎ দেয় না। সাধারণ পুলিশ বা মিলিশিয়া না ধরলে ছেলে দুটোকে গোয়েন্দা পুলিশ ধরেছে, এতে না বোবার কি আছে?’

‘তুমি কি তাহলে শুণ পুলিশের চীফের সঙ্গে আমাকে কথা বলতে বলছো?’

‘বলে দেখতে পারো। অন্যরা যে জবাব দিয়েছে অফিসিয়ালি ভেলকভ তোমাকে সেই জবাবই দেবে। গোয়েন্দার উপর গোয়েন্দা লাগাও। শুণ পুলিশের উপর দিকে আমাদের লোক কারা আছে খুঁজে বের করো। জেনারেল চোলপানভের সঙ্গে কথা বলো। অনেকে ভাবছে বিভকভকে এবারও গদি থেকে হটানো যাবে না, তাই শামুকের মত খোলসের ভেতর মাথা লুকিয়ে রেখেছে। ওদের বলো বিভকভের পতন মাত্র কয়েক দিনের ব্যাপার। হওয়াও নয়— দিন, বুঝেছো? যারা জ্বর শামুক হয়ে থাকতে চাইবে— টেরও পাবে না কখন ওদের সেক্ষ করে লোকেরা পেটের ভেতর চালান করে দিয়েছে।’

‘আমাকে একটু সময় দাও ইয়াভরভ। শুণ পুলিশ বিভাগ বিভকভের একেবারে হাতের মুঠোয়। ওখানে থাবা মারতে হলে আটঘাট বেঁধে নামতে হবে।’

‘তোমাকে আমি আটচল্লিশ ঘন্টা সময় দিচ্ছি ভাসিলিন। পরশু ঠিক এ সময় আমি আসবো। তখন যেন ছেলে দুটোকে সঙ্গে নিয়ে বাড়ি ফিরতে পারি। আর যদি ওদের কারো কিছু হয় ভেলকভ আর বিভকভ—এ দুটোকে পাহাড়ী নেকড়ে দিয়ে থাওয়াবো।’

এরপর প্রফেসর ইয়াভরভ আর জেনারেল ভাসিলিন পার্টি আর সিটিয়েন কমিটির ভেতরের কিছু সমস্যা নিয়ে আলোচনা করলেন। সেসব শোনার ব্যাপারে তোবারকের আগ্রহ না থাকার কারণে রবিনকেও কিছু বলতে পারে নি। অবশ্য সে সময় রবিনেরও এসব কথা শোনার উৎসাহ ছিলো না।

দুপুরে রবিন আর তোবারক থাওয়ার জন্য বাড়ি ফিরতে পারে নি। প্রফেসরের সঙ্গে হোটেলে থেয়েছে। বাড়িতে অবশ্য ফোন করে জানিয়ে দিয়েছিলো রবিন। সক্ষ্য পর্যন্ত ওদের নিয়ে প্রফেসর অনেকগুলো জায়গায় ঘূরলেন। সবখানে একই কথা—সার্ট পার্টি নামানো হয়েছে। সব শেষে বুলগারাক্স রোসার অফিসে গিয়ে সম্পাদক পান্তেলেই মিয়োভকে বললেন, ‘কালকের পত্রিকায় ছেলে দুটোর খবরের একটা ফলো আপ ছেপে দিও। শয়তানের দল বলছে সার্ট পার্টি নাকি নামানো হয়েছে। যত সব বদমাইশি। ভালো মত একটা ধোলাই দাও। যা দেখছি এরপর কবে ওনবো মার কোল থেকে বাঢ়া নিয়ে যেতেও এরা ইতস্তত করছে না।’

সম্পাদক মিয়োভ বললেন, ‘আমাদের ছেলেরাও বিভিন্ন সোর্সে খবর নিচ্ছে। রিস্টো আর নীলকে যতদিন পাওয়া না যাবে ততদিনই ফলো আপ নিউজ যাবে। এ নিয়ে

ভাববেন না প্রফেসর ইয়াভরড। আপনি কি আমাদের লেখাটা তৈরি করতে পেরেছিলেন?’

কোটের পকেট থেকে এলোমেলো কয়েক শিট হাতে লেখা কাগজ বের করে সম্পাদককে দিলেন প্রফেসর— ‘মন মেজাজ ভালো নেই, লেখাটা ঠিক জমে নি। ভার্না থেকে ফিরে তোমাকে একটা কড়া লেখা দেবো।’

বুলগরাঙ্গা রোসার অফিস থেকে ওরা যখন বের হলো ঘড়িতে তখন ছটা বাজলেও বেশ রাত মনে হচ্ছিলো। খারাপ আবহাওয়ার জন্য রাস্তায় লোকজন নেই বললেই চলে। গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে, সেই সঙ্গে কলকনে ঠাভা বাতাস। তোবারকের এ ধরনের ঠাভা সহ্য হলেও রবিনের মনে হচ্ছিলো কিছুক্ষণ বাইরে থাকলে জমে বরফ হয়ে যাবে।

প্রফেসরকে পথে তাঁর জায়গায় নামিয়ে দিয়ে রবিনরা বাড়ি ফিরলো সাড়ে ছটা নাগাদ। নীলের বাবা একটু আগে ফিরেছেন। জেনারেল ভাসিলিনের সঙ্গে প্রফেসরের কী কথা হয়েছে তোবারক গাড়িতে আসার সময়ই রবিনকে বলেছিলো। একই কথা বাড়ির সবাইকে আবার বললো। নীলের বাবা বললেন, ‘জেনারেল ভাসিলিন যখন দায়িত্ব নিয়েছেন তখন কিছুটা নিশ্চিন্ত হওয়া যায়। কিন্তু তোবারক, তুমি কি ঠিক মত ওদের কথা ফলো করতে পেরেছিলে? প্রফেসর কি সত্যি সত্যি জেনারেলকে এ রকম ধর্মক দিয়ে কথা বলেছেন?’

রবিন বললো, ‘একটু আগে তোবারক ঠিক এভাবেই কথাগুলো আমাকে বলেছে। প্রফেসর যে জেনারেলকে ধর্মক দিচ্ছিলেন সেটা আমিও বুঝতে পেরেছিলাম। লক্ষ্য করো নি তোবারক, ধর্মক খেয়ে জেনারেল কেমন কাচুমাচু করছিলেন? প্রফেসর তো বললেন জেনারেল ভাসিলিন তাঁর আভারে কাজ করেছেন।’

নীলের মা বাবাকে বললেন, ‘তুমি তো ফরেন মিনিষ্টারের সঙ্গে দেখা করবে বলেছিলে। দেখা হয়েছে?’

‘দেখা হবে না কেন! আমেরিকান এ্যাসামার এ্যাপয়েন্টমেন্ট করেছিলেন। মিনিষ্টারও একই কথা বলেছেন। নাকি তিনটা সার্চ পার্টি খুঁজছে নীলদের। এ আরেক ডিগ্রি ঘড়েল। বললো, তারা নাকি সন্দেহ করছে এটা বুলগেরিয়ান তুর্কীদের কাজ। সরকারের সঙ্গে বন্দি বিনিময়ের জন্য ওদের ধরেছে।’

‘বলো নি, আমের লোকেরা দেখেছে পুলিশ আর মিলিশিয়াকে?’

‘বলেছি। পাঞ্জিটা বলে কিনা ওরা পুলিশ আর মিলিশিয়ার পোষাক পরে গিয়েছিলো। আমাদের অনুরোধ করেছে দুদিন সময় দিতে।’

রবিন বললো, ‘প্রফেসরও জেনারেলকে দুদিন সময় দিয়েছেন।’

‘ঠিক আছে, কালকের দিনটা দেখা যাক।’

‘চাচা, আমি আর তোবারক ঠিক করেছি কাল রিস্টোরেন্টের আমের বাড়িতে যাবো।’

‘তোরা চিনিস?’

‘চিনবো না ক্যান।’ তোবারক বললো, ‘নীল বাই যেখানে যায় আমারে বলে যায়।’

‘ঠিক আছে, দেখো কোনো ক্লু পাওয়া যায় কি না। প্রফেসরকে বলেছো তোমরা যে ওখানে যাবে?’

‘বইলছিলাম। প্রফেসর অবশ্য খুব আশাবাদী নন। কাল সকালে তিনি ভার্না যাচ্ছেন, রাতে ফিরবেন।’

‘যা ভালো বোঝ করো।’ নীলের বাবা তখন অন্য কিছু ভাবছিলেন।

রাতে সবাই ঘুমোতে যাবার পরে রবিন আর তোবারক জেগেছিলো অনেকক্ষণ। তোবারকের শোয়ার ঘরে কহল মুড়ি দিয়ে নীলের কথাই আলোচনা করছিলো ওরা। বাইরে তখন বার্চ, ওক আর লিভেন গাছের ভেতর বাড়ো হাওয়ার মাতম চলছে।

## রবিন আর তোবারকের অভিযান

পরদিন সকালে বেরোবার আগে রবিন আর তোবারককে এমনভাবে সাজগোজ করতে হলো— যেন চট করে ওদের চেনা না যায়। তোবারকের জামা কাপড় সব ওর বাড়িতে, রবিনের পোষাকই পরতে হলো ওকে। রবিন ইটালিয়ান সৃষ্টি পরলো, তোবারক বু জিনস-এর প্যান্টের সঙ্গে পরলো হালকা বাদামী রঙের মোটা পুলওভার। রবিনের বাবা গত বছর প্যারিস থেকে এনেছিলেন ওটা। প্যান্টের সঙ্গে ম্যাচ করা টুপি আর মাফলার পরলো। দু'জনকে দেখে মনে হচ্ছিলো গ্রীক অথবা ইটালিয়ান টুরিস্ট।

বাসে করেই ওরা বয়ানা এলো। আকাশ মেঘলা ধাকলেও বাতাস তেমন ছিলো না। সারাটা পথ রবিনকে মনে হচ্ছিলো একজন বিদেশী টুরিস্ট আর তোবারক ওর বুলগেরিয়ান গাইড—কথা বলছিলো ইংরেজিতে। সোফিয়ায় টুরিস্ট সিঙ্গন তখনো শেষ হয় নি। বাসে আরও কয়েকজন টুরিস্ট দেখতে পেলো ওরা, যাদের সঙ্গে ওদের মত বুলগেরিয়ান দোভাসী আর গাইড ছিলো।

নীল যাওয়ার সময় তোবারককে আন্তনের রেস্টুরেন্টের কথা বলে গিয়েছিলো। জাদুঘরের পাশে একটাই রেস্টুরেন্ট, খুঁজতে ওদের সময় লাগলো না। তবে হতাশ হলো ওরা, যখন শুনলো আন্তন নেই। কখন আসবে কাউন্টারের লোকটা কিছুই বলতে পারলো না। মন খারাপ করে যখন ওরা বেরিয়ে আসবে তখন ভেতর থেকে—‘আন্তনের কথা কে জিজ্ঞেস করে?’ বলতে বলতে একজন মাঝবয়সী মোটাসোটা মহিলা বেরিয়ে এলেন।

তোবারক এগিয়ে গিয়ে বললো, ‘রিস্টোর বন্ধু নীলের ভাই আমরা। ওদের খোজে এসেছি।’

উদ্বেজিত গলায় মহিলা বললেন, ‘আরে সে কথা বলবে তো! আন্তন তো একটু

আগে রিস্টোর মামা বাড়িতেই গেলো। কী নাকি চিঠি পাঠিয়েছে রিস্টো, এক ছোকরা এসে আন্তনকে ডেকে নিয়ে গেছে।'

'বাড়িটা কোথায় মাদাম, দয়া করে বলবেন কি?' জানতে চাইলো তোবারক।

'এক মিনিট বাছা।' গলা তুলে মহিলা ডাকলেন, কালিন, এদিকে একটু তানে যা তো!'

বারো তেরো বছরের চটপটে একটা ছেলে হাত মুছতে মুছতে ভেতর থেকে বেরিয়ে এলো। মহিলা বললেন, 'তোর আন্তন খুড়ো গেছে রিস্টোর মামা বাড়ি। এদের ওখানে পৌছে দিয়ে আয়।'

'চলুন যাই।' এই বলে হাসিমুখে ছেলেটা ওদের পথ দেখিয়ে নিয়ে চললো! পথে যেতে মোড়ের কাছে কয়েকজন লোকের জটলা দেখতে পেলো ওরা। জেরার ভঙ্গিতে একজন জানতে চাইলো— 'তোর সঙ্গে ওরা কারা যাছে কালিন?'

কালিন জবাব দিলো—'আন্তন খুড়োর অতিথি।'

আরো এক জায়গায় কালিনকে কথা বলতে হলো।

তোবারক জানতে চাইলো 'এদিকে চোর ডাকাতের উৎপাত বেশি নাকি! অচেনা লোক দেখলেই জিজ্ঞেস করছে?'

কালিন বললো, 'দু দিন আগে পুলিশ এসে ঘৰাও দিয়ে রিস্টো আৱ ওৱ বন্ধুকে ধৰে নিয়ে গেলো না! গ্রামের সবাই ঠিক করেছে পুলিশ, মিলিশিয়া যেই গ্রামে চুকুক, পিটিয়ে ঠ্যাঙ ভেঙে দেবে।'

কালিনের কথাগুলো রবিনকে তর্জমা করে শোনালো তোবারক। গ্রামের মানুষের এই সচেতনতা ভালো লাগলো রবিনের। ভাবলো, কবে বাংলাদেশের গ্রামের মানুষ এভাবে কৃষ্ণ দাঁড়াবে!

বক্ষ দুরজায় কড়া নাড়তে বুড়ো আন্তন এসে দুরজা খুললেন। কালিন বললো, 'আন্তন খুড়ো, এরা তোমার সঙ্গে দেখা করতে এসেছে।'

'ভেতরে আসুন।' বলে ওদের নিয়ে গিয়ে দুরজা বক্ষ করে দিলেন আন্তন।

তোবারক বললো, 'আমরা নীলের ভাই। জানতে এসেছি কিভাবে ও ধৰা পড়লো।'

'ভালো হয়েছে আপনারা এসেছেন।' উত্তেজিত গলায় আন্তন বললেন, 'নইলে আজই আমি নীলের বাবার সঙ্গে দেখা করতাম। জানেন একটু আগে ইতিমান থেকে এক কুল মাটার এসেছিলো। রিস্টোর লেখা একটা চিরকুট কুড়িয়ে পেয়েছে ও। ভেতরে চলুন, দেখাছি।'

সিটিয়েন কমিটির ইশতেহারের উল্টো দিকে লেখা রিস্টোর ছোট চিঠি পড়ে হতভস্ব হয়ে গেলো তোবারক। রবিনকে বললো ওতে কী লেখা আছে।

চাপা উত্তেজিত গলায় রবিন জানতে চাইলো, 'ঠিক কোন জায়গায় পাওয়া গেছে এটা?'

'মাটার বললো ইতিমান কুলের পাঁচলের গায়ে। হাইওয়ের ওপর পড়েছে কুলটা। পুর্বদিন হয়ে রাস্তাটা ইতাকুল চলে গেছে।'

'পুর্বদিন আৱ ইতিমানের মাঝামাঝি আৱ কোন লোকালয় আছে এ রাস্তার ওপৰ?'

‘ছোট একটা লোকালয় আছে লেসতাহান-এ।’

‘এখন থেকে ইতিমান কত দূর?’

‘একশ কিলোমিটারের মত হবে।’

‘সেখান থেকে পুড়দিভ কতদূর?’

‘তা ধরুন আরো চল্লিশ কিলোমিটার।’

রবিনের দোভাষী হয়ে কাজ করছিলো তোবারক। এবার ও নিজে বললো, ‘মনে হয় হাইওয়েতে খুঁজলে এ রকম আরো চিঠি পাওয়া যাবে।’

আনন্দ বললেন, ‘মাস্টার এটা দিয়ে চলে গেছে। ওদের ক্লুপের ছেলে মেয়েদের বলবে এরকম ভাঁজ করা ইশতেহার আরো পায় কিনা খুঁজে দেখতে। পেলে আমাদের জানাবে।’

‘শুধু ওরা খুঁজবে কেন? আমরাও তো খুঁজতে পারি।’

‘নিশ্চয়ই পারি।’

‘এক কাজ করা যাক। আমরা একটা গাড়ি নিয়ে ফিরে আসছি। আনন্দ খুঁড়ো আমাদের সঙ্গে যাবেন?’

‘কেন যাবো না বাছা! খুঁড়ো বলে ডেকেছো তার ওপর আমাদের রিস্টোর বঙ্গুর ভাই। একবার কেন দরকার হলে একশবার যাবো।’

‘ঠিক আছে, এগারোটার মধ্যে আমরা আসবো।’ কথা না বাড়িয়ে তোবারক রবিনকে সঙ্গে নিয়ে ছুটলো শহরের দিকে।

বাসে যেতে যেতে রবিন বললো, ‘এস্যাসির গাড়ি দেখলে পেছনে গোয়েন্দা লাগবে না?’

‘না, আমরা সিডি কার নিব না। কাউন্সিলার সাহেবের গাড়ি অর্ডিনারি নম্বরের। ওই গড়িতে আমরা পুড়দিভ পইর্যন্ত যাব।’

আকাশের অবস্থা ধীরে ধীরে খারাপ হচ্ছে। স্লেটের মত কালো ছেঁড়া মেঘ ইতস্তত ভাসছে। মাঝে মাঝে দমকা হাওয়া বইছে। রাস্তার দু'পাশে বার্চ আর লিভেন গাছগুলো প্রায় ন্যাড়া হয়ে গেছে। বাসে যাত্রী কম ছিলো। রাস্তা ফাঁকা দেখে ড্রাইভার স্বাভাবিক গতির চেয়ে অনেক বেশি জোরে চালাচ্ছিলো। বয়ানা থেকে একষটি নম্বর বাস মিহালড ট্রিটের এ্যাশ্রো ইভান্ট্রিয়াল স্টেপেজ পর্যন্ত যায়। ওখানে নেমে একটা ট্যাক্সি নিলো রবিনরা। রাকৌকি ট্রিটে দৃতাবাসে আসতে সব মিলিয়ে ওদের পঞ্চাশ মিনিট সময় লাগলো।

দৃতাবাসে গত সাত বছরের চাকরি জীবনে তোবারক থ্রথমবার একটা নিয়ম ভাঙলো। রবিনকে নিয়ে রাষ্ট্রদূতের সেক্রেটারির কাছে না গিয়ে সোজা তাঁর ঘরে চলে গেলো।

নীলের বাবা মন খারাপ করে একা বসেছিলেন। রবিন বললো, ‘চাচা, নীলদের একটা খবর পাওয়া গেছে।’

তোবারক রিস্টোর লেখা চিঠি পড়ে শোনালো। নীলের বাবা আপন মনে বললেন, ‘রিস্টো লিখেছে ওদের মিলিশিয়া ধরেছে।’

রবিন বললো, ‘রিস্টোও পোষাক দেখে তুল করতে পারে। যেই ধরনক, আমি আর তোবারক এখনই কাউন্সিলার সাহেবের গাড়ি নিয়ে প্রতিদিন যেতে চাই।’

তোবারক বললো, ‘বুজ্জা আস্তনও সঙ্গে যাইবে।’

কেন প্রতিদিন যাবে, আস্তন কে— কিছুই জানতে চাইলেন না নীলের বাবা। ইন্টারকমে কাউন্সিলারের গাড়িটা ধার চাইলেন সারাদিনের জন্য। তারপর তোবারককে শুধু বললেন, ‘গাড়ি নিয়ে যাও। রবিনের সব ভার তোমার।’

‘আল্ট্রা ভরসা, আপনি ঘাবড়াইবেন না স্যার।’ এই বলে তোবারক রবিনের হাত ধরে রাষ্ট্রদূতের ঘর থেকে বেরিয়ে এলো।

সেক্রেটারি ইলিনা ওদের দেখতে পেয়ে তোবারককে ডেকে বুলগেরিয়ান ভাষায় কী যেন বললো। তোবারক ওর কথার জবাব না দিয়ে একবারে দুই তিন সিডি টপকে নিচে নামলো। কাউন্সিলারের কাছ থেকে চাবি নিয়ে মুহূর্তের ভেতর বেরিয়ে এলো দৃতাবাস থেকে।

শহরের ভেতর তোবারক একটু আস্তে চালিয়েছিলো গাড়ি। শহর থেকে বেরিয়ে সতর মাইল স্পীড তুললো। মাঝে মাঝে রাস্তা ভেঙ্গা না থাকলে আরও স্পীড তুলতে পারতো।

রবিন জিজ্ঞেস করলো, ‘এছ্যাসির ঐ মহিলা তখন তোমাকে কী বলছিলো তোবারক?’

‘কে ইলিনা? জিজ্ঞাসা করছিলো নীলের কোনো খবর ফাওয়া গেছে কিনা। এই বেটি দেখতে সোন্দর হইলে কী হইবে, মতলব ভালো না।’

‘কেন কি করেছে?’

‘নানা উচ্চাফান্টা কথা কয়! বড় অসভ্য বেটি। আমি কই, তোর এত জ্ঞানার কী দরকার, স্যারের বাসায় কখন কে আসে এসব খবরের?’

‘তোমাকে বুঝি এসব জিজ্ঞেস করে?’

‘আর কারে জিজ্ঞাসা কইবো? ফাইছে তো এক আমারে।’

‘তুমি চাচাকে বলো নি এসব?’

‘নীল বাইরে কইছি। এতদিন কাউরে কিছু বলি নাই। ভাবতেছি স্যাররেও বলা দরকার।’

তোবারক যে স্পীডে গাড়ি চালিয়েছে তাতে ওরা আধ ঘন্টার ভেতর বয়ানা পৌছে গেলো। আস্তন আস্তনভ এগিয়ে এসে বাস স্টপেজে দাঁড়িয়েছিলেন। তোবারক খেয়াল করে নি। রবিন ওর হাত নাড়ানো দেখে তোবারককে বললো, ‘গাড়ি থামাও, আস্তন খুজ্বো বাস স্টপেজে অপেক্ষা করছেন।’

তোবারক গাড়ি থামাতেই ছুটে এলেন আস্তন—‘তাড়াতাড়ি এসে গেছো দেখছি। একটু আগে আর্মির একটা কনভয় যেতে দেখলাম প্রতিদিনের রাস্তায়।’

রবিন পেছনের দরজা খুলে দিতেই আস্তন উঠে বসলেন। তোবারক আস্তনকে বললো, ‘যদিও দুদিন হয়ে গেছে, আমরা একটা ভাঙ্গ করা ইশতেহার খুজবো রাস্তার দুপাশে। ঘোপের ভেতর, ঘসের ভেতর কিছি ঢ্রেনের ভেতর, যে কোন জায়গা পড়ে

থাকতে পারে।' রবিনকেও ওর নিজস্ব বাংলায় এ কথাগুলো বললো।

সামনে সতর্ক চোখ রেখে আস্তে আস্তে গাড়ি চালাতে লাগলো তোবারক। রবিন আর আনন্দ দুপাশের জানালা দিয়ে খুঁজতে লাগলো রিস্টোর ইশতেহার। নেহাত হাইওয়ে বলে এমন দৃশ্য কারো চোখে পড়লো না। কচ্ছপের মত আস্তে আস্তে চলছে গাড়ি, দুপাশের জানালা দিয়ে কচ্ছপের মত মাথা বের করে রেখেছে দু'জন— এমন দৃশ্য লোকালয়ে দেখা গেলে ভিড় জমে যেতো।'

রাস্তায় রিস্টোর লেখাওয়ালা দ্বিতীয় ইশতেহারটা পেতে ওদের ছত্রিশ মিনিট সময় লাগলো। এর ভেতর সাত আটবার কাগজের টুকরো দেখে গাড়ি থামিয়েছে তোবারক। কোনটা এমনি সাদা কাগজে, কোনটা সরকারি কোন প্রচার পত্র। একটাতে দেখলো দুর্ভুতকারীদের বিরুদ্ধে রংখে দাঁড়াবার জন্য জনগণের প্রতি আহ্বান জানানো হয়েছে। পড়ে তোবারকের মেজাজ আরাপ হয়ে গেলো।

রিস্টোর ইশতেহারটা পেলো একটা বার্চ গাছের তলায়, পুরোটাই ঘাসের ভেতর, একটু কোণা শুধু বেরিয়েছিলো। তোবারক গাড়ি নামাতে রবিন বললো, 'দেখ এটা আবার কোন সরকারি নির্দেশ।'

'ফাইছি!' কাগজের ভাঁজ খুলে চিন্কার করে উঠলো তোবারক। ওর খেয়ালই নেই সঙ্গে যে আনন্দ রয়েছেন।

'দেখি।' ওটা ছিনিয়ে নিলো রবিন।

'একই জিনিস।' উন্মেষিত গলায় বললো তোবারক, 'সিটিয়েন কমিটির লিফলেটের উন্টা দিকে রিস্টোর লেখা।'

আনন্দ বললেন, 'এতে প্রমাণ হচ্ছে রিস্টোরা অনেকগুলো ইশতেহার ফেলেছে। আমার মনে হয় ইতিমান পর্যন্ত আমরা ইশতেহার না খুঁজেই যেতে পারি। কারণ প্রথমটা ওখানে পাওয়া গেছে।'

তোবারক বললো, 'আপনি ঠিক বলেছেন আনন্দ খুঁড়ো। ইতিমান থেকে প্রতিদিন পর্যন্ত ভালোভাবে খুঁজতে হবে।'

রবিন আর আনন্দ গাড়িতে খোঁটার পর ষাট মাইল স্পীডে গাড়ি চালালো তোবারক। রবিন বললো, একটা কথা ভেবে দেখেছো তোবারক! রিস্টোর ইশতেহার যেভাবে আমাদের হাতে এসেছে, সরকারি গোয়েন্দাদের হাতেও তো সেভাবে পড়তে পারে। ওরা যদি নীলদের অন্য কোন জায়গায় সরিয়ে ফেলে?'

'হ্যাঁ, ভাবনার কথা রবিন।' গঞ্জির হয়ে রবিনের আশঙ্কার কথা বুলগেরিয়ান ভাষায় আনন্দকে তর্জমা করে শোনালো তোবারক।

আনন্দ বললেন, 'সরকারী গোয়েন্দারা এখন সোকিয়ার গোলমাল নিয়ে হিমশিম থাক্কে। আমাদের মত শহরের বাইরে ইশতেহার খোঁজার সময় কোথায় ওদের!'

আনন্দের কথা তোবারক আর রবিনকে পুরোপুরি আশ্বস্ত করতে পারলো না।

বাইরে ঝড়ো বাতাসের দাপট ধীরে ধীরে বাড়ছে। আকাশের রঙ আরো কালো হয়ে এসেছে। তোবারক নিচু ভলিউমে গাড়ির রেডিও অন করে রেখেছিলো।

আবহাওয়ার জরুরি সংবাদ বিজ্ঞপ্তিতে বললো, পশ্চিমের আড্রিয়াটিক সাগর থেকে উঠে

আসা নিম্নচাপ আজ রাতে সোফিয়ার ওপর দিয়ে বয়ে যাবে ঘন্টায় একশ থেকে দেড়শ কিলোমিটার বেগে। রবিনকে খবরটা জানালো তোবারক।

রবিন বললো, ‘পশ্চিম থেকে শুধু প্রাকৃতিক ঝড়ই আসে না তোবারক, রাজনৈতিক ঝড়ও আসে।’

‘তার মানে?’ রবিনের কথাটা বুঝতে চাইলো তোবারক।

রবিন বললো, ‘বুলগেরিয়ায় এই যে রাজনৈতিক অস্থিরতা, শুধু বুলগেরিয়ায় কেন—হাসেরি, চেকোশ্লোভাকিয়া, জিডিআর সবখানে—পশ্চিমা হাওয়ার ইঙ্গল না পেলে একসঙ্গে এত জায়গায় গোলমাল হতো বলে আমার মনে হয় না। ধনতন্ত্রে পশ্চিমাদের মতবাদ। পুবের এরা মেষ চেয়েছে, মেষ এসেছে। ধনতন্ত্রের এই কালো মেষ এদের অনেক ভালো জিনিসও খৎস করে দেবে।’

‘তুমি কি বইতে চাও, বিভক্তের বিরুদ্ধে এই আন্দোলন করাটা ঠিক না?’ প্রশ্ন করলো তোবারক।

‘বিভক্তের দূর্নীতি আর স্বেরাচারের বিরুদ্ধে আন্দোলন হলে ঠিক আছে। কিন্তু আমার মনে হচ্ছে এরা বিভক্তকে সরাতে গিয়ে সমাজতন্ত্রকেই সরিয়ে দিতে চাইছে; আন্তনকে জিজ্ঞেস কর তো আমার ধারণা ঠিক কিনা?’

তোবারকের কাছে রবিনের কথা শুনে আন্তন বললেন, ‘তুমি ঠিকই ধরেছো রবিন। বিভক্তের দূর্নীতির বিরুদ্ধে আন্দোলন শুরু হলেও এখন সেটা সমাজতন্ত্র আর সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে চলে যাচ্ছে। আমি এখনো পার্টির সদস্য। আমার মত অনেকে চায় বিভক্তের বদলে পার্টিতে নেতৃত্ব বদলের একটা সুযোগ থাকুক। সৎ আর যোগ্য যারা তারা নেতৃত্বে আসুক। আমি চাই বুলগেরিয়ায় সমাজতন্ত্র থাকুক। আমাদের কাজের, থাকা-খাওয়া, চিকিৎসা আর ছেলেমেয়ের পড়ার গ্যারান্টি থাকুক। সমাজতন্ত্রই পারে এসবের গ্যারান্টি দিতে। কিন্তু ভয় হচ্ছে যদি পোল্যান্ডের মত ভিন্নমতের লোকেরা এখানে ক্ষমতায় আসে, সমাজতন্ত্র যদি বাতিল করে দেয়, তখন গরিব মানুষ আরও গরিব হবে।’

রবিন বললো, ‘আপনার কি মনে হয় বুলগেরিয়ার কমিউনিস্ট পার্টিতে নেতৃত্ব বদলের কোনো সম্ভাবনা আছে?’

‘কাল রাত থেকে পার্টির কেন্দ্রীয় কমিটির জরুরি বৈঠক চলছে। আমার তো মনে হয় আজ না হয় আগামীকালের মধ্যেই পার্টি নেতৃত্বে বড় ব্রকমের রানবদল হবে। সিটিয়েন কমিটির আন্দোলন আমাদের সমর্থন ছাড়া কখনো এতটা শক্তিশালী হতে পারতো না।’

‘আপনারা কেন সিটিয়েন কমিটিকে সমর্থন করলেন? ওরা তো সমাজতন্ত্র চায় না।’

‘ওদের সমর্থন ছাড়া বিভক্তকে হটানো যাবে না। বিভক্ত যতদিন থাকবে ততদিন এসব দূর্নীতি আর অত্যাচারও দেশ থেকে যাবে না।’

‘প্রফেসর ইয়াভরত কি আপনাদের মত সমর্থন করেন?’

‘আগে করতেন। এখন তিনি মনে করেন সমাজতন্ত্র এসব দেশে আর চলবে না।

সিটিয়েন কমিটির একটা বড় অংশ পুরোপুরি সমাজতন্ত্রের বিরুদ্ধে। তবে রিস্টোর বাবা মনে করেন সমাজতান্ত্রিক ব্যবস্থাটা রেখেও বহুলীয় গণতন্ত্র হতে পারে। গণতন্ত্র মানে কথা বলা আর যত প্রকাশের স্বাধীনতা যদি হয়। রিস্টোর বাবা গিয়ার্গির সঙ্গে এ নিয়ে আমাদের অনেক কথা হয়েছে। আমরা বলেছি গণতন্ত্র চাও ভালো কথা, এত বছর ধরে সমাজতন্ত্রের যে সুফল আমরা ভোগ করেছি সে সব কেড়ে নেয়া চলবে না।'

বাতাসের তেজ দেখে তোবারক গাড়ির গতি কমিয়ে দিয়েছিলো। পেছনে মিলিশিয়ার গাড়ির হৰ্ণ শুনে ও সাইড দিলো। ওদের ওভারটেক করে চলে গেলো মিলিশিয়ার একটা জিপ আর প্রিজন ভ্যান। তোবারক বললো, 'মনে হয় বড় কোন নেতা এ্যারেল হয়েছে।'

আনন্দ হঠাৎ উত্তেজিত হয়ে বললেন, 'তোবারক, মিলিশিয়ার গাড়িটাকে ফলো করো। এরকম গাড়িতে করেই নীল আর রিস্টোকে নেয়া হয়েছিলো। আমার মনে হচ্ছে ওদের যেখানে রাখা হয়েছে এই বন্দিদেরও সেখানে নেয়া হচ্ছে।'

'আপনি ঠিক বলেছেন আনন্দ খুড়ো।' এই বলে তোবারক ওর গাড়ির স্পীড বাড়ালো। শুধু জিপ হলে মিলিশিয়ারা বুঝে ফেলতো ওদের অনুসরণ করা হচ্ছে, মাঝখানে চারদিক ঢাকা ভ্যান থাকাতে ওরা কিছু টের পেলো না।

তোবারকরা ভেবেছিলো মিলিশিয়ার ভ্যান পুরুদিভ পর্যন্ত যাবে। যে স্পীডে যাচ্ছে পুরুদিভ পৌছতে আরো ঘন্টা ধানেক লাগার কথা। ঘড়িতে তখন দুপুর বারোটা। অবশ্য আকাশের অবস্থা দেখে তখন মনে হচ্ছিলো সম্ভ্যা হয়ে গেছে।

ইতিমান পেরিয়ে লেসতাহানের কাছে এসে মিলিশিয়ার গাড়ি হাইওয়ে ছেড়ে বাঁ দিকে কাঁচা রাস্তায় মোড় নিলো। তোবারক অবাক হয়ে বললো, 'এরা তো পুরুদিভ যাইতেছে না!'

আনন্দ বললেন, 'বুঝেছি। তুমি এদের পেছন ছেড়ো না। এরা আলাবিন-এর ঘাঁটিতে যাচ্ছে। তুর্কীদের হামলা ঠেকানোর জন্য এখান থেকে পুরুদিভ পর্যন্ত সামরিক বাহিনীর অনেকগুলো গোপন ঘাঁটি আছে বনের ডেতে। এ ছাড়া এ পথ দিয়ে আর কোথাও যাওয়ার জায়গা নেই।'

রবিন বললো, 'আলাবিন কি শুধু সামরিক ঘাঁটি— না কোনও লোকালয় আছে?'

'আলাবিন একটা গ্রামের নাম। অনেক আগে কয়েক বার এসেছিলাম কাজে। তবে ঘাঁটিটা গ্রাম থেকে তিন চার মাইল দূরে।'

'আপনি চেনেন গ্রামের কাউকে?'

'শেষবার এসেছিলাম দশ বছর আগে, মার্কো কোঞ্চিনকভের কাজে। এখনকার সমবায়ের পরিচালক। ভারি ভালো লোক।'

'আমরা তাহলে তাঁর কাছেই যাবো। নীল আর রিস্টোকে উফারের জন্য গ্রামের মানুষের সাহায্য লাগবে।'

'ভালো বলেছো। তোবারক, সোজা গিয়ে ডান দিকে ঘূরবে। দেখা যাক কোঞ্চিনকভের দেখা পাওয়া যায় কিনা।'

কাঁচা উচুনিচু রাস্তা দিয়ে আলাবিন পৌছতে ওদের প্রায় চালুশ মিনিট লাগলো।

মার্কো কোঝিনকভ বাড়িতেই ছিলেন। আনন্দ আনন্দের বয়সী, শ্বাস চেহারা, একগাল  
সাদা দাঢ়ি। গাড়ির শব্দ শুনে বেরিয়ে এলেন তিনি। আনন্দ নামতেই ছুটে এসে জড়িয়ে  
ধরলেন—‘আরে, এ যে দেখি পুরোনো সেই ধাড়ি খরগোস আনন্দ আনন্দ। নিচয়  
ঝিভকভের পতনের সংবাদ এনেছো!’ বলে আনন্দের গালে চুমো খেলেন।

আনন্দ হেসে বললেন, ‘ঝিভকভের খবর কাল পাবে। আমরা বিপদে পড়ে এসেছি  
তোমার কাছে।’

কোঝিনকভের নজর পড়লো রবিন আর তোবারকের ওপর। আনন্দ বললেন,  
‘আমার দুই তরুণ বন্ধু। ভেতরে চলো, সব বলছি।’

বুলগেরিয়ার গ্রামের সাধারণ বাড়ি যেমন হয়—পুরোটাই কাঠের, চিমনিটা শুধু  
পাথরের, ধোয়া উঠছে চিমনি থেকে। সদ্য রং করা হয়েছে, দেয়ালগুলো হালকা বাদামী  
রঙের, দোচালা ছাদের রঙ লাল। পেছনে সবজি বাগান তারপর বার্চ বন। বাড়ের  
মাতামাতি কিছুটা কমলেও মাঝে মাঝে দমকা বাতাস বন কাঁপিয়ে বয়ে যাচ্ছে।

ওরা ভেতরে গিয়ে বসার একটু পরেই কোঝিনকভ গিন্নি কফির সঙ্গে পনির আর  
সবজির গরম পিঠা দিয়ে গেছেন। রিষ্টো আর নীলের ধরা পড়া, ইশতেহারের চিরকুট  
দেখে এ পর্যন্ত আসা— সব কথা শুনে কোঝিনকভ বললেন, ‘আমি কয়েকবার গেছি  
আর্মির ঘাঁটিতে। খৌজ নেয়ার জন্য লোক পাঠাতে হবে। জানতে হবে ছেলেরা এ  
ঘাঁটিতে আছে কিনা, চাজেই বা কে আছে! তোমরা বরং আজ এখানে থেকে যাও।  
বিপদের সময় এ বুড়োকে মনে রেখেছো, খালি হাতে তোমাদের ফেরাবো না।’

‘থাকতে আমার কোন আপত্তি নেই।’ এই বলে আনন্দ তোবারকের দিকে  
তাকালেন—‘তোমাদের কোন অসুবিধে হবে?’

তোবারক কথাটা রবিনকে বললো। রবিন আপত্তি করলো না—‘একবার  
টেলিফোন করে জানিয়ে দিতে হবে, নইলে চাচা টেনশনে থাকবেন।’

কোঝিনকভ বললেন, সারা গ্রামে একটাই টেলিফোন। সেটা আমার দফতরে।  
আবহাওয়া খারাপ হওয়ার আগেই চলো টেলিফোনটা সেরে ফেলি।’

দৃতাবাসে ফোন করলো তোবারক। নীলের বাবাকে ধরে লাইন দিলো রবিনকে।  
রবিন বাংলায় বললো, ‘আমাদের কাজের অনেক অগ্রগতি হয়েছে। আশা করছি কালই  
নীলকে নিয়ে ফিরবো। আপনি রাতে প্রফেসরকে বলুন, জেনারেল ভাসিলিনকে তিনি  
যেন বলেন ওরা আলাবিন-এর সামরিক ঘাঁটিতে আছে।’



## ঝিভকভের পতন এবং...

প্রফেসর ইয়াভরভ ভার্না থেকে সোফিয়া ফিরেছেন রাত দশটার দিকে। ততক্ষণে ঝড় শুরু হয়ে গেছে। ভাগিয়স দৃতাবাসের শক্ত ল্যাভ রোভারটা নিয়ে গিয়েছিলেন! নইলে রাতে আর ফেরা হতো না। ভার্না থেকে নীলের বাবার জন্য দারুণ খবর এনেছেন।

ঝিভকভকে সরাবার জন্য যে পার্টির বৈঠক চলছে এ খবর তিনি জানতেন। সিটিয়েন কমিটির হাই কমান্ডের জরুরি বৈঠক বসেছিলো ভার্নায়। তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন পার্টি যদি ঝিভকভকে সরাতে না পারে তাহলে সামরিক অভ্যর্থন ঘটাতে হবে। বৈঠকে কয়েকজন জেনারেলও ছিলেন। বৈঠক শেষ হওয়ার ঘন্টা খানেক আগে এলেন জেনারেল চোলপানভ, ঝিভকভের গোয়েন্দা পুলিশের ডেপুটি চীফ। তাঁর আসার কথা ছিলো সকালে। না আসাতে অন্যরা বলাবলি করছিলেন চোলপানভ বিশ্বাসঘাতকতা করবেন না তো!

বৈঠকের ঘরে চোলপানভকে চুক্তে দেখে কয়েকজন উঠে দাঁড়ালেন। রিস্টোর বাবা ইঞ্জিনিয়ার গিয়ার্জি বললেন, ‘জেনারেল চোলপানভ নিশ্চয় সুখবরটি আনার জন্য দেরি করেছেন?’

গোল টেবিলের পাশে তাঁর জন্য রাখা চেয়ারে বসে চোলপানভ বললেন, ‘আংশিক সুখবর এ মুহূর্তে দিতে পারি। চূড়ান্ত খবরের জন্য কাল পর্যন্ত অপেক্ষা করতে হবে।’

‘আংশিকটাই আপাতত বলুন।’ কয়েকজন একসঙ্গে জানতে চাইলেন।

‘একটু আগে আমি ঝিভকভের গোয়েন্দা পুলিশের প্রধান জেনারেল ভেলকভকে ঘ্রেফতার করে আমার নিজস্ব ঘাঁটিতে নিয়ে রেখে এসেছি।’

টেবিল চাপড়ে সবাই অভিনন্দন জানালো চোলপানভকে। প্রফেসর ইয়াভরভ বললেন, ‘ওকে যে আমার কিছু ব্যাপারে জেরা করা দরকার।’

‘নিশ্চয় করবেন।’ জবাব দিলেন চোলপানভ—‘কাল সকালে ওর কাছে আপনাকে আমি নিয়ে যাবো।’ এর পর চোলপানভ বললেন পার্টির কেন্দ্রীয় কমিটির বৈঠকের সর্বশেষ পরিস্থিতি।

সিটিয়েন কমিটির বৈঠক শেষ হয়েছে বিকেল চারটার দিকে। কয়েকজনকে জরুরি কাজে আজই সোফিয়া ফিরতে হবে। বৈঠকের পর প্রফেসর ইয়াভরভ রিস্টোর বাবাকে

ডেকে বললেন, ‘গিয়র্গি শোন, তোমার আর বাংলাদেশের প্র্যাথ্যাসাড়ের ছেলেকে কালই আমি ছাড়াবার ব্যবস্থা করছি। তবলে তো, গোয়েন্দা পুলিশের শয়তান চীফটাকে ধরা হয়েছে। ওই বলতে পারবে বাচ্চা দু'টোকে কোথায় রেখেছে। জেনারেল ভাসিলিনকে নিয়ে যাবো আমি।’

রিষ্টোর বাবা বললেন, ‘লিলিয়া আমাকে সকালেই বলেছে, মামা যখন এ কাজের ভার নিয়েছেন তখন আমাদের এ নিয়ে না ভাবলেও চলবে।’

‘ভার তো নিতেই হবে বাচ্চা। প্র্যাথ্যাসাড়ের ছেলেটা যে আমাকে প্রাপে বাঁচিয়েছে এ খবর তো জানোই। আর রিষ্টো ছাড়া আমার আপন কে আছে বলো।’

গভীর কৃতজ্ঞতায় প্রফেসরের হাত চেপে ধরলেন রিষ্টোর বাবা। প্রফেসর বললেন, ‘রিষ্টোর মত ছেলের জন্য তুমি গর্ব করতে পারো গিয়র্গি।

‘রিষ্টো আপনারও ছেলে দিয়িতির ইয়াভরভ।’

রিষ্টোর বাবার কথা শনে প্রফেসর ইয়াভরভের চোখে পানি এসে গেলো। ভাবলেন, আমেরিকায় নিজের কাছে রেখে ছেলেটাকে মনের মত করে গড়বেন।

বাড়িতে ফেরার পরই আমেরিকার রাষ্ট্রদূত প্রফেসরকে বললেন, ‘বাংলাদেশের প্র্যাথ্যাসাড়ের আপনাকে দুবার ফোন করেছিলেন। আমি বলেছি আপনি ফিরে এলে ওঁকে ফোন করবেন।’

‘ফোন তো করতেই হবে। ওর জন্য ভালো খবর এনেছি আমি।’ এই বলে প্রফেসর নীলের বাবাকে ফোন করলেন। ‘এঙ্গেলেসি, ভার্না থেকে আমি এখনই ফিরেছি। আপনার জন্য একটা খবর আছে গোয়েন্দা পুলিশের চীফকে ঘ্রেফতার করেছে আমাদের লোক। কাল ওকে আমি জেরা করে জেনে নেবো বাচ্চারা কোথায় আছে।’

নীলের বাবা বললেন, ‘রবিন আমাকে দুপুরে ফোন করেছিলো। বললো ছেলেরা নাকি আলাবিন-এর ঘাঁটিতে আছে। আজ রাতে রবিনরা ওখানেই থাকবে।’

‘ঠিক আছে এঙ্গেলেসি, ওরা ওদের মত কাজ করুক। আমিও আমার মত করি। আপনি নিশ্চিন্ত থাকুন। কালই আপনার ছেলে আপনি ফেরত পাবেন। ম্যাডামকে ভাবতে বারণ করুন।’

‘ও আমার পাশে আছে। ওকে আপনিও বলুন।’

প্রফেসর নীলের মাকেও একই কথা বললেন। শেষে বললেন, ‘এরকম সাহসী ছেলের জন্য পৃথিবীর যে কোনও মা গর্ব অনুভব করবে।’

‘ধন্যবাদ প্রফেসর।’ নীলের মা বললেন, ‘আপনি ওদের জন্য যা করছেন আমরা সবাই সেজন্য আপনার কাছে কৃতজ্ঞ।’

‘আমি এখনো কিছুই করি নি ম্যাডাম। ছেলেকে আপনার হাতে তুলে দেয়ার পর বলবো সামান্য কিছু করেছি। তবে আপনার ছেলে আমার জীবন বাঁচিয়েছে। যতদিন বেঁচে আছি মনে থাকবে।’

প্রফেসরের সঙ্গে কথা বলার পর নীলের বাবা মা দু'জনই কিছুটা স্বত্ত্বোধ করলেন। বাবা রীনকে বললেন, ‘দু'দিন ধরে তো এক ফোটা ঘুমোস নি। এখন ঘুমোতে যা বুড়ি। তোর দাদা কালই এসে যাবে।’

বাইরে তখন তুমুল ঝড়। ঘরের দরজা জানালা সব বক্ষ থাকলেও ঝড়ো বাতাসে মাঝে মাঝে ফ্রিডম পার্কে গাছের ডাল ভাঙার শব্দ শোনা যাচ্ছে। এরই ভেতর আবার টেলিফোন বাজলো। দু'বার বাজতেই ফোন ধরলেন নীলের বাবা। ও পাশের গলা শুনে চমকে উঠলেন। রবিনের বাবা ফোন করেছেন।

‘ভাইয়া তুমি কোথেকে ফোন করছো?’

‘রোম থেকে। আজ বিকেলে এসেছি। নীলের খবর কী বল? নাফিসার ফোন পেয়ে আর থাকতে পারলাম না।’ রবিনের বাবার গলায় উদ্বেগ।

‘ওকে এদের গোয়েন্দা পুলিশ ধরে লুকিয়ে রেখেছে। আজই রবিনরা খবর পেয়েছে ওকে কোথায় রাখা হয়েছে। ওপর মহলে এ নিয়ে কাজ হচ্ছে। কাল আশা করছি নীল ফিরে আসবে।’

‘রবিন কেমন আছে?’

‘ভালো আছে, ওর জন্য ভেবো না ভাইয়া।’

‘শোন, কাল বিকেলের ফ্লাইটে সোফিয়া আসছি। আমার খুব অস্ত্র লাগছে।’

‘চলে এসো ভাইয়া। নাফিসা আপাকেও বলো আসতে।’

রবিনের বাবা টেলিফোন রাখার পর গত তিনদিনে নীলের বাবার মুখে প্রথম হাসি ফুটলো। নীলের মাকে বললেন, ‘ভাইয়া কাল আসবেন। নাফিসা আপাও আসতে আসতে পারেন। ভালোই হবে, কি বলো?’

মৃদু হেসে নীলের মা বললেন, ‘ভালো হওয়ার অনেকটাই নির্ভর করবে রবিনের ওপর।’

আলাবিন-এর সামরিক ঘাঁটির কারাগারের দেয়ালগুলো চবিশ ইঞ্জি পুরু পাথর দিয়ে বানানো হলেও ভেতর থেকে ঝড়ের তাঙ্গব শুনতে পাচ্ছিলো রিস্টো আর নীল। সিলিং-এর সঙ্গে লাগানো কম আলোর বাল্বটা সক্ষ্যার পর দু'বার নিভে গিয়েছিলো। গত দু' দিন একা থাকতে খুব খারাপ লেগেছিলো নীলের। রিস্টো আসার পর থেকে ভালো লাগছে ওর। যদিও রিস্টোর ওপর অত্যাচারের কথা শুনে ওর ভীষণ রাগ হয়েছিলো।

বিকেলে পালাবার প্ল্যান চূড়ান্ত করে ফেলেছিলো নীল। কোন এক বইতে পড়েছিলো— দু'জন বন্দীর একজন ভীষণ অসুস্থ হয়ে পড়ার ভান করে খাটে শয়ে চিক্কার করবে। প্রহরী ভেতরে চুকে যখন দেখতে যাবে তখন অপরজন ওকে মেরে অজ্ঞান করে বেরিয়ে যাবে। নীল লক্ষ্য করেছে রোজ রাতে রোগা পটকা একটা প্রহরী আসে খাবার দিতে। তাকে সামলানো এমন কোনো কঠিন কাজ হবে না ওর পক্ষে। আর অসুস্থ হওয়ার ভান করাটা রিস্টোর জন্যেও বেমানান হবে না। এখনো ওর শরীরে অস্ত্রব ব্যথা।

রিস্টো এভাবে পালাবার পক্ষপাতী নয়। ওর ধারণা, একশ'র উপর চিরকুট ফেলেছে, কেউ না কেউ আসবেই ওদের উদ্ধার করতে। নীলকে বলেছে, ‘এত ব্যস্ত হচ্ছিস কেন? দু'এক দিনের মধ্যেই আমাদের নেয়ার জন্য লোক আসবে। সিটিয়েন কমিটির সমর্থক এখানেও যে নেই তোকে কে বললো।’

দুই বঙ্গুর অবস্থা এমন হয়েছে— একজন হতাশ হয়ে পড়লে আরেকজন সাহস জোগায়। রিষ্টো এ ঘরে আসার পর নীল যেমন ওকে আশার কথা শুনিয়েছিলো।

ঝড় এসে নীলের পুর্ণ মাটি করে দিয়েছে। সঙ্ক্ষয় পর থেকে যে ভীষণ ঝড় শুরু হয়েছে— নীল ভেবে দেখলো বেরিয়ে যাওয়াটা কম বিপজ্জনক হবে না। এই গভীর বনে ঝড়ের রাতে অঙ্ককারে যাবেই বা কোথায়? রোগা পটকা প্রহরীটা যখন রাতের খাবার দিতে এলো তখন ওর দিকে কটমট করে তাকালো নীল। সোকটা ভাবলেশহীন মুখে রূটি আর খাবারের বাটি দুটো দরজার ফোকর দিয়ে গলিয়ে দিয়ে চলে গেলো।

এই 'ক' দিনে কারাগারের খাবারে ওরা দু'জনই অভ্যন্তর হয়ে গিয়েছে। রিষ্টো অবশ্য বাড়িতেও এমন আহামরি কিছু খায় না, তবে নীলের কথা আলাদা।

খেতে খেতে নীল বললো, 'বিভকভের পর যখন তোদের সিটিয়েন কমিটির সরকার হবে, তখন তুই কী করবি রিষ্টো?'

রিষ্টো হেসে বললো, 'আমার সেল-এ থাকতেই এ নিয়ে ভেবেছি আমি। বুলডগের মত যে শয়তান অফিসারটা আমাকে জেরা করেছে, ওকে সত্যিকারের বুলডগের চেইন গলায় দিয়ে আমাদের বাড়ির সামনে বেঁধে রাখবো। যে কদিন আমরা এখানে আটকা থাকবো সে কদিন ও বাঁধা থাকবে। মারধোর করবো না। শুধু চেইন বাঁধা বুলডগ হয়ে থাকতে হবে, ঘেউ ঘেউ না করলে খাবার পাবে না। এ ছাড়া বুলডগ আর যা যা করে সবই ওকে করতে হবে।'

রিষ্টোর কথা শুনে গলা খুলে হাসলো নীল। বললো, সব কিছু করাটা কি সম্ভব হবে রিষ্টো?'

'কেন হবে না?' হাসি চেপে নিরীহ গলায় বললো রিষ্টো, বুঝেছি তুই কী বলতে চাইছিস। ঠিক আছে, ওকে একটা লাইটপোস্টের সঙ্গেই বাঁধা হবে।'

এবার হাসতে গিয়ে বিষম খেলো নীল। রিষ্টোও ওর সঙ্গে গলা মেলালো। বাইরে বড় দরজার কাছে যে ষড়ামত প্রহরীটা পাহারা দিচ্ছিলো, হাসির শব্দ ওরও কানে গেলো। উঠে এসে দরজার ফোকর দিয়ে দেখলো ছেলে দুটো হা হা হি হি করে হেসে গড়াগড়ি খাচ্ছে। কড়া শান্তি দেয়ার জন্য বন্দীদের এসব কারাগারে আনা হয়। ওর পেঁচিশ বছরের চাকরি জীবনে এমন হাসির ঘটনা ঘটতে দেখে নি। ওর মনে হলো ছেলে দুটো বোধহয় বন্দী জীবন সহ্য করতে না পেরে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছে। ও নিজের চোখে দেখেছে একটা ছেলেকে কী প্রচণ্ড মারই না মেরেছে! নীল আর রিষ্টোর জন্য মোটাসোটা নিরীহ প্রহরীটার ভারি দুঃখ হলো। গভীর একটা দীর্ঘশ্বাস ফেলে আবার ও নিজের জায়গায় গিয়ে বসলো।

নীল বললো, 'তোর এই অভিনব শান্তির কথাটা আমার ভাইকে বলতে হবে। ওরা আবার আমাদের দেশে আরেকটা বিভকভকে হটাবার জন্য লড়ছে কিনা! বুলডগ আমাদের দেশেও আছে।'

'হ্যাঁ সবগুলোকে এক সঙ্গে এক ধরনের শান্তি দিতে পারলে ভালোই হয়।' বলে আবার হেসে গড়িয়ে পড়লো রিষ্টো। ভুলে গেলো ওর শরীরের ব্যথা আর বন্দি জীবনের অনিচ্ছয়তার কথা।

অনেক রাত পর্যন্ত গল্প করলো রিস্টো আৰ নীল। দেয়ালের ওপৰে একটাই ছোট জানালা, সেটাৱত কাচ নামানো, তবু কোথেকে যেন কনকনে ঠাণ্ডা বাতাস আসছিলো। দু'টো কশ্ল গায়ে জড়িয়েও শীত তাড়াতে পারছিলো না ওৱা।

সকালে যখন ঘূম ভাঙলো তখন বাইরে ঝড়ের চিহ্নাত্ নেই। কুঠুরির ভেতৰ এক চিলতে রোদ এসে পড়েছে। হেমন্তের বার্টপাতার মত সোনালী রঙের রোদ। সকালের খাবার কখন দেয়া হয়েছে ওৱা টের পায়নি। ঘড়ি দেখে নীল লাফিয়ে উঠে বসলো—‘সৰ্বনাশ আটটা বেজে গেছে। রিস্টো শিগগির খেয়ে নে। নইলে এখনই এসে খাবারগুলো নিয়ে যাবে।’

নীলের কথা শনে হাসলো রিস্টো—‘তুই এমনভাবে বলছিস যেন গ্যাও হোটেল থেকে দারুণ ব্রেকফাস্ট এসেছে!’

কলের পানিতে মুখ হাত ধুয়ে ওৱা খাবার নিয়ে বসেছে— তখনই প্রহৱী এলো বাটি ফেরত নিতে। রিস্টো বললো, ‘অপেক্ষা কৱতে হবে। খেয়ে নিই আগে। এমন ব্রেকফাস্ট বাপের জন্মেও খাই নি।’

সকালের প্রহৱীটাকে নীলের ভালোই লাগে। কোনৱকম হস্তিষ্ঠি কৱে না। রিস্টোৰ কথা শনে বললো, ‘যতক্ষণ খুশি খাও। বাইরে যে ভীষণ কাও।’

‘কী হয়েছে?’ জানতে চাইলো নীল।

‘আলাবিন থেকে কম কৱে হলেও হাজার খানেক মানুষ এসে আমাদের ঘাঁটি ঘিরে ফেলেছে। টেলিফোন লাইন কেটে দিয়েছে। বলছে তোমাদের দুজনকে না ছাড়লে ওৱা হামলা কৱবে।’

খাবার ফেলে উঠে দাঁড়ালো নীল আৰ রিস্টো। দৱজার কাছে এসে রিস্টো উভেজিত হয়ে বললো, ‘আমৱাই খবৰ পাঠিয়েছিলাম। ওৱা সিটিয়েন কমিটিৰ সমৰ্থক।’

‘ওদেৱ সঙ্গে দুটো বিদেশী ছেলেও আছে। মনে হয় গ্ৰীক নয় ইটালিয়ান। একজন তো দারুণ বুলগেরিয়ান বলতে পাৰে।’

নীল বললো, ‘নিশ্চয় রবিন আৰ তোবাৱক।’

রিস্টো জিজেস কৱলো, ‘তোমাদেৱ অফিসারৱা কি কৱছে?’

‘কি আৱ কৱবে! ভীষণ ঘাবড়ে গেছে। বন্দি তো অনেক। মিটিং কৱছে। অপেক্ষা কৱছে সোফিয়া থেকে কেউ আসে কিনা। যাই ওদিকে, আবাৱ কখন ডাক পড়ে।’ এই বলে চলে গেলো নিৰীহ প্রহৱী।

রিস্টো নীলেৰ দিকে তাকালো—‘মনে হচ্ছে ঝিঞ্জকড় আৱ গদিতে নেই।’

নীল কোন কথা না বলে বুকে জড়িয়ে ধৱলো রিস্টোকে।

ঘাঁটিৰ সদৱ দৱজা পুৰু লোহার পাত দিয়ে বানানো। ভেতৰ থেকে বক কৱে ফটকেৱ ওপৰ উঠে গ্ৰামেৰ লোকদেৱ সঙ্গে কথা বলছে একজন অফিসার। ওৱ কোনও কথাই শনতে চাইছে না গ্ৰামেৰ লোকৱা। আনন্দ আনন্দ তো রীতিমত গালাগালি শুলু কৱেছেন—‘তোৱা ভেবেছিস কি শয়োৱেৱ ময়লা খাওয়া উকুনেৱ দল! তোদেৱ বাপেৱ মৱাৱ খবৰ আসাৱ জন্য অপেক্ষা কৱছিস নাকি বে নৰ্মাৱ পোকাৱা.....’

কয়েকজন কৃড়াল দিয়ে বার্ট আৱ পাইন গাছ কাটছে মই বানিয়ে দেয়াল টপকাবে

বলে। সকাল তখন সাড়ে নটা। আকাশে মেঘের কোনও চিহ্ন নেই। হেমস্টের ঝলমলে  
রোদে চকচকে করছে বার্চবন। গাছের নিচে বরাপাতার সোনালী কার্পেট বিছানো। সেই  
কার্পেটের ওপর দিয়ে দু'টো গাড়ি আসতে দেখলো গ্রামের লোকেরা। দুটো গাড়িতেই  
পতাকা উড়ছে। একটাতে আমেরিকার পতাকা, আরেকটাতে বাংলাদেশের। সবাই  
একসঙ্গে হই হই করে ছুটলো সেদিকে।

সবার সঙ্গে ছুটে গেলো রবিন আর তোবারক। দুই রাষ্ট্রদূতের সঙ্গে গাড়ি থেকে  
নামলেন প্রফেসর ইয়াভরভ, জেনারেল চোলপানভ আর জেনারেল ভাসিলিন। জেনারেল  
চোলপানভ পুরো ইউনিফর্ম পরা। তিনিই এগিয়ে এলেন সবার আগে। ফটকের কাছে  
এসে ধরকের গলায় বললেন, ‘দরজা খোলো।’

ফটকের ওপর দাঁড়িয়ে থাকা অফিসারটি জেনারেলকে না চিনলেও কাঁপতে কাঁপতে  
এসে দরজা খুলে দিলো। জেনারেল বললেন, ‘এখানকার দায়িত্বে কে আছে, তাকে তাকে।’

প্রফেসর ইয়াভরভ আন্তন আন্তনভকে বললেন, ‘গ্রামের লোকদের আপনি সামলান।  
সব বন্দিকে এখনই আমরা মুক্ত করবো।’ এরপর তোবারক আর রবিনকে চোখ মটকে  
বললেন, ‘আমি জানি এসব কাদের কাজ।’

দায়িত্বান্ত অফিসার জেনারেল চোলপানভকে চিনতো। ভয়ে তার মুখের রঙ  
বদলে গেছে। জেনারেল বললেন, ‘বন্দিদের সবাইকে আমি নিয়ে যাবো। এক্সুণি  
তালিকা তৈরি করো।’

প্রফেসর ইয়াভরভ সবার আগে গেলেন রিস্টো আর নীলের সেল-এ। দরজা খুলে  
দিতেই তিনি দু'জনকে বুকে জড়িয়ে ধরলেন।

দুই রাষ্ট্রদূত অপেক্ষা করছিলেন দায়িত্বান্ত অফিসারের দফতরে। দুই বগলে দুই  
বন্দীকে চেপে ঘরে চুকলেন প্রফেসর। নীল ছুটে গিয়ে জড়িয়ে ধরলো ওর বাবাকে।  
ক্লান্ত গলায় বাবা ওর বললেন, ‘ভালো আছিস বুড়ো।’

সবাই মিলে যখন বাইরে এলো নীল আর রিস্টো তখন গ্রামের মানুষদের কাঁধে।  
ভিড় ঠেলে ওদের উদ্ধার করতে গিয়ে হিমসিম খেলো রবিন, তোবারক আর আন্তন।

জেনারেল চোলপানভ থেকে গেলেন অন্য বন্দিদের সঙ্গে করে আনবেন বলে।  
বন্দিরা প্রায় সবাই সিটিয়েন কমিটির নেতা। রাষ্ট্রদূতদের সঙ্গে চললেন জেনারেল  
ভাসিলিন আর প্রফেসর ইয়াভরভ। ওরা আমেরিকার রাষ্ট্রদূতের গাড়িতে উঠেছেন।  
আন্তন আন্তনভকে আসতে দেলনি তাঁর পুরোনো বক্স কোঞ্জিনকভ। নীলদের গাড়িতেই  
সোফিয়া এলো রিস্টো।

আমেরিকার রাষ্ট্রদূতের গাড়ি নীলদের বাড়িতে প্রথম থামলো। রাষ্ট্রদূত নীলের  
বাবাকে বললেন, ‘এঙ্গেলেসি, আশা করি আমি আমার দায়িত্ব পালন করতে পেরেছি।’

প্রফেসর বললেন, ‘ম্যাডামের কাছে একটা ভোজ পাওনা রাইলো। আমাদের এক্সুণি  
যেতে হবে এক জরুরি মিটিং-এ। রিস্টো, তুই নীলের কাছেই খাকিস। বাড়ি থেকে  
কোথাও বেরোবি না। শহরের অবস্থা ভালো নয়।’

সোফিয়ার অবস্থা খুবই খারাপ হতে পারতো, কিন্তু হয় নি। সেদিন দুপুরে  
রেডিওতে বুলগেরিয়ার প্রেসিডেন্ট টডর বিভকভের পদত্যাগের সংবাদ ঘোষণা করা

হলো। নতুন প্রেসিডেন্ট হলেন কমিউনিস্ট পার্টিরই পিটার মাদেনভ।

থবর শোনার সঙ্গে সঙ্গে বাড়িঘর, অফিস, দোকান সব কিছু ফেলে রাত্তায় নেমে এলো হাজার হাজার মানুষ। বয়সের কোনও সীমা নেই। সাত মাসের বাচ্চা থেকে শুরু করে সন্তুর বছরের বুড়োরাও শামিল হলো আনন্দ উৎসবে। ছেলে-ছোকরাদের সঙ্গে বুড়োবুড়িরাও মদ খেয়ে নাচলো, গাইলো, মাতাল হয়ে একে অপরকে বুকে জড়িয়ে ধরলো, বেলুন ওড়ালো। আনন্দের স্রোতে সাইবেরিয়ান হাঁসের মত ভাসতে লাগলো সোফিয়ার মুক্ত মানুষ।

নীল আর রিষ্টো বাড়িতে এসে এক ঘণ্টা কাটিয়েছে বাথরুমে। ওদের ধারণা তিনি দিনে যখন খানেক ময়লা নাকি জমেছে ওদের শরীরে। বাথরুম থেকে বেরিয়ে দেখে এস্যাসির ডাক্তার অপেক্ষা করছেন রিষ্টোকে দেখার জন্য। দেখে শুনে কিছু ওষুধ দিলেন তিনি। বললেন, ‘দুজনের জন্য সবচেয়ে ভালো ওষুধ হচ্ছে দু’গ্লাস দুধ খেয়ে লস্বা একটা ঘূম।’

নীল গল্প করতে বসেছিলো। মা জোর করে ওকে পাঠিয়ে দিলেন ঘুমোতে। যাওয়ার আগে নীল ওর বাবাকে বললো, ‘শিগগির তোমার সেক্রেটারিকে তাড়াও বাবা। ইলিনা মিরকোভাই হচ্ছে শুঙ্গ পুলিশের গোয়েন্দা।’

বিকেলে রবিনের জন্য আরেক বিশ্ব অপেক্ষা করছিলো এয়ারপোর্টে। বাবাকে আনার জন্য চাচার সঙ্গে এয়ারপোর্ট এসেছে। বাবা সোফিয়া আসছেন শোনার পর থেকেই দাক্কণ উন্মেষিত ছিলো সে।

চাচা ওর জন্য বিশেষ অনুমতি নিয়ে চলে গেলেন এয়ারপোর্টের একেবারে ডেতরে। ঘোষণা করা হলো বলকান এয়ার রোম থেকে সোফিয়া এসে ল্যাও করেছে। ওরা ইমিশেন কাউন্টারের পাশে সোফায় বসে অপেক্ষা করছিলো। সঙ্গে তোবারকও রয়েছে। যাত্রীদের লাইনে প্রথমে বাবাকে দেখে ছুটে গেলো রবিন। বাবা ওকে বুকে জড়িয়ে ধরে বললেন, ‘দেখেছিস কে এসেছে!'

পেছনে তাকিয়ে দেখে নাফিসা আন্টি। উজ্জ্বল গলায় রবিন চিন্কার কলে উঠলো—‘আন্টি আপনি এসেছেন! আমি যে কী খুশি হয়েছি—’

বাধা দিয়ে নাফিসা বললেন, ‘একটু খুশি আর কারো জন্যে রাখো রবিন।’

‘আরে এ কে! পলা তুমি!’

রবিন ডেবেছিলো পলা হাত মেলাবে। হাসি মুখে হাত বাড়ালো সে। সবার সামনে ওকে জড়িয়ে ধরলো পলা—‘ওহ রবিন! তোমার ভাই হারিয়ে গিয়েছিলো। তুমি ওকে খুঁজতে বেরিয়েছো। শোনার পর থেকে আমি ঘুমোতে পারি নি।’

নাফিসা বললেন, ‘খুব ধারাপ কথা রবিন, পলা এত কান্নাকাটি করেছে যে— না এনে পারলাম না।’

রবিন কী বলবে! লজ্জায় ওর কানটান এরই মধ্যে লাল হয়ে গেছে। তোবারকের মুখ টিপে হাসা ওর নজরে পড়েছে। কি মিটমিটে শয়তান ও! বাবা, চাচা সবাই রয়েছেন— আবার চোখও টিপছে! ভাগিয়স নীল আর সীন আসে নি! পলা যদি ওর বুকে মাথা রেখে ঝুঁপিয়ে কেঁদে ওঠে— রবিনের কি দোষ!